IX.—Should no candidate be found competent to hold the scholarship allotted to a division for any year, it may be accorded at the discretion of the Director of Public Instruction to the unsuccessful candidate, who in the examination in the remaining divisions has shown the greatest knowledge of drawing and surveying, and who has at the same time fulfilled the other conditions required in the holders of these scholarships.

5. The object of the Vizianagram scholarship is so useful, the studies which they are meant to encourage are so important, and the liberality of the Maharajah so suggestive, that the Lieutenant-Governor contemplates adding some Government technical scholarships for the encouragement of

থাকা আবশ্যক এই বিবেচনায় মান্যবর ঐ ছাত্রবৃত্তি সম্পর্কীয় এইং বিধির অনুমতি দিয়াছেন।

প্রথম। বৎসর২ সরবেইং ও ইঞ্জিনিয়রিং বিদ্যার দশটি ছাত্রবৃত্তি মাসে ৭৷০ টাকা করিয়া দেওয়া যাইবে।

দ্বিতীয়। ঐ ছাত্রবৃত্তি বিজয়নগ্রাম ছাত্রবৃত্তি বলিয়া খ্যাত হইবে।

তৃতীয়। বৎসর২ এক২ দেশখণ্ডের নিমিত্ত এক২ ছাত্রবৃত্তি নিরূপণ হইবে অর্থাৎ বর্দ্ধমান, প্রেসীডেন্সী, রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম, পাটনা, ভাগলপুর, উড়িষ্যা, ছোটনাগপুর ও আসাম (ইহার মধ্যে গোয়ালপাড়া গণ্য)

চতুর্থ। বর্দ্ধমান ও প্রেসীডেন্সী ও রাজশাহী ও ঢাকা ও চট্টগ্রাম খণ্ডে যে ছাত্রগণ মাইনর বৃত্তি পাইবার যোগ্য হন, এবং পাটনা ও ভাগলপুর ও উড়িষ্যা ও ছোট নাগপুর ও আসাম খণ্ডে যে ছাত্রগণ মাইনর কিম্বা দেশীয় ভাষার ছাত্রবৃত্তির যোগ্য হন, তাঁহারা বিজয়নগ্রাম ছাত্রবৃত্তির পরীক্ষা দিতে পারিবেন।

পঞ্চম। ঐ বৃত্ত্যাকাঙ্ক্ষি যে ছাত্র চিত্র ও ভূমিপরিমাপণ বিদ্যার শ্রেষ্ঠতর জ্ঞান লাভ করেন, তাঁহারা সাধারণ লিষ্টপত্রের প্রথম কি দ্বিতীয় বিভাগে থাকিলে এবং বঙ্গদেশের অন্তর্গত পাঁচ খণ্ডে জিলা স্কুলের উচ্চ২ কেলাসে ইংরেজী ভাষার পাঠ চালাইতে পারিবার মত কোন ছাত্রের উপযুক্ত জ্ঞান থাকিলে তাঁহাকে ঐ বৃত্তি দেওয়া যাইবে। ভূমি পরিমাপণ ও চিত্রবিদ্যা সম্পর্কীয় পরীক্ষার প্রশ্নের কাগজ দেশীয় ভাষায় দেওয়া যাইবে।

ষষ্ঠ। অন্য ছাত্রবৃত্তি ভোগে থাকিলেও বিজয়নগ্রাম ছাত্রবৃত্তি পাইবার বাধা নাই।

সপ্তম। গবর্ণমেণ্টের যে স্কুলে চিত্র ও ভূমি পরিমাপণ বিদ্যার উচ্চশিক্ষা দেওয়া যায় সেই স্কুলে থাকিয়া ঐ ছাত্রবৃত্তি ভোগ হইবে।

অষ্টম। গবর্ণমেণ্টের ছাত্রবৃত্তি ভোগিদের যেমন সদাচরিত হওন ও তাহাদের বিদ্যার যেমন উপযুক্ত উন্নতি হওয়া প্রয়োজন বিজয়নগ্রাম ছাত্রবৃত্তি ভোগিদের তত্তুল্য হইবে।

নবম। কোন বৎসর দেশের কোন খণ্ডে যে ছাত্রবৃত্তি পাওয়া যাইতে পারে তদাকাঙ্ক্ষি কোন ছাত্র তাহা ভোগ করিবার উপযুক্ত না হইলে অন্য২ বিভাগের পরীক্ষায় অকৃতকার্য্য যে ছাত্র চিত্র ও ভূমিপরিমাপণ বিদ্যায় উৎকৃষ্ট জ্ঞান প্রকাশ করিয়া এই বৃত্তি ভোগি ছাত্রদের যে নিয়ম পালন করা উচিত তাহাও পালন করেন সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের বিবেচনামতে সেই ছাত্র ঐ বৃত্তি পাইতে পারিবেন।

৫। বিজয়নগ্রাম ছাত্রবৃত্তির উদ্দেশ্য অত্যন্ত ফলোপধায়ক। তদ্দ্বারা যে২ বিদ্যাশিক্ষার উৎসাহ দেওয়া অভিপ্রায় তাহা অত্যন্ত গুরুতর ও শ্রীমান মহারাজার বদান্যতা অন্যদের প্রবৃত্তিজনক হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত ও অন্যান্য বিদ্যার উৎসাহ প্রদানার্থে গবর্ণমেণ্টের অন্য কএকটি



Uttarpara Jaikrishna Public Library
Accn. No.............Date..........

the above and other arts as soon as a scheme has been prepared for their allotment. He requests the Director, in communication with the Secretary to Government in this department, to prepare a scheme.

ORDER.—Ordered that the above Resolution be published in the *Gazette*, and copies sent to His Highness the Maharajah of Vizianagram, the Director of Public Instruction, and the Commissioners of the Burdwan, Presidency, Rajshahye, Dacca, Chittagong, Patna, Bhaugulpore, Orissa, Chota Nagpore, and Assam divisions, for information.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

[Second publication.]

The following Circular is published for general information :—

CIRCULAR NO. 46.

REVENUE DEPARTMENT.

REVENUE.

Dated Calcutta, the 14th August 1872.

To—All Commissioners of Divisions.

THE Lieutenant-Governor understands that more than one officer, following an excellent and successful example, has occupied himself in compiling a history of the district in which he is employed, including legends of the old families, the early British connection with the district, &c., &c.

2. His Honor cannot sufficiently commend such efforts, especially when these writers enter into the social history of the last hundred years, and show the progress of the people and the phases of rural life in successive generations. And seeing the existence of this meritorious inclination to go beyond the scope of bare duty, he is anxious to suggest that, to any officer who has a turn that way, there would be an ample field in an attempt to draw a full picture of the present agricultural state of any district, or say the condition and occupations of the people generally, including agriculture, as directly or indirectly the source of livelihood to the great mass of the population, who are either cultivators, or agricultural laborers and small artizans and tradesmen supplying the needs of cultivators. It would be most interesting to know thoroughly for any district the ordinary modes and conditions of agriculture, the usual size of farms, and the sort of farm on which a family can be decently supported; how far the farms are compact, or

ছাত্রবৃত্তি স্থাপন করিতে মনস্থ করিয়াছেন। ঐ ছাত্রবৃত্তি নিরূপণের পাণ্ডুলিপি প্রস্তুত হইলেই তাহা স্থাপন করা যাইবে। এতদর্থে তিনি ডাইরেক্টর সাহেবকে এই ডিপার্টমেন্টের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের সঙ্গে লিখন পঠনাদি করিয়া পাণ্ডুলিপি প্রস্তুত করিতে আদেশ করিয়াছেন।

আজ্ঞা।—উক্ত নির্দ্ধারণ কলিকাতা গেজেটে প্রকাশ করিতে, ও বিজয়নগ্রামের শ্রীমান মহারাজার নিকটে ও শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের ও বর্দ্ধমানের ও প্রেসিডেন্সীর ও রাজশাহীর ও ঢাকার ও চট্টগ্রামের ও পাটনার ও ভাগলপুরের ও উড়িষ্যার ও ছোটনাগপুরের ও আসাম খণ্ডের কমিশনর সাহেবদের নিকট পাঠাইতে আজ্ঞা হইল।

জে, ওয়ের এড্‌গার,
বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

সাধারণের জানিবার নিমিত্ত এই সরক্যুলর প্রকাশ করা যাইতেছে।

৪৬ নং সরক্যুলর।

রেবিনিউ ডিপার্টমেন্ট।

রেবিনিউ।

কলিকাতা ১৮৭২ সাল ১৪ আগষ্ট।

সকল খণ্ডের কমিশ্যনর সাহেব সমীপেষু।

কোন ব্যক্তি নিম্নলিখিত প্রকারের কার্য্যে প্রবর্ত্ত হওনপূর্ব্বক উৎকৃষ্ট নিদর্শনস্বরূপ হইয়া কৃতকার্য্য হওয়াতে কএক জন কর্ত্তৃপক্ষ তাঁহার আদর্শ দেখিয়া আপনারা যেং জিলায় বাস করেন সেইং জিলার পুরাবৃত্ত লিখিতে উদ্যত হইয়া তম্মধ্যে প্রাচীন কুলের পুরাবৃত্ত ও সেইং জিলায় পূর্ব্বতন ব্রিটনীয় যেং লোকের যে সম্পর্ক ছিল তদ্বিষয়ের বৃত্তান্ত লিখিতেছেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা অবগত হইলেন।

২। মান্যবর সাহেব তাদৃশ উদ্যোগের যতদূর প্রশংসা করা উচিত তাহা করিতে পারেন না। বিশেষতঃ উক্ত লেখক মহোদয়গণ গত শতাব্দের সামাজিক বিবরণ ও পুরুষানুক্রমে সাধারণের উন্নতির ও ক্রমান্বয়ে গ্রামীয় লোক সকলের চরিত্রের নানা ভাব লিখিলে তাহা অত্যন্ত প্রশংসনীয়। এবং কেবল রাজকীয় কর্ম্মভিন্ন উক্ত সুযোগ্য কর্ম্মে তাঁহারদের হস্তক্ষেপ করিবার মানস দেখিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত কর্ম্মকারকদিগকে পরামর্শক্রমে তাহারদের লিখিতব্য কথার সূচনাস্বরূপ নিম্নলিখিত কতিপয় বিষয় উল্লেখ করিয়াছেন। কোন জিলার কৃষিকার্য্যের আধুনিক অবস্থার সম্পূর্ণ বৃত্তান্ত, অথবা সর্ব্বসাধারণ যে লোকেরা কৃষক কিম্বা ক্ষেত্রে মজুরী করে কিম্বা কৃষকদের প্রয়োজনীয় দ্রব্য গঠনকারি কামার ও ছুতার- প্রভৃতি নানা ব্যবসায়ি হয় তাহারদের স্পষ্টরূপে কি চক্রান্তে জিবীকার উপায় বলিয়া কৃষিকার্য্য সমেত যেং অবস্থা ও যেং বৃত্তি ব্যবসায় থাকে তাহার বিবরণ লেখা গেলে অধিক ফল দর্শিতে পারে। কোন জিলার মধ্যে কৃষিকর্ম্ম সামান্যতঃ যেরূপে চলিতেছে, ও কৃষিকার্য্যের যেং নিয়ম থাকে, অর্থাৎ সাধারণ্যে লোকদের কত বড় যোত ও কি প্রকারের যোত

how the fields are scattered about—and in the latter case, how the boundaries are recognised and maintained; how far the farmer is generally a laborer with his own hands; how far he employs hired labor, and how he pays for it; what are the respective positions and conditions of ryots and sub-tenants of various kinds, of laborers, of rural artizans; which castes or classes of holders are the best and which the worst cultivators; how money is lent and borrowed, what crops are cultivated, and how, and what is the produce; what stock is kept, and how it is fed; whether stock is ever kept for the sake of manure; whether manure is made on system, or whether manure which accumulates without system is used or wasted, how harvesting is managed, who takes the produce to market, who sells it, and where, and who buys it by what hands it eventually reaches the great marts; who prepares the jute for the market, who grows the mulberry, who rears the cocoons, and who makes the silk and how they all go about it; what is the indigo system of the district, who keep the cattle, who poison them, who take their skins, prepare them and bring them to market, what the cattle feed on; what are the breeds, and what attention is paid to them, in what shape rents are paid, how often and through whom, what is the practical religion (if any) of the cultivators, and who announces the lucky days for ploughing and sowing; what are their social habits; what they eat, and how they are clothed; how far they are thrifty or unthrifty, how they keep their accounts, whether they have large families, how soon boys work, whether girls and women work, or what they do, how long agricultural laborers live, and from what diseases they suffer, &c. &c &c

হইলে সপরিবারে স্বচ্ছন্দে ভরণপোষণ হইতে পারে, ও তাহারদের যোতের ভূমি একচত্তরে থাকে, না স্থানে২ থাকে, ও শেষোক্ত স্থলে ব্যক্তি বিশেষের ক্ষেত্রের সীমার কীদৃক চিহ্ন থাকে, ও সেই চিহ্ন নষ্ট না হইয়া কিপ্রকারে রক্ষা করা যায়, ও যোতদার আপন হাতে কিপর্য্যন্ত কর্ম্ম করে, কত জন মজুর রাখে, তাহারদের মজুরী কি প্রকারে কি হিসাবে দিয়া থাকে, এবং নানা প্রকারের প্রজার ও অধীন প্রজার ও মজুরদের ও গ্রামের কামারপ্রভৃতির যে অবস্থা ও সঙ্গতি থাকে, কোন্ জাতির কোন সম্প্রদায়ের যোতদার উত্তম ও কোন সম্প্রদায়ের যোতদার নিকৃষ্ট প্রকারের কৃষক হয় ও ঋণ দেনালেনার কি নিয়ম, কি প্রকারের ফসল উৎপন্ন হয়, তাহা কি প্রকারে উৎপন্ন করা যায়, কত উৎপন্ন হয়, গোমেষাদি কি অন্য প্রকারের জন্তু রাখা গিয়া থাকে কি না, ও সেই জন্তুর আহার পাইবার কি উপায়, সারের জন্যে গোমেষাদি রাখা যায় কি না, কোন নিয়ম ধরিয়া সার প্রস্তুত হইয়া থাকে, না নিয়ম ব্যতীত জমিয়া থাকে ও তাহার ব্যবহার হয় কি তাহা নষ্ট করা যায়, ফসল কাটিবার কার্য্য কি প্রকারে চলে, ক্ষেত্রের উৎপন্ন ফসল হাটে কে লইয়া যায়, কে কোথায় বিক্রয় করে, কে ক্রয় করিয়া লয়, কাহারদের হাতে২ গিয়া শেষে বড়২ গঞ্জে পঁহুছে, বাজারে বিক্রয় করিবার পাট কে প্রস্তুত করে, তুঁত গাছ কে দেখা শুনা করে, গুটি পোকা কে পালে, রেশম কে প্রস্তুত করে ও তাহারা কি২ প্রকারে ঐ সকল কর্ম্ম করিয়া থাকে, জিলার মধ্যে নীলের কি নিয়ম, গবাদি কে পালন করে, কে তাহারদিগকে বিষ খাওয়ায়, চামড়া লইয়া কশাইয়া বাজারে বিক্রয় হইবার জন্যে কে প্রস্তুত করে, গবাদি কি খায়, কোন্২ জাতির গবাদি থাকে, ও ভাল জাতের গবাদি পালিবার কিরূপ উদ্যোগ হইয়া থাকে, খাজানা কি প্রকারে দেওয়া যায় ও কত কিস্তী করিয়া ও কাহারদের দ্বারা দেওয়া গিয়া থাকে, কৃষকদের ধর্ম্মসম্বন্ধীয় ক্রিয়াদি থাকিলে তাঁহারা কোন্ ধর্ম্ম পালন করিয়া থাকে ও লাঙ্গল দিবার ও বীজ বুনিবার শুভদিন কে দেখিয়া দেয়, তাহারদের সামাজিক রীতি চরিত্র কি, কি খায়, কি পরে, তাহারা মিতব্যয়ী কি অপরিমিত ব্যয়ী, হিসাব কিরূপে রাখে, তাহারদের বৃহৎ পরিবার থাকে কি না, বালকেরা কত বৎসর বয়স প্রাপ্ত হইলে কাযে যায়, বালিকারা ও মেয়েরা কর্ম্ম করে কি না, কি কর্ম্ম করে, কৃষকেরা গড়ে কত বৎসর বয়স প্রাপ্ত হইয়া মরে কি২ প্রকারের রোগ হইয়া থাকে ইত্যাদি বিষয় জানিতে পাইলে সন্তোষ জন্মে।

3. In fact, we might have a complete agricultural picture of the various parts of the district, distinguishing high lands from low, large zemindaries from small tenures, and so on. Then we might have an account of such manufacturers as there are, what they manufacture and how, and how they live, of the trade and the traders; of the proprietary classes and their modes of life; of the relations of all to the Government.

৩। ফলতঃ পূর্ব্বোক্ত প্রকারের পুস্তক লেখা গেলে জিলার নানা অংশের অর্থাৎ উচ্চ ভূমির ও নিম্নভূমির ও বড়২ জমীদারীর ও ক্ষুদ্র২ পাট্টাই জমী প্রভৃতির অন্তর্গত কৃষিকার্য্যের সম্পূর্ণ বৃত্তান্ত জানা যাইতে পারিবে। তথা যে২ প্রকারের শিল্প ব্যবসায়ি থাকে ও তাহারা কি২ দ্রব্য কি প্রকারে প্রস্তুত করে ও কি প্রকারে তাহারদের জীবিকা চলে, ও বাণিজ্যের ও বণিকদের কথা ও ভূম্যধিকারিদের বৃত্তান্ত ও তাহারা কি প্রকারে দিনপাত করে ও গবর্ণমেণ্টের পক্ষে সকলের কীদৃক সম্বন্ধ এই২ বিষয়ের সম্পূর্ণ বৃত্তান্ত জানা যাইতে পারিবে।

[*Government Gazette, 3rd September* 1872.]

4. If any officers will compile good district pictures of this kind, the Government will gladly print and circulate them.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy to the Govt. of Bengal.*

---

[Second Publication.]

The following Circular is published for general information :—

CIRCULAR No 18
REVENUE DEPARTMENT.
REVENUE

Dated Calcutta, the 14th August 1872

To—All Commissioners of Divisions

THE Lieutenant-Governor has asked and is asking much of district officers in the way of statistical information and other matters, and has required local officers to perform their duties in an active manner, and in a way involving functions which had somewhat fallen into disuse. He has hoped to make up for any excess of work thus caused by the creation of the proposed subordinate establishments, but as some delay may occur before the inferior services can be organized, and meantime the money designed for them is available, he wishes to intimate to district officers that he is quite prepared to sanction any temporary establishments which can be usefully employed in obtaining the statistical information called for, or assisting in any special duties which have been or may be thrown on district or sub-divisional officers. Commissioners of divisions are authorised to sanction against the provincial reserve such demands when really necessary to an amount not exceeding in the aggregate Rs 200 to 400 per mensem for each district, according as the district is large or small, and as regards temporary appointments, not exceeding Rs. 100 per mensem, reporting all cases in which such sanction is accorded, with detail of the temporary establishment, and the reason for it. Separate application may be made for any larger sum required in special cases

2. It will be very desirable that the persons employed should be as much as possible those who are possessed of the qualifications which will fit them for admissions to the junior grades of the Native Civil Service, as set forth in the notification of the 2nd July 1872, published

৪। কোন কর্ম্মকারক জিলার এতদ্রূপ উত্তমং বৃত্তান্ত পুস্তক লিখিলে গবর্ণমেণ্ট আনন্দপূর্ব্বক তাহা মুদ্রিত করিয়া প্রচার করাইবেন।

জে ওয়েয়ার এডগার,
বঙ্গ দেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

সাধারণের জানিবার নিমিত্ত নিম্ন লিখিত সরকুলর প্রকাশ করা যাইতেছে।

৪৮ নং সরকুলর।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।

কলিকাতা ১৮৭২ সাল ১৪ আগষ্ট।

দেশখণ্ডের সকল কমিশনর সাহেব সমীপেষু।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলার কর্ত্তৃপক্ষদের স্থানে স্থিতিরীতি প্রভৃতি বিষয়ক অনেক সন্ধান জানিতে চাহিয়াছেন এখনও চাহেন, ও স্থানীয় কর্ত্তৃপক্ষদিগকে অত্যন্ত তৎপর হইয়া কর্ম্ম করিতে আজ্ঞা করিয়াছেন ইহাতে তাঁহারদের কর্ত্তব্য কতিপয় কর্ম্ম অনেক কাল প্রায় স্থগিত হইলে পর পুনরায় করিতে হইয়াছে। এই প্রকারে তাহাদের কর্ম্মবৃদ্ধি হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নতর শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কল্পনা করিয়া সেই বাড়া কর্ম্মের বিধান করিবার আশা রাখিতেন। কিন্তু নিম্নশ্রেণীর সেই কর্ম্ম সুধারা মতে নিয়মবদ্ধ করিতে কিঞ্চিৎ বিলম্ব হইবার সম্ভাবনা। ইতি মধ্যে সেই শ্রেণীর কর্ম্মকারকদের বেতনাদির নিমিত্ত যে টাকা নিরূপণ করা গেল তাহা পাওয়া যাইতে পারে। অতএব স্থিতিরীতির যে সন্ধান জানাইবার আদেশ হইয়াছিল তাহা পাইবার জন্যে কিম্বা জিলার কি মহকুমার কর্ত্তৃপক্ষদের প্রতি কোন বিশেষ কর্ম্ম অর্পিত হওয়াতে তাহারদের সাহায্যের জন্যে তাঁহারা কিয়ৎকালের নিমিত্ত আমলাগণকে উপযুক্ত কর্ম্ম দিতে পারিলে শ্রীযুত অনুমতি দিতে প্রস্তুত আছেন এই কথা জিলার কর্ত্তৃপক্ষদিগকে জ্ঞাত করিতে চাহিলেন। নানা দেশ খণ্ডের কমিশ্যনরদের প্রতি এই ক্ষমতা প্রদান করা গেল যে আপনং দেশখণ্ডের নিমিত্ত উপরি যে টাকা নিরূপণ করিয়া দেওয়া গেল, তাহাহইতে উক্ত কর্ম্মকারকদের নিমিত্ত টাকার দাওয়া হইলে তাঁহারা জিলার আয়তন বিবেচনায় একং জিলার নিমিত্ত মাসে সর্ব্বশুদ্ধ ২০০ অবধি ৪০০ পর্য্যন্ত টাকা দিতে পারেন তাহার অধিক নয়, এবং কিয়ৎকালীন আমলাগণের নিমিত্ত মাসে ১০০৲ টাকা পর্য্যন্ত দিতে পারিবেন। ও যে স্থলে ঐ টাকা দিবার অনুমতি হয় সেই স্থলের রিপোর্ট করিবেন ও কিয়ৎকালের নিমিত্ত কত জন নিযুক্ত হইলেন ইহার বৃত্তান্ত ও তাহার হেতু লিখিবেন। স্থল বিশেষে অধিক টাকার প্রয়োজন হইলে তাহার নিমিত্ত স্বতন্ত্র দরখাস্ত করিতে হইবে।

২। ১৮৭২ সালের ২ জুলাইর যে জ্ঞাপনপত্র ঐ মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায়, তন্মধ্যে এদেশীয় সিবিল সরবিসের দ্বিতীয় শ্রেণীতে গ্রাহ্য হইবার নিমিত্ত যেং গুণাদি প্রয়োজন বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, সাধ্যমতে সেইং গুণবিশিষ্ট ব্যক্তিদিগকে পূর্ব্বোক্ত কর্ম্মে নিযুক্ত করা শ্রেয় তাহা হইলে তাঁহারা

in the *Calcutta Gazette* of the 3rd idem, in case by good service they show themselves deserving of that position. Men who, in addition to a fair knowledge of English and an active physique, can survey, who understand agricultural tenures and accounts, who know something of police and criminal laws, who can make themselves generally useful in looking after petty public works, should be preferred. It was before suggested that good civil court ameens might be useful men.

3. The Lieutenant-Governor also feels that the districts have a fair claim to the replacement of the officers of the Subordinate Executive Service, who are specially employed on road cess and other works. He is, however, unwilling to burden the road cess funds, and he has not at present on his list many qualified candidates for such appointments He would prefer that they should hereafter be supplied in due course under the system which it is proposed to establish, and that present necessities should be met by the temporary establishments for which provision has been made above But in case of emergent necessity, if a really competent man can be found the Lieutenant-Governor may grant the funds necessary for an Acting Deputy Magistrate and Collector to supply the place of one specially employed.

4 With respect to the distribution of Covenanted Civil Servants, the Lieutenant-Governor wishes to arrange matters so that the most efficient assistance may be given to district officers, and the public service be best served It seems to be both the established practice and for the public interest, and advantageous for the training of young officers, that a certain number of junior Civil Servants should be in charge of certain sub-divisions, but the propriety and advantage of the arrangement should be well considered in each case, it being borne in mind that the supply of Civil Servants to Bengal for the past and present year is very limited.

5. With respect to the charge of the sudder division of the district, it has always been the Lieutenant-Governor's opinion that when the Magistrate of the district is at head-quarters, it is most proper that the general executive control should rest with him, and His Honor has been somewhat unwilling to put any other Magistrate in charge as a regular sub-divisional officer. But it by no means follows that the Magistrate of the district need try many cases or do much work of

সুযোগ্যমতে কর্ম্ম করিয়া আপনারদিগকে সেই পদের উপযুক্ত প্রকাশ করিলে সেই শ্রেণীর কর্ম্মকারকদের পদে নিযুক্ত হইতে পারিবেন। যে ব্যক্তিরা ইংরাজী ভাষার সাধারণ জ্ঞান প্রাপ্ত হইয়া অত্যন্ত সতর্ক হন এবং ভূমি জরীপ করিতে জানেন ও কৃষিকর্ম্ম সংক্রান্ত পাট্টা ও হিসাব বুঝেন এবং পোলীসের ও ফৌজদারী আইন কিঞ্চিৎ জানেন ও সরকারী ক্ষুদ্রং কতিপয় স্থপতি কার্য্যের তত্ত্বাবধারণ করিতে সক্ষম হইয়া সাধারণমতে নানা কর্ম্মের উপযোগী হইতে পারেন এমত ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিলে উত্তম হয়। দেওয়ানী আদালতের ভালং আমীন এই কর্ম্মপযোগী হইতে পারেন ইহা পূর্ব্বে ব্যক্ত হইয়াছিল।

৩। আরো সবর্ডিনেট একসেকিউটিব সরবিসের যে কর্ম্মকারকেরা বিশেষমতে পথকরের কর্ম্মে ও অন্যং কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তাহারদের পুনশ্চ পূর্ব্ব পদপ্রাপ্ত হওনবিষয়ে জিলার পক্ষে ন্যায্য দাওয়া হইতে পারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা অনুবোধ করিয়াছেন। কিন্তু পথকরের ফণ্ডের উপর তাঁহার অধিক ভারার্পণ করিবার ইচ্ছা নাই ও তাঁহার নিকট যে নির্ঘণ্টপত্র আছে তন্মধ্যে সেই পদাকাঙ্ক্ষি সুযোগ্য অনেক ব্যক্তির নাম নাই। তিনি যে নিয়ম অবধারণ করিতে প্রস্তাব করিয়াছেন সেই নিয়মানুসারে ঐ কর্ম্মকারকদিগকে রীতমতে নিযুক্ত করা যাইবে ইতিমধ্যে পূর্ব্বলিখিত বিধানমতে কিয়ৎকালের নিমিত্তে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা শ্রেয় জ্ঞান করেন কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় স্থলে ও সর্ব্বতোভাবে সুযোগ্য ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত বিশেষ কর্ম্মে নিযুক্ত ব্যক্তির পরিবর্ত্তে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টর নিযুক্ত হইবার উপযুক্ত বেতনের অনুমতি দিতে পারিবেন।

৪। চিহ্নিত সিবিল কর্ম্মকারকদের স্থানেং নিযুক্ত হওনবিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত নিয়ম করিতে চাহেন যে জিলার কর্ত্তৃপক্ষদের যথোচিত সাহায্য ও রাজকীয় কর্ম্মের শ্রেষ্ঠতর উপকার হয়। কোনং মহকুমার অধ্যক্ষতা পদে পদ কনিষ্ঠ কএক জন সিবিল কর্ম্মকারক সাহেবের নিযুক্ত হওয়ার রীতি বহুকালাবধি চলিয়া আসিতেছে ও তাহাতে রাজকীয় স্বার্থরক্ষা অথচ যুবা কর্ম্মকারকদের শিক্ষা প্রাপণের সদুপায় হয়। কিন্তু তাঁহাদের একং ব্যক্তির পক্ষে তাহা উচিত ও লভ্যজনক কি না ইহার বিবেচনা করা আবশ্যক। যে হেতুক গত বৎসর ও এই বৎসর বঙ্গদেশে অল্প সংখ্যক সিবিল কার্য্যকারক প্রেরিত হইয়াছেন।

৫। জিলার সদর মোকামের অধ্যক্ষতা বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের পূর্ব্বাবধি এই অভিমত, জিলার মাজিষ্ট্রেট সাহেব সদর মোকামে থাকিলে রাজকীয় কার্য্যের কর্ত্তৃত্ব ভার তাহারই প্রতি থাকা অত্যন্ত উচিত এই হেতুক মান্যবর সাহেব মহকুমার নিয়মিত কর্ত্তৃপক্ষ বলিয়া অন্য কোন মাজিষ্ট্রেটের প্রতি অধ্যক্ষতা ভার অর্পণ করিতে অনিচ্ছুক কিন্তু এই কারণে মাজিষ্ট্রেট সাহেবের অনেক মোকদ্দমার বিচার করিতে ও বিবরণ ঘটিত অনেক কর্ম্ম করিতেই হইবে এমত জ্ঞান করিতে হইবে না। সদর

detail. In fact, the mere circumstance of being in superior charge of the sudder division does not necessary involve the trying of a single case, and in heavy districts the Lieutenant Governor will not, under present circumstances, expect the District Magistrates to try many cases The practice of taking all petitions, which seems to be frequently assumed as part of the duty of the Magistrate when in charge of the division, is a purely self-imposed labour undertaken by many District Magistrates They are at perfect liberty to entrust any part of their criminal duties, including the receiving of petitions, to any Magistrate under them, and any other duties, except the general control over the police and the functions of general superintendence in executive matters, may be similarly disposed of. While, therefore, the Lieutenant-Governor is very willing that it should, if possible, be arranged that the Magistrate of a large and heavy district should have at head-quarters the assistance of a competent officer who may relieve him of most judicial and much other work when he is present, and take his place in the sudder division when he is absent, he does not think a regular sub-divisional officer of the head-quarters division at all a necessity. But he invites any proposals for stationing Civil Servants to the best advantage which Magistrates and Commissioners may wish to submit, and in special cases may even recognise a sub-division at head-quarters if real necessity for it is shown.

J. Ware Edgar,

*Offg. Jr. Secy to the Govt. of Bengal.*

---

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No 1078J

Appointments

*The 22nd August* 1872 —To prevent misapprehension it is hereby notified that the appointments of Messrs S H. C Tayler to be, and A B Falcon to officiate as Judge of Beerbhoom and Additional Judge of Burdwan, included in the resolution dated 23rd ultimo, which was published in the *Calcutta Gazette* of the 24th idem, should strictly have been announced in the following form :—

Mr S H. C. Tayler to be District and Sessions Judge of Beerbhoom in the Second Grade, and to be also Additional District and Sessions Judge of Burdwan.

Mr A B Falcon to officiate as District and Sessions Judge of Beerbhoom in the Second Grade, and also as Additional Dis-

মোকামের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হওয়া প্রযুক্ত তাঁহার একটি মোকদ্দমারও বিচার করা আবশ্যক নহে এবং যেং জিলার কর্ম্ম ভারী সেইং জিলায় তাঁহার অনেক মোকদ্দমার বিচার করিবেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এমত অপেক্ষা নাই। মাজিস্ট্রেট সাহেব জিলার খণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইলে সকল প্রকারের দরখাস্ত গ্রাহ্য করা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান করিয়া থাকেন ও জিলার মাজিস্ট্রেটরা স্বয়ং গৃহীত সেই কার্য্য স্বীকার করিয়াছেন। পরন্তু তাঁহারা আপনাদের অধীন কোন মাজিস্ট্রেটের প্রতি দরখাস্ত গ্রহণ কার্য্য সমেত ফৌজদারী কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারেন এবং পোলীসের সাধারণ কর্ত্তৃত্ব ভার ও রাজকীয় কার্য্য সম্পাদন কার্য্যের সাধারণ তত্ত্বাবধারণের কার্য্যভিন্ন তাঁহারা অন্য কোন কর্ম্ম অধীন মাজিস্ট্রেটদের প্রতি অর্পণ করিতে পারিবেন। এই কারণে বড়ং যে জিলার কর্ম্ম ভারী হয় সেই জিলার সদর মোকামে মাজিস্ট্রেট সাহেবের নিকট ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক থাকিয়া তাহার উপস্থান কালে অধিকাংশ মোকদ্দমার বিচার ও অন্য কর্ম্ম করিয়া তাঁহার সাহায্য করেন ও তাহার অনুপস্থানে সদর মোকামে তাঁহারই স্থানবর্ত্তী হন এই বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সম্মত হইলেও সদর মোকামে মহকুমার কার্য্যকারকের উপস্থিত থাকা আবশ্যক বলিয়া জ্ঞান করেন না। কিন্তু সিবিল কর্ম্মকারকদিগকে অতি ফলজনকরূপে বিনিয়োগ করণ বিষয়ে মাজিস্ট্রেট ও কমিশনর সাহেবেরা যে কোন প্রস্তাব করিতে চাহেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়া বিবেচনা করিতে উদ্যত আছেন ও স্থল বিশেষে অত্যাবশ্যক হইলে সদর মোকামই মহকুমা থাকা বিষয় স্বীকারও করিতে পারিবেন

জে, ওয়ার এডগার,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

জুডিশ্যাল ও পালিটিকল ডিপার্টমেন্ট।

১০৭৮ J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ২২ আগষ্ট।—শ্রীযুত এস, এচ সি টেলর সাহেব বীরভূমের জজ ও বর্দ্ধমানের আডিস্যনল জজ হইবেন ও শ্রীযুত এ বি ফালকন সাহেব বীরভূমের জজের ও বর্দ্ধমানের আডিশ্যনল জজের কর্ম্ম করিবেন গত মাসের ২৩ তারিখের নির্দ্ধারণের এই যে কথা ঐ মাসের ৩০ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ করা গিয়াছে তাহাতে স্পষ্টরূপে নিম্নলিখিত প্রকারে লেখা উচিত ছিল। যথা

শ্রীযুত এস, এচ সি টেলর সাহেব দ্বিতীয় শ্রেণীমতে বীরভূমের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ হইয়া বর্দ্ধমানের আডিশ্যনল ডিষ্ট্রিক্ট ও সেশন জজও হইবেন।

শ্রীযুত টেলর সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ বি ফলকন সাহেব দ্বিতীয় শ্রেণীমতে বীরভূমের

trict and Sessions Judge of Burdwan, till the arrival of Mr. Tayler, or until further orders.

*The 24th August* 1872.—Surgeon Charles Julian Jackson, Officiating Sanitary Commissioner for Bengal, is appointed ex-officio to officiate as Professor of Hygiene in the Calcutta Medical College.

Babu Futtick Chunder, who has under separate orders of this date been appointed to officiate as an Extra Assistant Commissioner in Assam, is vested with the powers of a Moonsiff.

*The 27th August* 1872.—Mr Alexander Vansittart Knyvett is promoted to the First Grade of Assistant Superintendents of Police.

The following Assistant Superintendents of Police of the Second Grade are appointed to officiate in the First Grade:—

Mr. Sandford James Kilby.
,, Charles Armstrong Fisher.
,, C. P Crouch.

Assistant-Surgeon Joseph O'Brien, M.D., of the 43rd Regiment, Native Infantry, to have medical charge of the Civil Station of Gowhatty, in addition to his military duties, during the absence on leave of Assistant Surgeon R. H. Curran, or until further orders.

Third Grade Sub-Assistant Surgeon Baney Madhub Bose to have medical charge of the Civil Station of Maldah during the absence on leave of Babu Dwarkanath Chatterjee, or until further orders.

LEAVE OF ABSENCE.

*The 21st August* 1872.—Sub-Assistant Surgeon Amirtalall Mozoomdar, attached to the Endemic Dispensary at Jamalpore, in Burdwan, for one month, under section 3, supplement F, of the Civil Leave Code.

*The 27th August* 1872.—Assistant-Surgeon Richard Henry Curran, Civil Assistant-Surgeon of Gowhatty, for one month, under section 18 of the Civil Leave Code.

Babu Dwarkanath Chatterjee, Medical Officer of Maldah, for three months, under section 18 of the Civil Leave Code.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal*

[*Government Gazette*, 3rd *September* 1872.]

ডিস্ট্রিক্ট ও সেশন জজের ও বর্দ্ধমানের আডিশানল ডিস্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

বুঝিবার ভ্রম না হয় এই হেতু উপরোক্ত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

১৮৭২ সাল ২৪ আগষ্ট।—বঙ্গদেশের স্বাস্থ্যরক্ষার একটিং কমিশ্যনর সর্জন শ্রীযুত চার্লস জুলিয়াম জাকসন সাহেব স্বায় পদোপলক্ষে কলিকাতার মেডিকাল কালেজে স্বাস্থ্য বিদ্যার অধ্যাপকের কর্ম করণার্থে পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ফটিকচন্দ্র বাবু অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে আসামে অতিরিক্ত কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেও মুনসেফের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭২ সাল ২৮ আগষ্ট।—শ্রীযুত আলেকজাণ্ডর বান্সিটার্ট নিবেট সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

পোলীসের দ্বিতীয় শ্রেণীর নিম্নলিখিত আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেন্টেরা প্রথম শ্রেণীমতে কর্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত সাণ্ডফর্ড জেমস্ কিলবি সাহেব।
,, চালস আর্ম্‌ষ্ট্রং ফিশর সাহেব।
,, সি পি ক্রোচ সাহেব।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত আর. এচ করান সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত দেশীয় ৪৩ সংখ্যক পদাতিক পল্টনের আসিষ্টান্ট সর্জন শ্রীযুত জোসেফ ওব্রাইন সাহেব এম, ডি সমরসংক্রান্ত স্বীয় কর্ম্মাতিরিক্ত গোহাটীর দেওয়ানী মোকামের চিকিৎসা কর্ম্মের অধ্যক্ষতা ভার পাইবেন।

শ্রীযুত বাবু দ্বারকানাথ চট্টোপাধ্যায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব বসু মালদহের দেওয়ানী মোকামের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতা ভার পাইবেন।

ছুটী।

১৮৭২ সাল ২১ আগষ্ট।—বর্দ্ধমানের অন্তর্গত জামালপুরের এণ্ডেমিক ডিসপেন্সরীতে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অমৃতলাল মজুমদার দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৭ আগষ্ট। গৌহাটীর সিবিল আসিষ্টান্ট সর্জন শ্রীযুত রিচার্ড হেনরি করান্ সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

মালদহের চিকিৎসক শ্রীযুত বাবু দ্বারকানাথ চট্টোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[Second Publication.]

NOTIFICATION.

*The 19th August* 1872.—With reference to the Notification of 16th September 1864, at page 1827 of the *Calcutta Gazette* for 12th October 1864, extending Act XX of 1856 to the Town of Rughonathpore, now in the district of Manbhum, it is hereby notified that the boundaries of the town for the purposes of that Act shall be as declared below, and shall include the contiguous hamlet of Nundooarah

*1st* —On the North —The Utta river

*2nd* —On the East.—The Bhootmorjor.

*3rd*.—On the South —A straight line drawn from the Bhootmorjor through Pundit Bagan to the hill called Jugew pahar, and thence skirting the base of the hills to Alkoosha pahar and Sulu paharee.

*4th*.—On the West.—A line drawn from Sulu paharee to Gyeghatee jor and continuing along the jor until the northern boundary is reached

A. MACKENZIE,

*Offg. Secy to the Govt of Bengal.*

---

[Third Publication]

NOTIFICATION.

*The 12th August* 1872 —Under the power vested in him by Section 2, Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal) the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the Town of Silchar with effect from 1st September 1872 The limits of the town for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B.C.) of 1868.

A MACKENZIE,

*Offg. Secy to the Govt of Bengal.*

---

[Second Publication]

NOTIFICATION

*The 15th August* 1872 —In modification of the Government Notification of the 19th January 1869, published in the *Calcutta Gazette* of the 27th idem, the Lieutenant-Governor is pleased to publish the following revised specification of the boundaries of the Town of Burrisaul, in the District of Backergunge, for the purposes of Act VI (B.C) of 1868 (the District Towns' Act,—

The northern boundary commences above the Amanatganj Burning Ghat on the west bank of

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগস্ট।—এইক্ষণে মানভূম জিলার অন্তর্গত রঘুনাথপুর নগরে ১৮৫৬ সালে ২০ আইন প্রচলিত করণার্থ ১৮৬৪ সালের সেপ্টেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ সালের অক্টোবর মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ১০২৯ পৃষ্ঠায় প্রকাশ হয় তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের নিম্নলিখিত সীমা হইবে। ও নন্দুয়ারার নিকটবর্ত্তী পল্লী তন্মধ্যে ধরা যাইবে।

১ম।—উত্তর সীমা।—উত্তা নদী।

২য়।—পূর্ব্ব সীমা।—ভুটমোরজোর।

৩য়।—দক্ষিণ সীমা।—ভুটমোরজোর হইতে পণ্ডিত বাগানের মধ্যে দিয়া জগু পাহাড় নামে খ্যাত পর্ব্বত পর্য্যন্ত ও তথা হইতে পর্ব্বতের গোড়ার ধারে২ আলকুশা পাহাড় ও সুলু পাহাড়ী পর্য্যন্ত যে সরল রেখা টানা যায় তাহা।

৪র্থ।—পশ্চিম সীমা।—সুলু পাহাড়ী হইতে গাইঘাটীজোর ও ঐ জোরের সঙ্গে২ গিয়া উত্তর সীমার যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

[তৃতীয়বার প্রকাশিত]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১২ আগস্ট।—১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের অর্থাৎ (বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান ১৮৭২ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি সিলচার নগরে প্রচলিত করিয়াছেন। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের অভিপ্রায় সফল করণার্থেও উক্ত নগরের সেই সীমা হইবে।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৫ আগস্ট।—১৮৬৯ সালের জানুআরি মাসের ১৯ তারিখের গবর্ণমেণ্টের যে বিজ্ঞাপন ঐ সালের ফেব্রুআরি মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অর্থাৎ (প্রাদেশীয় নগরাদির আইনের) অভিপ্রায় সফল করণার্থে বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশাল নগরের নিম্নলিখিত সংশোধিত সীমার বর্ণনা প্রকাশ করিলেন।

উত্তর সীমা বরিশাল নদীর পশ্চিম তটস্থ আমানতগঞ্জের শবদাহ ঘাটের ওদিক্ হইতে আরম্ভ হইয়া উত্তর

the Barisál river and runs north-west until it crosses a narrow khál at a point north of homestead No. 11, now occupied by Sadaraddi Chaprasi. It then runs west and south-west north of the rice fields of Amanatganj till it crosses the bamboo bridge over a khál at a point north of homesteads Nos. 48, 49, now occupied by Káli Dás Chakrabarti and Kista Kumár Dás. Thence the boundary line runs west till it strikes the Káoneá road at a point north of the homestead No. 76, now occupied by Kista Chandra Chattapadhya. It then runs along the footpath in continuation of the Káoneá road, and along Akbar Khan's road, and finally passes by the north of the new Mahomedan burial ground and strikes the Lakutia road.

The western boundary commences opposite the new Mahomedan burial ground and proceeds down the Lakutia road to its junction with the Mádhabposhá road. It then proceeds along portions of the north Bagura, south Bagura, Abkándá and Ságarde roads till it comes to a small affluent of the Ságarde Khál. It then follows the course of this affluent up to its mouth, which is situated a little above the Ságarde bridge.

The southern boundary of the town is formed by the Ságarde Khál and the eastern boundary by the Barisál river.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[Second Publication.]

NOTIFICATION.

*The 19th August* 1872.—It is hereby notified for general information that the introduction of the new Code of Criminal Procedure, which was to have come into operation on the 1st September next, has been postponed till the 1st January 1873, by an Act recently passed by the Council of the Governor-General for making Laws and Regulations.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[Second Publication.]

NOTIFICATION.

*The 16th August* 1872.—Under the power vested in him by Section 2 of Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal), the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the town of Comercolly,

পশ্চিম ভাবে সদারদ্দি চাপরাশির বর্ত্তমান ১১নং ভিটার উত্তর যে স্থানে সঙ্কীর্ণ একটী খাল পার হয় সেই স্থান পর্য্যন্ত যায়, পরে পশ্চিম ও দক্ষিণপশ্চিম ভাবে আমানতগঞ্জের ধান্য ক্ষেত্রের উত্তর কালিদাস চক্রবর্ত্তী ও কৃষ্ণকুমার দাসের বর্ত্তমান ৪৮ ও ৪৯ নং ভিটার উত্তর যে স্থানে খালের বাঁশের সাঁকো পার হয় সেই স্থান পর্য্যন্ত যায়। তথাহইতে কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায়ের ৭৬ নং ভিটার উত্তর কাওনিয়া পথের যে স্থানে সীমার রেখা গিয়া মিলে সেই স্থান পর্য্যন্ত তাহা পশ্চিম মুখে যায়। কাওনিয়া পথ হইতে পদব্রজেগমনের যে পথ আছে তাহার সঙ্গে ও আকবার খাঁর পথের সঙ্গে ও শেষে মুসলমানদের নূতন কবর স্থানের উত্তর দিয়া লাকুতিয়া পথে গিয়া মিলে।

পশ্চিম সীমা মুসলমানদের নূতন কবরস্থানের সম্মুখে আরম্ভ হইয়া মাধবপোষা পথের সহিত লাকুতিয়া পথের সংযোগ স্থানপর্য্যন্ত লাকুতিয়া পথের সঙ্গে যায় পরে অংশতঃ উত্তর বাগুরা ও দক্ষিণ বাগুরা ও আবকান্দা ও সাগর্দ্দি পথের সঙ্গে গিয়া সাগর্দ্দি খালের এক ক্ষুদ্র জল স্রোত পর্য্যন্ত যায়। পরে ঐ ক্ষুদ্র স্রোতের সঙ্গে সাগর্দ্দি খালের সাঁকোর কিঞ্চিৎ উপরে স্থিত তাহার মুখ পর্য্যন্ত যায়।

উক্ত নগরের দক্ষিণ সীমা সাগর্দ্দি খাল, ও পূর্ব্ব সীমা বরিশাল নদী।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগষ্ট।—ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের যে নূতন আইন আগামি সেপ্টেম্বার মাসের ১লা তারিখ অবধি প্রচলিত হইত তাহা আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার প্রচারিত আইনদ্বারা ১৮৭৩ সালের জানুয়ারি মাসের ১লা তারিখ পর্য্যন্ত স্থগিত হইয়াছে, সাধারণের জ্ঞাপনার্থে ইহা প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৬ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে সাধারণ দ্যূত ক্রীড়া ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি নদীয়া জিলার অন্তর্গত কুমারখালী নগরে ১৮৭২ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি উক্ত আইনের বিধান প্রচলিত

in the Nuddea District, with effect from 1st September 1872. The limits of the town for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B C.) of 1868.

A. Mackenzie,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

Notification.

*The 6th August* 1872.—In continuation of the Notification dated the 14th October 1871, published at page 1911 of the *Calcutta Gazette* of the 1st November 1871, authorizing the extension of the provisions of Act XXII of 1869 to the Naga Hills, the Lieutenant-Governor is pleased, under Section 5 of the same Act, to issue the following detailed rules for the administration of civil and criminal justice and police in the said district, which will henceforth be called the "Naga Hills Agency".—

---

***Rules for the Administration of Justice and Police in the Naga Hills Agency.***

I.—General.

1. The administration of the country known as the Naga Hills is vested in the Commissioner of Assam, the Political Agent and his Assistant, the Mouzadars, Gaonburahs, Peumahs,* and Houshas† or head men of khels, or such other classes of officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may see fit from time to time to appoint in that behalf, subject to the exceptions, restrictions, and rules hereinafter recorded.

2. These rules shall, however, be held to be in force only in those villages and communities which are under the direct administrative control of the Political Agent.

II.—Police.

3. The police of the Naga Hills shall consist of—

(*a*)—Regular police subject to Act V of 1861.

(*b*)—Rural police, consisting of Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and other village authorities recognized as such by the Political Agent, with their subordinate village authorities.

4. The control of the police of the Naga Hills is vested in the Political Agent acting

* Naga Chief.

† Kookis Chief.

করিয়াছেন। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের অভিপ্রায় সফল করণার্থেও তাহার সেই সীমা হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

[ তৃতীয়বার প্রকাশিত। ]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৬ আগষ্ট।—১৮৬৯ সালের ২২ আইনের বিধান নাগা পর্ব্বত প্রদেশে প্রচলিত করা যায় ১৮৭১ সালের ১৪ই অক্টোবরের এই মর্ম্মের যে জ্ঞাপনপত্র ১৮৭১ সালের নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গালা গেজেটের ১৫৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেল, তদবলম্বনে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ৫ ধারামতে ঐ প্রদেশের দেওয়ানী ও ফৌজদারী ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হইবার নিম্নলিখিত বিস্তারিত বিধি প্রচার করিতেছেন। উক্ত প্রদেশ এই অবধি "নাগা পর্ব্বতের এজেন্সি" বলিয়া খ্যাত হইবে।

---

নাগা পর্ব্বতের এজেন্সির বিচার ও পোলীস সংক্রান্ত কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

১—সাধারণ বিধি।

১। নাগা পর্ব্বত নামে যে প্রদেশ খ্যাত আছে তাহার কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ভার আসামের কমিশ্যনর সাহেবের ও পলিটিকল এজেণ্টের ও তাঁহার সহকারি কর্ম্মকারকের ও মৌজাদারদের ও গাওবুড়দের ও পেওমাদের * ও হৌশাদের † কি খেলের সরদারদের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তৎপক্ষে সময়েং অন্য যেং শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। কিন্তু ইহার পশ্চাৎ ভাগে যে কথা বর্জ্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যেং গ্রাম ও প্রজাবর্গ পলিটিকল এজেণ্ট সাহেবের নিজ শাসনাধীন থাকে, নিম্নলিখিত বিধি কেবল তাহার প্রতি খাটিবে।

২—পোলীসের বিধি।

৩। নিম্নলিখিত ব্যক্তিদিগকে লইয়া নাগা পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। মৌজাদার ও গাওবুড় ও পেওমা ও হৌশাদিগকে লইয়া এবং পলিটিকল এজেণ্ট সাহেব গ্রামীয় অন্য যে কর্ত্তৃপক্ষদিগকে কর্ত্তৃপক্ষ বলিয়া স্বীকার করেন তাঁহারদিগকে ও তাঁহাদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন কর্ম্মকারি পলিটিকল এজেণ্ট সাহেবের প্রতি কিম্বা বঙ্গ-

* নাগাদের সরদার।

† কুকিদের সরদার।

under the orders of the Commissioner of Assam, or such other officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may from time to time appoint. Misconduct on the part of regular police shall be punished in accordance with Act V of 1861 and the Penal Code, or any special law which may be extended to the Naga Hills hereafter Misconduct on the part of the rural police is punishable by fine, which may extend to Rs. 500, or by imprisonment to an extent which would be awardable under the Penal Code for a like offence. Imprisonment may be awarded in lieu of fine, but only by the Political Agent or other officer duly authorized

5. An appeal lies from all orders of Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, and other chief village authorities in police matters to the Political Agent, whose orders are final. But the Commissioner may call for the proceedings and modify or reverse any order should he think fit.

6. The ordinary rules of the Bengal Police shall, as far as they are applicable, be observed by the regular police, and all returns in matters of accounts, and all registers required to be kept by the Bengal Police, as far as they are applicable, shall be made and kept up

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B. C) of 1869.

7. The regular police shall only act when required to do so by general or by special order of the Commissioner, Political Agent, or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police under Act V of 1861 in any locality.

8. The ordinary duties of police shall be discharged by the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or head men of khels or villages, and other village authorities They shall arrest all criminals and repress all disorders within their respective jurisdictions.

9. It is the duty of the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities, to report to the Political Agent all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdictions, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible

[*Government Gazette, 3rd September* 1872.]

দেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের প্রতি নাগা পর্ব্বতের পোলীসের কর্ত্তৃত্ব কার্য্যের ভার অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে কিম্বা ইতঃপরে নাগা পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয় পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধির আইনমতে সেই অপরাধ হেতুক যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেণ্ট সাহেব কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

৫। পোলীসসংক্রান্ত বিষয়ে মৌজাদারেরা ও গাওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কোন কাগজপত্র আনাইয়া কোন আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন।

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের রিটর্ণ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয় তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারায় পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশ্যনর সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিবেন।

৭। কমিশ্যনর সাহেবের কিম্বা পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

৮। মৌজাদারেরা ও গাওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা খেলের কি গ্রামের সরদারেরা ও গ্রামের অন্য কর্ত্তৃপক্ষেরা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপন২ এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত সকল ক্রিয়া নিবারণ করিবেন।

৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপন২ পল্লিতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তিভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপন২ এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পাইলে সাধ্যমতে ত্বরায় পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে

moment, and deliver up offenders as soon as may be to the officers authorized to try them.

10 The Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and village authorities, shall watch, report, and, under the orders of the Political Agent, apprehend and deliver up all vagrants or bad and suspicious characters found in their jurisdictions.

11 On the occurrence of any heinous* crime in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender if able, and in any case at once report to the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred and inquire into the matter. If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Political Agent or other duly authorized officer, whether the offender has been apprehended or not.

12. Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and all other village authorities, may pursue with hue and cry an offender fleeing beyond their jurisdiction (but not into the possessions of independent Naga tribes) and arrest him, but ordinarily no Mouzadar, Gaonburah, Peumah, Housha, or village authority, shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co-operation of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority of the jurisdiction to which the offender has fled. When an offender is traced from one jurisdiction to another, it will be sufficient to point him out to the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest.

13. When the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other chief village authorities feel unable to arrest an offender, they must apply to the Political Agent or any officer duly authorized to grant them the aid of the regular police.

* *Heinous Crimes*

| | |
|---|---|
| Rebellion | Rape |
| Riot. | Theft |
| Counterfeiting coin or passing counterfeit coin | Robbery. |
| | Dacoity |
| | Cattle stealing. |
| Murder. | Arson |
| Wounding to the injury of life or limb. | House-breaking. |
| | Forgery. |

কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদের বিচার করিতে ক্ষমতা প্রাপ্ত হন সেই কর্ম্মকারকে নিকট ঐ অপরাধিদিগকে সাধ্যমতে ত্বরায় চালান দিবেন।

১০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষেরা আপনং এলাকার মধ্যে কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান দিবেন।

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি বর্ত্তিলে কিম্বা তিনি সেই কর্ম্মে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর* অপরাধ হইয়া থাকে তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিয়া দিবেন। ও যে গতিকেই হউক অগৌণে মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার নিকট সেই কথার রিপোর্ট করিবেন। অপরাধিকে ধরা না গেলে ঐ মৌজাদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে পলিটিকল এজেণ্টের কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১২। কোন অপরাধী মৌজাদারদের কি গাঁওবুড়দের কি পেওমাদের কি হৌশাদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহির্ভূত স্বাধীন নাগা জাতিদের অধিকার ছাড়া অন্য কোন স্থানে পলাইয়া গেলে তাঁহারা শোরশার করিয়া তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামের মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান কর্ত্তৃপক্ষকে না জানাইয়া এবং তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহির্ভূত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে, অপরাধিকে সেই গ্রামের মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

১৩। মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে, নিয়মিত পোলীসের সাহায্য পাইবার নিমিত্ত পলিটিকল এজেণ্টের নিকট কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

* গুরুতর অপরাধ এই২

| | |
|---|---|
| রাজদ্রোহ। | বলাৎকার। |
| হঙ্গামা। | চৌর্য্য। |
| মুদ্রাকৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চালাওন। | দস্যুতা। |
| | ডাকাইতী। |
| বধ। | গো মেষাদি চুরি করণ। |
| প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে আঘাত করণ। | গৃহ দাহ। |
| | গৃহে অনধিকার প্রবেশ। |
| | জাল করণ। |

14. The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other chief village authorities, are empowered to arrest or cause to be arrested, and to fine all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined.

15. All the inhabitants of the Naga Hills who are under the administrative control of the Political Agent are bound to aid the regular police and village authorities when required to do so for the maintenance of order or the apprehension of offenders. Any person failing to do so is liable to fine; the fine to be adjudged by the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority to the extent he is empowered to award in criminal cases, or by the Political Agent if fine beyond the amount those officers are authorized to impose is considered necessary. When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority, shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Political Agent only.

### III.—Criminal Justice

16. Criminal justice shall be ordinarily administered by the Political Agent, his Assistant, and by the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities of the different communities.

17. The Political Agent shall be competent to pass sentence of death or imprisonment for a term unlimited, or of fine up to any amount. Provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and the sanction of the Lieutenant-Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concur in the sentence, and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner; and provided further that fine shall in no case exceed the value of the offender's existing property. The Commissioner may enhance any sentence passed by his subordinates, but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code. The Assistant to the

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরের বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারিবেন। ইহার পশ্চাদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহারদের যে ক্ষমতা নির্দ্দিষ্ট করা গেল তদনুসারে তাঁহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদের তদধিক জরীমানা করিবেন না।

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে নাগা পর্ব্বতবাসি যত লোক পলিটিকল এজেণ্টের শাসনাধীন আছে তাহাদের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসের ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কি গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে পলিটিকল এজেণ্ট সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কি গ্রামের প্রধান কর্ত্তৃপক্ষ নি জ দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেণ্ট সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

### ৩।—ফৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সামান্যতঃ পলিটিকল এজেণ্টের কিম্বা তাহার আসিষ্টাণ্টের দ্বারা এবং ভিন্ন২ গ্রামাদির মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হৌশার ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। পলিটিকল এজেণ্ট সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকা অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনর সাহেবের সম্মতি ও শ্রীযুত লেপ্টনেণ্ট গবরনর সাহেবের অনুমতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞামতে কার্য্য সাধন করা যাইবে না। কমিশ্যনর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কাগজপত্র শ্রীযুত লেপ্টনেণ্ট গবরণর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশ্যনর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না এবং অপরাধির তাৎকালীক সম্পত্তির মূল্যের অধিক অর্থদণ্ড হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল

Political Agent shall exercise such powers as he may be invested with by the Commissioner not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872.

18. Any Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority, may be empowered by the Political Agent to dispose of cases of persons chargpd with any of the following offences —

Injury to property not exceeding Rs. 50
Injury to person not endangering life or limb.
House trespass
Affronts of whatever kind.

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs. 50. They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender. In cases in which the fine is not paid or realised either in whole or in part, they shall represent the facts and send in the offender to the Political Agent, who may re-try the case and impose such other punishment as he is competent to inflict. All Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Political Agent.

19. **Mouzadars,** Gaonburahs, Peumahs, and **Houshas, or other duly recognized village authorities, may carry out** their decision, or order **attachment of property,** as soon as judgment is **pronounced; but in no case is property so attached to be sold, if the party** convicted claim to appeal **within eight days,** without the orders of the Political Agent.

(*a*)—Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children, husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—When the defendant is not a native of the Naga Hills, or is not resident within their jurisdiction; or

(*c*)—When the offence is one against the State, or has caused death or danger of life, or amounts to robbery, or concerns counterfeiting of coin or the making of fraudulent documents, or the like.

কমিশ্যনর সাহেব পলিটিকল এজেণ্টের আসিষ্টাণ্ট সাহেবের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে পলিটিকল এজেণ্ট সাহেব কোন মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।
প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।
গৃহে অনধিকার প্রবেশ করণ।
কোন প্রকারে অপমান করণ।

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তাহাকে তত টাকা দিবার কিম্বা তত টাকা পর্য্যন্ত তাহার হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওযা গেলে কিম্বা সমুদয় টাকা কি তাঁহার একাংশ আদায করা গেলে তাঁহারা সেই কথা জানাইয়া অপরাধিকে পলিটিকল এজেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন। উক্ত সাহেব সেই মোকদ্দমার পুনর্ব্বিচার করিযা অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওযা যায়, তাঁহারদিগকে ঐ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ পলিটিকল এজেণ্ট সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া দেওয়া যাইবে।

১৯। মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা ও হৌশারা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষগণ নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মতে কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির অপরাধ নির্ণয় হয় সে আট দিনের মধ্যে আপীল করিতে দাওয়া করিলে পলিটিকল এজেণ্ট সাহেবের অনুমতি না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) কোন মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী নাগা পর্ব্বতীয় লোক না হইলে ও সেই মৌজাদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজবিদ্রোহ কি অন্যের মৃত্যুজনক কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ কিম্বা দস্যুতার তুল্য অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পকীয় অপরাধ হইলে, ঐ মৌজাদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

20. The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall not decide any cases save in open durbar, in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel. Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof to the Political Agent or his Assistant, in which case the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other duly recognized authority, will take the parties or cause them to be sent before the Political Agent or his Assistant, with one of the persons required to attend as a court witness. The case shall then be tried *de novo*.

২০। খোলা দরবারে ন্যূন কল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বল পূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে অন্যতর পক্ষ পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল করিতে পারিবেন। তাহা হইলে মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কিম্বা নিয়মতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহারদিগকে উপস্থিত হইবার আজ্ঞা হইয়াছিল আদালতের সাক্ষি স্বরূপ তদ্রূপ অন্যতর ব্যক্তিকে লইয়া পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকটে যাইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

21. An appeal lies to the Political Agent from the decisions of his Assistant, if preferred within sixteen days.

২১। আসিষ্টাণ্ট সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

22. No appeal shall lie as a matter of right from the sentence of the Political Agent involving sentence of less than three years' imprisonment; but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed. All sentences of over three years' imprisonment are appealable to the Commissioner. Appeals to the Commissioner must be preferred within thirty-two days. All sentences above seven years must be confirmed by Commissioner, whose decision is final; but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit.

২২। পলিটিকল এজেণ্ট সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপাল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন, কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন। তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চুড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই একাধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাঁহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমাঘটিত কার্য্য পুনর্ব্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

23 The procedure of the Political Agent and his Assistant shall be in the spirit of the Code of Criminal Procedure as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules, the chief exceptions are—

২৩। উক্ত প্রদেশের ভাবগতিক বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, পলিটিকল এজেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্জনীয় বিষয়ের মধ্যে এই২ বিষয় প্রধান।

(*a*)—Only verbal order or notice shall be requisite except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district but resident beyond it, where his place of abode is not known. But orders of summons shall be for a fixed day not exceeding sixteen days

(ক) আজ্ঞা কি সমনপ্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাসস্থান জানা না যায় তবে সমন প্রভৃতি

from that upon which the order is issued, and the order shall be made known to the person affected or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at, in sufficient time to allow him, if he see fit, to appear.

লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্য বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ আজ্ঞা জানাইতে হইবে, কিম্বা লোকদের জ্ঞানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(b)—A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Political Agent and his Assistant in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence exceeding three years, a full note of the evidence and proceedings must be kept. Examinations and proceedings shall generally be recorded in English only

(খ) পলিটিকল এজেণ্ট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে যেং মোকদ্দমার বিচার হয় সেইং মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষাকালীন উক্তি ও আনুষ্ঠানিক কার্য্য সামান্যতো কেবল ইংরাজী ভাষায় লিখিতে হইবে।

(c)—The proceedings of the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, need not be in writing, but if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made.

(গ) মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হোশারা ও গ্রামের স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখিবার প্রয়োজন নাই। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(d)—All fines levied by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall be paid to the Political Agent or his Assistant or other officer empowered to receive them within eight days from the date of realization

(ঘ) মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হোশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে আদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে পলিটিকল এজেণ্ট সাহেবকে কিম্বা আসিষ্টাণ্ট সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দেওয়া যাইবে।

(e)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false.

(ঙ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহারদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহারদিগকে সতর্ক করা যাইতে পারিবে।

24. The Political Agent and his Assistant shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner —

২৪। পলিটিকল এজেণ্ট ও আসিষ্টাণ্ট সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসেং কমিশ্যানর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

Register of crimes committed.

যেং অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

Register of criminal cases decided by the Political Agent and his Assistant.

পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব ফৌজদারী যেং মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

Register of fines levied by the Political Agent and his Assistant and Mouzadars, Gaonburahs,

পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব এবং মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও

Peumahs, and Houshas, or other duly recognized village authorities.

হোঁশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

Register of licences to carry fire-arms.

বন্দুকপ্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

## IV.—Civil Rules.

## ৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

25. The administration of civil justice in the Naga Hills is entrusted to the Commissioner, the Political Agent, his Assistant, and by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities.

২৫। নাগা পর্ব্বতে দেওযানী মোকদ্দমার বিচার কাৰ্য্যের ভার কমিশ্যনর সাহেবের ও পলিটিকল এজেন্ট সাহেবের ও তাঁহার আসিষ্টান্টের ও মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হোঁশাদের ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

26. Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities, may be recognized by the Political Agent by sunnud under his signature as empowered to try cases without limit as to amount, but with the following reservations:—

২৬। পলিটিকল এজেন্ট সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে মৌজাদারদিগকে ও গাঁওবুড়দিগকে ও পেওমাদিগকে ও হোঁশাদিগকে ও গ্রামের অন্যা২ প্রধান২ কর্ত্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিযা মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিযা স্বীকার করিতে পাবিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(a)—They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife, or any near relative, are parties, nor suits in which a native of the plains or native of another village not resident in their jurisdiction are parties.

(ক) তাঁহাবদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততি কি তাহারদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হয়, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য গ্রামে জাত যে ব্যক্তিরা তাঁহারদের নিজ এলাকায় বাস না করে তাহারা যে মোকদ্দমার একপক্ষ হয় সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(b)—All suits must be decided in open durbar, in the presence of the parties and at least three respectable witnesses.

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষির সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

27. Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, and other duly recognized village authorities, have power to compel attendance of parties to any suit and their witnesses,—all such persons being resident within their own jurisdiction, and to fine, within the limit of Rs. 50, persons wilfully failing to attend. They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them.

২৭। কোন মোকদ্দমার উভযপক্ষ ও তাঁহারদের সাক্ষিরা ঐ মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হোঁশাদের কি গ্রামের নিযমিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের এলাকায বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। ও তাহারা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহারদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

28. All proceedings shall be *vivâ voce*, and the Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, shall not be called upon to make either record or

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হোঁশাকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদিগকে আপনারদের নিষ্পত্তি লিখিয়া

registry of their decision. After hearing both parties and their witnesses, if any, they shall, with or without the opinion of assessors, as they think fit, pronounce a decision forthwith. If at the trial any person who can write can be found, a brief note of the proceedings is to be made.

29. Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, and other duly recognized village authorities, may carry out their decision at once and order attachment of property to be made; but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days. On such appeal being made, they shall send the parties and their witnesses to the Political Agent or his Assistant forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them.

30. All notices given by Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, and other duly recognized village authorities to parties or witnesses, shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed, it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown.

31. The Political Agent and his Assistant shall not ordinarily hear suits triable by Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, but they have a discretion to do so when they think right, and suits which under these rules the village authorities cannot try must be tried by the Political Agent or his Assistant. A register of all suits tried by the Political Agent and his Assistant shall be kept in such form as the Commissioner shall direct.

32. The Political Agent and his Assistant shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to punchayet. If they agree to this, each party shall name an equal number of arbitrators, and shall choose, or leave the arbitrators to choose, an umpire. The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded

রাখিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহারদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

২৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা একেবারেই আপনারদের নিষ্পত্তিমতে কার্য্য করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপে আপীল করা গেলে তাঁহারা অগৌণে কিম্বা সাধ্যমতে ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহারদের সাক্ষিদিগকে পলিটিকল এজেন্টের কি তাঁহার আসিষ্টাণ্টের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহারদের বিচারকালে যাঁহারা উপস্থিত ছিলেন সভ্রান্ত এমত কোন এক ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

৩০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিনে দেওয়া গেল তদবধি তাহাদের উপস্থিত হইবার আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশিষ্ট কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

৩১। কোন মোকদ্দমা মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষদের বিচার্য্য হইলে পলিটিকল এজেন্ট সাহেব কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহা সামান্যতঃ গ্রাহ্য করিবেন না। কিন্তু তাহা করা উপযুক্ত বোধ করিলে স্ব২ বিবেচনামতে করিতে পারিবেন। এই বিধিমতে গ্রামের কর্তৃপক্ষেরা যে মোকদ্দমার বিচার করিতে না পারেন পলিটিকল এজেন্ট কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহার বিচার করিবেন। ও পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার রেজিষ্টর রাখিতে হইবে। কমিশ্যনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ রেজিষ্টর সেই পাঠে লেখা যাইবে।

৩২। ঐ পর্ব্বতজাতীয় যে লোকদের তথায় নিবাস থাকে কোন মোকদ্দমার উভয়পক্ষ এমত লোক হইলে পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহারদিগকে পঞ্চায়তের বিচারার্থে মোকদ্দমা অর্পণ করিতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবেন। তাহারা সম্মত হইলে উভয় পক্ষ আপন২ সপক্ষীয় সমান সংখ্যক সালিস ও প্রধান পুরুষ মনোনীত করিবে কিম্বা সালিসেরাই আপনারদের প্রধান পুরুষকে মনোনীত করিবেন। মোকদ্দমার কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সালিসদের

before the proceedings commence, and the court will direct the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or some other recognized authority, to assemble the punchayet and witnesses within eight days. When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own. From such decision there shall be no appeal.

ও প্রমাণ পুরুষের নাম ও নিবাস ও বিবাদীয় বিষয় লিখিয়া রাখা যাইবে। এবং আদালত মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা স্বীকৃত অন্য কর্তৃপক্ষের প্রতি আট দিনের মধ্যে পঞ্চায়তকে ও সাক্ষিদিগকে একত্র করাইতে আজ্ঞা করিবেন। মোকদ্দমা নিষ্পত্তি করা গেলে প্রমাণপুরুষ উভয় পক্ষকে লইয়া আদালতে উপস্থিত হইবেন ও আদালত সেই নিষ্পত্তি লিখিয়া রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় তাহা প্রবল করিবেন। সেই নিষ্পত্তির উপর আপীল নাই।

33. An appeal shall lie from the decision of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other duly recognized village authority to the Political Agent or his Assistant. A record shall be made of the matter in dispute and the decision of the village authority. If necessary the court shall examine the parties, and if the decision appears to be just, shall affirm and enforce it as one of its own. If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo*, or refer it to a punchayet as above.

৩৩। মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষের নিষ্পত্তির উপর পলিটিকল এজেণ্টের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল হইতে পারিবে। বিবাদীয় বিষয়ের বৃত্তান্ত এবং গ্রামের কর্তৃপক্ষের নিষ্পত্তি লিখিয়া রাখা যাইবে। আবশ্যক হইলে আদালত উভয়পক্ষের পরীক্ষা লইবেন এবং নিষ্পত্তি যথার্থ বোধ করিলে তাহা স্থির রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় প্রবল করিবেন। ঐ নিষ্পত্তির যাথার্থ্য বিষয়ে আদালতের সন্দেহ করিবার কারণ থাকিলে আদালত প্রথমাবধি ঐ মোকদ্দমার পুনর্ব্বিচার করিবেন কিম্বা পূর্ব্বোক্তমতে পঞ্চায়তের প্রতি তাহা অর্পণ করিবেন।

34. Houses, needful clothing, cooking utensils or implements whereby the owner subsists, may not be attached, sold, or transferred, in execution of decree, unless themselves the subject of the suit.

৩৪। ঘর কি প্রয়োজনীয় বস্ত্র কি রাঁধিবার পাত্র কিম্বা যে হাতিয়ার প্রভৃতি দ্বারা কোন ব্যক্তির জীবিকা চলে তাহা লইয়া মোকদ্দমা না হইলে সেই২ বিষয় ডিক্রীজারীক্রমে ক্রোক কি বিক্রয় কি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে না।

35. There shall be no imprisonment for debt excepting in cases where the Political Agent is satisfied that the fraudulent disposal or concealment of property has taken place in such case the debtor may be detained for a period not exceeding six months.

৩৫। ঋণের নিমিত্তে কোন ব্যক্তিকে কয়েদ করা যাইবে না। কিন্তু কোন সম্পত্তি প্রতারণাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে কিম্বা লুকাইয়া রাখা গিয়াছে পলিটিকল এজেণ্ট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ ঋণীকে ছয় মাসের অনধিক কাল আটক করিয়া রাখা যাইতে পারিবে।

36. No appeal shall lie as of right to the Political Agent from decisions of his Assistant or from the Political Agent except as hereinafter provided; but the Political Agent, if he see fit, may call for the proceedings of any case decided by his Assistant, and the Commissioner may, upon application made, or otherwise, call for the proceedings of either of the lower courts, and revise them, provided that persons resident beyond the Naga Hills may appeal to the Commissioner within thirty-two days from the date of a decision. The appeal shall be accompanied by

৩৬। কেবল নিম্নলিখিত স্থলভিন্ন অন্য স্থলে, পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আসিষ্টাণ্ট সাহেবের নিষ্পত্তির উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইবে না। কিন্তু পলিটিকল এজেণ্ট সাহেব উচিত বোধ করিলে আপনার আসিষ্টাণ্টের নিষ্পত্তি করা কোন মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন। এবং দরখাস্ত হইলে কিম্বা না হইলেও কমিশ্যনর সাহেব নিম্ন কোন আদালতের মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্র আনাইয়া তাহা সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তিরা নাগাপর্ব্বতের বাহিরে বাস করেন তাঁহারা নিষ্পত্তির তারিখঅবধি ৩২ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারি-

a copy of the judgment appealed against and a clear statement of the grounds of appeal. The appeal may be presented to the Political Agent, who shall, if it be in order, and presented in due time, endorse upon it the date of receipt and transmit it, with the proceedings in the suit, to the Commissioner, who, after perusal of the petition of appeal and judgment, and after hearing the agent of the appellant, if any, may dismiss the appeal, or may remit the case to the lower court for the record of further evidence, or for re-trial of fresh issues, or reserve the case for hearing before his own court, and shall confirm, modify, or reverse, the decision of the lower court, passing such orders as to costs as may appear just. The decree of the appellate court shall be transferred to the court of the Political Agent for execution as a decree of its own.

বেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার নকল দিতে হইবে এবং আপীল করিবার সকল কারণ স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে। ঐ আপীল পলিটিকল এজেণ্ট সাহেবকে দেওয়া যাইতে পারিবে। ও সেই আপীল নিয়মমতে করা গেলে ও উপযুক্ত সময়ে উপস্থিত করা গেলে পলিটিকল এজেণ্ট ঐ দরখাস্তের পৃষ্ঠভাগে তাহা পাইবার তারিখ লিখিয়া মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্রের সহিত কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। তিনি আপীলের দরখাস্ত ও নিষ্পত্তি পাঠ করিয়া ও আপেলাণ্টের মোক্তার থাকিলে তাহার কথা শুনিয়া হয় আপীল ডিসমিস করিতে পারিবেন, না হয় অধিক প্রমাণ লইয়া লিখিয়া রাখিবার জন্যে কিম্বা নূতন ইস্যু ধরিয়া পুনর্ব্বিচার করিবার জন্যে অধঃস্থ আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন কিম্বা আপনার আদালতে শুনিবার জন্যে মোকদ্দমা গ্রাহ্য করিয়া অধঃস্থ আদালতের নিষ্পত্তি স্থির রাখিবেন কিম্বা মতান্তর কি অসিদ্ধ করিবেন এবং খরচাবিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন। আপীল আদালতের ডিক্রী পলিটিকল এজেণ্ট সাহেবের আদালতে পাঠান যাইবে তিনি আপন ডিক্রীর ন্যায় তাহা সাধন করাইবেন।

37. The courts of the Commissioner, the Political Agent, and his Assistant, shall be guided by the spirit, but not bound by the letter, of the Code of Civil Procedure.

৩৭। কমিশ্যনর সাহেবের এবং পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ভাবানুসারে কার্য্য করিবেন কিন্তু তাহার প্রত্যেক শব্দের বলে বদ্ধ হইবেন না।

38. No professional pleader or mooktear shall be allowed to appear in any case, except in cases before the Political Agent or his Assistant, with the special permission of the Judge trying the case, or if the defendant reside beyond the jurisdiction of the court; but relatives may appear for persons incapacitated by age, sex, or sickness.

৩৮। পলিটিকল এজেণ্ট কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে মোকদ্দমা উপস্থিত হইলে যিনি মোকদ্দমার বিচার করেন তাঁহার স্পষ্ট অনুমতি থাকিলে কিম্বা প্রতিবাদী আদালতের এলাকার বহির্ভূত স্থানে বাস করিলে উকীল কি মোক্তার নিযুক্ত হইতে পারিবেন নতুবা কোন মোকদ্দমার ব্যবহারাজীব উকীল কি মোক্তার উপস্থিত হইতে পারিবেন না কিন্তু কোন ব্যক্তি বৃদ্ধ কি স্ত্রী কিম্বা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইতে না পারিলে তাহার আত্মীয় কোন ব্যক্তি তাঁহার পক্ষ হইয়া উপস্থিত হইতে পারিবেন।

39. It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false.

৩৯। যে পাঠে উচিত বোধ হয় সাক্ষিদিগকে সেই পাঠানুসারে শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইতে পারিবে কিম্বা তাহারা মিথ্যা জানিয়া কোন কথা কহিলে, মিথ্যা শপথ করিবার দণ্ড হইবে বলিয়া তাহারদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতে পারিবে। বিচারপতি ইহার মধ্যে যাহা চাহেন তাহা করিতে পারিবেন।

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩ সেপ্টেম্বর।]

[Second Publication.]

NOTIFICATION.

*The 13th August* 1872.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor that land is required to be taken by Government for a public purpose, viz., for the construction of a road or street in Calcutta from the junction of Sobah Basar Street and Upper Chitpore Road to the Circular Road, and for frontages thereto, it is hereby declared that for the above purpose a strip of land averaging 100 feet, more or less, in width, extending eastward from Upper Chitpore Road to Upper Circular Road, is required.

The proposed line passes in its eastward course from the Upper Chitpore Road through the junction of Callypersaud Dutt's Street, Kally Krishna's Lane, Hurry Ghose's Street, Rajah Nubkissen's Street, Cornwallis Street, and Hattee Bagan Street.

This Declaration is made, under the provisions of the Land Acquisition Act (X of 1870) to all whom it may concern.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৩ আগষ্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শোভাবাজার ষ্ট্রীটের ও অপর চিৎপুর রোডের সংযোগ স্থান অবধি সরকুলর রোড পর্য্যন্ত পথ ও তাহার সম্মুখভাগ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত অপর চিৎপুর রোড অবধি পূর্ব্বমুখে অপর সরকুলর রোড পর্য্যন্ত গড়ে ন্যূনাধিক ১০০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

প্রস্তাবিত ঐ পথ অপর চিৎপুর রোডহইতে পূর্ব্বমুখে কালিপ্রসাদ দত্তের ষ্ট্রীট ও কালীকৃষ্ণের লেন ও হরিঘোষের ষ্ট্রীট ও রাজা নবকৃষ্ণের ষ্টিট ও কর্ণওয়ালিস্ ষ্ট্রীট ও হাতিবাগান ষ্ট্রীটের সংযোগ স্থান দিয়া যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

[Third Publication.]

DECLARATION.

The following application for a loan by the Municipal Commissioners of Dacca is published under Rule V of the Rules passed by the Governor-General in Council (Government Order No. 2987, dated 25th April 1872,) under Section 4 of the Local Public Works Loan Act XXIV of 1871:—

1. The loan is necessary for construction of the following permanent works within the limits of the Municipality, the estimated cost of which is the sum applied for as shown below:—

| | | Rupees. |
|---|---|---|
| (1) | Cost of 12 pucca public privies | 13,200 |
| (2) | Bullock-shed .. ... | 520 |
| (3) | Force pump ... ... | 2,000 |
| (4) | Land for disposal of night-soil and cultivation... ... | 2,000 |
| | | Rupees. |
| (5) | Houses of methers to be employed for working the system of conservancy purposes | 2,000 |
| (6) | New bridge on Julla road ... | 800 |

[তৃতীয়বার প্রকাশিত]।

বিজ্ঞাপন।

স্থানবিশেষের রাজকীয় কার্য্যসংক্রান্ত ঋণ গ্রহণবিষয়ক ১৮৭১ সালের ২৪ আইনের ৪ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব (১৮৭২ সালের ২৫ আপ্রিলের ২৯৮৭ নং গবর্ণমেন্টের আজ্ঞাপত্রক্রমে) যে বিধি প্রচার করেন তাহার ৫ ধারাক্রমে ঢাকার মুনিসিপল কমিশ্যনরদের ঋণগ্রহণ করিবার নিম্নলিখিত প্রার্থনাপত্র প্রকাশ করা গেল।

১। মুনিসিপালিটীর সীমান অন্তর্গত স্থানে নিম্নলিখিত স্থায়ি কার্য্য প্রস্তুত করণার্থে ঐ ঋণগ্রহণ করা আবশ্যক, নিম্নলিখিত যে টাকার প্রার্থনা হইয়াছে তাহা ঐ কার্য্যের অনুমিত খরচ।

| | | টাকা। |
|---|---|---|
| (১) | সাধারণের ব্যবহার্য্য পাকা ১২ পাইখানা করিবার খরচ ... | ১৩,২০০৲ |
| (২) | বলদ রাখিবার ঘর ... | ৫০০৲ |
| (৩) | জল তুলিবার কল ... | ২,০০০৲ |
| (৪) | বিষ্ঠা ফেলিবার ও কৃষিকার্য্যের নিমিত্ত ভূমি .. | ২,০০০৲ |
| (৫) | নগর সৌষ্ঠব করণাভিপ্রায়ে যে মেতরদিগকে নিযুক্ত করিতে হইবে তাহাদের ঘর . | ২,০০০৲ |
| (৬) | জলা পথের নূতন সাঁকো .. | ৮০০৲ |

| | | |
|---|---|---|
| (7) | New bridge at Doyahgonge .. | 1,500 |
| (8) | New bridge at Armeniantola ... | 1,500 |
| (9) | New reservoir including pump (for watering) ... | 350 |
| | Contingencies of the first five items ... | 1,150 |
| | | 25,000 |

2. The total amount of loan, Rs. 25,000.

3. It is proposed that the required sum shall be borrowed on the security of the rate on houses.

4. The rate is levied under Act III of 1864.

5. The loan of Rs. 25,000 applied for will be received by one instalment as soon as sanctioned, and repaid in about nineteen years by annual instalment of Rs. 2,000, including interest at 4½ per cent.

The following is the general account of the actual income and expenditure of the Municipality in each of the three last preceding years:—

| Income. | Rs. | As. | P. | Expenditure | Rs | As | P. |
|---|---|---|---|---|---|---|---|
| In 1869-70 ... | 48,921 | 14 | 4 | In 1869-70 .. | 48,705 | 5 | 3 |
| „ 1870-71 ... | 47,646 | 15 | 10 | „ 1870-71 .. | 45,639 | 4 | 9 |
| „ 1871-72 ... | 64,037 | 14 | 1 | „ 1871-72 .. | 53,327 | 5 | 2 |

7. None of the sources of the municipal income under the Act is pledged for any prior debt, as the Municipality has as yet contracted no debt.

D. R. LYALL, *Offg. Chairman.*
J. J. GRAY.
ALEXANDER THOMAS.
R. F. RAMPINI.
H. M. WEATHRALL.
A. MACBEAN.
W. HARVEY.
N. P. POGOSE.
B. C. RAY.
KAILAS CHANDRA GHOSH.
K. ABDOOL GUNNY.
AHSANOOLAH.
E. MANSFIELD.
J. G. N. POGOSE.
MITERJIT SING.

By order,
A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

| | | |
|---|---|---|
| (৭) | দয়াগঞ্জের নূতন সাঁকো ... | ১,৫০০৲ |
| (৮) | আর্ম্মানি টৌলার নূতন সাঁকো ... | ১,৫০০৲ |
| (৯) | জল দিবার নিমিত্ত জলের কল সুদ্ধ নূতন জলাশয় ... | ৩৫০৲ |
| | প্রথমোক্ত পাঁচ দফার নৈমিত্তিক ব্যয় ... | ১,১৫০৲ |
| | | ২৫,০০০৲ |

২। মোটে ২৫০০০৲ টাকা ঋণ।

৩। বাড়ীর উপর যে টাকস আদায় হইবে তাহা বন্ধক রাখিয়া প্রয়োজনীয় টাকা ঋণ করিবার প্রস্তাব হইয়াছে।

৪। ১৮৬৪ সালের ৩ আইনমতে উক্ত টাকস আদায় হইয়া থাকে।

৫। ঋণের অনুমোদন হইলেই উক্ত ২৫০০০৲ টাকা একেবারে গ্রহণ করা যাইবে, ও শতকরা ৪॥০ টাকা হিসাবে সুদ শুদ্ধ বৎসর ২০০০৲ টাকার কিস্তি করিয়া প্রায় উনিশ বৎসরে উক্ত টাকা শোধ করা যাইবে।

পূর্ব্ব তিন বৎসরের প্রত্যেক বৎসর মুনসিপলিটীর প্রকৃত আয় ব্যয়ের নিম্নলিখিত সাধারণ হিসাব এই,—

| আয়। | টাকা। | ব্যয়। | টাকা। |
|---|---|---|---|
| ১৮৬৯ ও ৭০ সালে | ৪৮,৯২১৸৶৪ | ১৮৬৯ ও ৭০ সালে .. | ৪৮,৭০৫।৴৩ |
| „ ৭০ ও ৭১ ... | ৪৭,৬৪৬৸৵১০ | „ ৭০ ও ৭১ .. | ৪৫,৬৩৯। ৯ |
| „ ৭১ ও ৭২ ... | ৬৪,০৩৭৸৶১ | „ ৭১ ও ৭২ ... | ৫৩,৩২৭।৴ ২ |

৭। উক্ত আইনমতে মুনিসিপলের যে আয় হয় পূর্ব্বের কোন ঋণের নিমিত্ত তাহা বন্ধক দেওয়া যায় নাই কেননা মুনিসিপলিটীর কোন ঋণ নাই।

শ্রীযুত ডি আর লায়েল সাহেব একটিং সভাপতি।
„ জে জে গ্রে সাহেব।
„ আলেকজাণ্ডর তামস সাহেব।
„ আর এফ রাম্পিনি সাহেব।
„ এচ এম ওয়েদরল সাহেব।
„ এ মাকবীন্ সাহেব।
„ ডবলিউ হার্ব্বি সাহেব।
„ এন পি পোগস সাহেব
„ বি সি রে সাহেব।
„ কৈলাস চন্দ্র ঘোষ।
„ খাজে আবদুল গনি।
„ আশায়ুল্লা।
„ ই মান্সফিলড সাহেব।
„ জে জি এন পোগস সাহেব।
„ মিত্রজিৎ সিংহ।

আজ্ঞাক্রমে,
এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩ সেপ্টেম্বর।]

## Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

### NOTIFICATION.

#### Leave of Absence.

*The* 14*th August* 1872.—Baboo Mothooranath Ghose, Moonsiff of Atteah, Zillah Mymensingh, for one month, under Section 3, Supplement F, of the Civil Leave Code.

Baboo Mohendranath Mitter, Moonsiff of Perozepore, Zillah Backergunge, for three months, under Section 18, Chapter VI, of the Civil Leave Code.

*The* 15*th August* 1872.—Baboo Hurri Narain Roy, Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, for one month and fifteen days, under Section 18, Chapter VI, of the Civil Leave Code.

*The* 21*st August* 1872.—Baboo Anantaram Ghose, Moonsiff of Futtickcherry, Zillah Chittagong, for fifteen days, under Section 18, Chapter VI, of the Civil Leave Code.

Baboo Bhugwan Chundra Sein, Sudder Moonsiff of Mymensingh, for one month, from the 5th October next, under Section 18, Chapter VI, of the Civil Leave Code.

Baboo Gopeenath Bannerjee, Moonsiff of Beauleah, Zillah Rajshahye, for one month, during the ensuing Dusserah vacation, under Section 18, Chapter VI, of the Civil Leave Code.

*The* 22*nd August* 1872.—Baboo Chunder Prosunno Dutt, Moonsiff of Badeakhally, Zillah Rungpore, for two months, in extension of that granted to him on the 30th May last, under Section 3, Supplement F, of the Civil Leave Code.

#### Transfers of Moonsiffs.

*The* 12*th August* 1872.—Baboo Hurro Prosad Sein, Moonsiff of Culna, Zillah East Burdwan, to be an Additional Moonsiff of that District.

Baboo Moti Lall Sircar, Moonsiff of Munglecote, Zillah East Burdwan, to be an Additional Moonsiff of that District.

[ *Government Gazette*, 3*rd September* 1872.]

## বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

### বিজ্ঞাপন।

#### ছুটী।

১৮৭২ সাল ১৪ আগষ্ট।—ময়মনসিংহ জিলার আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু মথুরানাথ ঘোষ দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক F পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জ জিলার পিরোজপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ মিত্র দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৫ আগষ্ট।—শ্রীহট্ট জিলার সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু হরিনারায়ণ রায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে এক মাস পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২১ আগষ্ট।—চট্টগ্রাম জিলার ফটিকচেরির মুনসেফ শ্রীযুত বাবু অনন্তরাম ঘোষ দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের সদর মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ৫ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

রাজশাহী জিলার বোলিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বন্দ্যোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২২ আগষ্ট।—রঙ্গপুর জিলার বদিয়াখালীর মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত গত মে মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীবিষয়ক F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

#### মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭২ সাল ১২ আগষ্ট।—পূর্ব্ববর্দ্ধমান জিলার কালনার মুনসেফ শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন ঐ জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল সরকার ঐ জিলার আডিশ্যনল মুনসেফ হইবেন।

Baboo Rajrajessur Bhuttacharjee, Moonsiff of Mahomedpore, Zillah East Burdwan, to Culna in that District.

Baboo Baroda Prosunno Shome, Moonsiff of Indoss, Zillah East Burdwan, to the Sudder Station of that District, as Second Sudder Moonsiff.

Baboo Nilmadhub Mookerjee, Moonsiff of Pooree, Zillah Cuttack, to Rungoneah, Zillah Chittagong.

*The 20th August* 1872.—Baboo Shitol Chunder Mookerjee, Moonsiff of Shazadpore, Zillah Rajshahye, to Pooree, Zillah Cuttack.

Baboo Rommonee Sein, Moonsiff of Rungoneah Zillah Chittagong, to Shazadpore, Zillah Rajshahye.

*The 22nd August* 1872.—Baboo Mothoora Lall Roy, Moonsiff of Dhamnuggur, Zillah Cuttack, to Badeakhally, Zillah Rungpore.

Baboo Chunder Prosunno Dutt, Moonsiff of Badeakhally, Zillah Rungpore, to Dhamnuggur, Zillah Cuttack. (The two above transfers will take effect on the expiry of the ensuing Dusserah vacation.)

*The 23rd August* 1872.—Moulvie Enamool Huq, Moonsiff of Gya, to Ghattal, in Zillah Midnapore.

Baboo Sheo Surn Lall, Additional Moonsiff of Purneah, to be Sudder Moonsiff of Gya. This cancels his appointment as Moonsiff of Ghattal, Zillah Midnapore, which was notified in the *Calcutta Gazette* of the 14th August 1872, page 131.

Baboo Rajender Kumar Bose, Moonsiff of Naraingunge, Zillah Dacca, to be Additional Moonsiff of the Moonsiffee of Dacca.

Baboo Horo Chandra Dass, Moonsiff of Bohor, Zillah Dacca, to Rungpore, as an Additional Moonsiff in that District.

By order of the High Court,
W. Cornell,
*Offg. Registrar.*

High Court,
*The 24th August* 1872.

পূর্ব্ববর্দ্ধমান জিলার মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য ঐ জিলার কালনার মুনসেফ হইবেন।

পূর্ব্ববর্দ্ধমান জিলার ইন্দাসের মুনসেফ শ্রীযুত বাবু বরদাপ্রসন্ন সোম দ্বিতীয় সদর মুনসেফস্বরূপ ঐ জিলার সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

কটক জিলার পুরীর মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব মুখোপাধ্যায় চট্টগ্রাম জিলার রঙ্গনিয়ার প্রেরিত হইয়াছেন।

১৮৭২ সাল ২০ আগষ্ট।—রাজশাহী জিলার শাহজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু শীতল চন্দ্র মুখোপাধ্যায় কটক জিলার পুরীতে প্রেরিত হইয়াছেন।

চট্টগ্রাম জিলার রঙ্গনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রমণী সেন, রাজশাহী জিলার সাহজাদপুরে প্রেরিত হইয়াছেন।

১৮৭২ সাল ২২ আগষ্ট।—কটক জিলার ধামনগরের মুনসেফ শ্রীযুত বাবু মথুরালাল রায় রঙ্গপুর জিলার বদিযাখালীতে প্রেরিত হইয়াছেন।

রঙ্গপুর জিলার বদিয়াখালীর মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত কটক জিলার ধামনগরে প্রেরিত হইয়াছেন। (উপরোক্ত স্থানান্তরে নিয়োগদ্বয় আগামী দুর্গোৎসবের বন্ধের পর প্রবল হইবে।)

১৮৭২ সাল ২৩ আগষ্ট।—গয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী ইনামুল হক্ মেদিনীপুর জিলার ঘাটালে প্রেরিত হইয়াছেন।

পুরণিয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু শিব শরণ লাল গয়ার সদর মুনসেফ হইবেন। তিনি মেদিনীপুর জিলার ঘাটালের মুনসেফ হইবেন, ১৮৭২ সালের আগষ্ট মাসের ২০ তারিখের বাঙ্গালা গেজেটের ১২৪৯ পৃষ্ঠায় প্রকাশিত তাঁহার এই নিয়োগ ইহাতে রহিত করা গেল।

ঢাকা জিলার নারায়ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রাজেন্দ্রকুমার বসু ঢাকা মুনসেফীর আডিশ্যনল মুনসেফ হইবেন।

ঢাকা জিলার বহরের মুনসেফ শ্রীযুত বাবু হরচন্দ্র দাস রঙ্গপুরের আডিশ্যনল মুনসেফ হইয়া সেই জিলাতে প্রেরিত হইয়াছেন।

আজ্ঞাক্রমে,
ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্টার।

হাই কোর্ট,
১৮৭২ সাল ২৪ আগষ্ট।

## Circular Orders of the Board of Revenue, L. P.

**AUGUST, 1872.**

V. H. SCHALCH, ESQ.,

**No. 1.**

THE following alterations have been made in Clause 1, Section VI, page 346, Board's Rules :—

In the 4th and 5th lines, the words "Abstracts (No. XXXII) of all Returns No. XXXI for" have been struck out, and the words "a list of" substituted in their place.

The words "with the first Return No. XXXI" have also been added after the last word in the last line of the rule.

**No. 2.**

THE attention of all Revenue Officers is specially requested to the following scale of maximum charges to be allowed in future for effecting Batwaras—

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| On 200 | acres, @ Rupees | 36 per | 100 acres. | | | |
| From 300 to 200 | " | " | " | 30 | " | " |
| " 300 " 500 | " | " | " | 18 | " | " |
| In excess of 500 | " | " | " | 10 | " | " |

The rates now laid down include cost of Amin's establishment, stationery, and miscellaneous expenses; but in every case the Collector should, before recommending a Batwara establishment for sanction, make careful inquiries from the applicants in respect to the condition and position of the lands, and after considering all the circumstances, especially in relation to the value of the estate and its Government revenue, propose the smallest establishment with which he thinks the work can be effectually performed. It will be the Commissioner's duty carefully to check and revise the Collector's applications, and return them for further report when necessary.

**No. 3.**

The following alterations have been made in Clause 16, Section I, page 341, Board's Rules:—

After the words "on account of" in line 2, insert "trust and attached estates, and"

For the words "Court of Wards" in lines 6, 7 substitute "Commissioner."

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সর্কুলর অর্ডর ।

১৮৭২ সাল আগষ্ট মাস ।

শ্রীযুত বি এচ শক সাহেব ।

১ নম্বর ।

বোর্ডের বিধি পুস্তকের ৫৩৭ পৃষ্ঠায় ৬ পরিচ্ছেদের ১ ধারা নিম্নলিখিত প্রকারে পরিবর্ত্তন করা গেল ।

ঐ ধারার ৪ ও ৫ পঁক্তি গত "নিমিত্ত ৩১ নং রিটর্ণ সকলের (৩২ নং) সারসংগ্রহ ও" এই সকল কথা ত্যাগ করা যাইবে তৎস্থানে "নির্ঘণ্টপত্র" এই শব্দ দিতে হইবে ।

"ঐ জিলার" এই কথার পুর্ব্বে "৩১ নং প্রথম রিটর্ণের সহিত" এই কথা দিতে হইবে ।

২ নম্বর ।

ইহার পর বাঁটওয়ারা করিতে হইলে যাহার অধিক খরচ দিতে হইবে না ইহার নিম্নলিখিত নির্ঘণ্টপত্র বিষয়ে রাজস্বসংক্রান্ত সকল কর্ত্তৃপক্ষের বিশেষ মনোযোগ করিবার আদেশ হইল ।

| | | | |
|---|---|---|---|
| ২০০ একর থাকিলে | ১০০ একর প্রতি | ৩৬ | টাকা । |
| ২০০ অবধি ৩০০ পর্য্যন্ত একর থাকিলে | ঐ | ৩০ | ঐ |
| ৩০০ ঐ ৫০০ ঐ ঐ | ঐ | ১৮ | ঐ |
| ৫০০র অধিক একর হইলে | ঐ | ১০ | ঐ |

উক্ত হিসাবের মধ্যে আমীনের আমলাগণের ও কাগজ কলম প্রভৃতির খরচ ও বিবিধ খরচ ধরা গিয়াছে। কিন্তু প্রত্যেক স্থলে কালেক্টর সাহেব বাঁটওয়ারার আমলাগণকে নিযুক্ত করিবার অনুমতি দেওনের প্রস্তাব করিবার পুর্ব্বে ভুমি যে স্থানে থাকে ও তাহার যে অবস্থা আছে প্রার্থকদের স্থানে মনোযোগে এই বিষয়ের অনুসন্ধান লইবেন । এবং সকল ভাবগতিক বিবেচনায় বিশেষতঃ মহালের মূল্য ও তাহাহইতে গবর্ণমেণ্টের যত রাজস্ব হয় ইহা বিবেচনা করিয়া যত অল্প সংখ্যার আমলাগণের দ্বারা ঐ কার্য্য উপযুক্ত মতে সমাধা হইতে পারে কেবল তত জনকে নিযুক্ত করিবার প্রস্তাব করিবেন । কমিশ্যনর সাহেব কালেক্টর সাহেবের প্রার্থনাপত্র দেখিয়া সংশোধন করিবেন ও আবশ্যক হইলে অন্য কথার রিপোর্ট পাইবার জন্যে ঐ প্রার্থনাপত্র ফিরিয়া পাঠাইবেন ।

৩ নম্বর ।

বোর্ডের বিধি পুস্তকের ৫২৯ পৃষ্ঠায় (১৮৭২ সালের ৯ জুলাইর বাঙ্গলা গেজেটের ৮২৩ পৃষ্ঠায়) ১ পরিচ্ছেদের ১৬ ধারা নিম্নলিখিতমতে পরিবর্ত্তন করা গেল ।

১ পঁক্তির আরম্ভে এই কথা দিতে হইবে "ওনাস্ত ও ক্রোক করা মহালের ও"

৫, ৬ পঁক্তিতে "কোর্ট ওয়ার্ডসের" এই কথার পরিবর্ত্তে "কমিশ্যনর সাহেবের" এই কথা পাঠ করিতে হইবে ।

No. 4.

The following alterations should be made in the margin of Clause 7, Section IV, Chapter XII, page 194 of the Board's Rules—

For Regulation X of 1793, Act II of 1855, Act X of 1862, and Act XVIII of 1865 substitute respectively Act IV (B.C) of 1870, Act I of 1872, Act XVIII of 1869, and Act VII of 1870.

Expunge Act X of 1859 and Act VI (B C) of 1862.

---

No. 5

It has been noticed that the advertisements for the sale of the Government proprietary right of lands, which have recently appeared in the *Government Gazette*, contain a column blank for "Road Cess." As this blank column is liable to misconstruction, the Member in charge requests that when land the property of Government is to be sold revenue-free, and the one per cent road cess has therefore not been stipulated for, the column for "Road Cess" should be omitted. The same ruling will apply to the column for "revenue assessed."

---

A. Money, Esq., C B

---

No. 6.

With reference to Clause 25, Section XVII, Chapter V, page 79 of the Board's Rules, District Officers are requested to observe in future the following form in reporting annually the result of inspection of the stock of ganja in their respective districts

2. Add after the word "possible" in line 4 of Clause 25, page 79, Board's Rules, cited above, the words "and the result reported to the Commissioner in Form 31A, Appendix A."

3. The Member in charge has reason to believe that District Officers are not sufficiently careful to inquire into the condition of ganja warehouses. Their attention is therefore drawn to Clause 20, Section XVII, Chapter V, page 78 of the Board's Rules, and they are requested to submit, as soon as possible, a statement of the ganja warehouses in their respective districts. This statement should contain a description of each warehouse, and should show how it is constructed, and whether, in the opinion of the District Officer, ganja stored in it is "secure against fraud and depredation."

৪ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২৯৭ পৃষ্ঠায়, ১২ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ৭ ধারার পার্শ্বে লিখিত কথা নিম্নলিখিত প্রকারে পরিবর্ত্তন করিতে হইবে।

১৭৯৩ সালের ১০ আইন, ১৮৫৫ সালের ২ আইন, ১৮৬২ সালের ১০ আইন ও ১৮৬৫ সালের ১৮ আইন এই২ অঙ্কের ও কথার পরিবর্ত্তে ক্রমান্বয়ে ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইন, ১৮৭২ সালের ১ আইন, ১৮৬৯ সালের ১৮ আইন ও ১৮৭০ সালের ৭ আইন পাঠ করিতে হইবে।

১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইন ত্যাগ করা যাইবে।

---

৫ নম্বর।

ভূমিতে গবর্ণমেণ্টের যে অধিকারিত্ব স্বত্ব থাকে সম্প্রতি তাহার বিক্রয় হইবার যে ইশ্তিহার গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা গিয়া থাকে, তন্মধ্যে পথকর লিখিবার এক ঘর খালি থাকে ইহা দৃষ্ট হইয়াছে। ঐ খালিঘর থাকাতে ভ্রম জন্মিতে পারে বলিয়া, এই বিষয়ে যে সাহেব অধ্যক্ষ আছেন তাঁহার এই আদেশ। গবর্ণমেণ্টের কোন ভূমি নিষ্কর বলিয়া বিক্রয় করা গেলে যদি শতকরা ১ টাকা পথকর লইবার নিয়ম না থাকে তবে পথকর লিখিবার ঘর ত্যাগ করিতে হইবে। "যত টাকা রাজস্ব ধার্য্য হইল" এই ঘরের বিষয়েও সেই বিধি খাটিবে।

---

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি,

---

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১২৮ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ১৭ পরিচ্ছেদের ২৫ ধারা লক্ষ করিয়া জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল। আপন২ জিলায় যত গাঁজা থাকে তাহা দেখিয়া বৎসর২ তাহার ফলের রিপোর্ট করিলে তাঁহারা এই অবধি নিম্নলিখিত পাঠে সেই কথা লিখিবেন।

২। বোর্ডের বিধি পুস্তকের ১২৮ পৃষ্ঠায় পূর্ব্বোক্ত ২৫ ধারার ৩ পংক্তিতে "লইতে হইবে" এই কথার পর "ও A আপেণ্ডিক্সের ৩৪ A নং ফারমে কমিশ্যনর সাহেবের নিকট তাহার ফলের রিপোর্ট করিতে হইবে" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

৩। গাঁজার আড়ৎঘরের যে অবস্থা থাকে জিলার কর্ত্তৃপক্ষে উপযুক্তরূপে মনোযোগ করিয়া এই বিষয়ের অনুসন্ধান লইয়া থাকেন না, এই কার্য্যে যে সাহেবের অধ্যক্ষতা ভার আছে তাঁহার এমত জানিবার কারণ আছে। অতএব বোর্ডের বিধি পুস্তকের ১২৭ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ১৭ পরিচ্ছেদের ২০ ধারার প্রতি তাঁহারদের মনোযোগ করাইয়া তাঁহারদের প্রতি আদেশ হইল যে, আপন২ জিলার গাঁজার আড়ৎঘরের বর্ণনাপত্র সাধ্যমতে ত্বরায় প্রেরণ করেন। প্রত্যেক আড়ৎ কি প্রকারের ঘর ও তাহা কি ঢোলে নির্ম্মিত হইয়াছে, ও সেই ঘরে গাঞ্জা রাখিলে তাহা হরণ করা যাইতে কিম্বা তাহা লইয়া প্রতারণাকার্য্য হইতে পারে না জিলার কর্ত্তৃপক্ষের এমত বিবেচনা হয় কি না ঐ বর্ণনাপত্রে এই সকল বৃত্তান্ত লিখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩ সেপ্টেম্বর।]

# FORM 34A.

(SECTION XVII, CLAUSE 25.)

***STATEMENT showing the Result of the Inspection of stock of Ganja in the District for the year 18 .***

| 1. Sub-divisions. | 2. Number of golahs. | 3. Names of Golahdars. | 4. Balance at close of the last year. | | | 5. Quantity stored during the current year | | | 6. Total of columns 4 and 5 | | | 7. Quantity disposed of during the year | | | 8 Balance in store | | | 9. QUANTITY RECOMMENDED TO BE WRITTEN OFF. Refuse to be destroyed. | | | 9. Dryage or deficiency in weight. * | | | 9. Total | | | 10. Quantity remaining in store after writing off. | | | 11. REMARKS. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Mds. | S. | Ch | Mds | S. | Ch. | Mds | S. | Ch | Mds | S | Ch | Mds | S | Ch | Mds. | S | Ch | Mds. | S | Ch | Mds. | S. | Ch. | Mds. | S | Ch. | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

* This column will show the total deficiency (exclusive of refuse) which the Collector recommends to be written off.

## ৩৪A ফারম

(১৭ পরিচ্ছেদের ২৫ ধারা)

অমুক সালে অমুক জিলায় যত গাঁজা থাকে তাহা দেখিয়া তাহার ফলের বর্ণনাপত্র।

| ১ মহকুমা | ২ কত গোলা থাকে | ৩ গোলাদার-দের নাম | ৪ গত বৎসরের শেষে মৌজুদ ছিল | ৫ চলিত বৎসরে যত গোলা-জাত করা যায় | ৬ ৪ ও ৫ ঘরের মোট | ৭ বৎসরের মধ্যে যত বিক্রয় করা যায় | ৮ বাকী যত মৌজুদ আছে | ৯ যত গাঁজা ত্যাগ করিবার পরামর্শ হয়: যত খাট গাঁজা নষ্ট করিতে হইবে | ৯ শুকতী কি ওজনের কমতি* | ৯ মোট | ১০ ত্যাজ্য অংশ বাদে যত মৌজুদ থাকে | ১১ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

* খাট গাঁজা ভিন্ন কালেক্টর যত গাঁজা ত্যাগ করিবার পরামর্শ দেন তাহা এই ঘরে লিখিতে হইবে।

[*Government Gazette, 3rd Sptember* 1872.]

No. 7.

To remove misapprehension, assessing officers are informed that if a person was assessed under Act XII of 1871 on an income of Rs. 1,000 or above Rs. 1,000, he must be assessed under Act VIII of 1872 at the same rate. If he was assessed last year under Rs. 1,000, he must be assumed to be unassessable this year. If he was not assessed at all under last year's Act, he may be assessed this year according to an average of income for such period as the collector may direct.

## Circular Orders of the High Court of Judicature at Fort William in Bengal.

No. 27.

To all Civil Authorities, Lower Provinces,—(dated Calcutta, the 10th August)

HIGH COURT.
CIVIL SIDE.
*Present*
The Hon'ble Sir R. COUCH, *Kt*, *Chief Justice*
The Hon'ble W. Markby,
" W. Ainslie, *Judges of the Court.*

In connection with Court's Circular Order No. 9 of the 8th March last, the Court direct that the accounts therein prescribed be kept in the English language, and not in the Vernacular.

By order of the High Court,
W. CORNELL,
*Offg. Registrar.*

No. 28.

To all Judges of Districts and Judges of Small Cause Courts,—(dated Calcutta, the 14th August 1872.)

HIGH COURT, &c.,
CIVIL SIDE.
*Present:*
The Hon'ble F. A. Glover, *Judge*

IN modification of Circular Order No. 18 of the 11th May 1866, the Court desire that in the returns therein called for, showing the number of extra peons employed for the service and execution of processes and the cost of their employment, there should also be shown the amount earned and the number of processes served by them. A form is subjoined.

By order of the High Court,
W. CORNELL,
*Offg. Registrar.*

৭ নম্বর।

যে কর্ম্মকারকদের প্রতি টাক্স ধার্য্য করিবার ভার অর্পণ করা যায় তাহা[illegible] ভ্রান্তি না হয় এই নিমিত্ত তাঁহারদিগকে এই কথা জ্ঞাত করা গেল, ১৮৭১ সালের ১২ আইনমতে যে ব্যক্তিদের ১০০০৲ টাকার কি তদূর্দ্ধ টাকার আয়ের উপর টাক্স ধার্য্য হইল ১৮৭২ সালের ৮ আইনমতে তাহারদের সেই হিসাবে টাক্স ধার্য্য করিতে হইবে। গত বৎসর তাহারদের ১০০০৲ টাকার ন্যূন আয় বলিয়া টাক্স ধার্য্য হইলে এই বৎসরে তাহারদের টাক্স ধার্য্য হইবে না। গত বৎসরের আইনমতে যদি তাহারদের টাক্স ধার্য্য হয় নাই তবে কালেক্টর সাহেব যত কাল নিরূপণ করেন তাহারদের তত কালের আয়ের গড় ধরিয়া এই বৎসর তাহারদের টাক্স ধার্য্য হইতে পারিবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী [illegible] অর্ডর।

২৭ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী সকল কর্তৃপক্ষ সমীপেষু।—(কলিকাতা ১৮৭২ সাল ১০ আগষ্ট।)

হাই কোর্ট।
ফৌজদারী পক্ষ।
উপস্থিত
মান্যবর স্যার আর কৌচ সাহেব, নাইট চীফ জষ্টিস।
" ডবলিউ মার্কবি সাহেব
" ডবলিউ এমসলি সাহেব
আদালতের জজ।

হাই কোর্টের গত মার্চ মাসের ৮ তারিখের ৯ নম্বরের সরকুলর অর্ডর সম্পর্কে ঐ কোর্ট এই আজ্ঞা করিয়াছেন। ঐ সরকুলরে যে হিসাব রাখিবার আদেশ হয় তাহা ইংরাজী ভাষায় লিখিতে হইবে দেশীয় ভাষায় নয়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

২৮ নম্বর।

সকল জিলার জজ সাহেব ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ সমীপেষু।—(কলিকাতা ১৮৭২ সাল ১৪ আগষ্ট।)

হাই কোর্ট।
দেওয়ানী পক্ষ।
উপস্থিত।
মান্যবর এফ, এ, গ্লবর সাহেব।
আদালতের জজ।

পরওয়ানা দিবার ও সাধন করিবার নিমিত্ত অতিরিক্ত কত জন পেয়াদা নিযুক্ত হয় ও তাহারদিগকে নিযুক্ত করিবার কত খরচ লাগে, হাই কোর্টের ১৮৬৬ সালের মে মাসের ১১ তারিখের ১৮ নম্বরের সরকুলর অর্ডরে এই মর্ম্মের রিটর্ণ লিখিবার আদেশ হইয়াছিল। হাই কোর্টের সাহেবেরা তাহা মতান্তর করিয়া উক্ত পেয়াদারা কত টাকা আদায় করে ও কখানি পরওয়ানা জারী করে এই কথাও লিখিবার আদেশ করিয়াছেন। লিখিবার পাঠ এই।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

| Courts. | For what period. | Number of peons | Number of processes served | Amount of fees realized. | Cost of employment | Remarks |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

| আদালত। | কতকালের নিমিত্ত। | কতজন পেয়াদা। | কতগুলি পরওয়ানা জারী করে। | কত টাকা ফী আদায় করে। | নিযুক্ত করিবার খরচ। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকা গত ২৫ মেই শেষ তারিখের সূর্য্যাস্তপর্য্যন্তের বাকীপড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৭২ ইংরেজীর ২৩ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ বাঙ্গালার ৮ আশ্বিন রোজ সোমবার জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭২ ইং তারিখ ৮ আগষ্ট।

মহল নওয়াবাদ।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবেক।
মৌজে দক্ষিণ হিল্লা থানে টেকনাপ।

৪৬০ নং তালুক খোআমে চৌং আহালীএ ও শ্রীমতী উমারি চৌধুরীয়া দোক্তার মৃত ঝোপা চৌং ও ক্যাতং চৌং ও ম্যাপো চৌং পীহরান সান্দো চৌং মৃত ওম্যাপিগ্র চৌং ও শ্রীমতী চাইত্রাও চৌধুরীয়া পীং বাইন্থং চৌং সাং দক্ষিণ হিলনা বাং তালুক কান্দো সমুদাএ তালুক নীলাম হইবেক। সদর জমা ৬৭০৮৶
রোডকণ্ড ... ৬৮০

৬৭৭৪৶

(F)

A. L. CLAY,
*Offg. Collector.*

জিলা মেদিনীপুর।

১৮৫৯ সালের ১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনঅনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২৫ সেপ্টেম্বর মোতাবেক বঙ্গলা ১০ আশ্বিন ১২৭৯ সাল আমলি ১১ আশ্বিন ১২৮০ সাল বুধবার দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৭২ সাল তারিখ জুলাই।

তফসীল।

| তৌজীর নং | রেজিষ্টরির নং | নাম মহাল | নাম পরগনা | নাম মালিক | সদর জমা | বাকী যাহার জন্য নীলাম হইবে | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | | দশসালা বন্দবস্তী মহাল। | দন্তমুঠা | | | | |
| ৫৫৩ | ৯৬৬ | দন্তমুঠা ওরফে এবেন্দা মেয়াদী বন্দবস্তী মহাল | | ভরতচরণ সৎপতি | ১০২৯।/৴ | ৭৪/১ | |
| ২১০ | ২০১০ | লাভুবামুঠা জালপাই খাস পতিত বানিযোড়া জালপাই শরিফাবাদ জালপাই মাজনামুঠা জালপাই খাস পতিত কশবা হিজলী জালপাই খাস পতিত। | মাজনামুঠা জমীদারী সংক্রান্ত | রাধিকাপ্রসন্ন চন্দ্র .. | ৮৩২৭।/ | ১৪৩৯৸১ | বসীদ বন্দবস্তমতে এই মহালের জমা আমলি ১২৮০ সালে ১০২৩০৸০ টাকাহইয়া সন ১২৮৭ সালপর্য্যন্ত চলিয়া মেয়াদঅতীত হইবেক। |

J A. Hopkins,
*Covenanted Deputy Collector,*
*for Collector.*

(F)

জিলা নদীয়া।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় হবা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৬ সেপ্টেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭২ সাল তারিখ ২৩ জুলাই।

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৫৭৭।০ নং তাং শ্যামপুর পরগনে হাওয়ালখালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী ও নফরচন্দ্র পাল চৌধুরী-দিগর স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট সদর জমা ৫৫৩।০ টাকা বাকী খাজানা ৮৷৶৯ টাকা।

টেম্পরারি মহাল।

২৭৬৯ নং চর নতিডেঙ্গা গোড়ভাঙ্গা পরগনে রাজপুর মালিক দীননাথ মুখোপাধ্যায়দিগর সদর জমা ৫১৭৸১০ টাকা বাকী খাজানা ২৸৶১ টাকা।

W Oldham,
*Offg. Collector*

(F)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৩ সেপ্টেম্বর।]

## জিলা ত্রিপুরা।

### এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ত্রিপুরা

এই যে,

১৮৫৯ ইং ১১ আইনের ৬ দফামতে এতদ্দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকী জমার নিমিত্তে ১৮৭২ ইং ৪ সেপ্তাম্বর মোকাম সন ১২৭৯ বাং ২০ ভাদ্র রোজ বুধবার এজিলার কালেক্টরী কাছারিতে বিনা আপত্তো বিক্রয় হইবেক ইতি সন ১৮৭২ ইং ১১ জুলাই মোং ১২৭৯ বাং ২৮ আষাঢ়।

তপসিল মহাল।

| নম্বর রেজিষ্টরি | নাম মহাল | নাম মালীক | সদর জমা | বাকী সন ১২৭৮ সাল |
|---|---|---|---|---|
| ৭৩৮ | পং আমিরাবাদ কালীযাচর ৪০ নং ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রী | দুর্গাদাস ভট্টাচার্য্য অলীআনিবে গোলাম হয়দর মিঞা ও গোলাম কাদের মিঞা গোলাম হয়দর মিঞা ও গোলাম রাব্বা মিঞা নাবালগান ললিতচন্দ্র সেন শ্রীমতী স্বর্ণময়ী কালিদাস সেন দুর্গাদাস সেন মাহামদ রাজা চৌধুরি আজিমদ্দি সরকার রবিউল্লা সরকার দিলুনিজি দৌলত সরকার সরিপউল্লামুন্সী শ্রীমতী সাজু বিবি শ্রীমতী পুনী বিবি ও শ্রীমতী রাণী ভবানী ও শ্রীমতী রাণী কমলকুমারী ও শ্রীমতী কমলা চন্দ্রনাথ সেন নবীনচন্দ্র মজুমদার। | ১৫১০৬৷৹ | ৪১৮৸১০ |
| | | | রাস্তাখরচ—১৫/০ | |
| | | | ১৫২৫৬৸/০ | |

G. S. Park,
*Offg Collector*

(F)

---

## জিলা যশোহর।

### নীলামের এস্তাহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয় চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২১ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ৬ আশ্বিন রোজ শনিবার তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৭২। ১৫ আগষ্ট।

দ্বিতীয় শ্রেণীর মহাল।

৪৭২ নং তৌজীর হালম মোতালকে সুন্দরবন ২২৪ নং লাট কামারকোলা, বন্দবস্তগৃহীতা রাজা বরদাকণ্ঠ রায় বাহাদুর, ইং ১২৬৩ লাং ১৩৬১ সালপর্য্যন্ত ৯৯ বৎসর মেয়াদ আবাদকারী স্বত্ব, জমা ১২৭৮ সাল ৩৩৫৪৷৶৮ টাকা, ২১৯৭৷৶৮ টাকা বাকী খাজানার জন্য নীলাম হইবেক।

(F)

J. Monro,
*Collector*

---

## NOTICE

*Bengalee Edition of the Acts of Government*

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette*, be printed, in pamphlet form, for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now in the Press, the price of which will be Rs 1-4 per copy.

## বিজ্ঞাপন

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গাল গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে। তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইবে। এই আইন এইক্ষণে ছাপা হইতেছে। মূল্য ১০ মাত্র।

[*Government Gazette*, 3rd September 1872.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এড্‌ইন ষবিন্‌ লইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, SEPTEMBER 3, 1872.

মঙ্গলবার ১৮৭২ সাল ৩ সেপ্টেম্বর।

## জিলা বাঁকুড়া।

ইহারদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাঁকুড়ার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহালে সরকার বাহাদুরের মালিকি স্বত্ব সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ১৩ আশ্বিন শনিবার জিলা বাঁকুড়ার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালের খরিদারগন নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ক্রটিকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিশ্চয় বিক্রয় করা যাইবেক।

| রাজকীয় মহালের রেজি- ষ্টরের নম্বর | তৌজির নম্বর | মহালের নাম ও পরগনা | একর কিংবা জমির আন্দাজি পরিমাণ | সদর জমা। খাস জমা বাবদ | সদর জমা। রাস্তার টাক্স | সদর জমা। মোট | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০ | ৯১৮ | সাতঘাট (এক পুরাতন রাস্তার জমি) পঃ বিষণপুর | ১ একর | ৸৶৬ | ০ | ৸৶৬ | ৮৸০ | |

(F) (Sd.) W. R LARMINIE,
*Offg. Collector.*

বাঁকুড়ার কালেক্টরি কাছারি,
সন ১৮৭২। ১৮ মে।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 10, 1872. REGISTERED No 51

মঙ্গলবার ১৮৭২ সাল ১০ সেপ্টেম্বর।


## Government of Bengal.

### LEGISLATIVE DEPARTMENT.

THE following Report of the Select Committee on the Bill to amend the law relating to Embankments and Water-courses, together with the Bill as amended by the Committee, is, by order of the President, hereby published for general information —

WE the Select Committee appointed to consider the Bill "to amend the law relating to embankments and water-courses," as amended by the former committee and submitted with their report of the 28th August 1871, have the honor to submit the following report —

> From Superintending Engineer, Orissa Circle, dated 6th February 1871
> Memorandum from Officiating Secretary to Government of Bengal, Public Works Department, dated 2nd June 1871, with enclosures
> From Chairman of the Board of Agency, East Indian Railway, dated 1st September 1871
> From Commissioner of the Rajshahye Division, dated 28th September 1871, and enclosure
> From Honorary Secretary, British Indian Association, dated 16th November 1871
> From Officiating Secretary, Government of Bengal, Public Works Department, dated 11th December 1871, and enclosures
> Memorial of Maharajah Dheraj Mahtab Chand Bahadoor, Maharajah of Burdwan, dated 20th January 1872
> To Board of Agency, East Indian Railway Company, dated 2nd October 1871
> From ditto ditto ditto, dated 15th February 1872.
> From Officiating Joint-Secretary, Government of Bengal, Public Works Department, Irrigation Branch, dated 29th July 1872, with notes by the Assistant and Chief Engineers in that department

We have received and considered the papers noted on the margin

We have introduced a definition of the word "tenure" and altered that of "proprietor" in accordance therewith.

We have provided by a separate section for power to the engineer to alter railways on the previous sanction of the Lieutenant-Governor, and also for the recovery of the cost of such alterations

We have introduced a section defining certain embankments, as shown in a schedule annexed to the Act, and have made the Government alone responsible for the cost and repairs of those embankments.

We have altered the Chapter relating to the apportionment of the cost of the works, proceedings, &c, in view to empower the Collector to determine such apportionment between the proprietors as well as between the zemindars of the estates protected and benefited by such works, so as to avoid the necessity for recourse to the Civil Courts in cases of dispute arising in regard to that apportionment, and have provided for such apportionment being made in certain cases in respect to estates, with the sanction of the Lieutenant-Governor, in proportion to the amount of revenue respectively paid for such estates

We have made the recovery of contributions of zemindars and proprietors from their subordinate proprietors recoverable as arrears of rent due from putni-talookdars

We have omitted the section of the former Bill giving power to zemindars and proprietors to recover a proportion of their payments from ryots having rights of occupancy.

Forms for certain notices, &c., prescribed by the Bill, have been prepared in the schedules.

Verbal and other alterations have been made which require no special mention.

We recommend that the Bill as now submitted be passed

V. H SCHALCH.
C. BERNARD.

*The 5th August* 1872.

I RESERVE to myself the right of objecting to the general principle of making zemindars the collectors of dues on behalf of Government.

T. M. ROBINSON.

---

I RESERVE a similar right in regard to some of the provisions.

F. BEAUFORT.

---

As I do not concur in the leading principle of this Bill, I regret I cannot sign this report.

DIGUMBER MITTER.

---

OWING to my absence from town for some time I have not been able to attend several sittings of the Select Committee I regret I cannot therefore sign this report.

JOTEENDRO MOHUN TAGORE.

---

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

---

### ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

---

বাঁধ ও পয়নালা বিষয়ক আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি বিবেচনা করণার্থ মনোনীত কমিটীর এই রিপোর্ট এবং কমিটীর সংশোধিত পাণ্ডুলিপি সভাপতির আজ্ঞাক্রমে সাধারণের জানিবার জন্যে প্রকাশ করা গেল।

বাঁধ ও পয়নালা বিষয়ক আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি পূর্ব্ব নিযুক্ত কমিটীর দ্বারা সংশোধিত হইয়া ১৮৭১ সালের ২৮ আগষ্টের রিপোর্ট সহিত অর্পণ হওনান্তর মনোনীত কমিটী আমারদের বিবেচনার্থে অর্পিত হইলে আমরা নিম্ন-লিখিত রিপোর্ট করিলাম।—

উড়িষ্যা চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের ১৮৭১ সালের ৬ ফেব্রুআরির পত্র।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৭১ সালের ২ জুনের স্মারক লিপি ও তৎসহিত পত্রাদি।

ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের বোর্ড এজেন্সীর সভাপতি সাহেবের ১৮৭১ সালের ১ সেপ্টেম্বরের পত্র।

রাজশাহী খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৭১ সালের ২৮ সেপ্টেম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

ব্রিটিস ইণ্ডিয়ান আসোসিএশনের অনরবি সেক্রেটারীর ১৮৭১ সালের ১৬ নবেম্বরের পত্র।

পবলিক ও স ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৭১ সালের ১১ ডিসেম্বরের পত্র ও তৎসহিত পত্রাদি।

বর্দ্ধমানের মহারাজাধিরাজ শ্রীযুত মহাতাপচন্দ্র বাহাদুরের ১৮৭২ সালের ২উ জানুআরির আবেদনপত্র।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির বোর্ড এজেন্সীর ১৮৭১ সালের ২ অকটোবরের পত্র।

ঐ ঐ ১৮৭২ সালের ১৫ ফেব্রুআরির পত্র।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জলসেচন শাখায় বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটারী সাহেবের ১৮৭২ সালের ২৯ জুলাইর পত্রের সহিত ঐ ডিপার্টমেণ্টের আসিষ্টাণ্ট ও প্রধান ইঞ্জিনিয়র সাহেবদের মন্তব্য।

পার্শ্ব লিখিত পত্রাদি প্রাপ্ত হইয়া তাহা[illegible] বিবেচনা করিলাম।

তালুকপ্রভৃতি শব্দের অর্থ নির্ণয় করিয়া তদনুসারে ভূম্যধিকারি শব্দের অর্থ পরিবর্ত্তন করিলাম।

নূতন ধারা প্রণয়ন করিয়া ইঞ্জিনিয়রের প্রতি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণ করিয়া রেলপথ পরিবর্ত্তন করিবার ক্ষমতা প্রদান ও তৎ-পরিবর্ত্তনের খরচ আদায় করিবার বিধান করিলাম।

আইনের শেষাংশে তফসীল দিয়া কোনং বাঁধের সীমা নির্ণয়ের ধারা দিলাম এবং গবর্ণমেণ্ট সেই বাঁধের খরচ ও মেরামত করিবার দায়ী হইবার বিধান করিলাম।

কোন কার্য্য করিবার ও মোকদ্দমাঘটিত কার্য্য প্রভৃতির খরচের যে অংশ যাহার স্থানে লইতে হইবে এই বিষয়ের অধ্যায় পরিবর্ত্তন করিলাম। এইক্ষণে ঐ অংশ নিরূপণের বিষয়ে বিবাদ হইলে দেওয়ানী আদালতে যাইবার আবশ্যক না হইয়া উক্ত প্রকার কার্য্যদ্বারা যেং মহাল সুরক্ষিত হয় ও যে মহালের উপকার হয় তাহার জমীদারদের মধ্যে কালেক্টর সাহেব যেমন ঐ খরচের অংশ নিরূপণ করিতে পারেন তেমনি ভূম্যধিকারিদের মধ্যেও সেই অংশ নিরূপণ করিতে পারিবেন। আরো কোনং স্থলে মহালসম্পর্কে সেই অংশ নিরূপণ করিতে হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া যে মহালের যত টাকা জমা হয় তাহা বিবেচনা করিয়া সেই মহালের ঐ অংশ নিরূপণ করিবার বিধান করিলাম।

জমীদারেরা ও ভূম্যধিকারিরা অধীন ভূম্যধিকারিদের স্থানে ঐ টাকার যে অংশ পাইতে পারেন তাহা না দেওয়া গেলে পত্তনী তালুকদারদের স্থানে বাকী খাজানা আদায় করিবার যে বিধি আছে সেই বিধি-মতে ঐ বাকী টাকা আদায় করিবার বিধান করিলাম।

যে রায়তদের ভোগদখলের স্বত্ব থাকে জমীদারেরা ও ভূম্যধিকারিরা তাঁহারদের স্থানে ঐ টাকার একাংশ লইতে পারিবেন পূর্ব্ব পাণ্ডুলিপির এই মর্ম্মের ধারা ত্যাগ করিলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১০ সেপ্টেম্বর।]

এই আইনে যে নোটিসপ্রভৃতির আজ্ঞা হইল তাহা লিখিবার পাঠ প্রস্তুত করিয়া তফসীলে দেওয়া গেল।

কোনং স্থলে শব্দপ্রভৃতি পরিবর্ত্তন করিলাম তাহার উল্লেখ করা আবশ্যক নাই।

এইক্ষণে যে পাণ্ডুলিপি অর্পণ করিলাম তদনুসারে এই আইন বিধিবদ্ধ হয় এই পরামর্শ দিলাম।

বি, এচ, শাক।

১৮৭২ সাল ৫ আগষ্ট।

সি, বর্ণার্ড।

গবর্ণমেণ্টের পাওনা টাকা আদায় করণের ভার জমীদারদের প্রতি অর্পণ করণরূপ সাধারণ নিয়ম বিষয়ে আমার আপত্তি করিবার অধিকার থাকিল।

টি এম রাবিনসন।

কোনং বিধানের বিষয়ে আমারও আপত্তি করিবার অধিকার থাকিল।

এফ রোফর্ট।

এই পাণ্ডুলিপির মূল নিয়মে সম্মত না হওয়াতে আমি এই রিপোর্টে স্বাক্ষর করিতে পারিলাম না।

দিগম্বর মিত্র।

অনেক দিন কলিকাতার বাহিরে থাকাপ্রযুক্ত আমি মনোনীত কমিটীর অধিবেশন কালে উপস্থিত হইতে পারি নাই। এই হেতুক এই রিপোর্টে স্বাক্ষর করিতে পারিলাম না।

যতীন্দ্রমোহন ঠাকুর।

---

## AMENDED BILL.

*A Bill to amend the law relating to Embankments and Water-courses.*

WHEREAS it is expedient that provision should be made for the better supervision and protection of embankments and water-courses in the territories subject to the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows.—

### PART I.

*Preliminary.*

1 This Act may be called "The Bengal Embankment Act, 1872."

It extends to the whole of the territories subject to the Lieutenant-Governor of Bengal, except the province of Orissa and the Soonderbuns as defined by Regulation III of 1828.

And it shall come into force on the day of the passing thereof

2. From such day, Act No. XXXII of 1855 passed by the Governor-General of India in Council (being an Act relating to embankments) and Act No. VII of 1866 passed by the Lieutenant-Governor of Bengal in Council (being an Act to make better provision for the acquisition of land for embankments and other matters relating thereto) shall, except so far as relates to the province of Orissa and the said Soonderbuns, be repealed.

Repeal of former Acts.

3 The following words shall, for the purposes of this Act, have the meanings hereby declared, save where, from the context, a contrary intention appears:—

Interpretation

"Estate" means—(1) Any land or share in land subject to the payment to Government of an annual sum, in respect of which the name of a proprietor

"Estate"

## সংশোধিত পাণ্ডুলিপি।

বাঁধের ও পয়নালার বিধান বিষয়ক আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের অন্তর্গত বাঁধের ও জলপ্রণালীর আরো উত্তমরূপে তত্ত্বাবধারণ ও সুরক্ষা করিবার বিধান করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

হেতুবাদ।

### প্রথম অধ্যায়।

পরিভাষা।

১ ধারা। এই আইন "বঙ্গদেশীয় বাঁধ বিষয়ক ১৮৭১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

তাহা উড়িষ্যাদেশভিন্ন এবং ১৮২৮ সালের ৩ আইনের নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত সুন্দরবনভিন্ন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত সমস্ত দেশে ব্যাপ্ত হইবে।

ও বিধিবদ্ধ হওনের দিনাবধি প্রবল করা যাইবে ইতি।

২ ধারা। উক্ত দিনাবধি মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রণীত ১৮৫৫ সালের ৩২ আইন (অর্থাৎ বাঁধ বিষয়ক আইন) এবং বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৬৬ সালের ৭ আইন (অর্থাৎ বাঁধ করিবার নিমিত্ত ভূমিগ্রহণ করিবার ও তৎসম্পর্কীয় অন্যং বিষয়ের সুবিধান করণার্থ আইন) উড়িষ্যা প্রদেশের ও পূর্ব্বোক্ত সুন্দরবনের প্রতি যতদূর বর্ত্তে তদ্ভিন্ন স্থলে রহিত হইবে ইতি।

পূর্ব্বপ্রণীত কএক আইন রহিত হইবার কথা।

৩ ধারা। মূল পাঠের অন্য কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না হইলে এই ধারায় যে কথার যে অর্থ নির্দ্দেশ হইয়াছে এই আইনের কার্য্যপক্ষে সেই কথার সেই অর্থ ধরিতে হইবে।

অর্থ করণের ধারা।

(১) গবর্ণমেণ্টের মালগুজারী সকল মহালের সাধারণ রেজিষ্টরী নামে খ্যাত রেজিষ্টরী বহীতে বৎসরং গবর্ণমেণ্টের মালগুজারী যে ভূমির কিম্বা ভূমির যে অংশের

মহাল।

is entered on the register, known as the general register of all revenue-paying estates, or in respect of which a separate account may, in pursuance of Section 10 or Section 11 of Act XI of 1859, have been opened,

(2) Any land entered in the register of revenue-free tenures,

(3) Any land acquired under any rules issued by or under authority of Government for the sale, grant, or clearance of waste lands

"Embankment"

"Embankment" includes every bank, dam, wall, and dyke, made or used for excluding water from, or for retaining water upon any land, and every sluice, spur, groyne, training wall, or other work annexed to or portion of any such embankment, and every bank, dam, dyke, wall, groyne or spur made or erected for the protection of any such embankment or of any land from erosion or overflow by or of rivers, tides, waves, or waters.

"Zemindar"

"Zemindar" means all or any of the holders of an estate, and where two or more zemindars are jointly holders thereof, they shall be jointly and severally liable under this Act.

"Tenure"

"Tenure" includes all interests in land other than estates as above defined, held permanently at a fixed rate of revenue or rent.

"Proprietor"

"Proprietor" means the holder of a tenure, or of any lakhiraj land not being an estate.

"Public Embankment"

"Public Embankment" means an embankment maintained by the officers of Government.

"The Engineer"

"The Engineer" means the Superintending Engineer of the Circle in which any embankment is situate.

"Collector"

"Collector" shall mean any Collector, Deputy Collector, or other Revenue Officer in independent charge of any district or portion of a district, or specially appointed by the Lieutenant-Governor of Bengal to perform the functions of a Collector under this Act.

"District"

"District" means the portion of territory throughout which any person vested with the powers of a Collector is authorized to exercise such powers.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১০ সেপ্টেম্বর।]

সম্পর্কে ভূম্যধিকারি বলিয়া কোন ব্যক্তির নাম লেখা থাকে অথবা ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা কি ১১ ধারামতে যে ভূমির স্বতন্ত্র হিসাব রাখা যায় "মহাল" শব্দে সেই ভূমি,

এবং (২) নিষ্কর তালুকপ্রভৃতির রজিষ্টরে যে ভূমি লেখা যায় সেই ভূমি,

এবং (৩) গবর্ণমেণ্টের দ্বারা কি গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে পতিত ভূমি বিক্রয় কি দান কি পরিষ্কার করিবার যে বিধি প্রচারিত হয় সেই বিধিমতে প্রাপ্ত ভূমি বুঝাইবে।

"বাঁধ।"

কোন ভূমিতে জল না আইসে অথবা জল বদ্ধ থাকে এই কারণে যে বাঁধ ও জাঙ্গাল ও পোস্তা ও পুলবন্দি করা যায় কি ব্যবহৃত হয়, এবং তদ্রূপ কোন বাঁধে যে জলদ্বার কি ভিত্তি কি কাষ্ঠময় বেড়া কি প্রাকার কি অন্য বিষয় সংযুক্ত থাকে কিম্বা সেই বাঁধের একাংশস্বরূপ হয়, এবং নদীর কি স্রোতের কি ঢেউর কি জলের দ্বারা তদ্রূপ কোন বাঁধের ক্ষয় না হয় কি ঐ নদ্যাদি ছাপিয়া না উঠে এই নিমিত্তে ঐ বাঁধের কি ভূমির রক্ষার জন্যে যে বাধ ও জাঙ্গাল ও পুলবন্দি ও পোস্তা ও কাষ্ঠময় বেড়া ও ভিত্তি নির্ম্মিত হয় কি গাঁথা যায়, "বাঁধ" শব্দের মধ্যে এই সকল বিষয় গণ্য।

জমীদার।

"জমীদার" শব্দে মহালের সকল কি অন্যতর ভোগাধিকারী বুঝাইবে। দুই কি তদধিক জন জমীদার সাধারণ্যে একি মহালের ভোগাধিকারী হইলে এই আইনমতে তাঁহারা একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেন।

তালুকাদি।

(ক) পূর্ব্ব নির্ণীত মহালভিন্ন কোন ভূমিতে চিরকালের নিমিত্ত রাজস্বের বা খাজানার অবধারিত হারে যে স্বার্থ ভোগ হয় "তালুকাদি" শব্দে তাহ বুঝাইবে।

ভূম্যধিকারী।

"ভূম্যধিকারী" শব্দে তালুকাদি ভোগি কিম্বা মহাল ভিন্ন লাখেরাজ ভূমি ভোগি ব্যক্তিকে বুঝাইবে।

রাজকীয় বাঁধ।

গবর্ণমেণ্টের কার্য্যকারকদের দ্বারা যে বাঁধের রক্ষা হয় "রাজকীয় বাঁধ" শব্দে সেই বাঁধ বুঝাইবে।

ইঞ্জিনিয়র।

দেশের যে চক্রমধ্যে বাঁধ থাকে সেই চক্রে যিনি সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র হন "ইঞ্জিনিয়র" শব্দে তাঁহাকে বুঝাইবে।

কালেক্টর।

"কালেক্টর" শব্দে কোন কালেক্টর সাহেবকে কি ডেপুটী কালেক্টরকে কিম্বা কোন জিলায় কি জিলার কোন অংশে রাজস্বের জন্য যে কার্য্যকারক স্বাধীন ক্ষমতাপন্ন হন তাঁহকে কিম্বা এই আইনমতে যিনি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে বিশেষমতে নিযুক্ত হন তাঁহাকে বুঝাইবে।

জিলা।

কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যে প্রদেশে সেই ক্ষমতামতে কার্য্য করিতে অনুমতি পান "জিলা" শব্দে সেই প্রদেশ বুঝাইবে।

"Land" includes interests in land and benefits arising out of land and things attached to the earth or permanently fastened to anything attached to the earth.

"Land"

ভূমিতে যে স্বার্থ থাকে ও ভূমিহইতে যে উপকার উৎপন্ন হয় ও মৃত্তিকায় যেং বিষয় সংলগ্ন থাকে ও মৃত্তিকাতে সংলগ্ন বিষয়ে যেং দ্রব্য চিরবদ্ধ থাকে 'ভূমি" শব্দের মধ্যে তাহাও গণ্য।

ভূমি।

---

## PART II

### *Powers of Engineers.*

**4.** The Engineer may cause any embankment which connects public embankments, or forms, by junction with them, part of a line of embankments, or is necessary for the protection or drainage of the neighbouring country, to be taken charge of and kept up by the Officers of Government.

Power to take charge of embankments.

**5.** The Engineer may cause to be removed or altered any permanent or temporary embankment which endangers the stability of a public embankment or any obstruction of any kind which interferes with the general drainage of any tract of land

Power to remove embankments and obstructions

**6.** The Engineer may, when necessary, change the line of or lengthen any public embankment or make a new embankment in the place of or renew any public embankment or make an embankment in any place in which he may deem such embankment required for the protection of any lands.

Power to change line of embankment

**7.** The Engineer may effect any improvement or alteration in any water-course, channel or line of drainage when such improvement or alteration may be required for the protection of any village or cultivable land, and for that purpose may construct any sluice, weir or water-channel.

Power to improve drainage

**8.** If any landholder, farmer, or cultivator be desirous of having a sluice made in any public embankment for the purpose of drainage or irrigation, he shall make an application in writing to the Engineer of the district in which such embankment is situate. The application shall contain such particulars of the land to be drained or irrigated as may enable the Engineer to judge of the advantage which may be derived from the work.

Applications for sluices to be made to Engineer

## দ্বিতীয় অধ্যায়।

### ইঞ্জিনিয়রদের ক্ষমতার বিধি।

৪ ধারা। কোন বাঁধের দ্বারা রাজকীয় নানা বাঁধের সংযোগ হইলে, কিম্বা কোন বাঁধ রাজকীয় বাঁধের সঙ্গে সংযুক্ত হওনদ্বারা এক টানা বাঁধ হইলে কিম্বা পার্শ্ববর্ত্তিদেশের রক্ষার কি জলনির্গমনের নিমিত্তে আবশ্যক হইলে ইঞ্জিনিয়র সাহেব গবর্ণমেন্টের কার্য্যকারকদের দ্বারা সেই বাঁধের অধ্যক্ষতা ও রক্ষা করণের ভার গ্রহণ করাইতে পারিবেন ইতি।

বাঁধের অধ্যক্ষতা কার্য্য গ্রহণের ক্ষমতার কথা।

৫ ধারা। চিরকালীন কিম্বা কিয়ৎকালীন কোন বাঁধদ্বারা রাজকীয় কোন বাঁধের স্থায়িত্বের হানি হইতে পারিলে কিম্বা কোন প্রকারের দ্রব্য দ্বারা ভূমিখণ্ডের জল নির্গমনের সাধারণ পথ অবরোধ হইলে ইঞ্জিনিয়র সাহেব তাহা উঠাইয়া দিতে কিম্বা পরিবর্ত্তন করাইতে পারিবেন ইতি।

বাঁধ ও বাধকদ্রব্য স্থানান্তর করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। ইঞ্জিনিয়র আবশ্যকমতে কোন রাজকীয় বাঁধের রেখা পরিবর্ত্তন বা বৃদ্ধি করিতে পারিবেন, কিম্বা রাজকীয় কোন বাঁধের স্থানে নূতন বাঁধ করিতে কিম্বা ঐ বাঁধ নূতন করিয়া দিতে পারিবেন কিম্বা কোন ভূমির সুরক্ষার জন্যে কোন স্থানে বাঁধ করা আবশ্যক জ্ঞান করিলে তাহা করিতে পারিবেন ইতি।

বাঁধের রেখা পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। কোন গ্রাম কি চাষের যোগ্য ভূমি রক্ষা করিবার জন্যে জল প্রণালী কি নালা বা জল নির্গমনের কোন পথরেখা উৎকৃষ্ট কি পরিবর্ত্তন করা প্রয়োজন হইলে, ইঞ্জিনিয়র সাহেব তাহা উৎকৃষ্ট কি পরিবর্ত্তন করিতে পারিবেন ও তদর্থে কোন জলদ্বার কি নদীর আড়ে বাঁধ কি জলপ্রণালী করিতে পারিবেন ইতি।

জল নির্গমনের পথ আরো উত্তম করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। জল নির্গত হইবার কিম্বা ভূমিতে জল সেঁচিবার নিমিত্ত রাজকীয় কোন বাঁধে জলদ্বার করা যায় কোন ভূম্যধিকারী কি ইজারদার কি কৃষাণ এমত ইচ্ছা করিলে ঐ বাঁধ যে জিলায় থাকে তিনি সেই জিলার ইঞ্জিনিয়র সাহেবের নিকট লিখিয়া দরখাস্ত করিবেন। যে ভূমির জলনির্গমনের বা যে ভূমিতে জল সেঁচিবার উপায় হইবার প্রার্থনা হয় সেই ভূমিতে সে কর্ম্ম করিলে যত উপকার সম্ভাবনা ইঞ্জিনিয়র সাহেব যে বৃত্তান্ত দ্বারা ইহা নিরূপণ করিতে পারেন, ঐ দরখাস্তে ঐ ভূমির উক্ত সকল বৃত্তান্ত লিখিতে হইবে ইতি।

জলদ্বারের নিমিত্ত ইঞ্জিনিয়র সাহেবের নিকট দরখাস্ত করিবার কথা।

**9.** The Engineer may call upon the person in charge of any road which interferes with the drainage of any tract of land to alter such road or to construct any water-course, culvert, pipe, or channel under or through such road. In the event of such person failing to comply with such requisition in such manner and within such time as the Engineer shall prescribe, the said Engineer may forthwith cause the said road to be altered, or the said water-course, culvert, pipe, or channel to be constructed. The expenses of such alteration or construction shall be borne by the person in charge of the said road.

Power to alter roads and construct water courses

**10.** Whenever any person is desirous that any new embankment be erected, or that any new drainage channel be made, or that any drainage channel be obstructed or diverted, he shall apply to the Engineer, and at the time of making such application shall deposit with him a statement of the proposed works.

Proceedings to obtain new embankment or drainage

**11.** The Engineer may make any repairs in, and may do all acts necessary and proper for the maintenance of any public embankment, channel, or other work executed or taken charge of under the provisions of this Act, or of any of the Acts repealed by this Act.

Power to make repairs

**12.** The Engineer may call upon the manager or other person in charge of any railroad which interferes with the drainage of any tract of land to alter such railroad or to construct any water-course, culvert, pipe, or channel under or through such railroad. In the event of such person failing to comply with such requisition in such manner and within such time as the Engineer shall prescribe, the said Engineer may thereupon, with the previous sanction of the Lieutenant-Governor, cause the said rail-road to be altered, or the said water-course, culvert, pipe, or channel to be constructed in such manner as the Lieutenant-Governor shall direct. The expenses of such alteration or construction shall be borne by the said manager or other person in charge of the said railroad.

Power to alter railroads and construct water-courses

৯ ধারা। কোন পথদ্বারা কোন ভূমিখণ্ডহইতে জলনির্গমনের ব্যাঘাত হইলে ঐ পথ যে ব্যক্তির অধ্যক্ষতায় থাকে ইঞ্জিনিয়র সাহেব তাঁহাকে তাহা পরিবর্ত্তন কিম্বা সেই পথের নীচে কিম্বা তাহার উপর দিয়া সাঁকো কিম্বা সুড়ঙ্গ কিম্বা নল কিম্বা নালা প্রস্তুত করিবার আজ্ঞা দিতে পারিবেন। ইঞ্জিনিয়র সাহেব যে সময়ের মধ্যে ও যে প্রকারে সেই কার্য্য করিতে আজ্ঞা করেন উক্ত ব্যক্তি সেই সময়ের মধ্যে সেই প্রকারে ঐ আজ্ঞামতে কর্ম্ম না করিলে, উক্ত ইঞ্জিনিয়র অগৌণে সেই পথ পরিবর্ত্তন করাইয়া কিম্বা সেই জলপ্রণালী কি সুড়ঙ্গ কি নল কি নালা প্রস্তুত করাইয়া দিতে পারিবেন। ঐ পথ যে ব্যক্তির অধ্যক্ষতায় থাকে তাঁহার ঐ বিষয় পরিবর্ত্তন কি প্রস্তুত করিবার খরচ দিতে হইবে ইতি।

পথ পরিবর্ত্তন ও জলপ্রণালী প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। নূতন কোন বাঁধ করা যায় কিম্বা জলনির্গমনের নূতন প্রণালী করা যায় কিম্বা জলনির্গমনের পথ অবরোধ কি অন্য মুখ করা যায় কোন ব্যক্তির এই ইচ্ছা থাকিলে তিনি ইঞ্জিনিয়র সাহেবের নিকট দরখাস্ত দিবেন ও সেই দরখাস্ত দিবার সময়ে তাঁহার নিকট প্রস্তাবিত কার্য্যের বর্ণনাপত্রও অর্পণ করিবেন ইতি।

নূতন বাঁধ কি পয়নালা করিবার কার্য্যপ্রণালীর কথা।

১১ ধারা। এই আইনের বিধানমতে কিম্বা এই আইনদ্বারা যে২ আইন রহিত করা গেল তাহার অন্যতর আইনের বিধানমতে রাজকীয় যে বাঁধ কি নালা বা অন্য বিষয় প্রস্তুত করা যায় কিম্বা যে বাঁধপ্রভৃতির কার্য্যাধ্যক্ষতা গ্রহণ করা যায়, ইঞ্জিনিয়র সাহেব তাহার কোন স্থানের মেরামৎ করিতে এবং সুরক্ষা করণার্থে অবশ্যক ও উপযুক্ত সকল কর্ম্ম করিতে পারিবেন ইতি।

মেরামত করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। কোন রেলপথের দ্বারা কোন ভূমিখণ্ডের জলনির্গমনের ব্যাঘাত হইলে ইঞ্জিনিয়র সাহেব সেই রেলপথের অধ্যক্ষকে কিম্বা ঐ পথ অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহাকে সেই রেলপথ পরিবর্ত্তন করিবার কিম্বা সেই রেলপথের নীচে কি মধ্য দিয়া কোন জলপ্রণালী কি সুড়ঙ্গ কি নল কি নালা প্রস্তুত করিয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন। ইঞ্জিনিয়র যে সময়ের মধ্যে ও যে প্রকারে সেই কার্য্য করিতে আজ্ঞা করেন উক্ত ব্যক্তি সেই সময়ের মধ্যে সেই প্রকারে ঐ আজ্ঞামতে কর্ম্ম না করিলে, উক্ত ইঞ্জিনিয়র সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে সেই রেলপথ পরিবর্ত্তন করাইতে কিম্বা সেই জলপ্রণালী কি সুড়ঙ্গ কি নল কি নালা প্রস্তুত করাইতে পারিবেন। ঐ বিষয় পরিবর্ত্তন কি প্রস্তুত করাইতে যে খরচ লাগে তাহা সেই অধ্যক্ষের কিম্বা রেল পথ অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহারই দিতে হইবে ইতি।

রেল পথ পরিবর্ত্তন ও জলপ্রণালী প্রস্তুত করণের ক্ষমতার কথা।

**13.** Whenever any person is desirous that a temporary water-course should be made through, or that a temporary roadway should be made over, any public embankment, or that a temporary dam should be constructed in any embanked river, water-course, or drainage channel, he shall apply to the Executive Engineer of the district, who shall communicate the application to the Engineer, and the Engineer shall pass such orders thereon as he shall think fit. If the proposed work is to be executed by an Officer of Government, the applicant, before the commencement of the work, shall deposit the amount estimated by the said Engineer to be necessary to defray the expenses of and incident to making such roadway, or of and incident to making and closing or removing such water-course or dam. If such amount is found insufficient, the said Engineer shall recover the further amount required, and if it exceeds the said amount, such excess shall be returned to the person depositing the same.

Power to make temporary embankment and dams

১৩ ধারা। কোন রাজকীয় বাঁধ ভেদ করিয়া কিয়ৎকালের নিমিত্তে কোন জলপ্রণালী করা যায় কিম্বা তদ্রূপ বাঁধের উপর দিয়া কিছু কালের নিমিত্ত পথ করা যায় কিম্বা বাঁধযুক্ত কোন নদীতে কি জলস্রোতে কি জল নির্গমনের প্রণালীতে কিয়ৎকালের নিমিত্ত জাঙ্গাল করা যায়, কোন ব্যক্তির এমত ইচ্ছা থাকিলে তিনি জিলার একসেকিটিব ইঞ্জিনিয়রের নিকট দরখাস্ত দিবেন। ঐ একসেকিটিব ইঞ্জিনিয়র ইঞ্জিনিয়র সাহেবের নিকট ঐ দরখাস্ত পাঠাইবেন। ইঞ্জিনিয়র সাহেব তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন। প্রস্তাবিত কর্ম্ম গবর্ণমেণ্টের কোন কার্য্যকারক দ্বারা সম্পাদন করিতে হইলে, ইঞ্জিনিয়র সাহেব ঐ পথ করিবার কিম্বা সেই জলপ্রণালী কি জাঙ্গাল প্রস্তুত কি বন্ধ করিবার কি উঠাইয়া দিবার নৈমিত্তিক খরচশুদ্ধ যত খরচ ধরেন দরখাস্তকারী সেই কর্ম্মের আরম্ভ হইবার পূর্ব্বে সেই খরচ গচ্ছিত করিয়া দিবেন। ঐ টাকাতে কুলাইবে না ইহা দৃষ্ট হইলে উক্ত ইঞ্জিনিয়র অবশিষ্ট টাকা আদায় করিবেন। ও সেই টাকা অধিক হইলে যে ব্যক্তি টাকা গচ্ছিত করিলেন উদ্বর্ত্ত টাকা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

কিয়ৎকালীয় বাঁধ ও জাঙ্গাল করিবার ক্ষমতার কথা।

**14.** Whenever the Engineer shall be of opinion that the removal of any trees, houses, huts, or other buildings situated between a public embankment and the river is necessary, he shall make a report to that effect, accompanied by a detailed statement of the houses, huts, or other buildings to be removed, to the Collector of the District in whose jurisdiction the land on which such houses, huts, or other buildings stand is situated, and the Collector shall report the same to the Lieutenant-Governor of Bengal, in order that proceedings may be taken, under the provisions of the said Act X of 1870, for obtaining possession of such houses, huts, and buildings. Provided always that in case the Engineer be of opinion that the delay required by such proceedings is likely to be attended with grave and imminent danger to life or property, it shall be lawful for him forthwith to cause such houses, huts, or buildings to be removed, and in such case such houses, huts, and buildings shall, for the purposes of this Act, be deemed to have been land taken in execution of the provisions of this Act.

Power to remove houses

১৪ ধারা। রাজকীয় বাঁধের ও নদীর ব্যবধানে কোন বৃক্ষ কি ঘর কি খড়ুয়া ঘর কি অন্য গাঁথনি থাকিলে ও ইঞ্জিনিয়র সাহেব তাহা উঠাইয়া দেওয়া আবশ্যক বোধ করিলে ঐ ঘর কি খড়ুয়া ঘর কি গাঁথনি জিলার যে কালেক্টর সাহেবের ক্ষমতাধীন স্থানে থাকে তাঁহার নিকট তিনি সেই মর্ম্মের রিপোর্ট করিয়া যেং ঘর ও খড়ুয়া ঘর ও গাঁথনি উঠাইয়া দিতে হইবে ঐ রিপোর্টের সঙ্গে তাহার বিস্তারিত বর্ণনা পাঠাইবেন। ঐং ঘর ও খড়ুয়া ঘর ও গাঁথনির অধিকার পাইবার জন্যে ১৮৭০ সালের উক্ত ১০ আইনের বিধানমতে কার্য্য করা যায় এই নিমিত্ত কালেক্টর সাহেব বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট সেই কথা জ্ঞাত করিবেন। কিন্তু সেই প্রকারের কার্য্য করিতে হইলে যে বিলম্ব সম্ভাবনা তৎপ্রযুক্ত লোকদের ধনের ও প্রাণের গুরুতর ও আসন্ন সঙ্কট হইতে পারে ইঞ্জিনিয়র সাহেব এমত বোধ করিলে তিনি তৎক্ষণাৎ সেইং ঘর ও খড়ুয়া ঘর ও গাঁথনি উঠাইয়া দিতে পারিবেন। তাহা হইলে এই আইনের কার্য্যপক্ষে ঐং ঘর ও গাঁথনি ও গৃহাদি এই আইনের বিধানমত কার্য্য ক্রমে গৃহীত ভূমি বলিয়া জ্ঞান হইবে ইতি।

ঘর উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

**15.** Sluices constructed in any public embankment shall be opened only by or with the general or special permission of the officer in the immediate charge of the embankment, under such orders, either general or special, as he may receive from the Engineer.

Sluices to be opened under authority of the Engineer.

১৫ ধারা। কোন রাজকীয় বাঁধে যে জলদ্বার করা যায় ঐ বাঁধ অব্যবহিতরূপে যে কার্য্যকারকের অধীনে থাকে তিনি ইঞ্জিনিয়র সাহেবের সাধারণ কিম্বা বিশেষ যে আজ্ঞা পান ঐ জলদ্বার সেই আজ্ঞামতে কেবল তাঁহারই দ্বারা কিম্বা তাঁহার অনুমতিক্রমে খোলা যাইতে পারিবে ইতি।

ইঞ্জিনিয়রের অনুমতি হইলে জলদ্বার খুলিবার কথা।

[*Government Gazette*, 10*th September* 1872.]

Power to appropriate land or earth.

**16.** In any case where an embanked towpath has heretofore been maintained by Government alongside any canal, river, khal, or channel, the Engineer shall be entitled to appropriate without payment, as heretofore, land or earth for the maintenance, repair or re-construction of such embanked towpath. If in any case the Engineer shall consider it necessary for the purposes of towing to enlarge an existing towpath, or to construct a new towpath, proceedings shall be taken in accordance with the subsequent provisions of this Act relating thereto.

---

## PART III.

*Reference to the Collector and procedure thereon.*

Notice to the Collector

**17.** Save as is by this Act otherwise provided, the Engineer, before causing any of the works mentioned in Sections 5 to 10 both inclusive of Part II, or any of them, to be executed, shall give notice in writing to the Collector of the district of his intention so to do, and shall not commence any of such works until final order made in respect thereto. Such notice shall be in the form and state the particulars mentioned in Schedule (A) to this Act annexed. Upon the receipt of such notice the Collector shall cause a proclamation to be issued, which shall be in the form and state the particulars mentioned in Schedule (B) The Collector shall append to such proclamation a list of the estates and villages mentioned in the said notice and such others as he may consider likely to be affected by the works proposed

Publication of proclamation

**18.** Every such proclamation shall be published by affixing the same at the cutcherry of the Collector, and shall be served under the provisions of Section 59.

Proclamation to be published for thirty days

**19.** Every such proclamation shall be published and served not less than thirty days before the day appointed for hearing the parties interested

Powers on enquiry and appeal

**20.** In any enquiry held under this Act, the Collector and the Commissioner shall respectively have the powers conferred on Courts by the Code of Civil Procedure for compelling the attendance of and for examining wit-

ভূমি কি মাটি লইবার ক্ষমতার কথা।

১৬ ধারা। কোন স্থলে নালার কি নদীর কি খালের কি জলপথের পার্শ্বে গুণ টানিবার বাঁধা পথ গবর্ণমেণ্টের দ্বারা রক্ষা করা গিয়া থাকিলে ইঞ্জিনিয়র সাহেব গুণ টানিবার সেই বাঁধা পথ রাখিবার কি মেরামত করিবার কি পুনঃপ্রস্তুত করিবার নিমিত্ত পূর্ব্ববৎ মূল্য না দিয়া ভূমি কি মাটি লইতে পারিবেন। গুণ টানিবার যে পথ আছে ইঞ্জিনিয়র সাহেব কোন স্থলে তাহা বাড়াইয়া দেওয়া কিম্বা গুণ টানিবার নূতন পথ প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করিলে তদ্বিষয়ে এই আইনের যে বিধান পশ্চাদ্ভাগে লেখা যাইতেছে তদনুসারে কার্য্যানুষ্ঠান করা যাইবে ইতি।

---

## তৃতীয় অধ্যায়।

কালেক্টর সাহেবকে জানাইবার ও তৎসংক্রান্ত কার্য্যপ্রণালীর কথা।

কালেক্টর সাহেবের নিকট নোটিস দিবার কথা।

১৭ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে ইঞ্জিনিয়র সাহেব দ্বিতীয় অধ্যায়ের ৫ অবধি ১০ পর্য্যন্ত ধারার কিম্বা উক্ত অন্যতর ধারার উল্লিখিত কোন কার্য্য সাধন করাইবার পূর্ব্বে জিলার কালেক্টর সাহেবকে আপনার সেই কার্য্য করিবার কল্পনার নোটিস লিখিয়া জানাইবেন। এবং তদ্বিষয়ের চূড়ান্ত আজ্ঞা না পাওনপর্য্যন্ত উক্ত কোন কর্ম্ম আরম্ভ করিবেন না। উক্ত নোটিস এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেই তফসীলের উল্লিখিত বৃত্তান্ত থাকিবে। কালেক্টর সাহেব সেই নোটিস পাইলে ঘোষণাপত্র প্রকাশ করাইবেন। সেই পত্র B চিহ্নিত তফসীলের পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে ঐ তফসীলের উল্লিখিত বৃত্তান্ত থাকিবে। উক্ত নোটিসে যে২ মহালের ও গ্রামের উল্লেখ হয় কালেক্টর সাহেব সেই ঘোষণাপত্রের শেষ ভাগে ঐ সকল মহালের ও গ্রামের নাম এবং প্রস্তাবিত কার্য্যদ্বারা অন্য যে২ গ্রামের উপকারাদি সম্ভাবনা বোধ করেন সেই সকল গ্রামের নামনির্ঘণ্ট প্রকাশ করাইবেন ইতি।

ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

১৮ ধারা। উক্ত প্রকারের প্রত্যেক ঘোষণাপত্র কালেক্টর সাহেবের কাছারী ঘরে লটকাইয়া প্রচার করা যাইবে ও ৫৯ ধারার বিধান মতে তাহা ব্যক্তিবিশেষকে দেওয়া যাইবে ইতি।

ঘোষণাপত্র ত্রিশ দিন প্রকাশ করিবার কথা।

১৯ ধারা। স্বার্থযুক্ত ব্যক্তিদের কথা শুনিবার যে দিন নিরূপণ হয় ঐ ঘোষণাপত্র তৎপূর্ব্বে অন্যূন ত্রিশ দিন থাকিতে প্রচার ও জারী করা যাইবে ইতি।

অনুসন্ধান ও আপীল হইলে ক্ষমতার কথা।

২০ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে সাক্ষিদিগকে উপস্থিত করাইবার ও তাঁহারদের পরীক্ষা লইবার ও প্রমাণ উপস্থিত করাইবার জন্যে আদালতের প্রতি যে২ ক্ষমতা দেওয়া যায়,

nesses, and for the production of evidence in any enquiry or appeal which may be made or entertained under the provisions of this Act.

Hearing of objections to work

**21.** The Collector shall, on the day appointed for the hearing, or on any subsequent day to which the hearing shall be adjourned, hear the objections of any parties who may appear, and after recording any evidence which they may adduce, shall communicate the objections that may be made, together with his opinion thereon to the Engineer, who shall return the same with his opinion to the Collector. If the Engineer agree in opinion with the Collector, the Collector, shall pass an order accordingly in regard to the execution of the aforesaid works, and notice of such order shall be served on the parties appearing in pursuance of the proclamation If he differ from the Collector, the case shall be referred to the Commissioner of Revenue who shall pass such orders thereon as he may deem fit

## PART IV.

*Procedure in cases of imminent danger to life or property.*

Proceedings in emergencies

**22.** Whenever the Engineer shall be of opinion that the proceedings commenced by notice under Part III of this Act would cause delay in the exercise of any of the powers by Sections 5, 6, and 7 of Part II, conferred upon him, likely to be attended with grave and imminent danger to life or property, he may forthwith commence to exercise such powers without reference to the Collector. Provided that he shall forthwith inform the Collector thereof and of the nature of the danger, and give notice of his intention to continue to exercise such powers The Collector, in any case where he shall see fit, may direct the Engineer to suspend further action until after the completion of such proceedings and enquiries The Engineer as soon as he conveniently may, after giving such notice of his intention, shall give notice in writing to the Collector as provided in section 17, appending thereto a statement that the work mentioned therein has already been commenced, and thereupon such proceedings and enquiries shall be had as in and by Part III of this Act are directed

Notice to the Collector

এই আইনের বিধানমতে অনুসন্ধান লওয়া গেলে কিম্বা আপীল করা গেলে কি গ্রাহ্য হইলে কালেক্টর ও কমিশ্যনর সাহেবের সেই২ ক্ষমতা থাকিবে ইতি।

কার্য্যের প্রতি আপত্তির শুনিবার কথা।

২১ ধারা। আপত্তি শুনিবার নিরূপিত দিনে কিম্বা তাহা শুনিবার জন্যে দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে যাহারা উপস্থিত হন কালেক্টর সাহেব তাঁহারদের আপত্তি শুনিয়া ও তাঁহারা সাক্ষ্য উপস্থিত করিলে সেই সাক্ষ্য লিপিবদ্ধ করিয়া ঐ আপত্তি ও তদ্বিষয়ে আপনার যে অভিমত থাকে তাহা ইঞ্জিনিয়র সাহেবকে জানাইবেন। তিনি সেই বিষয়ে আপনার মত লিখিয়া কালেক্টর সাহেবের নিকটে ফিরিয়া পাঠাইবেন। কালেক্টর সাহেবের মতে ইঞ্জিনিয়র সাহেব সম্মত হইলে কালেক্টর সাহেব উক্ত কার্য্য সমাধা করণ বিষয়ে তদনুযায়ি আজ্ঞা করিবেন এবং যে ব্যক্তিরা উক্ত ঘোষণাপত্রমতে উপস্থিত হইয়াছিলেন তাঁহাদিগকে ঐ আজ্ঞার নোটিস দেওয়া যাইবে। কালেক্টর সাহেবের মতের সঙ্গে ইঞ্জিনিয়র সাহেবের মতের ঐক্য না হইলে সেই বিষয় রাজস্বের কমিশ্যনর সাহেবের প্রতি অর্পিত হইবে। তিনি তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

## চতুর্থ অধ্যায়।

প্রাণের কি সম্পত্তির আসন্ন শঙ্কা থাকিলে কার্য্য প্রণালীর বিধি।

অত্যাবশ্যক স্থলে কার্য্যানুষ্ঠানের কথা।

২২ ধারা। এই আইনের দ্বিতীয় অধ্যায়ের ৫, ৬ ও ৭ ধারাক্রমে ইঞ্জিনিয়রের প্রতি যে ক্ষমতা প্রদান করা যায় এই আইনের তৃতীয় অধ্যায়মত নোটিস দেওনপূর্ব্বক কার্য্যানুষ্ঠান করিতে হইলে উক্ত অন্যতর ক্ষমতামতে কার্য্য করিবার যে বিলম্ব হয় তৎপ্রযুক্ত প্রাণের ও সম্পত্তির গুরুতর ও আসন্ন সঙ্কট সম্ভাবনা এমত বিবেচনা হইলে তিনি কালেক্টর সাহেবের নিকট ঐ বিষয় অর্পণ না করিয়া অগৌণে উক্ত ক্ষমতামতে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন। পরন্তু তিনি অবিলম্বে কালেক্টর সাহেবকে সেই কথা ও সেই আশঙ্কার ভাব জ্ঞাত করিয়া সেই ক্ষমতামতে আপনার কার্য্য চালাওনের মনস্থের নোটিস দিবেন। কোন স্থলে কালেক্টর সাহেব বিহিত বোধ করিলে ইঞ্জিনিয়রকে সেই কার্য্যানুষ্ঠানের ও অনুসন্ধানের সমাপ্তি না হওনপর্য্যন্ত আপনার কার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। ইঞ্জিনিয়র সাহেব আপনার মনস্থের সেই নোটিস দিবার পর সাধ্যমতে ত্বরায় কালেক্টর সাহেবকে ১৭ ধারার নির্দ্দিষ্ট নোটিস লিখিয়া দিবেন ও শেষ ভাগে ঐ নোটিসের উল্লিখিত কার্য্য আরম্ভ করা গিয়াছে এই উক্তি লিখিবেন। তাহা হইলে, এই আইনের তৃতীয় অধ্যায়ে যে কার্য্যের অনুষ্ঠান হইবার ও যে তদন্ত লইবার বিধান আছে সেই কার্য্যানুষ্ঠান করা যাইবে ও সেই তদন্ত লওয়া যাইবে ইতি।

কালেক্টর সাহেবকে নোটিস দিবার কথা।

**23.** Whenever any land, or earth from any land the property of any person, is required for the purposes of any works commenced in pursuance of the provisions of the last preceding section, the Engineer shall cause public notice in form in Schedule (C) to be given at convenient places in the locality in which such land is situated, and he may at the same time take possession of the same for the said purposes Provided that he shall, so soon thereafter, as he conveniently may, give notice thereof to the Collector

Power to take possession of land

**24.** If the Engineer is opposed or impeded in taking possession under this Part of any land, he shall apply to a Magistrate or (within the town of Calcutta) to the Commissioner of Police, and such Magistrate or Commissioner (as the case may be) shall enforce the surrender of the land to the Engineer.

Magistrate to enforce surrender

**25.** Whenever the Engineer may be absent the Executive Engineer of the District may, in case he shall be of opinion that delay for the purpose of obtaining the orders of the Engineer would be attended with grave and imminent danger to life or property, exercise the powers in and by the three last preceding sections conferred on the Engineer.

Power to Executive Engineer to act for Engineer

**26.** Whenever, upon an enquiry had under the provisions of this Part it shall be determined in the final and conclusive order to be passed on such enquiry that anything done by the Engineer was unnecessary, the embankments or drainage shall, so far as any alteration thereof shall appear to be unnecessary, be at the expense of the Government restored as nearly as possible to the state in which they were when the Engineer commenced to act under the provisions of this Part, and any person who shall have sustained loss, damage, or injury by the execution of such works, shall receive compensation from the Government to be assessed and imposed according to the provisions contained in Part V of this Act.

Power to re construct embankments

---

## PART V.

*Acquisition of lands.*

**27.** Whenever in the course of proceedings under Parts II and III of this Act it appears that land is required for any of the purposes thereof, such

Acquisition of land.

২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যে কার্য্যারম্ভ হয় সেই কার্য্যের নিমিত্ত কোন ব্যক্তির ভূমি কি মাটী লওয়া প্রয়োজন হইলে, ঐ ভূমি যে স্থানে থাকে ইঞ্জিনিয়র সাহেব তাহার আশপাশ উপযুক্ত স্থানেং C তফসীলের পাঠে নোটিস প্রকাশ করিযা তৎকালে উক্ত কার্য্যের নিমিত্ত উক্ত ভূমি অধিকার করিতে পারিবেন। কিন্তু তিনি তৎপরে সুবিধামতে ত্বরায় কালেকুটর সাহেবকে সেই কথার নোটিস দিবেন ইতি

ভূমি অধিকার করিবার ক্ষমতার কথা।

২৪ ধারা। ইঞ্জিনিযর সাহেব এই অধ্যাযমতে ভূমি অধিকার করিতে গেলে যদি তাঁহার বিপক্ষতা করা যায় কিম্বা তাঁহাকে বাধা দেওযা যায় তবে তিনি মাজিষ্ট্রেট সাহেবের নিকট কিম্বা কলিকাতায হইলে পোলীসের কমিশ্যনর সাহেবের নিকট দরখাস্ত দিবেন। তাহা হইলে ঐ মাজিষ্ট্রেট কিম্বা বিষযবিশেষে ঐ কমিশ্যনর সাহেব বলক্রমে ইঞ্জিনিযর সাহেবের অধিকারে ঐ ভূমি দেওযাইবেন ইতি।

মাজিষ্ট্রেটের দ্বারা বলক্রমে ভূমি লইবার কথা।

২৫ ধারা। ইঞ্জিনিযর উপস্থিত না থাকিলে ও তাঁহার আজ্ঞা পাইবার অপেক্ষায যে বিলম্ব হইতে পারে তৎপ্রযুক্ত প্রাণের কি সম্পত্তির গুরুতর ও আসন্ন সঙ্কট সম্ভাবনা একসেকিটিব ইঞ্জিনিযরের এমত জ্ঞান থাকিলে, ইহার পূর্ব্ব তিন ধারাতে ইঞ্জিনিযরের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইযাছে একসেকিটিব ইঞ্জিনিযর সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

ইঞ্জিনিয়রের নিমিত্ত একসেকিটিব ইঞ্জিনিয়রের কর্ম্ম করিবার ক্ষমতার কথা।

২৬ ধারা। এই অধ্যাযের বিধানমতে অনুসন্ধান লওয়া গেলে সেই অনুসন্ধানের শেষ ও চূড়ান্ত যে আজ্ঞা হয তদ্দ্বারা ইঞ্জিনিযরের কৃত কোন কর্ম্ম অনাবশ্যক নির্ণয হইলে, বাঁধ কি পয়নালার পরিবর্ত্তন করা যত দূর অনাবশ্যক বোধ হইল তত দূর তাহার পুনশ্চ পূর্ব্বাবস্থা করা যাইবে অর্থাৎ এই অধ্যাযের বিধানমতে ইঞ্জিনিযর যে সমযে কার্য্য করিতে প্রবর্ত্ত হইলেন তাহার প্রাক্কালে ঐ বাঁধের কি পয়নালার যে অবস্থা ছিল গবর্ণমেণ্টের খরচে সাধ্যমতে তাহার পুনর্ব্বার সেই অবস্থা করা যাইবে। ও সেই কার্য্যের দ্বারা কোন ব্যক্তির হানি কি ক্ষতি কি অপকার হইলে গবর্ণমেণ্টের স্থানে তিনি সেই হানিপূরণ পাইবেন। এই আইনের পঞ্চম অধ্যাযের বিধানমতে তাঁহার হানিপূরণের টাকা নিরূপিত ও নির্দ্ধারিত হইবে ইতি।

বাঁধ পুনশ্চ করিবার ক্ষমতার কথা।

---

## পঞ্চম অধ্যায।

## ভূমি গ্রহণ করিবার বিধি।

২৭ ধারা। এই আইনের দ্বিতীয ও তৃতীয অধ্যাযমতে কার্য্যকরণ কালে এই আইনের কার্য্য হেতুক ভূমি লওয়া প্রয়োজন হইলে সেই কার্য্যটি ভূমি গ্রহণ বিষয়ক

ভূমি লইবার কথা।

purpose shall be deemed to be a public purpose within the meaning of the Land Acquisition Act, 1870, and such proceedings shall be forthwith taken as are directed by the said Act or by any other law for the time being governing the acquisition of lands for public purposes.

When land taken, notice to be published

**28.** Whenever any land shall have been taken or used under the provisions of Part IV, the Collector shall, unless he shall direct the Engineer to suspend further action, cause public notice in form in Schedule (D) to be given at convenient places on or near the land so taken, stating that Government has taken possession of the land, and that claims to compensation for all interests in such land shall be made to him Thereupon the land shall vest absolutely in the Government free from all incumbrances, subject, however, to the claims for compensation to be ascertained in manner as in this Part is provided.

Contents of notice

**29.** Such notice shall state the particulars of the land so taken, and shall require all persons interested in the land to appear personally or by agent before the Collector at a time and place therein mentioned (such time not being earlier than fifteen days after the date of publication of the notice), and to state the nature of their respective interests in the land, and the amount and particulars of their claims to compensation for such interest.

Further notice to be served on certain parties.

**30.** The Collector shall also serve notice to the same effect on the occupier (if any) of such land and on all such persons known or believed to be interested therein, or to be entitled to act for persons so interested, as reside, or have agents authorized to receive service on their behalf, within the revenue district in which the land is situate.

Proceedings after notice

**31.** After service of such notices proceedings shall be had and taken to determine the amount of compensation to be payable in respect of such land, and all the provisions contained in Sections 10 to 15, 18 to 34, 36, 37, 38, 42, 51, 58, and 59 of The Land Acquisition Act, 1870, shall be applicable to such proceedings.

১৮৭০ সালের আইনের অর্থানুযায়ি রাজকীয় কার্য্য বলিয়া জ্ঞান হইবে। এবং সেই আইনমতে কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্ত ভূমি লইবার জন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনমতে ভূমি লওন সংক্রান্ত কার্য্য করা যাইবে ইতি।

ভূমি লওয়া গেলে নোটিস প্রচার করিবার কথা।

২৮ ধারা। এই আইনের চতুর্থ অধ্যায়ের বিধানক্রমে কোন ভূমি গ্রহণ কি ব্যবহার করা গেলে যদি কালেক্টর সাহেব ইঞ্জিনিয়র সাহেবকে কার্য্য স্থগিত করিবার আদেশ না দিয়া থাকেন তবে গবর্ণমেণ্ট সেই ভূমি অধিকার করিয়াছেন ও সেই ভূমিগত স্বার্থের নিমিত্তে যে হানিপূরণের দাওয়া হয় কালেক্টর সাহেবের নিকট সেই দাওয়া করিতে হইবে কালেক্টর সাহেব ঐ ভূমিতে কিম্বা তাহার সন্নিকট কোন উপযুক্ত স্থানে D তফসীলের নির্দ্দিষ্ট পাঠে এই মর্ম্মের নোটিস প্রচার করাইবেন তাহা হইলে কোন দায় ব্যতীত উক্ত ভূমি নিরপেক্ষরূপে গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে কিন্তু এই অধ্যায়ে তাহার মূল্যাদি নিরূপণ করিবার যে বিধান আছে তদনুসারে নিরূপিত মূল্যের দাওয়া থাকিবে ইতি।

ঐ নোটিসের মর্ম্মের কথা।

২৯ ধারা। ঐ নোটিসে উক্ত গৃহীত ভূমির বর্ণনা ব্যক্ত হইবে, ও এই আদেশ থাকিবে যে ঐ ভূমিতে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে তাঁহারা ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি ঐ নোটিসের নির্দ্দিষ্ট স্থানে ও পঞ্চদশ দিনের অন্যূন কোন দিনে আপনারা বা মোক্তারের দ্বারা কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া সেই ভূমিতে আপন২ স্বার্থের ভাব ও সেই স্বার্থ হেতুক কত টাকা হানি পূরণ দাওয়া করেন এই কথা এবং সেই দাওয়ার বৃত্তান্ত জ্ঞাত করেন ইতি।

কোন২ ব্যক্তির নামে অন্য নোটিস দিবার কথা।

৩০ ধারা। আরো সেই ভূমির দখীলকার থাকিলে কালেক্টর সাহেব তাঁহার নামে, এবং ঐ ভূমি রাজস্ব সম্পর্কীয় যে জিলার অন্তর্গত থাকে ঐ ভূমিতে স্বার্থযুক্ত ব্যক্তি বলিয়া কিম্বা সেই স্বার্থযুক্ত ব্যক্তিদের পক্ষে কর্ম্ম করিবার স্বত্ত্ববান বলিয়া যাহাদিগকে জানা যায় কিম্বা অনুভব হয় এমত যে ব্যক্তিরা সেই জিলায় বাস করেন কিম্বা যে ব্যক্তিদের পক্ষে নোটিস গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন মোক্তার থাকে কালেক্টর সাহেব তাঁহারদের নামেও সেই মর্ম্মের নোটিস দিবেন ইতি।

নোটিস দিবার পর কার্য্য প্রণালীর কথা।

৩১ ধারা। উক্ত নোটিস দেওয়া গেলে পর ঐ ভূমির হানিপূরণস্বরূপ কত দিতে হইবে, ইহা নিরূপণ করিবার কার্য্যানুষ্ঠান হইবে। এবং ঐ আনুষ্ঠানিক কার্য্যের পক্ষে ভূমি গ্রহণার্থ ১৮৭০ সালের আইনের ১০ অবধি ১৫ পর্য্যন্ত সমস্ত ধারার ও ১৮ অবধি ৩৪ পর্য্যন্ত সমস্ত ধারার ও ৩৬, ৩৭, ৩৮, ৪২, ৫১, ৫৮, ও ৫৯ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

Compensation for consequential damage

**32.** Whenever any land other than land required or taken by the Engineer, or any right of fishery, right of drainage, right of the use of water, or other right or property, shall have been injuriously affected by the due exercise of the powers or provisions of this Act, the person in whom such right is vested may prefer a claim by petition to the Collector for compensation

Application to be made within a year

**33.** No claim shall be entertained which shall be made later than one year next after the completion of the work by which such right is injuriously affected

Procedure for such compensation

**34.** Subject to the provisions of the next preceding section, the Collector shall proceed to enquire into each claim made and to determine the amount of compensation, if any, which should be made, and the person to whom the same should be payable, and the Collector, on the receipt of such claim, shall fix a time and place for hearing such claim, and Sections 9 to 15, 18 to 23, 26 to 34, 36, 37, 38, 51, and 59 of the said Land Acquisition Act, 1870, shall apply to enquiries into such rights as aforesaid, or the exercise of such rights as aforesaid, and to the awards of compensation for injuries to such rights as though they were rights in and awards of compensation for land needed for a public purpose

Appeal from Judge's decision as to compensation

**35.** If the Judge differs from both the assessors as to the amount of compensation, under any of the provisions hereinbefore contained, he shall pronounce his decision, and the Collector or the person interested (as the case may be) may appeal therefrom to the Court of the District Judge

Every appeal under this section shall be presented within the time and in manner provided by the Code of Civil Procedure for regular appeals in suits.

Determination of proportions

**36.** When the amount of compensation has been settled by the Court, and there is any dispute as to the apportionment thereof, or when a reference to the Court has been made, the Judge sitting alone shall decide the proportions in which the persons interested are entitled to share in such amount.

পশ্চাৎ হানিপূরণের কথা।

৩২ ধারা। এই আইনের বল বা বিধানক্রমে নিয়ম মত কার্য্য করণদ্বারা ইঞ্জিনিয়র সাহেবের প্রয়োজনীয় বা গৃহীত ভূমিভিন্ন কোন ভূমির কিম্বা মৎস্য ধরিবার স্বত্বের কিম্বা পয়নালা বিষয়ক স্বত্বের কিম্বা জল ব্যবহার বিষয়ক স্বত্বের কি অন্য স্বত্বের কি সম্পত্তির হানি হইলে ঐ স্বত্ব যে ব্যক্তির প্রতি বর্ত্তে তিনি কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিয়া হানিপূরণের দাওয়া উপস্থিত করিতে পারিবেন ইতি।

বৎসরের মধ্যে দরখাস্ত করিবার কথা।

৩৩ ধারা। যে কার্য্যদ্বারা উক্ত স্বত্বের হানি হয় সেই কার্য্য সমাপ্ত হইবার পর এক বৎসর গত হইলে দাওয়া উপস্থিত করা গেলেও গ্রাহ্য হইবে না ইতি।

ঐ হানিপূরণ বিষয়ক কার্য্যপ্রণালীর কথা।

৩৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার বিধান প্রবল মানিয়া, যেই দাওয়া উপস্থিত করা যায় কালেক্টর সাহেব সেই প্রত্যেক দাওয়ার অনুসন্ধান কার্য্যে প্রবর্ত্ত হইবেন এবং হানিপূরণ করিতে হইলে কাহাকে কত দিতে হইবে ইহা নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন। কালেক্টর সাহেব সেই দাওয়ার দরখাস্ত পাইলে তাহা শুনিবার সময় ও স্থান নিরূপণ করিবেন। এবং পূর্ব্বোক্ত স্বত্ব বিষয়ে অথবা পূর্ব্বোক্ত স্বত্বানুসারে কার্য্যকরণ বিষয়ে যে অনুসন্ধান লওয়া যায় তৎপ্রতি এবং রাজকীয় কার্য্যের নিমিত্ত যে ভূমি লওয়া প্রয়োজন সেই ভূমিগত স্বত্বের ও সেই ভূমির মূল্যাদির মীমাংসার ন্যায় পূর্ব্বোক্ত স্বত্বের নিমিত্ত হানিপূরণের মীমাংসার প্রতি ১৮৭০ সালের উক্ত ১০ আইনের ৯ অবধি ১৫ পর্য্যন্ত ও ১৮ অবধি ২৩ পর্য্যন্ত ও ২৬ অবধি ৩৪ পর্য্যন্ত ধারার ও ৩৬, ৩৭, ৩৮, ৫১ ও ৫৯ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

হানিপূরণ বিষয়ে জজের নিষ্পত্তির উপর আপীলের কথা।

৩৫ ধারা। পূর্ব্বলিখিত কোন বিধানমতে কত হানিপূরণ দিতে হইবে এই বিষয়ে যদি জজের ও উভয় আসেসরদের মতভেদ হয়, তবে জজ আপনার নিষ্পত্তি প্রকাশ করিবেন। এবং কালেক্টর সাহেব কিম্বা বিষয়বিশেষে স্বার্থযুক্ত ব্যক্তি ঐ আজ্ঞার উপর জিলার জজ সাহেবের আদালতে আপীল করিতে পারিবেন।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে মোকদ্দমার নিয়মিত আপীল করিবার যে মিয়াদ ও যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই মিয়াদের মধ্যে ও সেই নিয়মমতে এই ধারামত আপীল হইতে পারিবে ইতি।

হানি নিরূপণের কথা।

৩৬ ধারা। হানিপূরণস্বরূপ কত দিতে হইবে আদালত ইহা নির্ণয় করিলে পর, কাহার কত পাইতে হইবে এই বিষয়ের কোন বিবাদ হইলে, কিম্বা সেই বিষয় আদালতের বিচারার্থে অর্পণ করা গেলে, স্বার্থযুক্ত ব্যক্তিদের মধ্যে কে কত অংশ পাইবার অধিকারী জজ একলা বসিয়া তাহা নির্ণয় করিবেন ইতি।

*Payment of compensation to whom made*

**37.** Payment of the compensation shall be made by the Collector according to the award to the persons named therein, or in the case of an appeal according to the decision on such appeal. Provided that nothing herein contained shall affect the liability of any person who may receive the whole or any part of any compensation awarded under this Act, to pay the same to the person lawfully entitled thereto.

*Land, &c., taken possession of to vest in Secretary of State*

**38.** All land, earth, pathways, sluices, gates, bermes, hedges, belonging to or forming part of any embankment, water-course, channel, or line of drainage, of which charge has been or may hereafter be taken by the officers of Government, shall vest in the Secretary of State for India, and shall be held by him on behalf of the persons interested in the lands to be protected or benefited by such embankment, water-course, channel, or line of drainage.

---

## PART VI

### Cost of Works, Proceedings, &c.

#### 1. *Ascertainment thereof.*

*Embankments in schedule E*

**39.** The provisions in this Part contained shall not apply to any of the embankments mentioned in Schedule (E) to this Act annexed, save so far as any works or repairs are executed therein or in relation thereto under the provisions of Sections 10 and 13 of this Act respectively. All sums payable in respect of any works or repairs executed therein or in relation thereto, except under the provisions of the said sections respectively, shall be paid by the local Government. If at any time after the passing of this Act the Collector, on enquiry made by him as far as possible in accordance with the provisions of Part III of this Act, shall find that it is unnecessary for the public interests to retain any embankment mentioned in Schedule (E), the Lieutenant-Governor may direct that the same shall be no longer included in the said Schedule. Provided that the same shall be restored to the said Schedule if on any subsequent enquiry similarly conducted it shall be found necessary so to do.

*Alteration of schedule*

---

*হানিপূরণ যাহাকে দিতে হইবে তাহার কথা।*

৩৭ ধারা। কালেক্টর সাহেব মীমাংসা পত্রানুসারে ঐ পত্রের লিখিত ব্যক্তিদিগকে কিম্বা আপীল হইলে ঐ আপীলের নিষ্পত্ত্যনুসারে হানিপূরণের টাকা দিবেন। কিন্তু যে ব্যক্তি হানি পূরণের নির্ণীত সমুদয় টাকা কি তাহার একাংশ পান অন্য ব্যক্তি আইনমতে তাহা পাইবার স্বত্ববান হইলে এই আইনের কোন কথা দ্বারা তিনি সেই টাকা ফিরিয়া দিবার দায়হইতে মুক্ত হইবেন না ইতি।

*ভূম্যাদি লওয়া গেলে ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।*

৩৮ ধারা। গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা যে বাঁধের কি জলপ্রণালীর কি নালার কি জলনির্গমনের পথরেখার অধ্যক্ষতা ভার গ্রহণ করিয়াছেন কি ইহার পরে করেন তৎসম্পর্কীয় কি তাহার একাংশ বলিয়া যে ভূমি কি মাটী কি উপপথ কি জলদ্বার কি ফাটক কি বেড়া কিম্বা বাঁধের ও জলপ্রণালীর ব্যবধানে যে ভূমি থাকে তাহা ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি বর্ত্তিবে ও সেই বাঁধে কি জলপ্রণালীতে কি নালাতে কিম্বা জল নির্গমনের পথরেখাতে যে ভূমির সুরক্ষা কি উপকার হয় সেই ভূমীতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তিনি সেই ব্যক্তিদের পক্ষে ঐ ভূম্যাদি অধিকার করিয়া রাখিবেন ইতি।

---

## ষষ্ঠ অধ্যায়।

### কার্য্যের খরচ ও অনুষ্ঠানিক কার্য্যপ্রভৃতির বিধি।

#### ১ পরিচ্ছেদ। তন্নিরূপণের কথা।

*E চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট বাঁধের কথা।*

৩৯ ধারা। এই আইনের E তফসীলে যে২ বাঁধের উল্লেখ হইয়াছে, তন্মধ্যে কি তৎসম্পর্কে এই আইনের ১০ ও ১৩ ধারার বিধানমতে যে কার্য্য করা যায় কি তাহার যে মেরামৎ হয় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিতে পারে নতুবা সেই২ বাঁধের প্রতি এই অধ্যায়ের কোন বিধান খাটিবে না। ঐ দুই ধারার বিধানমতে যে কার্য্য করা যায় তদ্ভিন্ন ঐ২ বাঁধে কি তৎসম্পর্কে যে সকল কার্য্য করা যায় ও তাহার যে মেরামৎ হয় তাহা করিতে যত খরচ লাগে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা দিবেন। এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে কালেকটর সাহেব এই আইনের তৃতীয় অধ্যায়ের বিধানমতে সাধ্যানুসারে তদন্ত লইয়া সাধারণের স্বার্থরক্ষার নিমিত্ত E তফসীলের উল্লিখিত অন্যতর বাঁধ রাখা অনাবশ্যক জ্ঞান করিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব উক্ত তফসীলে সেই বাঁধ আর না রাখিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পশ্চাৎ সেই প্রকারে অনুসন্ধান লইয়া সেই বাঁধ রাখা আবশ্যক বোধ হইলে তাহা ঐ তফসীলে পুনরায় লেখা যাইতে পারিবে ইতি।

*তফসীল পরিবর্ত্তন করিবার কথা।*

**41.** Specifications of any works or repairs to be executed under the provisions of this Act, and estimates of the expenses to be incurred therein or relating thereto, including such proportion of establishment charges as the Lieutenant-Governor shall direct, shall be prepared by the Engineer as soon after the month of October in each year as may be practicable And whenever it appears that the actual expenses to be incurred will exceed the amount mentioned in the said estimates by one-tenth, the engineer shall forthwith prepare further estimates, and if necessary further specifications. Copies of all specifications and estimates shall be transmitted to the office of the Collector, together with vernacular translations thereof or such abstracts thereof as the Lieutenant-Governor may from time to time direct, and may be examined by any person interested in such works or repairs Notice of the receipt of specifications and estimates shall be served for all estates likely to be affected by the said works or repairs, and should any objection be preferred by any such person within a period of one month from the date of such notice, the Collector shall communicate the objection, with his own opinion thereupon, to the Engineer, who shall pass such orders as may appear to him reasonable and proper.

Estimate and specifications to be prepared

৪১ ধারা। এই আইনের বিধানমতে কোন কার্য্য করিতে বা মেরামৎ করিতে হইলে, ইঞ্জিনিয়র সাহেব প্রতিবৎসর অকটোবর মাসের পর যত শীঘ্র হয়, ঐ কার্য্যের কি মেরামতীর বিস্তারিত বর্ণনাপত্র এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব হারানুসারে যত আমলাগণ প্রভৃতির অনুমতি দেন তাহারদের খরচ শুদ্ধ ঐ কার্য্যের কি তৎসম্পর্কীয় খরচের অনুমানপত্র প্রস্তুত করিবেন। আর উক্ত অনুমানপত্রে যত টাকা ধরা গিয়াছে যথার্থ খরচ দশমাংশপর্য্যন্ত তদধিক দৃষ্ট হইলে ইঞ্জিনিয়র সাহেব তৎক্ষণাৎ আর এক অনুমানপত্র প্রস্তুত করিবেন এবং আবশ্যক হইলে ঐ কার্য্যাদির আর এক বর্ণনাপত্র প্রস্তুত করিবেন। সকল বর্ণনাপত্রের ও অনুমানপত্রের প্রতিলিপি এবং দেশীয় ভাষায় তাহার তর্জমা কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়েং তাহাহইতে গৃহীত যে কথা নির্দ্দেশ করেন তাহার তর্জমা ঐ প্রতিলিপির সহিত কালেক্টর সাহেবের কার্য্যালয়ে পাঠাইতে হইবে। ঐ কার্য্যে কিম্বা মেরামতীতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহারা সেই পত্র দেখিতে পাইবেন। ঐ কার্য্যের কি মেরামতীর দ্বারা যে সকল মহালের লভ্যাদির সম্ভাবনা সেই সকল মহালে ঐ২ বর্ণনাপত্রের ও অনুমানপত্রের নোটিস জারী করা যাইবে। উক্ত কোন ব্যক্তি ঐ নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই কার্য্য বিষয়ে আপত্তি করিলে কালেক্টর সাহেব সেই আপত্তি ও তদ্বিষয়ে আপনার অভিমত ইঞ্জিনিয়র সাহেবকে জানাইবেন। তিনি যে আজ্ঞা যুক্তিযুক্ত ও উচিত জ্ঞান করেন করিবেন ইতি।

অনুমানপত্র ও বিস্তারিত বর্ণনাপত্র করিতে হইবার কথা।

**42.** The accounts of the actual expense incurred in executing any works or repairs shall be prepared as soon as possible after the completion thereof. The Engineer shall sign a certificate stating the true amount of all such expenses and the names of the estates and villages likely to be affected by the said works and repairs. Copies of the said accounts and certificates shall be forwarded to the office of the Collector, and may be there examined by any person interested. Notice of the receipt thereof shall be served for the said estates and villages and such others as in the opinion of the Collector are liable to contribute to the payment of the said amount; and if, within thirty days from the service of such notice, any interested person shall object to the accounts on the ground either that the work charged for has not been performed, or that the whole sum charged has not been expended, or that the rates of charge are higher than those mentioned in the estimates, the Collector shall enquire into such objection, and may pass any order thereon subject in any case to an appeal by the objector or to a reference

Preparation and settlement of accounts.

৪২ ধারা। কোন কার্য্যে বা মেরামতী কার্য্যে নিট যত টাকা খরচ লাগে তাহার হিসাবপত্র ঐ কার্য্য-সম্পাদন হইবার পর সুবিধামতে ত্বরায় প্রস্তুত করা যাইবে। ঐ সকল খরচের যথার্থ টাকার এবং ঐ কার্য্য বা মেরামতীর দ্বারা যে সকল মহালের ও গ্রামের লভ্যাদি হইতে পারে তাহার নামের সর্টিফিকটে ইঞ্জিনিয়র সাহেব স্বাক্ষর করিবেন ও সেই হিসাবের ও সর্টিফিকটের প্রতিলিপি কালেক্টরী কাছারীতে পাঠান যাইবে। যে ব্যক্তিরদের স্বার্থ থাকে তাঁহারা তথায় তাহা দেখিতে পারিবেন। উক্ত সকল মহালে ও গ্রামে এবং কালেকটর সাহেবের বিবেচনামতে অন্য যেং গ্রামের ঐ টাকার একাংশ দিবার দায় থাকিতে পারে সেই২ গ্রামে ঐ সর্টিফিকট ও ঐ হিসাবপত্র পঁহুছিবার নোটিস প্রকাশ করা যাইবে। যে কার্য্যের খরচের দাওয়া হইল তাহা সম্পাদন হয় নাই কিম্বা যত টাকার দাওয়া হইল তত টাকা খরচ হয় নাই কিম্বা অনুমানপত্রে যত টাকা লেখা আছে তাহার বেশী খরচের দাওয়া হইয়াছে বলিয়া ঐ বিষয়ের স্বার্থযুক্ত কোন ব্যক্তি ঐ নোটিসের তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে আপত্তি করিলে কালেক্টর সাহেব সেই আপত্তির তত্ত্ব লইয়া তদ্বিষয়ের কোন আজ্ঞা করিতে পারিবেন। তাঁহার আজ্ঞার উপর আপত্তিকারক দেশখণ্ডের

হিসাব প্রস্তুত ও নিষ্পত্তি করিবার কথা।

by the Engineer to the Commissioner of Division, whose decision shall be final.

Total sum payable.

**43.** The Collector shall add to the amount appearing in the said certificate all sums which have been paid or have become payable in respect of compensation, costs and expenses under and incidental to any proceedings taken or directed to be taken under Part V of this Act, including costs of all surveys and plans. He shall thereupon make an order specifying the total sum found payable, and the persons by whom or the estates in respect of which the same is payable to him. If the order is made in respect of work done under Section 9, 12, or 13, the same shall forthwith be served upon the party or parties liable to pay. Otherwise the Collector shall proceed under the provisions in the next chapter contained. Interest may be charged upon any sum paid as compensation from the date of payment thereof at such rate, not exceeding 5 per cent per annum, as the Lieutenant-Governor may direct.

Parties liable to pay.

**44.** The said total sum, save so far as is otherwise provided in this Act, shall be paid to the Collector by the zemindars of the estates in which are situated the lands benefited or protected by the repairs or works executed. Provided that where any special payments have been demanded in respect of any estate not included in schedule E, and when the said embankment is at the time of this Act coming into operation being maintained by Government, then such special payments shall after the passing of this Act thenceforth cease and determine.

---

2. *Apportionment thereof.*

Notice to be given before apportionment.

**45.** So soon as the total sum payable as aforesaid has been ascertained, the Collector shall cause a notice to be served for every one of the said estates and villages mentioned in Section 42. Every such notice shall specify the estates and villages aforesaid, and that an enquiry will be held at a day and place therein named for the purpose of apportioning amongst the zemindars and proprietors the said total sum, with interest and the costs of apportionment.

কমিশ্যনর সাহেবের নিকট আপাল করিতে পারিবেন কিম্বা ইঞ্জিনিয়র সাহেব তাঁহার প্রতি সেই বিষয় অর্পণ করিতে পারিবেন। কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

মোটে যত টাকা দিতে হইবে তাহার কথা।

৪৩ ধারা। হানিপূরণ বলিয়া এবং এই আইনের পঞ্চম অধ্যায়মতে যে কোন কার্য্যের অনুষ্ঠান করা যায় কি করিবার আজ্ঞা হয় তদনুসারে ও তদ্‌ঘটিত খরচ খরচা বলিয়া এবং জরীপ ও নকশা করিবার খরচ বলিয়া যত টাকা দেওয়া গিয়াছে কি দেনা হয় কালেক্টর সাহেব উক্ত সর্টিফিকটের লিখিত টাকার সহিত সেই সকল খরচের টাকা একুন করিয়া দিবেন। পরে মোট দেনা বলিয়া যত টাকা নির্ণয় হয় এবং যে ব্যক্তিদের স্থানে কিম্বা যে২ মহালের নিমিত্ত তাঁহার নিকট ঐ টাকা দেনা হয় তিনি এই কথা নির্দ্দিষ্ট করিয়া আজ্ঞা লিখিবেন। ৯ বা ১২ বা ১৩ ধারামতে যে কার্য্য করা যায় ঐ আজ্ঞা সেই কার্য্যসম্পর্কীয় হইলে যে ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টাকার দায়ী হন ঐ আজ্ঞাপত্র অগৌণে তাঁহারদিগকে দেওয়া যাইবে। নতুবা কালেক্টর সাহেব ইহার পশ্চাৎ পরিচ্ছেদের বিধানমতে কার্য্য করিবেন। হানিপূরণস্বরূপ টাকা দেওয়া গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব শতকরা ৫ টাকার অনধিক যে সুদ নিরূপণ করেন ঐ টাকা দিবার তারিখঅবধি তাহার উপর সেই হিসাবে সুদ লওয়া যাইতে পারিবে ইতি।

যাহারা সেই টাকার দায়ী তাহারদের কথা।

৪৪ ধারা। উক্ত মেরামতের বা কার্য্যের দ্বারা যে ভূমির উপকার কি রক্ষা করা যায় তাহা যে মহালের অন্তর্গত থাকে এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে সেই মহালের জমীদারেরা কালেক্টর সাহেবকে উক্ত সমস্ত টাকা দিবেন। কিন্তু E তফসীলের মধ্যে যে মহাল ধরা যায় নাই সেই মহাল সম্পর্কে যদি বিশেষ কোন টাকার দাওয়া হইয়া থাকে এবং এই আইন প্রচলিত হওন সময়ে যদি সেই বাঁধ গবর্ণমেণ্টের দ্বারা রাখা গিয়া থাকে তবে এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেই বিশেষ টাকা দেওয়া রহিত ও নিঃশেষ হইবে ইতি।

---

২ পরিচ্ছেদ। খরচের যে অংশ যাহার দিতে হইবে তাহা নিরূপণ করিবার কথা।

যাহার যে অংশের খরচ দিতে হইবে ইহা নিরূপণ করিবার পূর্ব্বে নোটিস দিবার কথা।

৪৫ ধারা। সর্ব্বশুদ্ধ যত টাকা দেনা হয় ইহা পূর্ব্বোক্তমতে নির্ণয় করা গেলেই কালেক্টর সাহেব ৪২ ধারার লিখিত প্রত্যেক মহালের ও গ্রামের উপর নোটিস জারী করিবেন। উক্ত প্রত্যেক নোটিসে পূর্ব্বোক্ত সকল মহাল ও গ্রাম নির্দ্দিষ্ট থাকিবে এবং ঐ মোট টাকার মধ্যে যে জমীদারদের ও ভূম্যধিকারিদের সুদ ও অংশ নিরূপণের খরচ সুদ্ধ যত টাকা করিয়া দিতে হইবে ইহা নিরূপণ করিবার জন্যে অমুক স্থানে অমুক দিনে তদন্ত লওয়া যাইবে এই কথা নোটিসে নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

**46.** On the day fixed in the said notice, which shall not be less than thirty days later than the date of any service of such notice, the Collector shall proceed to make the said enquiry. In making this enquiry he shall receive such evidence as may be tendered by, or on behalf of, the said zemindars and proprietors, and by, or on behalf of, any other persons who may claim to be interested therein.

Mode of enquiry as to the proportion chargeable to each estate.

৪৬ ধারা। কালেক্টর সাহেব উক্ত নোটিসের নিরূপিত দিনে উক্ত তদন্ত লইবার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। সেই দিন ঐ নোটিস দিবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে না হয়। উক্ত জমীদারেরা ও ভূম্যধিকারিরা কিম্বা তাঁহাদের সপক্ষ অন্য ব্যক্তিরা, এবং উক্ত অনুসন্ধান কার্য্যে আমারদেরও স্বার্থ আছে বলিযা অন্য ব্যক্তিরা দাওযা করিলে তাঁহারা কি তাঁহারদের সপক্ষ কোন ব্যক্তি যে২ প্রমাণ দেন, কালেক্টর সাহেব ঐ অনুসন্ধান লওন সমযে সেই২ প্রমাণ গ্রাহ্য করিবেন ইতি।

যে মহালের যত খরচ নির্দ্দেশ করিতে হইবে ইহার অনুসন্ধান লইবার নিয়মের কথা।

**47.** In any such enquiry the Collector shall take down in writing the names of all persons who may claim, or who may be alleged by any party interested, to be proprietors of tenures within any of the estates mentioned in such notice. In default of appearance of any such person, the Collector shall issue and serve a notice calling on him to appear at a date and place therein mentioned, and to shew cause against being included in the order of apportionment to be made therein, and shall adjourn the enquiry till such date.

Names of proprietors.

৪৭ ধারা। তদ্রূপ তদন্ত লইতে গেলে, পূর্ব্বোক্ত নোটিসে যে২ মহাল লেখা থাকে তাহার অন্যতর মহালের অন্তর্গত তালুক প্রভৃতির অধিকারী বলিয়া যে ব্যক্তিরা আপনারদিগকে জানান কিম্বা স্বার্থযুক্ত কোন ব্যক্তি যাঁহারদিগকে অধিকারী বলিযা কহেন কালেকটর সাহেব সেই সকল ব্যক্তির নাম লিখিয়া লইবেন। তদ্রূপ কোন ব্যক্তি উপস্থিত না হইলে কালেকটর সাহেব তাঁহার নামে নোটিস জারী করিযা তাঁহাকে ঐ নোটিসের লিখিত স্থানে ও দিবসে উপস্থিত হইযা খরচের অংশ নিরূপণ করিবার আজ্ঞার মধ্যে তাঁহার নাম না ধরিবার কারণ জানাইতে আজ্ঞা করিবেন ও সেই দিন পর্য্যন্ত ঐ তদন্ত লওনের কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

অধিকারিদের নাম লিখিবার কথা।

**48.** At such or any subsequently adjourned enquiry the Collector, if there be only one estate liable, shall charge the zemindar thereof with the total amount payable; and if there be two or more estates, he shall apportion the same amongst the zemindars thereof rateably in the proportion of the respective benefits derived by such estates from such works or repairs, or in proportion of the areas of the lands benefited or protected thereby, and comprised within such estates respectively, or with the sanction of the Local Government in proportion to the amount of revenue respectively payable for such estates, if before the passing of this Act such proportion has been usually adopted.

Apportionment amongst zemindars.

৪৮ ধারা। কেবল একটি মহাল দায়ী হইলে কালেকটর সাহেব সেই দিনে কিম্বা তদন্ত লওয়ার জন্যে দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে সেই মহালের জমীদারের স্থানে পাওনা বলিযা সেই সমুদয় টাকা লিখিবেন। দুই কি তদধিক মহাল থাকিলে, সেই কার্য্যের কি মেরামতীর দ্বারা যে মহালের যে অংশের লভ্য হইযাছে তিনি তদনুসারে কিম্বা ঐ২ মহালের অন্তর্গত যে২ ভূমিখণ্ডের লাভ কি সুরক্ষা হইযাছে সেই২ ভূমির আযতন অনুসারে, কিম্বা ঐ২ মহালের যত টাকা রাজস্ব দেনা হয় এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যদি তদনুসারে খরচ লওযা গিযা থাকে তবে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইযা তদনুসারে ঐ২ মহালের জমীদারদের স্থানে খরচের এক২ অংশ লইবেন ইতি।

জমীদারদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

**49.** The Collector shall in like manner apportion the amount payable in respect of each estate amongst all the tenures therein, rateably in the proportion of benefit or area, first deducting therefrom such sum as on the like principle of proportion is payable in respect of such portion of the estate as is not included within any tenure.

Amongst proprietors.

৪৯ ধারা। প্রত্যেক মহালের উপলক্ষে যত টাকা দেনা হয় তদন্তর্গত তালুকের যত লাভ হয কিম্বা তাহার যে আয়তন থাকে কালেকটর সাহেব তদনুসারে সেই২ তালুকের দেনা টাকাও নিরূপণ করিবেন। কিন্তু তাহা করিবার পূর্ব্বে ঐ মহালের অন্তর্গত যে ভূমি তালুকের মধ্যে ধরা যায় না সেই নিয়মমতে সেই ভূমিহইতে ঐ খরচের যে অংশ লওযা যাইতে পারে তালুকের দেনা টাকাহইতে তাহা বাদ দিবেন ইতি।

ভূম্যধিকারিদের মধ্যে অংশ নিরূপণ করিবার কথা।

৭

**50.** The amount apportioned to any estate or tenure shall be payable in equal instalments on such days as the Lieutenant-Governor shall direct, provided that no instalment shall exceed four annas for every acre of land in respect of which the same is payable, and that not more than four instalments shall be payable in any one year.

Payable by instalments

Interest shall be charged on the unpaid portion of the said amount from the date of the same becoming due until payment thereof at such rate, not exceeding five per cent. per annum, as the Lieutenant-Governor shall from time to time determine.

Interest

**51.** The Collector shall make an order, specifying the estates and tenures, and the several sums payable in respect thereof, the instalments of such sums and the dates on which the same are payable.

Final order of apportionment

### 3 *Recovery thereof.*

**52.** The Collector shall within thirty days from the final order of apportionment make and serve for every estate therein mentioned an order, stating the amount with interest due in respect thereof and that the same is payable to him, and the date or dates at which such amount or instalments thereof shall become payable to him

Orders for payment

**53.** If such sum or any instalment thereof be not, pursuant to the said order, paid, the same with interest shall be recoverable as arrears of a demand under the provisions of Act VII of 1868 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

Recovery from zemindars

**54.** Every zemindar or proprietor to whom any sum or instalment thereof is payable under the said order, may recover the same with interest in the manner provided by law for the recovery of arrears of rent in respect of putnee tenures. A copy of the said order, certified under the name and seal of the Collector, shall be received in any suit for the recovery of the same as conclusive evidence that the amount was apportioned as therein mentioned, but shall not be evidence as to the existence of, or as to any right in, the tenure to which the said amount has been apportioned.

From proprietors

৫০ ধারা। কোন মহালের কি তালুকের দেনা বলিয়া খরচের যত টাকা নিরূপণ হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যেং দিন নিরূপণ করেন ঐ টাকা কি কিস্তি সেইং দিনে দেওয়া যাইবে। কিন্তু যে ভূমির নিমিত্ত ঐ কিস্তির টাকা দেনা হয় সেই ভূমির একর প্রতি চারি আনার অধিক কিস্তি লওয়া যাইবে না ও এক বৎসরে চারিটার অধিক কিস্তি ধার্য্য হইবে না।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

উক্ত টাকার যে অংশ দেওয়া না যায় তাহার দেনা হইবার তারিখ অবধি না দিবার তারিখ পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বৎসর শতকরা ৫ টাকার অনধিক যত সুদ সময়েং নিরূপণ করেন ঐ পাওনা টাকার উপর সেই হিসাবে সুদ চলিবে ইতি।

সুদের কথা।

৫১ ধারা। কালেক্টর সাহেব মহাল ও তালুক নির্দ্দিষ্ট করিয়া তাহার যত টাকা করিয়া দেনা হয় ও কিস্তি করিয়া যত টাকা দেওয়া যাইবে ও যেং তারিখে ঐ টাকা দেনা হয় ইহা নির্দ্দেশ করিয়া অনুজ্ঞাপত্র লিখিবেন ইতি।

অংশ নিরূপণের শেষ আজ্ঞা।

### ৩ পরিচ্ছেদ —ঐ টাকা আদায়ের কথা।

৫২ ধারা। যে মহালে যত টাকা দিতে হইবে ইহার নিরূপণ সূচক শেষ আজ্ঞা হইলে পর কালেক্টর সাহেব ত্রিশ দিনের মধ্যে ঐ অনুজ্ঞাপত্রলিখিত প্রত্যেক মহালের নামে একং আজ্ঞাপত্র লিখিয়া জারী করিবেন। ঐ মহালের সুদ শুদ্ধ যত টাকা দেনা আছে তাহা ও সেই টাকা কালেক্টর সাহেবকে দিতে হইবে, ও তাঁহার নিকট সেই টাকা কিম্বা ঐ টাকার কিস্তি যে তারিখে বা যেং তারিখে দেনা হয় ঐ আজ্ঞাপত্রে এইং কথা লিখিবেন ইতি।

টাকা দিবার আজ্ঞার কথা।

৫৩ ধারা। উক্ত আজ্ঞাক্রমে সেই টাকা কিম্বা তাহার কিস্তি না দেওয়া গেলে বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের বিধানমতে বাকী দাওয়ার ন্যায় ঐ টাকা সুদ শুদ্ধ আদায় হইতে পারিবে ইতি।

জমীদারদের স্থানে আদায় করিবার কথা।

৫৪ ধারা। উক্ত আজ্ঞাক্রমে জমীদারের কি ভূম্যধিকারির কোন টাকা কি টাকার কিস্তি পাওনা হইলে আইনে পত্তনী তালুকের বাকী খাজনা আদায় করিবার যে বিধান আছে তিনি সেই বিধানমতে সুদ শুদ্ধ ঐ টাকা আদায় করিতে পারিবেন। ঐ টাকা আদায় করিবার মোকদ্দমায় কালেক্টর সাহেবের স্বাক্ষর ও মোহরযুক্ত সর্টিফিকট সহিত ঐ আজ্ঞার প্রতিলিপিই ঐ আজ্ঞায় লিখিত টাকা দেনা বলিয়া নিরূপণ হইবার নিশ্চয় প্রমাণ হইবে কিন্তু যে তালুক প্রভৃতির দেনা বলিয়া ঐ টাকা নিরূপণ হইল ঐ লিপিটি সেই তালুক প্রভৃতির সত্তার কিম্বা তন্মধ্যে কোন অধিকারের প্রমাণ হইবে না ইতি।

ভূম্যধিকারিদের স্থানে আদায় করিবার কথা।

river, or shall remove the earth from any public embankment, or shall drive stakes into it, or by any other wilful act destroy or diminish the efficiency of such embankment, and every person who shall cause or knowingly and wilfully permit any cattle to graze upon any such embankment, or shall tether, or cause or wilfully permit any cattle to be tethered upon any such embankment, or who shall root up any grass growing on any such embankment, shall be liable to imprisonment or either description for a term not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both.

Service

**59.** Every proclamation, notice or order in and by this Act required to be served may, unless when otherwise provided, be served—

(1) by delivering a copy of the same to the person to whom it is directed, or on failure of such service by posting the said copy on some conspicuous part of the house in which the said person resides, or by delivering the said copy to any agent authorized to appear generally for the person to whom such proclamation, notice or order is directed, or

(2) by sending a registered letter containing a copy of such proclamation, notice or order directed to the said person at his usual place of abode or to the place where he may be known to reside, or

(3) by posting a copy of the proclamation, notice or order at the mal-cutchery of the estate, village or tenure to which the same relates, or if no such mal-cutchery be found, on some conspicuous place on the said estate, village or tenure, and by delivering, in the case of estates paying their annual revenue by four instalments, another copy thereof to the agent who shall have paid an instalment of revenue next after the preparation of such proclamation, notice or order. In all cases where two or more persons are holders of an estate, village or tenure service under this clause shall be deemed to be good and sufficient service on each and all of such persons.

No proceedings to be impeached for want of form

**60.** No proceedings under this Act shall be impeached or affected by reason of any mistake in the name of any person thereby rendered liable to pay any sum of money, or in the description of any estate or tenure or land in respect of which he is rendered liable to pay; provided the directions of this Act be in substance and effect complied with,

করিলে কিম্বা প্রাকারযুক্ত কোন নদীর তীর কাটিয়া দিলে কিম্বা প্রকারান্তরে পরিবর্ত্তন করিলে কিম্বা রাজকীয় কোন বাঁধের মাটী তুলিয়া ফেলিলে কিম্বা তাহাতে খোঁটা মারিলে কিম্বা ইচ্ছা পূর্ব্বক অন্য ক্রিয়া করিয়া ঐ বাঁধের কার্য্যোপযোগিতা নষ্ট কি হ্রাস করিলে, এবং কোন ব্যক্তি উক্ত প্রকারের কোন বাঁধে কোন গোমেষাদি চরাইলে কি জানিয়া শুনিয়া ও ইচ্ছা করিয়া চরিতে দিলে কিম্বা তদ্রূপ কোন বাঁধে গোমেষাদি বাঁধিলে কি বাঁধাইলে কি ইচ্ছা করিয়া অন্যকে বাঁধিতে দিলে কিম্বা সেই বাঁধে যে ঘাস জন্মে তাহা উপড়াইয়া ফেলিলে, তাঁহার ছয় মাসের অনধিক অন্যতর প্রকারের কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

নোটিসপ্রভৃতি জারী করিবার কথা।

৫৯ ধারা। এই আইনের দ্বারা কি তৎক্রমে কোন ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞা জারী করিতে হইলে প্রকারান্তরের বিধি না থাকিলে তাহা এই প্রকারে জারী করা যাইবে।

(১) যে ব্যক্তির নামে দেওয়া যায় তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির নকল দেওয়া যাইবে অথবা তাঁহাকে দিতে না পারিলে তাঁহার বাস গৃহের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে কিম্বা যাঁহার নামে ঐ ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞা দেওয়া যায় তাঁহার পক্ষে যে মোখতার সাধারণ্যে তাঁহার নিমিত্ত উপস্থিত হইবার ক্ষমতাপন্ন হন তাঁহাকে ঐ নকল দেওয়া যাইবে। অথবা।

২। ঐ ঘোষণাপত্রের কি নোটিসের আজ্ঞার নকল রেজিষ্টরী পত্রে দিয়া উক্ত ব্যক্তির নিয়ত বাসস্থানে কিম্বা তিনি যে স্থানে বাস করিতেছেন জানা যায় সেই স্থানে ডাকযোগে পাঠান যাইবে। অথবা

৩। ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞাপত্র যে মহাল কি গ্রাম কি তালুক সম্পর্কীয় হয় তাহার মালকাছারীতে ঐ ঘোষণাপত্রপ্রভৃতির নকল লটকাইয়া দেওয়া যাইবে। অথবা মাল কাছারীর সন্ধান পাওয়া না গেলে ঐ মহালের কি গ্রামের কি তালুকের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে এবং সেই মহালের রাজস্ব চারি কিস্তি করিয়া দিবার নিয়ম থাকিলে যে গোমাশতা ঐ ঘোষণাপত্র কি নোটিস কি আজ্ঞা প্রস্তুত হইবার অব্যবহিত পরে রাজস্বের কিস্তি দিলেন তাঁহাকে ঐ নোটিস প্রভৃতির অন্য প্রতিলিপি দেওয়া যাইবে। যদি দুই কি তদধিক জন একি মহালের কি গ্রামের কি তালুকের ভোগাধিকারী হন, তবে এই প্রকরণমতে নোটিস দেওয়া গেলে তাঁহাদের প্রত্যেক জনকে ও সকলকে উত্তম ও যথোচিতরূপে দেওয়া গেল জানা যাইবে ইতি।

দাঁড়মতে ত্রুটি হইলে বলিয়া কোন কার্য্য দুষ্ট না হইবার কথা।

৬০ ধারা। এই আইনমতে যে কার্য্যানুষ্ঠান হয় তদ্দ্বারা টাকার দায়ে দায়ী বলিয়া যে ব্যক্তিকে নির্ণয় করা গেল তাহার নাম লিখিতে কোন ভুল হইলে কিম্বা যে মহালের কি তালুকের কি ভূমির নিমিত্ত তাঁহাকে দায়ী করা গেল সেই মহাল প্রভৃতির বর্ণনে কোন ভুল থাকিলে যদি এই আইনের আদেশের মর্ম্ম ও তাৎপর্য্যানুসারে কার্য্য হইয়া থাকে তবে ঐ ভুলপ্রযুক্ত

and no proceedings under this Act shall for want of form be quashed or set aside in any Court of Justice.

*Power to delegate the authorities of the Engineers*

**61.** All the powers and authorities vested in the Engineer by any of the sections of this Act, may be exercised by any officer of the Department of Public Works subordinate to him, not being of a grade lower than an Executive Engineer, in cases referred to him by the Engineer. Provided always that it shall be lawful for the Engineer to recall any case so referred and to proceed thereon, either adopting or not adopting any of the proceedings theretofore had thereon, as to him shall seem fit Provided further, that all reports by such delegated Officer shall be submitted to the Engineer before they shall be forwarded to the Collector or any other authority.

*Orders of Collector not to be evidence*

**62.** No order of any Collector under any of the provisions hereinbefore contained, and no payment made under any of the provisions of this Act, shall be received in any Civil Court as evidence that the person therein named as zemindar or proprietor of any estate is zemindar or proprietor of such estate

*Appeal from orders made on objection*

**63.** Every order passed by the Collector under Sections 21, 43, and 51 shall be appealable to the Commissioner of Revenue, and every order of the Commissioner except when otherwise directed by this Act shall be appealable to the Board of Revenue, but no appeal shall lie against any order mentioned in this section unless the same be presented within one month from the date of the order.

*Orders to be final*

**64.** Subject to the right of appeal abovementioned and to the orders and control of Government, every order passed under the provisions aforesaid shall be final, and shall not be open to revision by any Civil Court

*Disposal of lands no longer required for embankments*

**65.** Whenever the maintenance of any public embankment, or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of

ঐ আনুষ্ঠানিক কার্য্যের দোষ ধরা যাইবে না কি তাহার কিছুই ব্যাঘাত হইবে না। এবং এই আইন অনুযায়ি কোন কার্য্য দাঁড়ামতে করা যায় নাই বলিয়া কোন আদালতে অন্যথা কি অসিদ্ধ করা যাইবে না ইতি।

*ইঞ্জিনিয়রের ক্ষমতা অন্যের প্রতি অর্পণ করিবার কথা।*

৬১ ধারা। এই আইনের কোন ধারাক্রমে ইঞ্জিনিয়রের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, তিনি একসেকিটিব ইঞ্জিনিয়র অপেক্ষা নিম্ন শ্রেণীর কার্য্যকারক ব্যতীত আপনার অধীন পবলিক ওর্কস কর্ম্মবিভাগের কোন কার্য্যকারকের প্রতি কোন বিষয় অর্পণ করিলে, ঐ কার্য্যকারক ইঞ্জিনিয়রের সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু ইঞ্জিনিয়র উক্ত প্রকারের কোন বিষয় অর্পণ করিলেও তাহা আপনার সম্মুখে পুনশ্চ আনাইয়া তৎসম্পর্কীয় কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন ও তৎপূর্ব্বে যে কার্য্যানুষ্ঠান হইয়া থাকে তাহা স্বীয় বিবেচনামতে গ্রাহ্য করিতে কিম্বা নাও করিতে পারিবেন। আরো উক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের সকল রিপোর্ট কালেক্টর সাহেবের কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের নিকট পাঠাইবার পূর্ব্বে ইঞ্জিনিয়রের সম্মুখে অর্পিত হইবে ইতি।

*কালেক্টর সাহেবের আজ্ঞা সাক্ষ্য না হইবার কথা।*

৬২ ধারা। পূর্ব্বলিখিত কোন বিধানমতে কালেক্টর সাহেব যে অনুজ্ঞাপত্র করেন তাহাতে মহালের জমিদার কি ভূম্যধিকারী বলিয়া কোন ব্যক্তির নাম লেখা থাকিলে এবং তিনি এই আইনের অন্যতর বিধানমতে টাকা দিলেও সেই ব্যক্তিই যে ঐ মহালের জমীদার কি ভূম্যধিকারী আছেন দেওয়ানী আদালতে কালেকটর সাহেবের সেই অনুজ্ঞাপত্র ও সেই টাকা দেওয়া ইহার প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে না ইতি।

*আপত্তিক্রমে যে আজ্ঞা হয় তাহার উপর আপীলের কথা।*

৬৩ ধারা। কালেক্টর সাহেব ২১, বা ৪৩ বা ৫১ ধারামতে যে আজ্ঞা করেন তাহার উপর রাজস্বের কমিশনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। এবং এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে কমিশনর সাহেবের আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডের নিকট আপীল হইতে পারিবে। কিন্তু এই ধারার উল্লিখিত আজ্ঞাপত্রের তারিখ অবধি এক মাসের মধ্যে আপীল উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবে না ইতি।

*আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।*

৬৪ ধারা। আপীল করিবার পূর্ব্বোক্ত অধিকার এবং গবর্ণমেণ্টের আজ্ঞা ও কর্ত্তৃত্ব প্রবল মানিয়া পূর্ব্বোক্ত বিধানমতে যেং আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হইবে ও কোন দেওয়ানী আদালত কর্ত্তৃক তাহা সংশোধন করা যাইতে পারিবে না ইতি।

*বাঁধের নিমিত্ত ভূমির আর প্রয়োজন না হইলে তাহা বিক্রয়াদি করিবার কথা।*

৬৫ ধারা। রাজকীয় বাঁধ রক্ষা করণের কিম্বা তদর্থে যে ভূমি প্রয়োগ হয় তাহা রাখিবার আর প্রয়োজন না থাকিলে ও ইঞ্জিনিয়র তাহা একেবারে ত্যাগ করা বিহিত বোধ করিলে, বাঁধ করিবার নিমিত্ত যে

the same may be deemed expedient by the Engineer, such land shall be conveyed by the Collector to the proprietor of the land, within the limits of which it may be situated, on payment of the compensation, if any, which was paid for such land when the same was taken for the purpose of the embankment. If the proprietor of such lands refuse or neglect to pay such price within a reasonable time after demand, the same shall be sold by the Collector for such price as he can obtain for the same. All sums obtained for the conveyance of lands under the provisions of this section shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of any new embankment or drainage works affecting the said lands, and in such case the residue only of the cost of such new works shall be charged upon the zemindars of estates benefited, as hereinbefore provided.

Collector may delegate any of his powers to a Deputy Collector.

**66.** A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector. but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated, an appeal shall lie to the Collector if presented within thirty days of the date of the order.

Jurisdiction in prosecutions under this Act.

**67.** All prosecutions under this Act shall be instituted before a Magistrate exercising the powers of a Magistrate of the District, or of a Magistrate of the first class, as the case may require.

## SCHEDULE OF FORMS.

SCHEDULE A.—(*Referred to in Section* 17.)

To the Collector of

Under the provisions of Part II of the Bengal Embankment Act, 1872, it is my intention to [*Here state the nature of the work to be undertaken*] for the purpose of (*state the purpose*). For the execution of this work the undermentioned land will be required to be taken up as for a public purpose:—

| 1 | 2 | 3 |
|---|---|---|
| Pergunnah in which land is situated. | Name of village in which land is situated. | Area of land. |

The total probable cost of such works will be the sum of Rs.

সময়ে ঐ ভূমি গ্রহণ করা যায় সেই সময়ে যদি তজ্জন্যে মূল্যাদি দেওয় গিয়া থাকে, তবে ঐ ভূমি যে ভূম্যধিকারির ভূমির সীমার মধ্যে থাকে তিনি ঐ মূল্যাদি ফিরিয়া দিলে কালেক্টর সাহেব হস্তান্তরকরণপত্রদ্বারা তাঁহাকে সেই ভূমি ফিরিয়া দিবেন। ঐ ভূম্যধিকারির স্থানে ঐ টাকার দাওয়া হইলেও, তিনি উপযুক্ত সময়ের মধ্যে দিতে অস্বীকার বা অবহেলা করিলে, কালেক্টর সাহেব সেই ভূমি নীলাম করিয়া যে মূল্য পাইতে পারেন লইবেন। এই ধারার বিধানমতে ভূমি হস্তান্তর করিয়া যে টাকা পাওয়া যায়, তাহা হইতে প্রথম সেই কার্য্যের নিমিত্ত সকল খরচ শোধ করিতে হইবে। পরে ঐ ভূমিসম্পর্কীয় যে নূতন বাঁধ ও জলনির্গমের যে কার্য্য করা যায় তাহার খরচ শোধে ঐ টাকা প্রয়োগ হইবে। তাহা হইলে ঐ নূতন কার্য্যদ্বারা যেং মহালের উপকার হইল ঐং মহালের জমীদারদের স্থানে পূর্ব্ব বিধানমতে কেবল অবশিষ্ট খরচ লওয়া যাইবে ইতি।

৬৬ ধারা। কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরের প্রতি এই আইনমত আপনার কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন। কিন্তু যে ডেপুটী কালেক্টরের প্রতি তদ্রূপ ক্ষমতা অর্পিত হয় তাঁহার কোন আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। ঐ আজ্ঞার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে আপীল উপস্থিত করিতে হইবে ইতি।

কালেক্টর সাহেবের কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিবার কথা।

হইলে সপরিবারে স্বচ্ছন্দে ভরণপোষণ হইতে পারে, ও তাহারদের যোতের ভূমি একচত্বরে থাকে, না স্থানে২ থাকে, ও শেষোক্ত স্থলে ব্যক্তি বিশেষের ক্ষেত্রের সীমার কাদৃক চিহ্ন থাকে, ও সেই চিহ্ন নষ্ট না হইয়া কি প্রকারে রক্ষা করা যায়, ও যোতদার আপন হাতে কিপর্য্যন্ত কর্ম্ম করে, কত জন, মজুর রাখে, তাহারদের মজুরী কি প্রকারে কি হিসাবে দিয়া থাকে, এবং নানা প্রকারের প্রজার ও অধীন প্রজার ও মজুরদের ও গ্রামের কামারপ্রভৃতির যে অবস্থা ও সঙ্গতি থাকে, কোন্ জাতির কোন সম্প্রদায়ের যোতদার উত্তম ও কোন সম্প্রদায়ের যোতদার নিকৃষ্ট প্রকারের কৃষক হয় ও ঋণ দেনালেনার কি নিয়ম, কি প্রকারের ফসল উৎপন্ন হয়, তাহা কি প্রকারে উৎপন্ন করা যায়, কত উৎপন্ন হয়, গোমেষাদি কি অন্য প্রকারের জন্তু রাখা গিয়া থাকে কি না, ও সেই জন্তুর আহার পাইবার কি উপায়, সারের জন্যে গোমেষাদি রাখা যায় কি না, কোন নিয়ম ধরিয়া সার প্রস্তুত হইয়া থাকে, না নিয়ম ব্যতীত জমিয়া থাকে ও তাহার ব্যবহার হয় কি তাহা নষ্ট করা যায়, ফসল কাটিবার কার্য্য কি প্রকারে চলে, ক্ষেত্রের উৎপন্ন ফসল হাটে কে লইয়া যায় কে কোথায় বিক্রয় করে, কে ক্রয় করিয়া লয়, কাহারদের হাতে২ গিয়া শেষে বড়২ গঞ্জে পঁহুছে, বাজারে বিক্রয় করিবার পাট কে প্রস্তুত করে, তুঁত গাছ কে দেখা শুনা করে, গুটি পোকা কে পালে, রেশম কে প্রস্তুত করে ও তাহারা কি২ প্রকারে ঐ সকল কর্ম্ম করিয়া থাকে, জিলার মধ্যে নীলের কি নিয়ম, গবাদি কে পালন করে, কে তাহারদিগকে বিষ খাওয়ায়, চামড়া লইয়া কশাইয়া বাজারে বিক্রয় হইবার জন্যে কে প্রস্তুত করে, গবাদি কি খায়, কোন্২ জাতির গবাদি থাকে, ও ভাল জাতের গবাদি পালিবার কিরূপ উদ্যোগ হইয়া থাকে, খাজানা কি প্রকারে দেওয়া যায় ও কত কিস্তী করিয়া ও কাহারদের দ্বারা দেওয়া গিয়া থাকে, কৃষকদের ধর্ম্মসম্বন্ধীয় ক্রিয়াদি থাকিলে তাঁহারা কে২ ধর্ম্ম পালন করিয়া থাকে ও লাঙ্গল দিবার ও বীজ বুনিবার শুভদিন কে দেখিয়া দেয়, তাহারদের সামাজিক রীতি চরিত্র কি, কি খায়, কি পরে, তাহারা মিতব্যয়ী কি অপরিমিত ব্যয়ী, হিসাব কিরূপে রাখে, তাহারদের বৃহৎ পরিবার থাকে কি না, বালকেরা কত বৎসর বয়স প্রাপ্ত হইলে কার্য্যে যায়, বালিকারা ও মেয়েরা কর্ম্ম করে কি না, কি কর্ম্ম করে, কৃষকেরা গড়ে কত বৎসর বয়স প্রাপ্ত হইয়া মরে কি২ প্রকারের রোগ হইয়া থাকে ইত্যাদি বিষয় জানিতে পাইলে সন্তোষ জন্মে।

3 In fact, we might have a complete agricultural picture of the various parts of the district, distinguishing high lands from low, large zemindaries from small tenures, and so on. Then we might have an account of such manufacturers as there are; what they manufacture and how, and how they live; of the trade and the traders, of the proprietary classes and their modes of life, of the relations of all to the Government

৩। ফলতঃ পূর্ব্বোক্ত প্রকারের পুস্তক লেখা গেলে জিলার নানা অংশের অর্থাৎ উচ্চ ভূমির ও নিম্নভূমির ও বড়২ জমীদারীর ও ক্ষুদ্র২ পাট্টাই জমী প্রভৃতির অন্তর্গত কৃষিকার্য্যের সম্পূর্ণ বৃত্তান্ত জানা যাইতে পারিবে। তথা যে২ প্রকারের শিল্প ব্যবসায়ি থাকে ও তাহারা কি২ দ্রব্য কি প্রকারে প্রস্তুত করে ও কি প্রকারে তাহারদের জীবিকা চলে, ও বাণিজ্যের ও বণিকদের কথা ও ভূম্যধিকারিদের বৃত্তান্ত ও তাহারা কি প্রকারে দিনপাত করে ও গবর্ণমেণ্টের পক্ষে সকলের কীদৃক সম্বন্ধ এই২ বিষয়ের সম্পূর্ণ বৃত্তান্ত জানা যাইতে পারিবে।

[*Government Gazette*, 10th *September* 1872.]

4. If any officers will compile good district pictures of this kind, the Government will gladly print and circulate them.

J. WARE EDGAR,

*Offg Jr. Secy to the Govt of Bengal*

---

[Third Publication.]

The following Circular is published for general information —

CIRCULAR No. 48.

REVENUE DEPARTMENT.

REVENUE

To—All Commissioners of Divisions,—(dated Calcutta, the 14th August 1872)

THE Lieutenant-Governor has asked and is asking much of district officers in the way of statistical information and other matters, and has required local officers to perform their duties in an active manner, and in a way involving functions which had somewhat fallen into disuse. He has hoped to make up for any excess of work thus caused by the creation of the proposed subordinate establishments, but as some delay may occur before the interior services can be organized, and meantime the money designed for them is available, he wishes to intimate to district officers that he is quite prepared to sanction any temporary establishments which can be usefully employed in obtaining the statistical information called for, or assisting in any special duties which have been or may be thrown on district or sub-divisional officers. Commissioners of divisions are authorised to sanction against the provincial reserve such demands when really necessary to an amount not exceeding in the aggregate Rs 200 to 400 per mensem for each district, according as the district is large or small, and as regards temporary appointments, not exceeding Rs 100 per mensem, reporting all cases in which such sanction is accorded, with detail of the temporary establishment, and the reason for it. Separate application may be made for any larger sum required in special cases.

2. It will be very desirable that the persons employed should be as much as possible those who are possessed of the qualifications which will fit them for admissions to the junior grades of the Native Civil Service, as set forth in the notification of the 2nd July 1872, published

৪। কোন কর্ম্মকারক জিলার এতদ্রূপ উত্তমং বৃত্তান্ত পুস্তক লিখিলে গবর্ণমেণ্ট আনন্দপূর্ব্বক তাহা মুদ্রিত করিয়া প্রচার করাইবেন।

জে ওয়েয়র এডগার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

[তৃতীয়বার প্রকাশিত।]

সাধারণের জানিবার নিমিত্ত নিম্নলিখিত সরকুলর প্রকাশ করা যাইতেছে।

৪৮ নং সরকুলর।

রেবিনিউ ডিপার্টমেণ্ট।

কলিকাতা ১৮৭২ সাল ১৪ আগষ্ট।

দেশখণ্ডের সকল কমিশনর সাহেব সমীপেষু।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলার কর্ত্তৃপক্ষদের স্থানে স্থিতিরীতি প্রভৃতি বিষয়ক অনেক সন্ধান জানিতে চাহিয়াছেন এখনও চাহেন, ও স্থানীয় কর্ত্তৃপক্ষদিগকে অত্যন্ত সত্বর হইয়া কর্ম্ম করিতে আজ্ঞা করিয়াছেন ইহাতে তাঁহাদের কর্ত্তব্য কতিপয় কর্ম্ম অনেক কাল প্রায় স্থগিত হইলে পর পুনরায় করিতে হইয়াছে। এই প্রকারে তাহাদের কর্ম্মবৃদ্ধি হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নতর শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কল্পনা করিয়া সেই বাড়া কর্ম্মের বিধান করিবার আশা রাখিতেন। কিন্তু নিম্নশ্রেণীর সেই কর্ম্ম সুধার মতে নিয়মবদ্ধ করিতে কিঞ্চিৎ বিলম্ব হইবার সম্ভাবনা। ইতি মধ্যে সেই শ্রেণীর কর্ম্মকারকদের বেতনাদির নিমিত্ত যে টাকা নিরূপণ করা গেল তাহা পাওয়া যাইতে পারে। অতএব স্থিতিরীতির যে সন্ধান জানাইবার আদেশ হইয়াছিল তাহা পাইবার জন্যে কিম্বা জিলার কি মহকুমার কর্ত্তৃপক্ষদের প্রতি কোন বিশেষ কর্ম্ম অর্পিত হওয়াতে তাহাদের সাহায্যের জন্যে তাঁহারা কিয়ৎকালের নিমিত্ত আমলাগণকে উপযুক্ত কর্ম্ম দিতে পারিলে শ্রীযুত অনুমতি দিতে প্রস্তুত আছেন এই কথা জিলার কর্ত্তৃপক্ষদিগকে জ্ঞাত করিতে চাহিলেন। নানা দেশ খণ্ডের কমিশনরদের প্রতি এই ক্ষমতা প্রদান করা গেল যে আপনং দেশখণ্ডের নিমিত্ত উপরি যে টাকা নিরূপণ করিয়া দেওয়া গেল, তাহা হইতে উক্ত কর্ম্মকারকদের নিমিত্ত টাকার দাওয়া হইলে তাঁহারা জিলার আয়তন বিবেচনায় একং জিলার নিমিত্ত মাসে সর্ব্বশুদ্ধ ২০০ অবধি ৪০০ পর্য্যন্ত টাকা দিতে পারেন তাহার অধিক নয়, এবং কিয়ৎকালীন আমলাগণের নিমিত্ত মাসে ১০০৲ টাকা পর্য্যন্ত দিতে পারিবেন। ও যে স্থলে ঐ টাকা দিবার অনুমতি হয় সেই স্থলের রিপোর্ট করিবেন ও কিয়ৎকালের নিমিত্ত কত জন নিযুক্ত হইলেন ইহার বৃত্তান্ত ও তাহার হেতু লিখিবেন। স্থল বিশেষে অধিক টাকার প্রয়োজন হইলে তাহার নিমিত্ত স্বতন্ত্র দরখাস্ত করিতে হইবে।

২। ১৮৭২ সালের ২ জুলাইর যে জ্ঞাপনপত্র ঐ মাসের ৯ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ করা যায়, তন্মধ্যে প্রদেশীয় সিবিল সরবিসের দ্বিতীয় শ্রেণীতে গ্রাহ্য হইবার নিমিত্ত যে গুণাদি প্রয়োজন বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, সাধ্যমতে সেইং গুণবিশিষ্ট ব্যক্তিদিগকে পূর্ব্বোক্ত কর্ম্মে নিযুক্ত করা শ্রেয় তাহা হইলে তাঁহারা

in the *Calcutta Gazette* of the 3rd idem, in case by good service they show themselves deserving of that position. Men who, in addition to a fair knowledge of English and an active physique, can survey, who understand agricultural tenures and accounts, who know something of police and criminal laws, who can make themselves generally useful in looking after petty public works, should be preferred. It was before suggested that good civil court ameens might be useful men.

3 The Lieutenant-Governor also feels that the districts have a fair claim to the replacement of the officers of the Subordinate Executive Service, who are specially employed on road cess and other works. He is, however, unwilling to burden the road cess funds, and he has not at present on his list many qualified candidates for such appointments He would prefer that they should hereafter be supplied in due course under the system which it is proposed to establish, and that present necessities should be met by the temporary establishments for which provision has been made above. But in case of emergent necessity, if a really competent man can be found, the Lieutenant-Governor may grant the funds necessary for an Acting Deputy Magistrate and Collector to supply the place of one specially employed.

4. With respect to the distribution of Covenanted Civil Servants, the Lieutenant-Governor wishes to arrange matters so that the most efficient assistance may be given to district officers, and the public service be best served. It seems to be both the established practice and for the public interest, and advantageous for the training of young officers, that a certain number of junior Civil Servants should be in charge of certain Sub-divisions, but the propriety and advantage of the arrangement should be well considered in each case, it being borne in mind that the supply of Civil Servants to Bengal for the past and present year is very limited.

5. With respect to the charge of the sudder division of the district, it has always been the Lieutenant-Governor's opinion that when the Magistrate of the district is at head-quarters, it is most proper that the general executive control should rest with him, and His Honor has been somewhat unwilling to put any other Magistrate in charge as a regular sub-divisional officer But it by no means follows that the Magistrate of the district need try many cases or do much work of

সুযোগ্যমতে কর্ম্ম করিয়া আপনারদিগকে সেই পদের উপযুক্ত প্রকাশ করিলে সেই শ্রেণীর কর্ম্মকারকদের পদে নিযুক্ত হইতে পারিবেন। যে ব্যক্তিরা ইংরাজী ভাষায় সাধারণ জ্ঞান প্রাপ্ত হইয়া অত্যন্ত সত্বর হন এবং ভূমি জরীপ করিতে জানেন ও কৃষিকর্ম্ম সংক্রান্ত পাট্টা ও হিসাব বুঝেন এবং পোলীসের ও ফৌজদারী আইন কিঞ্চিৎ জানেন ও সরকারী ক্ষুদ্র২ কতিপয় স্থপতি কার্য্যের তত্ত্বাবধারণ করিতে সক্ষম হইয়া সাধারণমতে নানা কর্ম্মের উপযোগী হইতে পারেন এমত ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিলে উত্তম হয়। দেওয়ানী আদালতের ভাল২ আমীন এই কর্ম্মপযোগী হইতে পারেন ইহা পূর্ব্বে ব্যক্ত হইয়াছিল।

৩। আরো সবর্ডিনেট একসেকিটিব সরবিসের যে কর্ম্মকারকেরা বিশেষমতে পথকরের কর্ম্মে ও অন্য২ কর্ম্মে নিযুক্ত হইয়াছেন তাহারদের পুনশ্চ পূর্ব্ব পদপ্রাপ্ত হওনবিষয়ে জিলার পক্ষে ন্যায্য দাওয়া হইতে পারে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহা অনুবোধ করিয়াছেন। কিন্তু পথকরের ফণ্ডের উপর তাঁহার অধিক ভারার্পণ করিবার ইচ্ছা নাই ও তাঁহার নিকট যে নির্ঘণ্টপত্র আছে তন্মধ্যে সেই পদাকাঙ্ক্ষি সুযোগ্য অনেক ব্যক্তির নাম নাই। তিনি যে নিয়ম অবধারণ করিতে প্রস্তাব করিয়াছেন সেই নিয়মানুসারে ঐ কর্ম্মকারকদিগকে নীতিমতে নিযুক্ত করা যাইবে ইতিমধ্যে পূর্ব্বলিখিত বিধানমতে কিয়ৎকালের নিমিত্তে কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা শ্রেয় জ্ঞান করেন কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় স্থলে ও সর্ব্বতোভাবে সুযোগ্য ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উক্ত বিশেষ কর্ম্মে নিযুক্ত ব্যক্তির পরিবর্ত্তে একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেক্টর নিযুক্ত হইবার উপযুক্ত বেতনের অনুমতি দিতে পারিবেন।

৪। চিহ্নিত সিবিল কর্ম্মকারকদের স্থানে২ নিযুক্ত হওনবিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এমত নিয়ম করিতে চাহেন যে জিলার কর্ত্তৃপক্ষদের যথোচিত সাহায্য ও রাজকীয় কর্ম্মের শ্রেষ্ঠতর উপকার হয়। কোন২ মহকুমার অধ্যক্ষতা পদে পদ কনিষ্ঠ ২এক জন সিবিল কর্ম্মকারক সাহেবের নিযুক্ত হওয়ার রীতি বহুকালাবধি চলিয়া আসিতেছে ও তাহাতে রাজকীয় স্বার্থরক্ষা অথচ যুবা কর্ম্মকারকদের শিক্ষা প্রাপণের সদুপায় হয়। কিন্তু তাঁহাদের এক২ ব্যক্তির পক্ষে তাহা উচিত ও লভ্যজনক কি না ইহার বিবেচনা করা আবশ্যক। যে হেতুক গত বৎসর ও এই বৎসর বঙ্গদেশে অল্প সংখ্যক সিবিল কার্য্যকারক প্রেরিত হইয়াছেন।

৫। জিলার সদর মোকামের অধ্যক্ষতা বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের পূর্ব্বাবধি এই অভিমত, জিলার মাজিষ্ট্রেট সাহেব সদর মোকামে থাকিলে রাজকীয় কার্য্যের কর্ত্তৃত্ব ভার তাঁহারই প্রতি থাকা অত্যন্ত উচিত এই হেতুক মান্যবর সাহেব মহকুমার নিয়ামত কর্ত্তৃপক্ষ বলিয়া অন্য কোন মাজিষ্ট্রেটের প্রতি অধ্যক্ষতা ভার অর্পণ করিতে অনিচ্ছুক কিন্তু এই কারণে মাজিষ্ট্রেট সাহেবের অনেক মোকদ্দমার বিচার করিতে ও বিবরণ ঘটিত অনেক কর্ম্ম করিতেই হইবে এমত জ্ঞান করিতে হইবে না। সদর

detail. In fact, the mere circumstance of being in superior charge of the sudder division does not necessary involve the trying of a single case, and in heavy districts the Lieutenant-Governor will not, under present circumstances, expect the District Magistrates to try many cases The practice of taking all petitions, which seems to be frequently assumed as part of the duty of the Magistrate when in charge of the division, is a purely self-imposed labour undertaken by many District Magistrates They are at perfect liberty to entrust any part of their criminal duties, including the receiving of petitions, to any Magistrate under them, and any other duties, except the general control over the police and the functions of general superintendence in executive matters, may be similarly disposed of. While, therefore, the Lieutenant-Governor is very willing that it should, if possible, be arranged that the Magistrate of a large and heavy district should have at head-quarters the assistance of a competent officer who may relieve him of most judicial and much other work when he is present, and take his place in the sudder division when he is absent, he does not think a regular sub-divisional officer of the head-quarters division at all a necessity But he invites any proposals for stationing Civil Servants to the best advantage which Magistrates and Commissioners may wish to submit, and in special cases may even recognise a sub-division at head-quarters if real necessity for it is shown

J Wark Edgar,
*Offg. Jr. Se y to the Govt. of Bengal*

NOTIFICATION.

*The 30th August* 1872.—Under the provisions of Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor has been pleased to form a new sub-district in the district of Maunbhoom, with Head-Quarters at Manbazar, and comprising the Thannahs of Raipur, Supur, and Pergunnahs Barabhum, Kailapal, and Maunbhoom, appertaining to Thannah Barabhum, and Pergunnahs Bagda and Palma forming part of Thannah Purulia

This Notification will take effect on and from 1st October 1872.

J. Ware Edgar,
*Offg Jr Se y to the Govt. of Bengal.*

NOTIFICATION

*The 2nd September* 1872.—A plan and estimate amounting to Rs. 30,000 for the construction of

মোকামের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হওয়া প্রযুক্ত তাঁহার একটি মোকদ্দমারও বিচার করা আবশ্যক নহে এবং যে২ জিলার কর্ম্ম ভারী সেই২ জিলায় তাঁহারা অনেক মোকদ্দমার বিচার করিবেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এমত অপেক্ষা নাই। মাজিষ্ট্রেট সাহেব জিলার খণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইলে সকল প্রকারের দরখাস্ত গ্রাহ্য করা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান করিয়া থাকেন ও জিলার মাজিষ্ট্রেটেরা স্বয়ং গৃহীত সেই কার্য্য স্বীকার করিয়াছেন। পরন্তু তাঁহারা আপনারদের অধীন কোন মাজিষ্ট্রেটের প্রতি দরখাস্ত গ্রহণ কার্য্য সমেত ফৌজদারী কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারেন এবং পোলীসের সাধারণ কর্ত্তৃত্ব ভার ও রাজকীয় কার্য্য সম্পাদন কার্য্যের সাধারণ তত্ত্বাবধারণের কার্য্য ভিন্ন তাঁহারা অন্য কোন কর্ম্ম অধীন মাজিষ্ট্রেটদের প্রতি অর্পণ করিতে পারিবেন। এই কারণে বড়২ যে জিলার কর্ম্ম ভারী হয় সেই জিলার সদর মোকামে মাজিষ্ট্রেট সাহেবের নিকট ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক থাকিয়া তাঁহার উপস্থান কালে অধিকাংশ মোকদ্দমার বিচার ও অন্য কর্ম্ম করিয়া তাঁহার সাহায্য করেন ও তাঁহার অনুপস্থানে সদর মোকামে তাঁহারই স্থানবর্ত্তী হন এই বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সম্মত হইলেও সদর মোকামে মহকুমার কার্য্যকারকের উপস্থিত থাকা আবশ্যক বলিয়া জ্ঞান করেন না। কিন্তু সিবিল কর্ম্মকারকদিগকে অতি ফলজনকরূপে বিনিয়োগ করণ বিষয়ে মাজিষ্ট্রেট ও কমিশ্যনর সাহেবেরা যে কোন প্রস্তাব করিতে চাহেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়া বিবেচনা করিতে উদ্যত আছেন ও স্থল বিশেষে অত্যাবশ্যক হইলে সদর মোকামই মহকুমা থাকা বিষয় স্বীকারও করিতে পারিবেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ আগস্ট।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব মানভূম জিলার অন্তর্গত রাইপুর ও সুপুর থানা এবং বড়ভূম থানার সামিল বড়ভূম ও কাযালিপাল ও মানভূম পরগনা এবং পুরুলিয়া থানার কিয়দংশ বাগদা ও পাল্মা পরগনা লইয়া এক নূতন সবডিষ্ট্রিক্ট স্থাপন করিয়াছেন। মানবাজারে উক্ত সবডিষ্ট্রিক্টের সদর স্থান হইবে।

এই বিজ্ঞাপন ১৮৭২ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরেরা জেটী ট্রামওয়ে প্রস্তুত করিবার

a Jetty Tramway having been submitted by the Commissioners for making improvements in the Port of Calcutta with their Vice-Chairman's letter No. 719, dated the 18th July 1872, the Lieutenant-Governor has been pleased to sanction the execution of the work under Section 35, Act V (B.C.) of 1870.

J. Ware Edgar,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION

*The 27th August* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for enlarging the Customs Ghât of Port Balasore in the village of Mohamedpore, Pergunnah Sunhat, Zillah Balasore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 0 mâns 21 gts. 7 biswas of standard measurement, bounded on the North by river Boorabulling, East by the Port road, South by the houses of Madan Mohan Das, Rustam Khan and Nitai Charan Dutt, West by the houses of Rughoo Behara and Madan Mohun Das, is required within the aforesaid village of Mohamedpore.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

J. Ware Edgar,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

---

No. 1092J.

APPOINTMENTS

*The 23rd August* 1872.—The following gentlemen to be members of the Committee for the management of the Charitable Dispensary at Goalundo:—

The Sub-divisional Officer. } *Ex-officio*
,, Civil Medical Officer }
Mr. John Philip Motley
Babu Gyan Chunder Roy
Meer Mahomed Ali.
Babu Shama Sunker Chowdry.
,, Kartic Chunder Pattack.
,, Omesh Chunder Sen.
,, Gobind Chunder Dutt.

*The 31st August* 1872.—The following gentlemen to be members of the Committee for the management of the Charitable Dispensary at Buxar.—

Mr. John Scobell Armstrong

যে নকশা ও ৩০,০০০ টাকা ব্যয়ের যে অনুমানপত্র তাঁহাদের প্রতিনিধি সভাপতির ১৮৭২ সালের জুলাই মাসের ১৮ তারিখের ৭১৯ নং পত্রের সহিত প্রেরণ করেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে সেই কার্য্য সম্পাদন করিবার অনুমতি দিয়াছেন।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৭ আগষ্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বালেশ্বর জিলার অন্তর্গত সনহাট পরগনার মহম্মদপুর গ্রামে বালেশ্বর বন্দরের কষ্টমের ঘাট বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মহম্মদপুর গ্রামে কষ্টিমত পরিমাণের ন্যূনাধিক ০ মান ২১ জৈট ৭ বিশ্বাস পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা বুরাবলিং নদী, পূর্ব্ব সীমা বন্দরের পথ, দক্ষিণ সীমা মদনমোহন দাসের ও রস্তম খাঁর ও নিতাইচরণ দত্তের বাটী, পশ্চিম সীমা রঘু বেহারার ও মদনমোহন দাসের বাটী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

জুডিশ্যাল ও পালিটিকল ডিপার্টমেণ্ট।

---

১০৯২ J নম্বর।

নিয়োগ

১৮৭২ সাল ২৩ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা গোয়ালন্দের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শাখাখণ্ডের কার্য্যকারক } স্বং পদোপলক্ষে।
সিবিল চিকিৎসক }
শ্রীযুত জান ফিলিপ মটলি সাহেব।
,, বাবু জ্ঞানচন্দ্র রায়।
,, মির মহম্মদ আলী।
,, বাবু শ্যামাশঙ্কর চৌধুরী।
,, বাবু কার্ত্তিকচন্দ্র পাঠক।
,, বাবু উমেশচন্দ্র সেন।
,, বাবু গোবিন্দচন্দ্র দত্ত।

১৮৭২ সাল ৩১ আগষ্ট। নিম্নলিখিত মহাশয়েরা বক্সারের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত জান স্কোবেল আর্মষ্ট্রং সাহেব।

Mr. P. W Carter.
Shah Latafut Hossein.
Syed Lukman Hyder.
Lalla Roghobardyal
Dr. Robert Temple Wright.

Dr Wright to be also Secretary to the Committee.

Mr. Robert John Richardson to officiate as District and Sessions Judge of Sarun and Chumparun during the absence on leave of Mr. A. Hope, or until further orders.

Babu Koylash Chunder Mozumdar to officiate as Moonsiff of Buddergunge, in Rungpore, during the absence on leave of Babu Kasinath Das, or until further orders

*The 3rd September* 1872.—Mr Herbert Vivoyen Holis Roberts is promoted to the Second Grade of Assistant Superintendents of Police.

LEAVE OF ABSENCE.

*The 30th August* 1872.—Lieutenant-Colonel William Robert Gordon, Officiating Deputy Inspector-General of Police, is allowed leave, under Section 18 of the Civil Leave Code, from the date on which he may be relieved by Colonel Raban to the 31st October next.

*The 31st August* 1872.—Mr. Alexander Hope, District and Sessions Judge of Sarun and Chumparun, for two months, from the 4th October next, under Section 18 of the Civil Leave Code.

*The 3rd September* 1872.—Sub-Assistant Surgeon Preumber Nath Mitter, of the Charitable Dispensary at Jehanabad, for one month, under Section 3, Supplement F of the Civil Leave Code.

NOTIFICATION.

*The 31st August* 1872.—The leave granted to Mr. William Watt Daly, District Superintendent of Police, Cachar, under orders of the 16th ultimo, is cancelled at his own request.

A. MACKENZIE,
*Offg. Secy to the Govt. of Bengal.*

---

NOTIFICATION.

*The 2nd September* 1872.—Under Section 2, Act II (B.C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping

শ্রীযুত পি, ডব্লিউ, কার্টার সাহেব।
„ শাহ্ লতাফৎ হুসেন।
„ সৈয়দ লোকমান হয়দর।
„ লালা রঘুবরদয়াল।
„ ডাক্তর রবার্ট টেম্পল রাইট সাহেব।

ডাক্তর শ্রীযুত রাইট সাহেব উক্ত কমিটীর সেক্রেটারীও হইবেন।

শ্রীযুত এ হোপ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত রবর্ট জান রিচার্ডসন সাহেব সারণ ও চাম্পারণের ডিষ্ট্রিকট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কাশীনাথ দাসের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কৈলাস চন্দ্রমজুমদার রঙ্গপুরের অন্তর্গত বদরগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ৩ সেপ্টেম্বর।—শ্রীযুত হর্ব্বর্ট বাইওয়েন হলিস রবর্টস সাহেব পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৭২ সাল ৩০ আগষ্ট।—পোলীসের একটিং ডেপুটী ইনস্পেকটর জেনরল লেপ্টেনেণ্ট-কর্ণেল শ্রীযুত উলিয়ম রবর্ট গর্ডন সাহেব যে তারিখে কর্ণেল শ্রীযুত রেবান সাহেবের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৩১ আগষ্ট।—সারণ ও চাম্পারণের ডিষ্ট্রিকট ও সেশন জজ শ্রীযুত আলেকজাণ্ডর হোপ সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি অকটোবর মাসের ৪ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৩ সেপ্টেম্বর। জাহানাবাদের দাতব্য ঔষধালয়ের সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত প্রিয়ম্বদনাথ মিত্র দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩১ আগষ্ট।—কাছাড়ের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত উলিয়ম ওয়াট ডেলি সাহেব গত মাসের ১৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ডবিধায়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২

of common gaming-houses) the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the Act to the villages opposite Dacca on the south side of the river Boorigunga, in outpost Keranigunge, Thannah Lallbagh, in the district of Dacca, within the limits given below —

1 Kaligunge
2 Chur Kutub
3 Jinjeera
4. Luchmungunge, Rughanathpore, and Lallpore
5 Keranigunge.
6. Hashlye
7 Musjeedpore
8. Chand Khan's Bagh
9 Borishoor.
10 Junglebari
11 Khoajunggur
12 Potkajore
13 Mandail Dokorea.
14. Khagail.

Bounded on the North by river Boorigunga, on the South by Shoobodyah, Nazirbaugh, Dakpara, Nazirgunge, Mandail, Kooshairbaugh, and Brammunkitta, on the West by Kholamoora, and on the East by Pargandooriah.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 24th August* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Dacca Municipality for a public purpose, viz. for widening the road leading from the main road to the Chowk to the Railway Ghât, in the city of Dacca, it is hereby declared that for the above purpose a piece of land 396 feet long and about 11 feet broad, measuring, more or less, 26 poles, bounded on the North by the main road to the Chowk; South by the residence of Mr. Eddy, East by the existing road to the Railway Ghât, and West by the land belonging to Mr. Wise, Kanye Laul, Kishoree Laul and Jussodalall Roy Chowdry, Mirzah Fazloo, Rohomut Khan, Eshan Chunder Addy, and Aga Golam Ally, is required in the city of Dacca.

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

NOTIFICATION.

*The 19th August* 1872.—With reference to the Notification of 16th September 1864, at page 1827 of the *Calcutta Gazette* for 12th October 1864, extending Act XX of 1856 to the Town of Rughonathpore, now in the district of Manbhum, it is hereby notified that the boundaries of the town for the purposes of that Act shall be as

আইনের ২ ধারামতে ঢাকা জিলার অন্তর্গত লালবাগ থানার কেরাণীগঞ্জ ফাঁড়ির এলাকায় ঢাকা নগরের পুরোবর্ত্তি বুড়িগঙ্গার দক্ষিণ তটস্থ নিম্নলিখিত সীমাবদ্ধ গ্রামে উক্ত আইনের বিধান প্রচলিত করিয়াছেন।

১। কালীগঞ্জ।
২। চর কুতব।
৩। জিঞ্জিরা।
৪। লক্ষণগঞ্জ, ও রঘুনাথপুর ও লালপুর।
৫। কেরাণীগঞ্জ।
৬। হাসলাই।
৭। মসজীদপুর।
৮। চাঁদখাঁরবাগ।
৯। বরিশূর।
১০। জঙ্গলবাড়ী।
১১। খোয়াজনগর।
১২। পটকাজোড়।
১৩। মামদৈল দোকড়িয়া।
১৪। খাগৈল।

উত্তর সীমা বুড়িগঙ্গা নদী, দক্ষিণ সীমা সুবোদ্যা ও নাজিরবাগ ও ডাকপাড়া ও নাজীরগঞ্জ ও মণ্ডৈল ও কুশেরবাগ ও ব্রাহ্মণকিত্তা, পশ্চিম সীমা খোলামুরা এবং পূর্ব্ব সীমা পরগন্দরিয়া।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ আগষ্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকা নগরের চকে যাইবার বড় পথ হইতে রেলওয়ে ঘাটে যে পথ যায় তাহা প্রশস্ত করণার্থে ঢাকা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্নমেন্টের ভূমিলওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা নগরে ৩৯৬ ফুট দীর্ঘ ও প্রায় ১১ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ২৬ পোল পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা চকপর্য্যন্ত যে পথ যায় তাহা, দক্ষিণ সীমা এডি সাহেবের বাটী, পূর্ব্বসীমা রেলওয়ে ঘাটপর্য্যন্ত এক্ষণ যে পথ আছে তাহা, পশ্চিম সীমা ওয়াইস সাহেবের ও কাণাইলাল ও কিশোরীলাল ও যশোদালাল রায় চৌধুরী ও মির্জা ফজলু ও রহমৎ খাঁ ও ঈশানচন্দ্র আঢ্য ও আগাগোলামআলির ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞাপনার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটীং সেক্রেটারী।

---

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগষ্ট।—ইক্ষণে মানভূম জিলার অন্তর্গত রঘুনাথপুর নগরে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করণার্থ ১৮৬৪ সালের সেপ্টেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ সালের অক্টোবর মাসের ১২ তারিখের কলিকাতা গেজেটের ১৮২৭ পৃষ্ঠায় প্রকাশ হয় তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের

declared below, and shall include the contiguous hamlet of Nundooarah

1*st* —On the North —The Utta river

2*nd* —On the East —The Bhootmorjor

3*rd* —On the South —A straight line drawn from the Bhootmorjor through Pundit Bagan to the hill called Jugew pahar, and thence skirting the base of the hills to Alkoosha pahar and Sulu paharee.

4*th* —On the West —A line drawn from Sulu paharee to Gyeghatee jor and continuing along the jor until the northern boundary is reached

A MACKENZIE,
*Offg Secy to the Govt of Bengal*

---

[Third Publication]

NOTIFICATION

*The 15th August* 1872 —In modification of the Government Notification of the 19th January 1869, published in the *Calcutta Gazette* of the 27th idem, the Lieutenant-Governor is pleased to publish the following revised specification of the boundaries of the Town of Burrisaul, in the District of Backergunge, for the purposes of Act VI (B C) of 1868 (the District Towns' Act) .—

The northern boundary commences above the Amanatganj Burning Ghât on the west bank of the Barisâl river and runs north-west until it crosses a narrow khâl at a point north of homestead No 11, now occupied by Sadaraddi Chaprasi It then runs west and south-west north of the rice fields of Amanatganj till it crosses the bamboo bridge over a khâl at a point north of homesteads Nos 48, 49, now occupied by Kâli Dâs Chakrabarti and Kista Kumár Dâs Thence the boundary line runs west till it strikes the Káonea road at a point north of the homestead No 76, now occupied by Kista Chundra Chattapadhya It then runs along the footpath in continuation of the Káoneá road, and along Akbar Khan's road, and finally passes by the north of the new Mahomedan burial ground and strikes the Lakutia road

The western boundary commences opposite the new Mahomedan burial ground and proceeds down the Lakutia road to its junction with the Mádhabposhá road. It then proceeds along portions of the north Bagura, south Bagura, Abkándá and Ságarde roads till it comes to a small affluent of the Ságarde Khál It then follows the course of this affluent up to its mouth, which is situated a little above the Ságarde bridge.

নিম্নলিখিত সীমা হইবে। ও নন্দুয়ারার নিকটবর্ত্তী পল্লী তন্মধ্যে ধরা যাইবে।

১ম।—উত্তর সীমা।—উত্তা নদী।

২য়।—পূর্ব্ব সীমা।—ভুটমোরজোর।

৩য়।—দক্ষিণ সীমা।—ভুটমোরজোরহইতে পণ্ডিত বাগানের মধ্যে দিয়া জগু পাহাড় নামে খ্যাত পর্ব্বত পর্য্যন্ত ও তথাহইতে পর্ব্বতের গোড়ার ধারেং আলকুশা পাহাড় ও সুলু পাহাড়ী পর্য্যন্ত যে সরল রেখা টানা যায় তাহা।

৪র্থ।—পশ্চিম সীমা।—সুলু পাহাড়ীহইতে গাইঘাটীজোর ও ঐ জোরের সঙ্গেং গিয়া উত্তর সীমার যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের এক্টিং সেক্রেটারী।

---

[তৃতীয়বার প্রকাশিত]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৫ আগষ্ট।—১৮৬৯ সালের জানুআরি মাসের ১৯ তারিখের গবর্ণমেন্টের যে বিজ্ঞাপন ঐ সালের ফেব্রুআরি মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অর্থাৎ (প্রাদেশীয় নগরাদির আইনের) অভিপ্রায় সফল করণার্থে বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশাল নগরের নিম্নলিখিত সংশোধিত সীমার বর্ণনা প্রকাশ করিলেন।

উত্তর সীমা বরিশাল নদীর পশ্চিম তটস্থ আমানতগঞ্জের শবদাহ ঘাটের ওদিক্ হইতে আরম্ভ হইয়া উত্তর পশ্চিম ভাবে সদারদ্দি চাপরাশির বর্ত্তমান ১১ নং ভিটার উত্তর যে স্থানে সঙ্কীর্ণ একটী খাল পার হয় সেই স্থান পর্য্যন্ত যায়, পরে পশ্চিম ও দক্ষিণপশ্চিম ভাবে আমানতগঞ্জের ধান্য ক্ষেত্রের উত্তর কালিদাস চক্রবর্ত্তী ও কৃষ্ণকুমার দাসের বর্ত্তমান ৪৮ ও ৪৯ নং ভিটার উত্তর যে স্থানে খালের বাঁশের সাঁকো পার হয় সেই স্থান পর্য্যন্ত যায়। তথাহইতে কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায়ের ৭৬ নং ভিটার উত্তর কাওনিয়া পথের যে স্থানে সীমার রেখা গিয়া মিলে সেই স্থান পর্য্যন্ত তাহা পশ্চিম মুখে যায়। কাওনিয়া পথহইতে পাদব্রজেগমনের যে পথ আছে তাহার সঙ্গেং ও আকবার খাঁর পথের সঙ্গেং ও শেষে মুসলমানদের নূতন কবর স্থানের উত্তর দিয়া লাকুতিয়া পথে গিয়া মিলে।

পশ্চিম সীমা মুসলমানদের নূতন কবরস্থানের সম্মুখে আরম্ভ হইয়া মাধবপোষা পথের সহিত লাকুতিয়া পথের সংযোগ স্থানপর্য্যন্ত লাকুতিয়া পথের সঙ্গে যায় পরে অংশতঃ উত্তর বাগুরা ও দক্ষিণ বাগুরা ও আবকাণ্ডা ও সাগর্দ্দি পথের সঙ্গেং গিয়া সাগর্দ্দি খালের এক ক্ষুদ্র জল স্রোত পর্য্যন্ত যায়। পরে ঐ ক্ষুদ্র স্রোতের সঙ্গেং সাগর্দ্দি খালের সাঁকোর কিঞ্চিৎ ওদিগে স্থিত তাহার মুখ পর্য্যন্ত যায়।

The southern boundary of the town is formed by the Ságarde Khâl, and the eastern boundary by the Barisâl river

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt of Bengal*

[Third Publication]

NOTIFICATION

*The 19th August* 1872.—It is hereby notified for general information that the introduction of the new Code of Criminal Procedure, which was to have come into operation on the 1st September next, has been postponed till the 1st January 1873, by an Act recently passed by the Council of the Governor-General for making Laws and Regulations

A. MACKENZIE,
*Offg Secy to the Govt. of Bengal*

[Third Publication]

NOTIFICATION.

*The 16th August* 1872.—Under the power vested in him by Section 2 of Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal), the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the town of Comercolly in the Nuddea District, with effect from 1st September 1872. The limits of the town for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B.C.) of 1868.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt of Bengal.*

[Third Publication]

NOTIFICATION

*The 13th August* 1872.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor that land is required to be taken by Government for a public purpose, viz., for the construction of a road or street in Calcutta from the junction of Sobah Bazar Street and Upper Chitpore Road to the Circular Road, and for frontages thereto, it is hereby declared that for the above purpose a strip of land averaging 100 feet, more or less, in width, extending eastward from Upper Chitpore Road to Upper Circular Road, is required.

The proposed line passes in its eastward course from the Upper Chitpore Road through the junction of Callypersaud Dutt's Street, Kally Krishna's

উক্ত নগরের দক্ষিণ সীমা সাগর্দ্দি খাল, ও পূর্ব্ব সীমা বরিশাল নদী।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগস্ট।—ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের যে নূতন আইন আগামি সেপ্টেম্বর মাসের ১লা তারিখ অবধি প্রচলিত হইত তাহা আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার প্রচারিত আইনদ্বারা ১৮৭৩ সালের জানুয়ারি মাসের ১লা তারিখ পর্য্যন্ত স্থগিত হইয়াছে, সাধারণের জ্ঞাপনার্থে ইহা প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৬ আগস্ট।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রতি ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে সামান্য দ্যূত ক্রীড়া ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি নদীয়া জিলার অন্তর্গত কুমারখালী নগরে ১৮৭২ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি উক্ত আইনের বিধান প্রচলিত করিয়াছেন। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের অভিপ্রায় সফল করণার্থেও তাহার সেই সীমা হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৩ আগস্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শোভাবাজার ষ্ট্রীটের ও অপর চিৎপুর রোডের সংযোগ স্থান অবধি সর্কুলর রোড পর্য্যন্ত পথ ও তাহার সম্মুখভাগ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত অপর চিৎপুর রোড অবধি পূর্ব্বমুখে অপর সরকুলর রোড পর্য্যন্ত গড় ন্যূনাধিক ১০০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

প্রস্তাবিত ঐ পথ অপর চিৎপুর রোডহইতে পূর্ব্বমুখে কালিপ্রসন্ন দত্তের ষ্ট্রীট ও কালীকৃষ্ণের লেন ও হরিঘোষের ষ্ট্রীট ও রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট ও কর্ণওয়া-

Lane, Hurry Ghose's Street, Rajah Nubkissen's Street, Cornwallis Street, and Hattee Bagan Street.

This Declaration is made, under the provisions of the Land Acquisition Act (X of 1870) to all whom it may concern.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt of Bengal.*

## Public Works Department,—Bengal.

IRRIGATION

No. 231

*The 2nd September* 1872

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for branch C of Distributary Channel No 14 in the villages of Nurhattee and Gomaee, Pergunnah Kasyorah, Zillah Midnapore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 6 acres 17 poles of standard measurement, length 5,220 feet, width 60 feet, is required within the aforesaid villages of Nurhattee and Gomaee.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No 232.

*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the construction of village channels for the purposes of irrigation in the district of Midnapore, it is hereby declared that for the above purposes 192 strips of land measuring, more or less, 360 beegahs 4 cottahs and 11½ chittacks of standard measurement, are required.

The terminal vileages and the total length and average width of all each strip of land required for the construction of the said village channels are stated in the Schedule printed below.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

লিস্ ষ্ট্রীট ও হাতিবাগান ষ্ট্রীটের সংযোগ স্থান দিয়া যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## বঙ্গদেশীয় পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

জলসেচন সম্পর্কীয়।

২৩১ নম্বর।

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত কাশীযোড়া পরগনার নরহাটী ও গোমাই গ্রামে জল সেচনার্থ ১৪ নং খালের C শাখার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত নরহাটী ও গোমাই গ্রামে কষ্টিমত পরিমাণের ন্যূনাধিক ৬ একর ১৭ পোল অর্থাৎ ৫২২০ ফুট দীর্ঘ ও ৬০ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

২৩২ নম্বর।

বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মেদিনীপুর জিলায় জল সেচিবার নিমিত্তে গ্রাম্য খাল প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কষ্টিমত পরিমাণের ন্যূনাধিক ৩৬০ /৪৸৶১০ ছটাক পরিমিত ১৯২ খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত গ্রাম্য খাল প্রস্তুত করণার্থে যে ভূমির প্রয়োজন তাহার সীমান্ত গ্রাম ও দীর্ঘ প্রস্থ পশ্চাৎ মুদ্রিত তফসীলে দেওয়া গেল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান মতে এই সংবাদ দেওয়া গেল।

## COSSYE DIVISION, PUBLIC WORKS DEPARTMENT.

*Land required to be taken up for Village Channels*

| Distributary. | Branches. | Name of village From | Name of village To | Total length | Average width |
|---|---|---|---|---|---|
| I | Main | Monibpore | Lutchmapore | 367 | 12 |
| | | Bar Batia | Popurarra | 1,268 | 12 |
| | | Popurarra | Chumka | 3,109 | 12 |
| | | Ditto | Wardah | 2,956 | 12 |
| | | Chenga Benga | Koopguria | 5,860 | 12 |
| | | Balaguria | Bardogacha | 2,684 | 6½ |
| | | Popurarra | Balaguria | 765 | 12 |
| | | Balaguria | Bagaguria | 2,353 | 6½ |
| | | Balaguria | Batee Takee (Bardogacha) | 2,353 | 6½ |
| | | Bardogacha (Batee Takee) | Chenga Benga | 3,427 | 12 |
| | | Popurarra | Barprotab | 976 | 6½ |
| | | Chuckmukarampore | Sreemunthpore | 312 | 12 |
| | | Mowah | Bar Juggernath | 2,700 | 12 |
| | | Ismialchuck | Niekotia | 1,500 | 12 |
| | | Mowah | Ismialchuck | 1,425 | 12 |
| | | Niekotia | Pockragurriah | 2,385 | 6½ |
| | | Tentoolmooree | Latarchuck | 5,885 | 12 |
| | | Palgurriah | Barhiddoo | 2,200 | 12 |
| | | Ismialchuck | Pataguriah | 556 | 6½ |
| | | Barhidoo | Barfoku | 900 | 12 |
| | B | Mahadpore | Ahmiguddah | 712 | 12 |
| | | Amiguddah | Burgura | 2,170 | 12 |
| | | Ditto | Bhandaria | 2,500 | 12 |
| | | Ditto | Bolock Chuck | 1,500 | 12 |
| | | Bhandariah | Samoona | 1,950 | 6½ |
| | | Bullorampore | Chuck Goorie | 3,100 | 12 |
| | | Ditto | Kanchunpore | 2,360 | 12 |
| | | Bhandaria | Mudhoogara | 3,006 | 12 |
| | C | Chuck Rampal | Dhurumpore | 1,335 | 6½ |
| | | Dhurmopore | Chuck Urjooni | 1,605 | 12 |
| | | Chuck Urjooni | Chuck Moorar | 1,780 | 12 |
| | | Konkasye | Chuck Choyton | 500 | 12 |
| | | Chuck Roghoo | Chuck Dundy | 1,840 | 12 |
| | | Chuck Chyeton | Chuck Choyton | 600 | 12 |
| | | Ditto | Chuck Roghoo | 880 | 6½ |
| | | Chuck Roghoo | Bagitpore | 1,840 | 12 |
| | | Sibkando | Satrungee | 1,838 | 12 |
| | | Kola | Ramchuck | 1,045 | 6½ |
| | | Ramchuck | Athrokhee | 2,560 | 12 |
| | | Kistopore | Athra | 3,292 | 12 |
| | | Mirzapore | Chuck Sutrungee | 7,161 | 6½ |
| | | Tantoolmooree | Chuck Gokool | 8,921 | 12 |
| | | Wordah | Mirzapore | 4,891 | 12 |
| | | Ruttonpore | Kankasye | 1,284 | 12 |
| | D | Sreemuntopore | Chuckgobind | 1,140 | 12 |
| | | Mowah | Chuck Kaloo | 5,970 | 12 |
| | | Sankristopore | Tentoolmooree | 2,511 | 12 |
| | | Chuck Gobind | Sankristopore | 842 | 6½ |
| | | Sankristopore | Kristopore | 1,410 | 12 |
| | | Chuck Sonadhur | Bhyrubpore | 4,157 | 12 |
| | | Kistopore | Goteguria | 3,270 | 6½ |
| | | Goteguria | Athra | 4,189 | 12 |
| | | Mowah | Rotheekoolgaria | 562 | 6½ |
| | | Rotheekoolgaria | Kandarachuck | 3,362 | 12 |
| | | Kistopore | Chuck Kalindi | 1,532 | 12 |
| | | Chuck Kalindi | Chuck Naraimbhunj | 1,786 | 6½ |
| | | Chuck Naraimbhunj | Shamsoonderpore | 6,117 | 12 |
| | | Bar Danwo | Chuck Naraimbhunj | 2,000 | 6½ |
| | | Gocoolpore | Shamchuck | 7,200 | 12 |
| | | Madarchuck | Gocoolpore | 4,500 | 6½ |
| | | Khallagurriah | Bipsar | 4,010 | 6½ |
| | | Berampore | Madarchuck | 6,186 | 6½ |
| | E | Barbindabun | Dhaneegurriah | 640 | 12 |

| Distributary | Branches | Name of village. From | Name of village. To | Total length | Average width. |
|---|---|---|---|---|---|
| | | Mowah | Shakipore | 900 | 12 |
| | F | Jamichuck | Palaschuck | 2,447 | 12 |
| | | Jamkoah | Jamichuck | 785 | 12 |
| | | Polasheechuck | Jambolbia | 4,404 | 12 |
| | | Jamichuck | Amulpore | 784 | 6½ |
| 3 | Main | Sultanpore | Hurruna | 6,951 | 12 |
| | | Ditto | Sankootee | 2,672 | 12 |
| | | Ditto | Kazichuck | 840 | 12 |
| | | Chowpana | Kazimary | 135 | 12 |
| | | Goomie | Doobrazee | 2,400 | 12 |
| | | Ditto | Koeguria | 1,400 | 12 |
| | | Koeguria | Moogurchuck | 945 | 12 |
| | | Balbanda | Chuck Balbanda | 845 | 12 |
| | | Ditto | Chuck Govind | 1,276 | 12 |
| | | Khanamohan | Bhuruthpore | 2,555 | 12 |
| | | Shampore | Jogotmoney | 500 | 12 |
| | | Chuck Lallah | Chalthaguria | 1,040 | 12 |
| | | Ditto | Panifoliah | 2,636 | 12 |
| | E | Chulthagurriah | Kooldiah | 2,270 | 12 |
| | | Kujlaguria | Saheegara | 1,025 | 12 |
| | | Ditgurriah | Sangasaneepore | 2,290 | 12 |
| | | Sabugurriah | Gopalpoonji | 3,100 | 12 |
| | | Panchgurriah | Shikarpore | 3,833 | 12 |
| | D | Jogutmoney | Assary | 1,425 | 12 |
| | | Jugathmoney | Balaguria | 1,400 | 12 |
| | | Assary | Gheeagurriah | 1,656 | 12 |
| | | Roghoonathpore | Barthepore | 1,170 | 12 |
| | | Barthepore | Chuck Doorgapore | 3,894 | 12 |
| | | Ditto | Goopeenathpore | 1,504 | 6½ |
| | | Bindrabunpore | Foolgurriah | 1,785 | 12 |
| | | Kooldeah | Bustomchuck | 2,300 | 12 |
| | A | Chowpana | Pultha | 977 | 12 |
| | | Bar Bagooni | Goalpotha | 4,095 | 12 |
| | | Paneegurriah | Jhuria | 2,241 | 12 |
| | | Kaloochuck | Joonomandarie | 1,041 | 12 |
| | | Kaloochuck | Ahmudpore | 4,070 | 12 |
| | | Kaloochuck | Sarpore | 3,356 | 6½ |
| | | Sarpore | Seemana | 2,644 | 12 |
| | | Kaloochuck | Jurriah | 1,430 | 6½ |
| | | Jhurriah | Sarpore | 733 | 12 |
| | | Foolgurriah | Bisregurriah | 2,014 | 12 |
| | | Panegurriah | Koonsee | 5,000 | 12 |
| | | Koonsee | Oojoonee | 2,728 | 6½ |
| | | Ditto | Satphuky | 387 | 6½ |
| | | Satbacky | Seemana | 1,281 | 12 |
| | | Oorgoonee | Jagool | 820 | 12 |
| | | Jagool | Kabilpore | 3,640 | 12 |
| | | Ditto | Gobadunpore | 1,653 | 12 |
| | | Ditto | Booreegurriah | 1,600 | 12 |
| | | Ditto | Chuck Bolaram | 1,742 | 12 |
| | | Booiugurriah | Doorgapore | 3,840 | 12 |
| | | Chuck Boloram | Hoosinpore | 3,840 | 12 |
| | | Bar Bagumy | Allychuck | 3,054 | 12 |
| | | Chartey | Gooneerji | 970 | 12 |
| | Parallel channel. | Barbussuntpore | Bussuntopore | 2,260 | 12 |
| | | Bussuntpore | Parooa | 1,833 | 12 |
| | | Rughoonathpore | Ghurooeguria | 1,376 | 12 |
| | | Rughoonathpore | Holdee | 2,520 | 12 |
| | Supplementary No 3 | Khideemgurriah | Sankoorongee | 1,121 | 12 |
| | | Chek.. | Barbattiah | 1,715 | 12 |
| | | Sankoorongee | Salkoosee | 3,210 | 12 |
| | | Ditto | Barathani | 1,347 | 6½ |
| | | Bietha | Narainbatty | 1,943 | 12 |
| | | Nanker | Kulhanpore | 5,275 | 12 |
| | | Ditto | Hurreesunkerpore | 3,055 | 12 |
| | | Ditto | Kisserpore | 1,255 | 6½ |
| | | Kotie | Darikapore | 6,900 | 12 |
| | | Ditto | Byecherry | 5,937 | 6½ |

| Distributary. | Branches | Name of village. From | Name of village To | Total length | Average width |
|---|---|---|---|---|---|
| 4 | Main | Konkalcy | Jomerah | 2,035 | 12 |
| | | Gooratariah | Soorooc | 2,941 | 6½ |
| | | Soorae | Dhangah | 8,006 | 12 |
| | | Ditto | Pyesitce | 3,756 | 6½ |
| | | Goratania | Nibia | 1,360 | 6½ |
| | | Pyesitee | Dingo | 5,096 | 12 |
| | | Battytaky | Shitty Shallagurriah | 2,935 | 12 |
| | | Ditto | Tantooliah | 405 | 6½ |
| | | Barboody | Chuck Goorah | 653 | 12 |
| | | Looah | Jajichuck | 2,520 | 12 |
| | | Satrungee | Chuck Palana | 1,306 | 12 |
| | | Ditto | Rawoothchuck | 905 | 12 |
| | | Ditto | Shara | 2,48 | 12 |
| | | Ditto | Chuck Sham | 261 | 6½ |
| | B | Loah Barbassee | Munglooe | 3,012 | 12 |
| | | Ditto | Hatykhaja | 612 | 6½ |
| | | Manglooe | Hodla | 5,006 | 12 |
| | | Gomoorah | Chuck Soojah | 2,567 | 6½ |
| | | Markoondachuck | Chucktooriah | 951 | 12 |
| | | Chuck Poorun | Nullaguria | 1,950 | 12 |
| | | Amadyghee | Gookoolagurriah | 2,137 | 12 |
| | | Ditto | Nursinga | 2,020 | 12 |
| | | Ditto | Ghosekhirra | 1,050 | 12 |
| | | Ditto | Singarpore | 2 146 | 12 |
| | | Mahadpore | Ghiachuck | 5,181 | 12 |
| | | Bhanpore | Chuck Pooroosoora | 2,200 | 12 |
| | | Gopalpore | Ajmutpore | 3,128 | 12 |
| | | Chundipore | Kristopore | 2,110 | 12 |
| | C | Chuck Bhuruth | Barboodhy | 810 | 12 |
| | | Chuck Dassy | Johnanda | 1,656 | 12 |
| | D | Shahara | Kalikadyhee | 1,875 | 12 |
| | | Ditto | Kristopore | 3,820 | 12 |
| | | Hurihurpore | Choochchara | 675 | 12 |
| | | Choochiharry | Hatmuldah | 1,100 | 12 |
| | | Choochchara | Nya Hurihurpore | 190 | 12 |
| | E | Juggurriah | Mocoondo Chuck | 3,125 | 12 |
| | | Dhalaet Chuck | Khinda | 100 | 12 |
| | | Dargapore | Ghorattariah | 3,437 | 12 |
| | | Palagurriah | Bhyrabpore | 1,035 | 12 |
| | | Ditto | Baitah | 3,600 | 12 |
| | Parallel channel | Bussuntopore | Shoonderpore | 3,695 | 12 |
| | | Shoorooe | Shamchuck | 2,136 | 12 |
| | Supplementary No. 4. | Ghanagurriah | Rampoorah | 7,772 | 12 |
| | | Ditto | Booragurriah | 5 160 | 6½ |
| | | Kinker | Dawray | 1,325 | 12 |
| | | Kontai | Shitool | 1 780 | 12 |
| | | Ditto | Noyabhooson | 1,550 | 6½ |
| | | Bar ditto | Maisha | 916 | 12 |
| | | Dharagurriah | Athli | 4,950 | 12 |
| | | Ditto | Cowarpore | 2,800 | 6½ |
| | | Roghoonathpore | Hamerpore | 2,876 | 12 |
| | E | Doojipore | Goomara | 2,100 | 12 |
| | | Goomara | Jhilinga | 3,200 | 6½ |
| | | Goomara | Tagaria | 4,200 | 12 |
| | | Hurina | Goomara | 990 | 6½ |
| | | Tagaria | Doojipore | 2,800 | 12 |
| 5 | | Barkathe | Madhoopore | 5,885 | 12 |
| | | Ditto | Sadthchuck | 3,241 | 6½ |
| | | Baieguny | Seemana | 300 | 12 |
| Parallel Channel | | Dhoonychuck | Baieguny | 1,061 | 12 |

F. T. HAIG, Lt.-Col., R.E.,
*Offg. Joint-Secy. to the Govt. of Bengal,*
*P. W. Dept., Irrgn. Branch.*

CALCUTTA GAZETTE
*The 4th September* 1872.

[*Government Gazette*, 10*th September* 1872.]

| জল বিতরণ | শাখা। | যে গ্রামঅবধি। | যে গ্রামপর্য্যন্ত। | মোট দীঘ। | গড়ে প্রস্থ |
|---|---|---|---|---|---|
| | | কালুচক ... | তাহমদপুর .. | ৪,০৭০ | ১২ |
| | | কালুচক ... | সারপুর . | ৩,৩৫৬ | ৬॥ |
| | | সাপুর .. | সীমানা . | ২,৬৪৪ | ১২ |
| | | কালুচক .. | ঝুরিয়া | ১,৪৩০ | ৬। |
| | | ঝুরিয়া .. | সাবপুর | ৭৩৩ | ১২ |
| | | ফুলগুড়িয়া ... | বিসগুড়িয়া .. | ২,০১৪ | ১২ |
| | | পানিগুড়িয়া .. | কুনসী | ৫,০০০ | ১২ |
| | | কুনসী . | ডঙ্গুনী . | ২,৭২৮ | ৬॥ |
| | | ঐ ... | সাতকুকী | ৩৮৭ | ৬॥ |
| | | সাতবাকি .. | সীমানা | ১,২৮১ | ১২ |
| | | উবগুণী . | জাগুল . | ৮২০ | ১২ |
| | | জাগুল ... | কবিশপুর ... | ৩,৬৪০ | ১২ |
| | | ঐ ... | গবাদনপুর .. | ১,৬১৩ | ১২ |
| | | ঐ | বুড়িগুড়িয়া .. | ১,৬০০ | ১২ |
| | | ঐ .. | চক বলারাম .. | ১,৭৪২ | ১২ |
| | | বুকগুড়িয়া .. | দুর্গাপুর . | ৩,৮৪০ | ১২ |
| | | চকবলরাম .. | হুসিনপুর .. | ৩,৮৪০ | ১২ |
| | | বাড়বাগুমি . | আশীচক ... | ৩,০৫৪ | ১২ |
| | | চাবটী . | গুনিবজী | ৯৭০ | ১২ |
| | সমান্ত-বাল খাল | বড়বসন্তপুর | বসন্তপুর | ২,২৬০ | ১২ |
| | | বসন্তপুর ... | পাকয়া ... | ১,৮৩৩ | ১২ |
| | | রঘুনাথপুর | যুকইগড়িয়া .. | ১,৩৭৬ | ১২ |
| | | রঘুনাথপুর . | হোলদি .. | ২,৫২০ | ১২ |
| | ৩ [illegible] | গিদীমগুড়িয়া ... | সাঁকুবজি | ১,১২১ | ১২ |
| | | চিলা | বাড়বাটীয়া . | ১,৭০৫ | ১২ |
| | | সাঁকুবজি . | সানকুসী | ৩,২১০ | ১২ |
| | | ঐ | বাংথানি | ১,৩৪৭ | ৬॥ |
| | | বাইথা | নারায়ণবাটী ... | ১,৯৪৩ | ১২ |
| | | নানুকর ... | কল্যানপুর ... | ৫,২৭৫ | ১২ |
| | | ঐ .. | হরিশঙ্করপুর .. | ৩,০৫৫ | ১২ |
| | | ঐ ... | কিশবপুর ... | ১,২৫৫ | ৬। |
| | | কোটাই ... | দ্বারিকাপুর ... | ৬,৯০০ | ১২ |
| | | ঐ ... | বাইচরি ... | ৫,৯৩৭ | ৬॥ |
| | ৪ প্রধান | কনকালী . | জোমেরা .. | ২,০৩৫ | ১২ |
| | | গুবাভারিয়া . | সুকই .. | ২,৯৪১ | ৬॥ |
| | | দুবাই .. | ধানগা | ৮,০০৬ | ১২ |
| | | ঐ .. | পাইসিন্তী .. | ৩,৭৫৬ | ৬॥ |
| | | গোবাভারিয়া .. | নিবদা | ১,৩৬০ | ৬॥ |
| | | পাইসিন্তী .. | ডিঙ্গো .. | ৫,০৯৬ | ১২ |
| | | বাস্তীভাকি ... | শিন্তী শালা গুড়িয়া ... | ২,৯৩৩ | ১২ |
| | | ঐ .. | তেঁতুলিয়া .. | ৪০৫ | ৬॥ |
| | | বারবুদি ... | চব গুরা .. | ৬৫৩ | ১২ |
| | | লুয়া ... | জাজি চক .. | ২,৫২০ | ১২ |
| | | সাতরজি . | চক পালানা . | ১,৩০৬ | ১২ |
| | | ঐ . | রাউথ চক ... | ৯০৫ | ১২ |
| | | ঐ ... | শারা | ২,৪৮০ | ২ |
| | | ঐ . | চক শ্যাম ... | ২৬৪ | ৬॥ |
| | খ | লোয়া বাড়বাসি .. | মজলই .. | ৩,০৫২ | ১২ |
| | | ঐ .. | হাতিথাজা ... | ৬৪২ | ৬॥ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১০ সেপ্টেম্বর।]

| জল বিতরণ। | শাখা। | যে গ্রামঅবধি। | যে গ্রামপর্য্যন্ত। | মোট দীর্ঘ। | গড়ে প্রস্থ। |
|---|---|---|---|---|---|
| ৪ | প্রধান | মঙ্গলই | হোদলা | ৫,০০০ | ১২ |
| | | গোমুড়া | চক সুজা | ২,৫৬৭ | ৬॥ |
| | | মারকুন্দা চক | চক ভুরিয়া | ৯৫৪ | ১২ |
| | | চক পুরণ | নল্লা গুড়িয়া | ১,৯৫০ | ১২ |
| | | আমাদিঘী | গোকুণা গুড়িয়া | ২,৪৫৭ | ১২ |
| | | ঐ | নরসিঙ্গা | ২,০২৯ | ১২ |
| | | ঐ | ঘোসখিবা | ১,০৫০ | ১২ |
| | | ঐ | সিঙ্গারপুর | ২,৪৪৬ | ১২ |
| | | মাজাদপুর | ঘিষাচক | ৫,১৮৪ | ১২ |
| | | ভানপুব | চক পুকুরা | ২,২০০ | ১২ |
| | | গোপালপুর | আজমৎপুর | ৩,১২৮ | ১২ |
| | | চণ্ডীপুর | কৃষ্ণপুর | ২,১৪০ | ১২ |
| | গ | চক ভরত | বাড়বুধি | ৮৪০ | ১২ |
| | | চক দাশী | জ'লনান্দা | ১,৬৫৬ | ১২ |
| | ঘ | শাহারা | কালি কাড়িতী | ১,৮৭৫ | ১২ |
| | | ঐ | কৃষ্ণপুর | ৩,৮২১ | ১২ |
| | | ঙরজবপুর | চুছারা | ৬২৫ | ১২ |
| | | চুচিহাবি | হাটমলদহ | ১,১০০ | ১২ |
| | | চুছাবা | নযাকবিহরপুব | ৫৯০ | ১২ |
| | চ | জাগুড়িযা | মকুন্দচক | ৩,১২৫ | ১২ |
| | | চালাএৎচক | খিন্দা | ১০০ | ১২ |
| | | দর্গাপুর | ঘোড়াতাড়িয়া | ৩,৪৩৭ | ১২ |
| | | পালাগুড়িযা | ভৈরবপুর | ১,০৩৫ | ১২ |
| | | ঐ | নাইতা | ৩,৬০০ | ১২ |
| | সমান্তরাল খাল। | বসন্তপুর | সুন্দরপুর | ৩,৬৯৫ | ১২ |
| | | সুরুই | শ্যামচক | ২,১৩৬ | ১২ |
| | | ঘানগুড়িযা | বামপুবা | ৭,৭৭২ | ১২ |
| | | ঐ | বুড়াগুড়িয়া | ৫,৪৬০ | ৬॥ |
| | ৪ নং পরিশিষ্ট | কিঙ্কর | ভাবে | ৪,৩২৫ | ১২ |
| | | কমুটাই | শিতুল | ৪,৭৮০ | ১২ |
| | | ঐ | মযাভুষণ | ১,৭৫০ | ৬॥ |
| | | বড ঐ | মাইশা | ৯১৬ | ১২ |
| | | গাবাগুড়িয়া | আৎলা | ৪,৯১০ | ১২ |
| | | ঐ | কৌমারপুর | ২,৮০০ | ৬॥ |
| | | রঘুনাথপুর | চামিরপুর | ২,৮৭০ | ১২ |
| | চ | ভুজিপুর | গুমারা | ২,১০০ | ১২ |
| | | গুমারা | ঝিলিঙ্গা | ৩,২০০ | ৬॥ |
| | | গুমারা | ভাগারিযা | ৪,২০০ | ১২ |
| | | হরিণা | গুমারা | ৯৯০ | ৬॥ |
| | | ভাগারিয়া | ভুজিপুর | ২,৮০০ | ১২ |
| ৫ | | বাড়কাথি | মধুপুর | ৫,৮৮৫ | ১২ |
| | | ঐ | সদথচক | ৩,২৪৪ | ৬॥ |
| | | বাইগুনি | সীমলা | ৩০০ | ১২ |
| সমান্তবাল খাল। | | ধুনাইচক | বাগনি | ১,০৬১ | ১২ |

এক টি ডেগ। লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে জল সেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জাইন্ট সেক্রেটারী।

## Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

*The 24th August* 1872.—Baboo Gunnesh Chunder Chowdhree, Moonsiff of Commillah, Zillah Tipperah, for two months, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

*The 27th August* 1872.—Baboo Kassinath Dass, Moonsiff of Buddergunge, Zillah Rungpore, for two and a half months, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

*The 30th August* 1872.—Baboo Ramgopaul Chakee, Moonsiff of Madaripore, Zillah Backergunge, for the ensuing Dusserah vacation only, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Kissen Mohun Mookerjee, Additional Moonsiff of Jessore, for the ensuing Dusserah vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Juddoonath Roy, Moonsiff of Sooree, Zillah Beerbhoom, for the ensuing Dusserah vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Nobin Chunder Gangoolee, Moonsiff of Luskurpore, Zillah Sylhet, for one month, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

By order of the High Court,

W. CORNELL,

*Offg. Registrar.*

HIGH COURT,

*The 2nd September* 1872.

## বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭২ সাল ২৪ আগষ্ট।—ত্রিপুরা জিলার কমিল্লার মুনসেফ শ্রীযুত বাবু গণেশ চন্দ্র চৌধুরী দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৭ আগষ্ট।—রঙ্গপুর জিলার বদরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কাশীনাথ দাস দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আড়াই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৩০ আগষ্ট।—বাকরগঞ্জ জিলার মাদারীপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল চাকি, দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে কেবল আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

যশোহরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণমোহন মুখোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাযাছেন।

বীরভূম জিলার সিউড়ীর মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ রায দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাযযাছেন।

শ্রীহট্ট জিলার লস্করপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র গঙ্গোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

আজ্ঞাক্রমে,

ডবলিউ কর্ণেল,

একটীং রেজিষ্ট্রার।

হাই কোর্ট,

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।

## Circular Orders of the High Court of Judicature at Fort William in Bengal.

No. 4.

To all Sessions Judges and Magistrates,—(dated Calcutta, the 10th August 1872)

HIGH COURT, &c
CRIMINAL SIDE
*Present*
The Hon'ble Sir R Couch, *Kt, Chief Justice,*
" F A Glover,
" W Ainslie,
*Judges of the Court*

Considerable inconvenience having been felt by the Judges composing Criminal Benches of this Court from the manner in which the record of Criminal appeals and references is frequently made up in the Courts of Sessions Judges and Magistrates, the following directions are for the future to be strictly attended to.

## বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের ফৌজদারী সরক্যুলর অর্ডর।

৪ নম্বর।

সকল সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭২ সাল ১০ আগষ্ট।

হাই কোর্ট।
উপস্থিত।
শ্রীযুত মান্যবর সর আর কৌচ সাহেব।
নাইট। চীফ জষ্টিস।
,, এফ, এ, গ্লবর সাহেব।
,, ডবলিউ এন্‌সলি সাহেব।
হাই কোর্টের জজ।

ফৌজদারী মোকদ্দমার আপীল হইলে কিম্বা সেই প্রকারের মোকদ্দমা অর্পণ করা গেলে সেশন জজ সাহেবদের ও মাজিষ্ট্রেটদের আদালতে কাগজপত্র উপযুক্তরূপে প্রস্তুত না হওযাতে এই কোর্টের ফৌজদারী বেঞ্চের জজ সাহেবদের অনেক কষ্ট হইয়া থাকে। এই কারণে ইতঃপরে নিম্নলিখিত আদেশ দৃঢ়মতে মানিতে হইবে।

2. The evidence of the witnesses should in all cases be recorded on printed or lithographed Forms, and care should be taken that the headings are carefully and accurately filled up. No more than one deposition should be written on each sheet; and when the evidence of a witness does not fill the whole of the paper, care should be taken to affix the memorandum required by Section 199 of the Code of Criminal Procedure, exactly at the close of the writing. In many cases, the Court have found the deposition ending on one page and the memorandum filled in at the end of the other page, and there is no security against the blank being filled in, after the record has been returned to the Sherishta, with something that the witness did not say.

২। সাক্ষিদের সাক্ষ্য সর্ব্বদাই মুদ্রিত কি লিথগ্রাফ করা পাঠে লিখিয়া দিতে হইবে। আর শিরোভাগের সকল কথা সাবধানে ও শুদ্ধরূপে লেখা যায় এই বিষয়ে মনোযোগ করিতে হইবে। এক২ কর্দ্দে কেবল এক২ জনের সাক্ষ্য লিখিতে হইবে। এক জন সাক্ষির প্রমাণে কাগজ পূর্ণ না হইলে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ১৯৯ ধারার আজ্ঞামত মর্ম্মাত্মক লিপি সেই প্রমাণের অব্যবহিত নিম্নাংশে লিখিতে হইবে। কোন সময়ে এক পৃষ্ঠায় সাক্ষ্য, অপর পৃষ্ঠায় উক্ত মর্ম্মাত্মক কথা লেখা গিয়া থাকে, হাই কোর্ট ইহা অনেকবার দেখিয়াছেন। সুতরাং ঐ কাগজ সিরিশতায় রাখা গেলে পর সাক্ষী যাহা নাও কহিয়াছে ঐ ফাক থাকা স্থানে এমত কথা যে না লেখা যাইবে তাহার নিশ্চয় কি।

3. The attestation required could be impressed at the end of a deposition by a stamp, which would be, for obvious reasons, a better plan than affixing it as a label by means of gum or paste.

৩। প্রমাণের ঐ কথার শেষে সাক্ষির স্বাক্ষর-স্বরূপ প্রয়োজনীয় স্বাক্ষর আটা কি লেই দিয়া টিকিটের মত না বসাইয়া ইষ্টাম্প দ্বারা ছাপিয়া দেওয়া যাইতে পারিবে এইরূপ করা স্পষ্টই ভাল।

4. The Court also desire that all documents referred to by the Sessions Judge, and used by him as evidence (such as medical depositions, confessions of accused, &c., &c.), should be put up with the Sessions Nuthee. Considerable inconvenience as well as delay is caused by the Appellate Court having frequently to search through the Magistrate's proceedings for papers which ought to form part of the Sessions record. Copies can, if necessary, be placed in the Magistrate's records.

৪। সেশন জজ সাহেব চিকিৎসকের সাক্ষ্য ও অভিযুক্ত ব্যক্তিদের অপরাধ স্বীকার বাক্য প্রভৃতি যে সকল দলীলের উল্লেখ করেন ও প্রমাণস্বরূপ যাহার ব্যবহার করেন হাই কোর্ট সেশনের নথীর শামিল করিয়া তাহা পাঠাইতে আদেশ করেন। সেশন আদালতের কাগজপত্রের মধ্যে যে দলীল থাকা উচিত মাজিষ্ট্রেট সাহেবের কাগজপত্রের মধ্যে তাহা খুজিয়া লইবার আবশ্যক হওয়াতে আপীল আদালতের বারম্বার অনেক কষ্ট ও সময় হরণ হইয়া থাকে। আবশ্যক হইলে ঐ সকল দলীলের নকল মাজিষ্ট্রেটের কাগজপত্রের মধ্যেও দেওয়া যাইতে পারিবে।

5. When confessions of accused persons made before a Magistrate form part of the evidence against the persons committed for trial to the Court of Sessions, they should be accompanied by translations into English fairly written out. The Court has frequently to notice the great difficulty experienced in the reading of the vernacular papers of the local Courts by persons unaccustomed to the peculiarities of the writing and local idiom.

৫। সেশন আদালতের বিচারার্থে যে অভিযুক্ত ব্যক্তিদিগকে সমর্পণ করা যায় মাজিষ্ট্রেটের সম্মুখে তাহারা যে অপরাধ স্বীকার করিল তাহা প্রমাণের মধ্যে থাকিলে ইঙ্গরেজী ভাষায় তাহার অনুবাদ সঙ্গে থাকা উচিত। সেই অনুবাদ পরিষ্কাররূপে লিখিতে হইবে। স্থানবিশেষে যে লিখনের ও বাক্য রচনার যে বিশেষ প্রণালী আছে তাহাতে অভ্যাস না থাকিলে সেই স্থানের আদালতের দেশীয় ভাষায় লিখিত কাগজপত্র পাঠ করা কঠিন ব্যাপার। হাই কোর্টের সাহেবেরা ইহাও বারম্বার দেখিতে পান।

By order of the High Court,

W. CORNELL,
*Offg Registrar*

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

**No. 5.**

**All Sessions Judges and Magistrates,—(dated Calcutta, the 17th August 1872)**

HIGH COURT, &c.,
CRIMINAL SIDE.
*Present:*
The Hon'ble Sir R. COUCH, Kt., *Chief Justice*
The Hon'ble W. MARKBY,
" F. A. GLOVER,
" W. AINSLIE,
*Judges of the Court.*

Are informed that the Vernacular registers of fines in their offices, required to be kept up by paragraph 2 of Circular Order No. 14, dated 16th December 1867, need no longer be examined by the Sessions Judges, as they are required to be examined and dealt with by the Commissioner of the Division in his annual tour of inspection or at other suitable seasons.

By order of the High Court,
W. CORNELL,
*Offg. Registrar.*

৫ নম্বর।

কলিকাতা ১৮৭২ সালের ১৭ আগষ্ট।

সকল সেশন জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেবকে

হাই কোর্ট।
উপস্থিত।
শ্রীযুত মান্যবর সের আর কোচ সাহেব।
" নাইট চিফ জষ্টিস।
" ডবলিউ মার্কবি সাহেব।
" এফ এ গ্লবর সাহেব।
" ডবলিউ এনস্লি সাহেব।
হাই কোর্টের জজ

এই কথা জানান যাইতেছে। ১৮৬৭ সালের ১৬ ডিসেম্বরের ১৪ নং সরক্যুলর অর্ডরের ২ ধারামতে তাঁহারদের কার্য্যালয়ে অর্থদণ্ডের যে রেজিষ্টরী বহী দেশীয় ভাষায় লিখিয়া রাখিবার আদেশ আছে তাহা সেশন জজ সাহেবদের আর পরীক্ষা করিয়া দেখিবার প্রয়োজন নাই। যে হেতু বৎসরং দওরায় গমনকালে কিম্বা অন্য উপযুক্ত সময়ে দেশখণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি সেইং বহী দেখিবার ও তাহা লইয়া উচিত কার্য্য করিবার আদেশ হইয়াছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।
ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

---

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকা গত ২৫ মেই শেষ তারিখের সূর্য্যাস্তপর্য্যন্তের বাকীপড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৭২ ইংরেজীর ২৩ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ বাঙ্গালার ৮ আশ্বিন রোজ সোমবার জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭২ ইং তারিখ ৮ আগষ্ট।

মহল নওয়াবাদ।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবেক।
মৌজে দক্ষিণ হিল্লা থানে টেকনাপ।

৪৬০ নং তালুক খোআমে চৌং আহালীএ ও শ্রীমতী উমারি চৌধুরীয়া দোকার মৃত হোপা চৌং ও ক্যাতং চৌং ও ক্যাপো চৌং পীহয়ান সান্দো চৌং মৃত ওন্দাপিঞ্জ চৌং ও শ্রীমতী চাইঞাও চৌধুরীয়া পীং বাইন্থং চৌং সাং দক্ষিণ হিলনা বাং তালুক কান্দো সমুদাএ তালুক নীলাম হইবেক। সদর জমা ৬৭০৸৶

রোডকণ্ড ... ... ৬৸০

---

৬৭৭৷৶

(F)

A. L. CLAY,
*Offg. Collector.*

## জিলা মেদিনীপুর।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনঅনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২৫ সেপ্টেম্বর মোতাবেক ব জলা ১০ আশ্বিন ১২৭৯ সাল আমলি ১১ আশ্বিন ১২৮০ সাল বুধবার দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৭২ সাল তারিখ জুলাই।

### তফসীল।

| তৌজীর নং | রেজিষ্টরির নং | নাম মহাল | নাম পরগণা | নাম মালিক | সদর জমা | বাকী যাহার জন্য নীলাম হইবে | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | | দশসালা বন্দবস্তা মহাল। | দাঁতমুঠা | | | | |
| ৫৫৩ | ৯৬৬ | দাঁতমুঠ এককে এবেন্দ মেহাদী বন্দবস্তা মহাল | | ভরতচরণ সৎপতি | ১০২৯।/. | ৭৪/৩ | |
| ২১০ | ২০১০ | লাড়ুয়ামুঠা জালপাই খাস পতিত বানিযোড় জালপাই পরিকানাদ জালপাই মাজনামুঠা জালপাই খাস পতিত কশবা হিজলী জালপাই খাস পতিত। | মাজনামুঠা জমীদারী সংক্রান্ত | রাধিকাপ্রসন্ন চক্র .. | ৮৩২৭।/ | ১৪৩৯৸১ | রসীদ বন্দবস্তমতে এই মহালের জমা আমলি ১২৮০ সালে ১০২৩০৸০ টাকা হইয়া সন ১২৮৭ সালপর্য্যন্ত চলিয়া মেয়াদঅতীত হইবেক। |

J. A. Hopkins,
*Covenanted Deputy Collector,*
*for Collector.*

(F)

## জিলা নদীয়া।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৬ সেপ্টেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭২ সাল তারিখ ২৩ জুলাই।

### ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৪৭৭।০ নং তাং শ্যামপুর পরগণে হাওয়ালখালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী ও নকরচন্দ্র পাল চৌধুরী-দিগর স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট সদর জমা ৫৫৩।।০ টাকা বাকী খাজানা ৮।৶৯ টাকা।

### টেম্পরারি মহাল।

২৭৬৯ নং চর মতিডেঙ্গা গোড়ভাঙ্গা পরগণে রাজপুর মালিক দীননাথ মুখোপাধ্যায়দিগর সদর জমা ৫১৭৶১০ টাকা বাকী খাজানা ২।।৵১ টাকা।

(F)

W. Oldham,
*Offg. Collector.*

[*Government Gazette, 10th September* 1872]

৭। বিশেষ কমিটীর প্রস্তাবিত নিয়মানুসারে এবং তাঁহারা ১৮৭২ সালের ৪ মের নোটিসে অন্য যে নিয়ম অবধারণ করিলেন সেই নিয়ম পালন হইলে পাটের আইনমতে নিম্নলিখিত পাটের গুদামের লাইসেন্স দেওয়া যায় এবং প্রত্যেক গুদামের নিমিত্ত যত টাকা ফী লইবার পরামর্শ দেওয়া গেল তাহা অনুমোদিত হয় সভাপতি এই প্রস্তাব করিবেন।

| নম্বর ও ষ্ট্রীট | স্বামির কি দখীলকারের নাম। | প্রস্তাবিত ফী। |
|---|---|---|
| | | টাকা। |
| ৫ সুকিয়াস্ লেন | মদনমোহন আঢ্য | ২৫০ |
| ৬ ঐ ঐ | বংশীধর ও রাজকৃষ্ণ দাস | ২৫০ |
| ৯ ঐ ঐ | ঐ | ২৫০ |
| ১০৯ কানিং ষ্ট্রীট | মহেশচন্দ্র চট্টোপাধ্যায় | ২৫০ |
| ২৭ ষ্ট্রাণ্ড রোড | নবীনচন্দ্র বসু | ২৫০ |
| ৩৩ ঐ | তারিণীচরণ রায় | ৫০০ |
| ১৪৫ চিতপুর রোড | চন্দ্রকান্ত মুখোপাধ্যায় | ২৫০ |
| ৯১ শোভাবাজার ষ্ট্রীট | শ্রীধর মণ্ডল | ২৫০ |
| ৯২ ঐ | শ্রীধর মণ্ডল | ২৫০ |
| ২৮ হরচন্দ্র মল্লিকের লেন | সনাতন শা | ২৫০ |
| ২০ সুকিয়াস লেন | সাগর দত্ত | ২৫০ |
| ৩১ ঐ | সাগর দত্ত | ২৫০ |

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।

জি ডবলিউ বর্টলেট,
জষ্টিসদের একটিং সেক্রেটারী।

---

NOTICE

*Bengalee Edition of the Acts of Government.*

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette*, be printed, in pamphlet form, for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy

বিজ্ঞাপন

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।

[*Government Gazette*, 10*th September* 1872.]

কলিকাতা বাঙ্গালা সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

**TUESDAY, SEPTEMBER 10, 1872.**

## মঙ্গলবার ১৮৭২ সাল ১০ সেপ্টেম্বর।

### জিলা বাঁকুড়া।

ইহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাঁকুড়ার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহালে সরকার বাহাদুরের মালিকি স্বত্ব সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ১৩ আশ্বিন শনিবার জিলা বাঁকুড়ার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালের খরিদ্দারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ত্রুটিকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিশ্চয় বিক্রয় করা যাইবেক।

| রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর | তৌজির নম্বর | মহালের নাম ও পরগণা। | একর হিঃ জমির আন্দাজী পরিমাণ | সদর জমা। ধার্য্য করা রাজস্ব | সদর জমা। রাস্তার টাক্স | সদর জমা। মোট | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| • | ৯১৮ | সাতঘাট (এক পুরাতন রাস্তার জমি) পঃ বিষণপুর | ১ একর | ৸৴৬ | • | ৸৴৬ | ৮৸০ | |

(F)

(Sd.) W. R. LARMINIE,
*Offg. Collector.*

বাঁকুড়ার কালেক্টরি কাছারি,
সন ১৮৭২। ১৮ মে।

বাঙ্গাল সেক্রেটরিএট যন্ত্রালয়ে শ্রীযুত এডওয়ার্ড সলিল লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 17, 1872. REGISTERED No. 51.

মঙ্গলবার ১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।

## Government of India.

### Legislative Department.

The following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 29th August 1872, and is hereby promulgated for general information :—

Act No. XVIII of 1872.

*An Act to amend the Indian Evidence Act,* 1872.

*Preamble.* Whereas it is expedient to amend the Indian Evidence Act, 1872; It is hereby enacted as follows :—

*Short title.* 1. This Act may be called "The Indian Evidence Act Amendment Act,"

*Commencement.* And it shall come into force on the passing thereof.

*Amendment of Act 1 of 1872, Section 32, clauses 5 and 6.* 2. In section thirty-two of the Indian Evidence Act, 1872, clauses (5) and (6), after the word "relationship," the words "by blood, marriage or adoption," shall be inserted.

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭২ সালের আগষ্ট মাসের ২৯ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করাতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭২ সালের ১৮ আইন।

সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন সংশোধন করণার্থ আইন।

*হেতুবাদ।* সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

*সংক্ষেপ নামের কথা।* ১ ধারা। এই আইন "সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় আইন সংশোধনার্থ আইন" নামে খ্যাত হইতে পারিবে।

*যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।* ও বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে ইতি।

*১৮৭২ সালের ১ আইনের ৩২ ধারার ৫ ও ৬ প্রকরণ সংশোধন করিবার কথা।* ২ ধারা। সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের ৩২ ধারার ৫ ও ৬ প্রকরণে "কুটুম্বিতা" শব্দ ত্যাগ করিয়া তৎপরিবর্ত্তে "সগোত্রক্রমে কি বিবাহ দ্বারা কি দত্তক দ্বারা সম্বন্ধ" এই কথা দিতে হইবে ইতি।

**3.** In section forty-one of the same Act, lines seventeen, twenty and twenty-three, after the word "judgment," the words "order or decree," shall be inserted.

Amendment of Section 41.

**4.** In section forty-five of the same Act, line five, after the word "art," the words "or in questions as to identity of handwriting," shall be inserted.

Amendment of Section 45.

**5.** In section fifty-seven of the same Act, paragraph (13) after the word "road," the words "on land or at sea," shall be inserted.

Amendment of Section 57.

**6.** In section sixty-six of the same Act, line five, after the word "is," the words "or to his attorney or pleader," shall be inserted.

Amendment of Section 66

**7.** In section ninety-one of the same Act, exception (2), for the words "under the Indian Succession Act," the words "admitted to probate in British India," shall be substituted.

Amendment of Section 91.

**8.** In section ninety-two of the Indian Evidence Act, 1872, proviso (1), for the words "want of failure," the words "want or failure" shall be substituted.

Amendment of Section 92.

**9.** In section one hundred and eight of the same Act, line one, for the word "when" (1) the words "Provided that when" shall be substituted; and in the last line, for the word 'on,' the words 'shifted to,' shall be substituted.

Amendment of Section 108.

**10.** In section one hundred and twenty-six of the same Act, line twenty-two, and in section one hundred and twenty-eight of the same Act, line six, after the word "barrister," the word "pleader," shall be inserted.

Amendment of Sections 126 and 128.

In section one hundred and twenty-six of the same Act, line fifteen, for the word "criminal," the word "illegal," shall be substituted.

**11.** In section one hundred and fifty-five of the same Act, paragraph (2), for the word 'had' the word 'accepted,' shall be substituted.

Amendment of Section 155.

৩ ধারা। ঐ আইনের ৪১ ধারার ২১ ও ২৪ ও ২৮ পঁক্তিতে "নিষ্পত্তিতে" এই শব্দের পরে "কি আজ্ঞার কি ডিক্রীতে" এইং শব্দ দিতে হইবে ইতি।

৪১ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ঐ আইনের ৪৫ ধারার ৬ পঁক্তিতে "বিদ্যার" এই শব্দের পরে "কিম্বা হাতের লিখন নিশ্চয় করণ বিষয়ে," এই কথা সংযোগ করিয়া দিতে হইবে ইতি।

৪৫ ধারা সংশোধন করিবার কথা।

৫ ধারা। ঐ আইনের ৫৭ ধারার (১৩) প্রকরণে "পথে" এই শব্দের পরিবর্ত্তে "স্থলপথে কি সমুদ্র পথে" এই কথা দিতে হইবে ইতি।

৫৭ ধারা সংশোধন করিবার কথা।

৬ ধারা। ঐ আইনের ৬৬ ধারার ৫ পঁক্তিতে "তাঁহাকে" এই কথার পরে "কিম্বা তাঁহার মোক্তারকে কি উকীলকে" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে ইতি।

৬৬ ধারা সংশোধন করিবার কথা।

৭ ধারা। ঐ আইনের ৯১ ধারার বর্জ্জনীয় ২ বিধিতে "ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনমত উইলের" এই কথার পরিবর্ত্তে "ব্রিটনীয় ভারতবর্ষে যে উইলের প্রবেট লইবার অনুমতি হয় সেই উইলের" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

৯১ ধারা সংশোধন করিবার কথা।

[১৮৭২ সালের সাক্ষ্যবিষয়ক আইনের ৯২ ধারার বাঙ্গলা অনুবাদ অশুদ্ধ না হওয়াতে এই ৮ ধারার অনুবাদ হয় নাই ]

৯ ধারা। ঐ আইনের ১০৮ ধারার ১ পঁক্তির প্রথমেই "কিন্তু" শব্দ দিতে হইবে ইতি।

১০৮ ধারা সংশোধন করিবার কথা।

১০ ধারা। ঐ আইনের ১২৬ ধারার ২৫ পঁক্তিতে "বারিষ্টরের" এই শব্দের পরে "বা প্লীডরের" এই কথা এবং ঐ আইনের ১২৮ ধারার ৮ পঁক্তিতে "বারিষ্টরকে" এই শব্দের পরে "বা প্লীডরকে" এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

১২৬ ও ১২৮ ধারা সংশোধন করিবার কথা।

ঐ আইনের ১২৬ ধারার ১৭ পঁক্তিতে "অপরাধঘটিত" এই শব্দের পরিবর্ত্তে "বেআইনী" শব্দ পাঠ করিতে হইবে ইতি।

১১ ধারা। ঐ আইনের ১৫৫ ধারার ২ প্রকরণের ২ পঁক্তিতে "প্রস্তাব হইয়াছে" এই কথার পরিবর্ত্তে "প্রস্তাব হইলে সে গ্রাহ্য করিয়াছে" এই কথা পাঠ করিতে হইবে ইতি।

১৫৫ ধারা সংশোধন করিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৭ সেপ্টেম্বর।]

Extent.

It extends to the whole of British India and, so far as regards subjects of Her Majesty, to the dominions of Native Princes and States in India in alliance with Her Majesty,

Commencement.

And it shall come into force on the passing thereof.

Report of insanity of Native officer or soldier.

2. Whenever any Native officer, non-commissioned officer or soldier appears to be insane, the officer commanding the regiment or detachment to which he belongs shall report the case to the general officer commanding the division or district, or force in which such regiment or detachment is serving.

Examination of Native

3. Such general officer shall thereupon cause the said Native to be examined by a committee composed of at least two medical officers, or (if this be impracticable) by a regimental committee comprising the officer in command of the wing or squadron to which the Native belongs, and the medical officer in charge of the corps or detachment of which such wing or squadron forms part.

Order for reception in Asylum

4 If the said committee or regimental committee (as the case may be) are satisfied that the Native is insane the officer commanding the division or district or force, may, if he thinks fit, make and order, under his hand, for the reception of the said Native into a Lunatic Asylum, and shall then send him thither under military escort;

Reception and detention in Asylum.

and the officer in charge of such Asylum shall receive the Native into the Asylum and detain him therein until he is discharged therefrom in accordance with the local military regulations in force for the time being.

Expenses of lunatic.

5. The pay-master of the military circle within which any such Asylum is situate shall pay to the officer in charge of such Asylum the expense of the lodging, maintenance, clothing and medicine of every Native so received and detained.

আইনের ব্যাপকতার কথা॥

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সর্ব্বত্র ব্যাপ্ত হইবে, এবং শ্রী শ্রীমতী মহারাণীর প্রজাদের পক্ষে ভারতবর্ষের অন্তর্গত শ্রী শ্রীমতী মহারাণীর সঙ্গে সন্ধিবদ্ধ এদেশীয় রাজগণের দেশে ও রাজ্যাধিকারে ব্যাপ্ত হইবে।

যদবধি চলিবে তাহার কথা।

এবং বিধিবদ্ধ হইলেই প্রচলিত করা যাইবে ইতি।

হুদ্দাদার কি সিপাহী ক্ষিপ্ত হইলে সংবাদ দিবার কথা।

২ ধারা। সনদপ্রাপ্ত কি সনদ অপ্রাপ্ত এদেশীয় কোন হুদ্দাদারকে কি সিপাহীকে ক্ষিপ্ত দেখা গেলে সে যে পল্টনে কি যে দলে থাকে সেই পল্টনের কি দলের অধ্যক্ষ সাহেব দেশখণ্ডের কিম্বা জিলার অন্তর্গত সৈন্যসমূহের কিম্বা ঐ পল্টন কি দল যে সৈন্যদলের সঙ্গে কর্ম্ম করিতেছে তাহার জেনরল সাহেবের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন ইতি।

ঐ ব্যক্তিকে পরীক্ষা করিয়া দেখিবার কথা।

৩ ধারা। তাহা হইলে উক্ত জেনরল সাহেব ন্যূন কল্পে দুই জন চিকিৎসককে কমিটীস্বরূপ নিযুক্ত করিয়া সেই ব্যক্তির পরীক্ষা করাইয়া দেখিবেন। ঐরূপ করিতে না পারিলে পল্টনীয় কমিটী নিযুক্ত করিবেন। ঐ এদেশীয় ব্যক্তি যে সৈন্য পক্ষে বা অশ্বারোহি যে দলে থাকে সেই পক্ষের বা দলের অধ্যক্ষ সাহেবকে ও সেই পল্টন বা দল যে পক্ষের বা অশ্বারোহী যে দলের একাংশ হয় তাহার চিকিৎসার ভারপ্রাপ্ত কার্য্যকারককে লইয়া উক্ত কমিটী হইবে ইতি।

আশ্রয় বাটীতে গ্রহণ করিবার আজ্ঞার কথা।

৪ ধারা। উক্ত কমিটী কিম্বা বিষয়বিশেষে পল্টনীয় কমিটী সুবোধমতে এদেশীয় ঐ ব্যক্তিকে ক্ষিপ্ত জানিতে পাইলে দেশখণ্ডের বা জিলার বা সৈন্যদের প্রধান সেনাপতি সাহেব উচিত বোধ করিলে উক্ত এদেশীয় ব্যক্তিকে ক্ষিপ্তদের আশ্রয় বাটীতে গ্রহণ করিবার আজ্ঞা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া তাহাকে তৈনাতী সৈন্যদের জিম্মায় দিয়া ঐ আশ্রয় বাটিতে পাঠাইবেন।

আশ্রয় বাটীতে গ্রহণ করিবার ও রাখিবার কথা।

আশ্রয় বাটীর কার্য্যাধ্যক্ষ উক্ত এদেশীয় ব্যক্তিকে ঐ বাটীতে গ্রহণ করিয়া যৎকালে স্থানীয় যে সৈনিক বিধি প্রচলিত থাকে সেই বিধিঅনুসারে তাহাকে যত কাল ছাড়িয়া না দেওয়া যায় তত কাল আটক করিয়া রাখিবেন ইতি।

ক্ষিপ্ত ব্যক্তির খরচের কথা।

৫ ধারা। এদেশীয় যে ব্যক্তিকে উক্ত প্রকারে গ্রহণ করিয়া আটক রাখা যায় উক্ত আশ্রয় বাটী সৈনিক বেতন চক্রের অন্তর্গত থাকে তথাকার পেমাষ্টর সাহেব ঐ বাটীর কার্য্যাধ্যক্ষকে ঐ ব্যক্তির বাসার ও আহারের ও বস্ত্রের ও ঔষধের খরচ দিবেন ইতি।

*Legalization of past admissions of Native lunatic officers and soldiers.*

**6.** All Native officers, non-commissioned officers or soldiers heretofore received into Lunatic Asylums shall be deemed to have been so received in accordance with law.

WHITLEY STOKES,
*Secy. to the Govt. of India.*

---

THE following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 29th August 1872, and was referred to a Select Committee with instructions to report thereon in two months:—

No. 20 OF 1872

***A Bill to amend the Law relating to the Transhipment of Goods imported by Steamer.***

*Preamble.*

Whereas it is expedient to amend the law relating to the transhipment of goods imported by steamer; It is hereby enacted as follows —

*Short title*

**1.** This Act may be called "The Transhipment of Goods Act, 1872".

*Local extent*

It extends to the ports of Calcutta, Madras, Bombay, Karáchi, Aden Rangoon, Maulmain, Akyab and to such other British Indian ports as the Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, direct in this behalf;

*Commencement*

And it shall come into force on the passing thereof

*Repeal of Act XX of 1867.*

**2.** Act No. XX of 1867 *(to authorize the transhipment without payment of duty of goods imported into Calcutta, Madras and Bombay by steamers)* is repealed. But all rules, rates and regulations prescribed under the said Act shall be deemed to have been prescribed under this Act.

*Power to permit transhipment without payment of duty.*

**3.** Subject to the provisions hereinafter contained, the chief officer of customs of every port to which this Act extends for the time being may, on application of any person interested as owner, agent, consignee or otherwise in any goods imported by steamer into such port, grant leave to tranship the

*এদেশীয় যে হাবিলদারকে ও সিপাহিকে ইতিপূর্ব্বে গ্রহণ করা গিয়াছে তাহা বৈধ হইবার কথা।*

৬ ধারা। সনদপ্রাপ্ত বা সনদ অপ্রাপ্ত এদেশীয় যে হাবিলদারেরা কি সিপাহীরা ইতিপূর্ব্বে ক্ষিপ্তদের আশ্রয় বাটীতে গৃহীত হইয়াছে তাহারদিগকে এই আইনমতে গ্রহণ করা গেল বলিয়া জ্ঞান হইবে ইতি।

উইটলি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭২ সালের আগষ্ট মাসের ২৯ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া দুই মাসের মধ্যে রিপোর্ট করিবার আজ্ঞা হইল।

১৮৭২ সালের ২০ নম্বর।

ষ্টীমরের দ্বারা মালের আমদানী হইলে তাহা অন্য জাহাজে তুলিয়া দিবার আইন সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

*হেতুবাদ।*

ষ্টীমরেরদ্বারা মালের আমদানী হইলে তাহা অন্য জাহাজে তুলিয়া দিবার আইন সংশোধন করা বিহিত এই নিমিত্ত নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

*সংক্ষেপ নামের কথা।*

১ ধারা। এই আইন "অন্য জাহাজে মাল তুলিয়া দিবার ১৮৭২ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

*এই আইন যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।*

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই ও করাচী ও আদেন ও রাঙ্গুন ও মৌলমেন ও আকয়াব বন্দরে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে সময়ান্তরে জ্ঞাপনপত্র প্রকাশ পূর্ব্বক ব্রিটিশীয় ভারতবর্ষের অন্য যে বন্দরে এই আইন প্রচলিত করেন সেই বন্দরে প্রচলিত হইবে।

*যে অবধি চলিবে তাহার কথা।*

ও বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে ইতি।

*১৮৬৭ সালের ২০ আইন রহিত হইবার কথা।*

২ ধারা। ১৮৬৭ সালের ২০ আইন (অর্থাৎ ষ্টীমরেরদ্বারা যে২ দ্রব্য কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে আনা যায় মাসুল না দিয়া তাহা এক জাহাজহইতে অন্য জাহাজে দিবার অনুমতি করিবার আইন) রহিত হইল। কিন্তু সেই আইনমতে যে সকল বিধি ও ফী লইবার যে হার ও যে ব্যবস্থা নির্দ্দিষ্ট হয় তাহা এই আইনমতে নির্দ্দিষ্ট বলিয়া জ্ঞান হইবে ইতি।

*মাসুল না দিয়া এক জাহাজহইতে অন্য জাহাজে মাল তুলিবার অনুমতি দেওনের ক্ষমতার কথা।*

৩ ধারা। এই আইন যৎকালে যে বন্দরে প্রচলিত হয় সেই বন্দরে ষ্টীমরের দ্বারা কোন মাল আমদানী হইলে, ঐ মালের স্বামী কি এজেণ্ট কি কানসাইনী স্বরূপ কিম্বা প্রকারান্তরে যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি প্রার্থনা করিলে, সেই বন্দরের কষ্টমের প্রধান কর্তৃপক্ষ সাহেব নিম্নলিখিত বিধান

same without payment of duty at the port of transhipment, and without any security or bond for the due arrival and entry of the goods at the port of destination:

Proviso.

Provided that such goods have been specially and distinctly manifested or declared at the time of import as for transhipment to some other British Indian or foreign port.

Rules regulating exercise of power

4. The power conferred by section three shall be exercised subject to such rules as the Local Government may from time to time prescribe by notification in the official Gazette.

Levy of transhipment fee.

5. A transhipment fee on each bale or package of goods transhipped under this Act shall be levied at such rates and under such regulations as the Local Government, with the previous sanction of the Governor-General in Council, may from time to time prescribe by notification in the official Gazette.

Power to prohibit transhipment

6. The Governor-General in Council may from time to time, by notification in the *Gazette of India*, prohibit the transhipment at any specified port of any specified class of goods, and may, by like notification, withdraw any such prohibition.

Duty on opium re-exported by sea.

7. Opium imported by sea into any British Indian port may, if the Local Government think fit, but not otherwise, be re-exported by sea from the same port on payment of a duty equal in amount to the fee to which it would have been liable if it had been transhipped at such port.

Act to be read as part of Act VI of 1863.

8. This Act shall be read as part of the Consolidated Customs Act, and shall not be construed as in any respect limiting the power of the customs officers to levy duty or to require such bonds or other securities as are authorized by the same Act.

এবং না দিয়া মাসুলের এবং মাল লক্ষিত বন্দরে নিয়মমতে পঁহুছিবে ও সেই স্থানে এণ্ট্রি হইবে ইহার জামিন নেওন ভিন্ন এক জাহাজহইতে অন্য জাহাজে ঐ মাল তুলিয়া দিবার অনুমতি দিতে পারিবেন।

উপবিধি।

পরন্তু এমত স্থলে প্রয়োজন যে আমদানী করণ সময়ে সেই মাল অন্য জাহাজে দিয়া ব্রিটনীয় ভারতবর্ষের কিম্বা ভিন্নদেশের অন্য বন্দরে পাঠান যাইবে মানিফেষ্টে ইহার বিশেষ ও স্পষ্ট কথা লেখা থাকে কি ব্যক্ত হয় ইতি।

সেই ক্ষমতামতে কার্য্য করিবার বিধির কথা।

৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে২ বিধি নির্দ্দিষ্ট করেন সেইং বিধি মানিয়া ৩ ধারার প্রদত্ত ক্ষমতামতে কার্য্য করা যাইবে ইতি।

এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিয়া দিবার ফীর কথা।

৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়েং রাজকীয় গেজেটে জ্ঞাপন পত্র প্রকাশ করিয়া যেং হারে ফী নির্দ্ধার্য্য করেন ও যে ব্যবস্থা করেন, এই আইনমতে মাল অন্য জাহাজে তুলিয়া দেওয়া গেলে তাহার প্রত্যেক বস্তার কি বোঝার উপর সেই হারানুসারে ও সেই ব্যবস্থামতে ফী লওয়া যাইবে ইতি।

অন্য জাহাজে তুলিয়া দিতে নিষেধ করিবার ক্ষমতার কথা।

৬ ধারা। নির্দ্দিষ্ট কোন বন্দরে নির্দ্দিষ্ট কোন প্রকারের মাল এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিয়া দেওয়া না যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সময়েং এই মর্ম্মের নিষেধ করিতে পারিবেন ও সময়ান্তরে তদ্রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ নিষেধ রহিত করিতে পারিবেন ইতি।

আফীম সমুদ্রপথে পুনশ্চ রপ্তানী হইলে তাহার উপর মাসুলের কথা।

৭ ধারা। সমুদ্রপথ দিয়া ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে আফীমের আমদানী হয়, সেই বন্দরে অন্য জাহাজে তুলিয়া দিলে তাহার উপর যত টাকা ফী লাগিতে পারে স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে তত টাকা মাসুল দিয়া সেই আফীম সেই বন্দরহইতে সমুদ্রপথে পুনশ্চ রপ্তানী হইতে পারিবে। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ না করিলে হইতে পারিবে না ইতি।

এই আইন ১৮৬৩ সালের ৬ আইনের একাংশ বলিয়া পাঠ করিবার কথা।

৮ ধারা। এই আইন কষ্টমবিষয়ক সংগৃহীত আইনের একাংশ বলিয়া পাঠ করিতে হইবে। ও সেই আইনদ্বারা কষ্টমের কার্য্যকারকদের মাসুল আদায় করিবার ও নিবন্ধনপত্র কি অন্য প্রতিভূ লইবার যে ক্ষমতা আছে সেই ক্ষমতা যাহাতে কোন অংশে সঙ্কুচিত হয় এই আইনের কোন কথার এমন অর্থ করিতে হইবে না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৭ সেপ্টেম্বর।]

STATEMENT OF OBJECTS AND REASONS.

Under the provisions of Act XX of 1867, the Chief Customs Officers in the ports of Calcutta, Madras or Bombay may, under certain circumstances, and subject to rules issued by the Local Government, grant leave to tranship goods imported by steamer, without payment of duty and without the security required by section one hundred and ten of Act VI of 1863, the Consolidated Customs Act.

It is desirable that the Government should have the power to authorize the same practice in Aden, Karáchi, the ports of Burma and elsewhere; and the present Bill accordingly repeals Act XX of 1867, and re-enacts its provisions making them applicable, not only to Calcutta, Madras and Bombay, but also to Karáchi, Aden, the Burmese ports, and such other ports as the Government of India notifies in the Gazette.

Power is also given to prohibit the transhipment of any specified class of goods; and the Bill contains a clause declaring that opium imported by sea may, if the Local Government think fit, be re-exported on payment of a duty equivalent to the fee which would have been payable, if it had been transhipped.

SIMLA, R. TEMPLE.
*The 20th August* 1872.

WHITLEY STOKES,
*Secy. to the Govt. of India.*

---

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1842R.

APPOINTMENTS.

*The 5th September* 1872.—Mr. E. Lethbridge, M.A., to officiate in the Third Class of the Bengal Educational Service as a temporary arrangement while acting for Mr. C. H. Tawney as Professor of English language and literature in the Presidency College.

*The 7th September* 1872.—Mr. William George Black, Deputy Magistrate and Deputy Collector, Purneah, is transferred to Sylhet.

*The 9th September* 1872.—Mr. Anthony Benn Falcon to officiate temporarily as Magistrate and Collector of the 24-Pergunnahs.

[*Government Gazette, 17th September* 1872.]

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

স্টীমরের দ্বারা যে মালের আমদানী হয় ১৮৬৭ সালের ২০ আইনের বিধানমতে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারকেরা কোনং ভাবগতিকে ও স্থানীয় গবর্ণমেণ্টের প্রচারিত বিধিমতে মাসুল না লইয়া এবং মাসুল বিষয়ক সংগৃহীত আইনের অর্থাৎ ১৮৬৩ সালের ৬ আইনের ১১০ ধারায় যে প্রতিভু লইবার আজ্ঞা আছে তাহা না লইয়া সেই মাল অন্য জাহাজে তুলিয়া দিবার অনুমতি দিতে পারিবেন।

আদেন ও করাচী ও বর্ম্মা দেশের নানা বন্দরে তদ্রূপ নিয়ম চলিবার অনুমতি দিতে গবর্ণমেণ্টের ক্ষমতা থাকা বিহিত। তদনুসারে এই আইনের পাণ্ডুলিপিতে ১৮৬৭ সালের ২০ আইন রহিত করা গেল ও তাহার বিধান পুনশ্চ বিধিবদ্ধ হইয়া কলিকাতা ও ও মান্দ্রাজ ও বোম্বাইয়ে কেবল নহে করাচীতে ও আদেনে ও বর্ম্মীয় বন্দরে এবং ভারতবর্ষের গবর্ণমেণ্ট গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া অন্য যেং বন্দর নির্দ্দিষ্ট করেন সেইং বন্দরেও প্রবল করা যাইবে।

আরো নির্দ্দিষ্ট কোনং প্রকারের মাল অন্য জাহাজে তুলিয়া দিতে নিষেধ করিবার ক্ষমতা দেওয়া গেল। আর সমুদ্রপথে আফীম আমদানী হইলে তাহা অন্য জাহাজে তুলিয়া দিতে গেলে যত টাকা ফী লাগে স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে তত টাকা মাসুল দিলে তাহা পুনশ্চ রপ্ত হইতে পারিবে পাণ্ডুলিপিতে এই মর্ম্মের এক ধারা আছে।

সিমলা আর টেম্পল।
১৮৭২ সাল ২০ আগষ্ট।

উইটলি ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## বঙ্গদেশের শ্রীযুত লেফেটনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ৫ সেপ্টেম্বর।—শ্রীযুত ই. লেথব্রিজ সাহেব, এম. এ., প্রেসিডেন্সী কালেজে শ্রীযুত সি. এচ. টনে সাহেবের পরিবর্ত্তে ইংরেজী ভাষার ও সাহিত্যের অধ্যাপকস্বরূপ কর্ম্ম করণ কালে বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণী মতে কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ৭ সেপ্টেম্বর।—পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম জর্জ ব্লাক সাহেব শ্রীহট্টে প্রেরিত হইয়াছেন।

১৮৭২ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত আণ্টনী বেন্ন ফাল্কন সাহেব কিয়ৎকালের নিমিত্তে ২৪ পরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

**The following Assistant Magistrates and Collectors are vested with the powers of a Magistrate, with effect from the 30th July last:—**

Mr. Henry Giraud Cooke, Cox's Bazar, Chittagong.
,, Francis William Badcock, Monghyr.
,, Frank Hunter Barrow, Pubna.

The following Assistant Magistrates and Collectors are vested with the powers of a Subordinate Magistrate of the First Class, with effect from the 30th July 1872 :—

Mr. William Henry Maffett Gun, Cuttack.
,, Henry Gillon, Furreedpore.
,, Ernest Montague Money, Monghyr.
,, Arthur Clifford Tute, B A., Sarun.

Mr. Joseph Posford, Assistant Magistrate and Collector, Sylhet, is vested with the powers of a Magistrate.

Babu Anundnath Roy is appointed to be an Assessor of Income Tax, under Act VIII of 1872, in the district of Dinagepore, for a period of three months, and is vested with the powers of a Collector for the purposes of that Act

*The* 10*th September* 1872—The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Burrisaul, viz —

Mr. James Francis Bradbury
,, James Parsons Sneyd.
Babu Denes Chunder Roy, B L.
,, Debendra Lal Shome, B.L.
,, Abhaya Nunda Das.
,, Koilas Chundra Sen

Mr. J. Sykes Gamble, Assistant Conservator of Forests, is posted to Cooch Behar

Babu Luckhinarain Mitter to be Sub-Registrar of Assurances of Serampore.

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Road Cess Committee in the Cuttack District, under Sections 49 and 51 of Act X (B C) of 1871, for the purpose of carrying out the provisions of the Act —

| | |
|---|---|
| The Collector of Cuttack<br>,, Senior Covenanted Assistant under the Magistrate and Collector<br>,, District Superintendent of Police | *Ex-officio.* |

Babu Boidynath Pundit.
,, Chowdree Kashenath Das.
,, Kunhya Lall Pundit
,, Luckmee Narain Roy Chowdree.
,, Suddanund Mahapatur
,, Tarinee Churn Biswas.

নিম্নলিখিত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টরের গত জুলাই মাসের ৩০ তারিখ অবধি মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

চট্টগ্রামের কক্স বাজারের শ্রীযুত হেনরি জিরড্ কুক্ সাহেব।

মুঙ্গেরের শ্রীযুত ফ্রান্সিস উলিয়ম ব্যাডকক্ সাহেব।

পাবনার শ্রীযুত ফ্রঙ্ক বারো সাহেব।

নিম্নলিখিত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটরেরা ১৮৭২ সালের জুলাই মাসের ৩০ তারিখঅবধি অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কটকের শ্রীযুত উলিয়ম হেনরি মফেট গন্ সাহেব।
ফরীদপুরের শ্রীযুত হেনরি গিলন সাহেব।
মুঙ্গেরের শ্রীযুত অর্নেষ্ট মণ্টেগিউ মনি সাহেব।
সারণের শ্রীযুত আর্থর ক্লিফর্ড ট্যুট সাহেব, বি, এ,।

শ্রীহট্টের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত জোসেফ পোসফর্ড সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু আনন্দনাথ রায় দিনাজপুর জিলাতে ১৮৭২ সালের ৮ আইনমতে তিন মাসের নিমিত্তে ইনকম টাকসের আসেসরের পদে নিযুক্ত হইয়া উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭২ সাল ১০ সেপ্টেম্বর।--নিম্নলিখিত মহাশয়েরা বরিশালে সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত জেমস্ ফ্রান্সিস ব্রাডবরি সাহেব।
,, জেমস্ পার্শন্স স্নিড সাহেব।
,, বাবু দীনেশচন্দ্র রায়, বি, এল,।
,, ,, দেবেন্দ্রলাল সোম, বি, এল,।
,, ,, অভয়ানন্দ দাস।
,, ,, কৈলাসচন্দ্র সেন।

আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত জে সাইক্স গাম্বল সাহেব কুচবেহারে অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র শ্রীরামপুরের নিদর্শন পত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানের অভিপ্রায় সফল করণার্থে উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারামতে কটক জিলার পথকর কমিটীর নিম্নলিখিত মেম্বরদিগকে নিযুক্ত করিয়াছেন।

| | |
|---|---|
| কটকের কালেকটর সাহেব<br>মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের অধীন পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টাণ্ট<br>পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট | স্বং পদোপলক্ষে। |

শ্রীযুত বাবু বৈদ্যনাথ পণ্ডিত।
,, ,, চৌধুরী কাশীনাথ দাস।
,, ,, কানাইলাল পণ্ডিত।
,, ,, লক্ষ্মীনারায়ণ রায় চৌধুরী।
,, ,, সদানন্দ মহাপাত্র।
,, ,, তারিণীচরণ বিশ্বাস।

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Road Cess Committee in the Burdwan District, under Sections 49 and 51 of Act X (B.C) of 1871, for the purpose of carrying out the provisions of the Act:—

The Collector of Burdwan ..  
„ Senior Covenanted Assistant under the Magistrate and Collector ...  
„ District Superintendent of Police ..  
} *Ex-officio.*

Babu Bisheshur Malia.  
„ Chukunlal Roy.  
„ Denobundo Nundi.  
„ Hitlal Misser  
Moonshee Izat Hossein.  
Babu Jogendronath Roy  
Sub-Assistant Surgeon Mohendronath Goopto.  
Moonshee Muddeshur  
Kazee Nouzeer Ali  
Babu Peary Mohun Banerjee

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Road Cess Committee in the Hooghly District, under Sections 49 and 51 of Act X (B C) of 1871, for the purpose of carrying out the provisions of the Act —

The Collector of Hooghly .  
„ Magistrate of Howrah .  
„ Senior Assistant to the Magistrate and Collector.  
„ Assistant Magistrate in charge of the Sub-division of Serampore .  
„ District Superintendent of Police, Hooghly ...  
} *Ex-officio.*

Babu Behary Lall Mookerjee  
„ Chunder Kant Mookerjee.  
„ Joggeshur Singh.  
„ Joykissen Mookerjee.  
„ Kedarnath Mookerjee  
„ Lolit Mohun Singh.  
„ Mohendroguty Moostafee.  
„ Obhoy Churn Nundy.  
„ Opendro Narain Nundy.  
„ Poorno Chunder Roy.  
„ Sutto Doyal Banerjee.

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committees in the districts mentioned, viz.—

*Bancoorah.*

The Magistrate and Collector  
„ District Superintendent of Police ..  
} *Ex-officio*

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধানের অভিপ্রায় সফল করণার্থে উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারামতে বর্দ্ধমান জিলার পথকর কমিটীর নিম্নলিখিত মেম্বরদিগকে নিযুক্ত করিয়াছেন।

বর্দ্ধমানের কালেক্টর সাহেব  
মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টাণ্ট  
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট  
} স্ব২ পদোপলক্ষে।

শ্রীযুত বাবু বিশ্বেশ্বর মালিয়া।  
„ „ চকনলাল রায়।  
„ „ দীনবন্ধু নন্দী।  
„ „ হিতলাল মিশ্র।  
„ মুনশী হজাত হুসেন।  
„ বাবু যোগেন্দ্রনাথ রায়।  
„ সব-আসিষ্টাণ্ট চিকিৎসক মহেন্দ্রনাথ গুপ্ত।  
„ মুনশী মদেশ্বর।  
„ কাজি নৌজির আলী।  
„ বাবু প্যারীমোহন বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় .০ আইনের বিধানের অভিপ্রায় সফল করণার্থে উক্ত আইনের ৪৯ ও ৫: ধারামতে হুগলী জিলার পথকর কমিটীর নিম্নলিখিত মেম্বরদিগকে নিযুক্ত করিয়াছেন।

হুগলীর কালেকটর সাহেব  
হাবড়ার মাজিষ্ট্রেট সাহেব  
মাজিষ্ট্রেট ও কালেকটরের পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টাণ্ট  
শ্রীরামপুর শাখাখণ্ডের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট  
হুগলীর পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট  
} স্ব২ পদোপলক্ষে।

শ্রীযুত বাবু বেহারীলাল মুখোপাধ্যায়।  
„ „ চন্দ্রকান্ত মুখোপাধ্যায়।  
„ „ যজ্ঞেশ্বর সিংহ।  
„ „ জয়কৃষ্ণ মুখোপাধ্যায়।  
„ „ কেদারনাথ মুখোপাধ্যায়।  
„ „ ললিতমোহন সিংহ।  
„ „ মহেন্দ্রগতি মুস্তফী।  
„ „ অভয়াচরণ নন্দী।  
„ „ উপেন্দ্রনারায়ণ নন্দী।  
„ „ পূর্ণচন্দ্র রায়।  
„ „ সত্যদয়াল বন্দ্যোপাধ্যায়।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত জিলাতে প্রদেশীয় পথ কমিটীর নিম্নলিখিত মেম্বরদিগকে নিযুক্ত করিয়াছেন।

বাঁকুড়া।

বাকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব  
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট।  
} স্ব২ পদোপলক্ষে।

Babu Bany Madhub Banerjee
„ Radhabullub Sing
„ Ram Lal Misser
Mr H M Wright

*Beerbhoom.*

The Magistrate and Collector
„ District Superintendent of Police
„ Civil Medical Officer
} *Ex-officio*

Meah Abdoos Sobhan
Babu Dukhina Runjun Mookerjee
Mr W W Farquharson
Babu Gopessur Sein
„ Kenaram Ghose
„ Mohendronath Goopto
„ Poolin Behary Sing.
„ Preonath Ghose
„ Protap Chunder Sing
„ Ramkristo Dutt
„ Ram Runjun Chuckerbutty
Mr F T Reed
Babu Roma Prosonno Sing.
„ Tincowry Roy

*Midnapore*

The Magistrate and Collector
„ Senior Covenanted Officer under the Magistrate and Collector
„ District Superintendent of Police
} *Ex-officio*

Mr S Clarke.
„ E Gallys
Babu Gungaram Dutt
„ Luchmun Persad Gurgo.
Moulvi Mahomed Ali.
Babu Mohendronath Khan
Mr W Money
Babu Nobin Chunder Nag.
Mr A Scott
„ C S Turnbull.

Mr. Andrew William Cochran, Assistant Magistrate and Collector, Backergunge, to have charge of the Sub-division of Perozepore, during the absence on leave of Moulvi Obedoollah, or until further orders

Mr T E Dempster is appointed to officiate as an Extra Assistant Commissioner in the Chota Nagpore Division, on probation, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class.

LEAVE OF ABSENCE.

*The 4th September* 1872 —Mr George Graham, Officiating Magistrate and Collector of the

শ্রীযুত বাবু বেণীমাধব বন্দ্যোপাধ্যায়।
„ „ রাধাবল্লভ সিংহ।
„ „ রামলাল মিশ্র।
„ এচ, এম, রাইট সাহেব।

বীরভূম।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট
সিবিল চিকিৎসক সাহেব।
} স্বং পদোপলক্ষে।

শ্রীযুত মিঞা আবদুস সবান।
„ বাবু দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়।
„ ডবলিউ ডবলিউ ফরকাবসন সাহেব।
„ বাবু গোপেশ্বর সেন।
„ „ কেনারাম ঘোষ।
„ „ মহেন্দ্রনাথ গুপ্ত।
„ „ পুলিনবেহারি সিংহ।
„ „ প্রিয়নাথ ঘোষ।
„ „ প্রতাপচন্দ্র সিংহ।
„ „ রামকৃষ্ণ দত্ত।
„ „ রামরঞ্জন চক্রবর্ত্তী।
„ এফ, টি, রীড সাহেব।
„ বাবু রমাপ্রসন্ন সিংহ।
„ „ তিনকড়ি রায়।

মেদিনীপুর।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব
মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদজ্যেষ্ঠ চিহ্নিত আসিষ্টাণ্ট
পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট
} স্বং পদোপলক্ষে।

শ্রীযুত এস, ক্লার্ক সাহেব।
„ ই, গালিস সাহেব।
„ বাবু গঙ্গারাম দত্ত।
„ „ লক্ষ্মণপ্রসাদ গর্গ।
„ মৌলবী মহম্মদ আলী।
„ বাবু মহেন্দ্রনাথ খাঁ।
„ ডবলিউ মনি সাহেব।
„ বাবু নবীনচন্দ্র নাগ।
„ এ, স্কট সাহেব।
„ সি, এস, টর্ণবুল সাহেব।

শ্রীযুত মৌলবী আবদুল ওবেদল্লার ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বাকরগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত আনড্রু উলিয়ম কক্রান সাহেব পিরোজপুর শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

শ্রীযুত টি, ই, ডেম্পষ্টর সাহেব কিয়ৎকাল পরীক্ষার নিমিত্ত ছোট নাগপুর খণ্ডে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশনরের পদে নিযুক্ত হইয়া অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭২ সাল ৪ সেপ্টেম্বর।—২৪ পরগনার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জর্জ গ্রেহাম সাহেব

24-Pergunnahs, is allowed furlough for fifteen months, under Section 7(a), Chapter III of the Civil Leave Code, together with the usual subsidiary leave from the 1st instant

*The 6th September* 1872.—Mr Alfred Ripley Bean, Assistant Sub-Deputy Opium Agent of Roy Bareilly, for one month, under Section 18 of the Civil Leave Code.

Dr. George King, Superintendent of the Botanical Gardens, Calcutta, is allowed subsidiary leave of absence from the 16th July to the 16th August 1872, preparatory to proceeding to Europe on furlough on Medical Certificate The privilege leave which was granted to Dr King under orders of the 5th July last is cancelled

*The 7th September* 1872.—Moulvi Abdool Luteef, Khan Bahadoor, Deputy Magistrate in charge of the Suburban Police Court at Alipore, for one month from the 20th instant, under Section 18 of the Civil Leave Code

*The 9th September* 1872.—Mr Frank Hunter Barrow, Assistant Magistrate and Collector, Pubna, is allowed furlough for one year under Section 8 (*a*) of the Civil Leave Code, together with the usual subsidiary leave

*The 10th September* 1872—Babu Chunder Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Mymensing, for two months, under Section 18 of the Civil Leave Code

Moulvi Obedoollah, Deputy Magistrate and Deputy Collector of Perozepore, for two months from the 1st proximo, under Section 18 of the Civil Leave Code

NOTIFICATION

*The 6th September* 1872.—Mr G Bellett, M A, of the Bengal Educational Service, reported his departure from India on medical leave on the 23rd July last

J WARE EDGAR,
*Offg. Jr Secy to the Govt of Bengal.*

---

The following Orders issued by the Government of India, in the Home Department, are republished for general information —

No 3121—*Simla, the 28th August* 1872—*Notifications—Public*—The following despatch from the Right Hon'ble the Secretary of State for India on the subject of prohibiting public officers from engaging in speculation in India is hereby republished for general information

দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ৭ (এ) ধারামতে পনের মাস নিয়মিত ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন এই মাসের ১ তারিখ অবধি নিয়মিত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৬ সেপ্টেম্বর।—রায় বেরিলীর আফীমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত আলফ্রেড রিপলী বীন সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

কলিকাতার কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেণ্ট ডাক্তর শ্রীযুত জর্জ কিং সাহেব চিকিৎসকের সার্টিফিকেট ক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে ১৮৭২ সালের জুলাই মাসের ১৬ তারিখ অবধি আগষ্ট মাসের ১৬ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন। গত জুলাই মাসের ৫ তারিখের আজ্ঞামতে তিনি যে অনুগ্রহের ছুটী পান তাহা রহিত করা গেল।

১৮৭২ সাল ৭ সেপ্টেম্বর।—আলীপুরস্থ শাখানগরের পোলীস আদালতের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী আবদুল লতীফ খাঁ বাহাদুর দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এই মাসের ২০ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

| | নবিনপুর | ... | ১৪১ | ঐ |
| | মথুরা | ... | ১৩১ | ঐ |
| ১৫ | কুখিবাজিত | ... | ১৩০ | ঐ |
| | গোকুলপুর | ... | ১৩১ | ঐ |
| | রঘুনাথপুর | .. | ১৩২ | ঐ |
| | বৈকুণ্ঠপুর | ... | ১৩৩ | ঐ |
| | হরিচরণ | ... | ১৩৪ | ঐ |
| ২০ | শ্যামপুর | ... | ১৩৫ | ঐ |
| | দেবীদাস | .. | ১৩৭ | ঐ |
| | গোপীবল্লভ | ... | ১৩৮ | ঐ |
| | রাধাকান্তপুর | ... | ১০৪ | ঐ |
| | পাকুড়িয়া | ... | ২০৫ | ঐ |
| ২৫ | জামিগাঁ নগর | .. | ২০৮ | ঐ |
| | কালীকাপুর | ... | ৬৯ | বাজিতনগর |
| | বড়িয়া আবাজি | ... | .. | ঐ |
| | বড়িয়া | ... | ৮৩ | ঐ |
| | বিষ্ণুপুরপ্রভৃতি | .. | ৮১ | ঐ |
| ৩০ | দেবীপুরপ্রভৃতি | ... | ৩ | গাজনগর |
| | গণকিয়রীপাড়া | .. | ২ | ঐ |
| | মির্জাপুরপ্রভৃতি | ... | ১ | ঐ |
| | পুরানগবিপ্রভৃতি | ... | ৮ | ঐ |
| | নাজপাডাপ্রভৃতি | .. | ৪ | ঐ |
| ৩৫ | বারুইপাড়া | ... | ৫ | ঐ |
| | বাসখিয়া | .. | ৭ | ঐ |
| | দুলতপুর | ... | ৯ | ঐ |
| | রামচন্দ্রপুর | ... | ১০ | ঐ |
| | মির্জাপুরপ্রভৃতি আরাজি | | ১ | ঐ |
| ৪০ | লক্ষ্মীকোল | .. | ৬৮ | প্রতাপবাজু। |
| | মামকর | ... | ৭১ | ঐ |
| | ভবানীপুর | ... | ৬৯ | ঐ |
| | রঘুনাথপুর | .. | ৬৯ | ঐ |
| | খেজুরপাড়া | ... | ০ | ঐ |
| ৪৪ | কাশোরিপুর | . | ০ | ঐ |
| | জগন্নাথপুর | .. | ৭০ | ঐ |
| | আলমপুরপ্রভৃতি | ... | ২০৪ | পোলাদাশী। |
| | গোপালপুর | ... | ২০৩ | ঐ |
| ৪৯ | দেউলী | ... | ৬৭ | প্রতাপবাজু |

E.

নিম্নলিখিত গ্রাম সকল ময়মুনসিংহ জিলাহইতে বগুড়া জিলাভুক্ত হইয়া শেষোক্ত জিলার সারিয়াকান্দি থানার সামীল হইল।

| নম্বর | গ্রামের নাম | | থাকবস্তের নম্বর | পরগনার নাম। |
|---|---|---|---|---|
| ১ | কিসমৎ কোয়াপাড়া | .. | ০ | পাতিলাদহ |
| | কাকালীহারা | ... | ০ | ঐ |
| | চালুয়াবাড়ী | ... | ০ | ঐ |
| | দাউদেরপাড়া | ... | ৪১২ | জফরশাহী। |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৭ সেপ্টেম্বর।]

| নম্বর | গ্রামের নাম | | থাকবস্তের নম্বর | পরগণার নাম। |
|---|---|---|---|---|
| ৫ | ভক্তিয়ারপাড়া | ... | ৪১৩ | জফরশাহী। |
| | নহবতেরপাড়া | ... | ৪১১ | ঐ |
| | তিকমেরপাড়া | ... | ৪০৬ | ঐ |
| | খাবিলা স্বপনপিয়াপ্রভৃতি | | ৪০৭—৪১০ | ঐ |
| | চুকাইনগর | ... | ৪০৫ | ঐ |
| ১০ | বৈরাগীপাড়া | . | ৪০৪ | ঐ |
| | রাকুনিগাছা অথবা নক্রদহ | | ৪০২ | ঐ |
| | মোহনপুর | .. | ৪০৩ | ঐ |
| | আউচেরপাড়া | .. | ৪০১ | ঐ |
| | মুজাম্মেরপাড়া | .. | ৪০০ | ঐ |
| ১৫ | নয়রলা | .. | ৩৯৯ | ঐ |
| | শিমলায়ের | . | ৩৯৮ | ঐ |
| | জাম্বিরা | .. | ৩৯১ | ঐ |
| | ভাঙ্গোড়গাচা | .. | ৩৯২ | ঐ |
| | রাধিকা পাঁচগাচি | . | ৩৯৩ | ঐ |
| ২০ | ধারাবর্ষা | .. | ৩৯৭ | ঐ |
| | ভেলিগাড়ি • | .. | ৩৯৬ | ঐ |
| | শিমুলবাড়িয়া | ... | ৩৯৫ | ঐ |
| | বিম্বুরায়ের পাঁচগাছি | .. | ৩৯৪ | ঐ |
| | কর্মীবাড়ি | .. | ৩৮১ | ঐ |
| ২৫ | ধুমরপাড়া | ... | ৩৮২ | ঐ |
| | মওয়ারপাড়া | ... | ৩৮৩ | জফরশাহী। |
| | কাশীরপাড়া | ... | ৩৮৪ | ঐ |
| | মান্দিনা | | ৩৯০ | ঐ |
| | হরিরামপুর | ... | ৩৮৯ | ঐ |
| ৩০ | কলসারপাড়া | ... | ৩৮৮ | ঐ |
| | খোষালপুর | .. | ৩৮৭ | ঐ |
| | রাজাপুর | | ৩৮৫ | ঐ |
| | রাইপুর | ... | ৩৮৬ | ঐ |
| | মালচা | .. | ৩৭৭ | ঐ |
| ৩৫ | বলেশ্বর | .. | ৩৭৮ | ঐ |
| | দুবলাগাড়ি | ... | ৩৮০ | ঐ |
| | মিথুনেরপাড়া | .. | ৩৭৯ | ঐ |
| | আগ নাওয়া | .. | ৩৭৬ | ঐ |
| ৩৯ | নাওয়া | .. | ৩৭৫ | ঐ |

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটারী।

---

[Second Publication.]

NOTIFICATION.

*The 2nd September* 1872.—Under Section 2, Act II (B.C.) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses) the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the Act to the villages opposite Dacca on the south side of the river Boorigunga, in outpost Keranigunge, Thannah Lallbagh, in the district of Dacca, within the limits given below:—

1. Kaligunge
2. Chur Kutub
3. Jinjeera.
4. Luchmungunge, Rughanathpore, and Lallpore.
5. Keranigunge.
6. Hashlye
7. Musjedpore.
8. Chand Khan's Bagh.
9. Borishoor.
10. Junglebari
11. Khoajnuggur.
12. Potkajore
13. Mandail Dokorea.
14. Khagail

Bounded on the North by river Boorigunga; on the South by Shoobodyah, Nasirbaugh, Dakpara, Nazirgunge, Mandail, Kooshairbaugh, and Brammunkitta; on the West by Kholamoora; and on the East by Pargandooriah.

A. MACKENZIE,

*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ডবিধায়ক ১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের ২ ধারামতে ঢাকা জিলার অন্তর্গত লালবাগ থানার কেরাণীগঞ্জ ফাঁড়ির এলাকায় ঢাকা নগরের পুরোবর্ত্তি বুড়িগঙ্গার দক্ষিণ তটস্থ নিম্নলিখিত সীমাবদ্ধ গ্রামে উক্ত আইনের বিধান প্রচলিত করিয়াছেন। উত্তর সীমা বুড়িগঙ্গ নদী, দক্ষিণ সীমা শুভাদ ও নাজিরবাগ ও ডাকপাড়া ও নাজীরগঞ্জ ও মণ্ডেল ও কুশেরবাগ ও ব্রাহ্মণকিত্তা, পশ্চিম সীমা খোলামুরা এবং পূর্ব্ব সীমা পরগন্দরিয়া।

১। কালীগঞ্জ।
২। চর কুতব।
৩। জিঞ্জিরা।
৪। লক্ষ্মণগঞ্জ, ও রঘুনাথপুর ও লালপুর।
৫। কেরাণীগঞ্জ।
৬। হাসলাই।
৭। মসজীদপুর।
৮। চাঁদখাঁরবাগ।
৯। বরিশূর।
১০ জঙ্গলবাড়ী।
১১। খোয়াজনগর।
১২। পটকাজোড়।
১৩। মানদৈল দোকড়িয়া।
১৪। খাগৈল।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটারী।

[*Government Gazette*, 17*th September* 1872.]

[Second Publication.]

**DECLARATION.**

*The 24th August* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the expense of the Dacca Municipality for a public purpose, viz. for widening the road leading from the main road to the Chowk to the Railway Ghât, in the city of Dacca, it is hereby declared that for the above purpose a piece of land 396 feet long and about 11 feet broad, measuring more or less 26 poles, bounded on the North by the main road to the Chowk; South by the residence of Mr Eddy, East by the existing road to the Railway Ghât; and West by the land belonging to Mr. Wise, Kanye Laul, Kishoree Laul and Jussodalall Roy Chowdry, Mirzah Fazloo Rohomut Khan, Eshan Chunder Addy, and Aga Golam Ally, is required in the city of Dacca.

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

A. MACKENZIE,
*Offg Secy to the Govt of Bengal.*

---

## Public Works Department,—Bengal.

CIVIL BUILDINGS.

No 334.

*The 10th September* 1872.

*Declaration under Section 6 of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for straightening the western boundary of the Government Educational Buildings at Patuldangah, in the North Division of the Town of Calcutta, it is hereby declared that for the above purpose two additional strips of land measuring, more or less, 11 cottahs 12 chittacks and 20 feet standard measurement, and bounded as detailed below, are required within the aforesaid North Division:—

Strip marked A on plan comprised in holding No 45, block IX, North Division, is bounded on the North by Bhowani Churn Dutt's Lane, on the East by holding No 38, being the compound of the Colootollah Branch School, on the South by holding No 44, the property of Baboo Gobind Chunder Paul, and on the West by holding No. 45, the property of Baboo Sautcowrie Dutt.

[দ্বিতীয়বার প্রকাশিত ]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ আগষ্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ঢাকা নগরের চকে যাইবার বড় পথ হইতে রেলওয়ে ঘাটে যে পথ যায় তাহা প্রশস্ত করণার্থে ঢাকা মুনিসিপলিটীর অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ঢাকা নগরে ৩৯৬ ফুট দর্ঘ ও প্রায় ১১ ফুট প্রস্থ অর্থাৎ ন্যূনাধিক ২৬ পোল পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা চকপর্য্যন্ত যে পথ যায় তাহা, দক্ষিণ সীমা এডি সাহেবের বাটী, পূর্ব্ব সীমা রেলওয়ে ঘাটপর্য্যন্ত এখন যে পথ আছে তাহা, পশ্চিম সীমা ওয়াইস সাহেবের ও কাণাইলাল ও কিশোরীলাল ও যশোদালাল রায় চৌধুরী ও মির্জ্জা ফজলু ও রহমৎ খাঁ ও ঈশানচন্দ্র আঢ্য ও আগা গোলামআলির ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটীং সেক্রেটারী।

---

## বঙ্গদেশীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

অট্টালিকা বিষয়ক।

৩৩৪ নম্বর।

১৮৭২ সাল ১০ সেপ্টেম্বর।

ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতা নগরের উত্তর খণ্ডের অন্তর্গত পটলডাঙ্গার গবর্ণমেন্ট বিদ্যালয়ের পশ্চিম সীমা সোজ করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত উত্তর খণ্ডে বর্ণিমত পরিমাণের ন্যূনাধিক ॥১০ ছটাকে ২০ ফুট পরিমিত আর দুই খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা ও বর্ণনা নিম্নে লেখা গেল।

উত্তর খণ্ডের ৪৫ নং যোতের ৯ কিতার নক্সার A ভূমি খণ্ডের উত্তর সীমা ভবানী চরণ দত্তের লেন, পূর্ব্ব সীমা ৩৮ নং যোত কলুটোলা ব্রাঞ্চ স্কুল বাটীর সীমা, দক্ষিণ সীমা ৪৪ নং যোত, গোবিন্দ চন্দ্র পালের সম্পত্তি, পশ্চিম সীমা ৪৫ নং যোত বাবু সাতকড়ি দত্তের সম্পত্তি।

Baboo Radhakishen Sein, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for one month, from the 2nd October next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

*The 6th September* 1872.—Baboo Hur Chunder Dass, Moonsiff of Bohor, Zillah Dacca, for three months, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Moulvie Dedar Buksh, Additional Moonsiff of Bhaugulpore, for one month, under Section 3 Supplement F of the Civil Leave Code.

Moulvie Enamool Huq, Sudder Moonsiff of Gya, for one month and sixteen days, from 2nd October to 17th November next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Moulvie Mobarruck Ally, Officiating Moonsiff of Pooree, Zillah Cuttack, for one month, under Section 12-1, Supplement F of the Civil Leave Code. The Moonsiff's Serishtadar to be placed in charge of the current duties of the office after the Dusserah vacation for the few days during which the Moonsiff will be absent.

Baboo Bhugwan Chunder Chuckerbutty, Moonsiff of Raojan, Zillah Chittagong, for one month and twenty-two days, from the 21st October next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

The leave of absence for one month under Section 18, Chapter VI of the Civil Leave Code, granted to Baboo Brijendrokumar Seal, Moonsiff of Berhampore, on duty as Subordinate Judge of that District on the 14th June last, is hereby cancelled at his own request.

The unexpired portion of leave for three months, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, granted to Baboo Kalee Churn Ghosal, Additional Moonsiff of Jessore, on the 24th April last, is hereby cancelled at his own request.

*The 7th September* 1872.—Baboo Nobin Chunder Ghose, Sudder Moonsiff of Nuddea, for one month and fifteen days, from the 2nd proximo, under Section 18, Chapter VI of the Civil Leave Code. The Moonsiff's Serishtadar to be placed in charge of the current duties of the office after the Dusserah vacation.

Baboo Mohesh Chunder Roy, Moonsiff of Ooloobeariah, Zillah Hooghly, for one month, from the 5th October next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

By order, &c.,

W. Cornell,
*Offg. Registrar.*

চট্টগ্রামের অন্তর্গত সন্দ্বীপের মুনসেফ শ্রীযুক্ত বাবু রাধাকৃষ্ণ সেন দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ২ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৬ সেপ্টেম্বর।—ঢাকা জিলার বহরের মুনসেফ শ্রীযুক্ত বাবু হরচন্দ্র দাস দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের আডিশানল মুনসেফ শ্রীযুক্ত মৌলবী দেদারবকস দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধি ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

গয়ার সদর মুনসেফ শ্রীযুক্ত মৌলবী ইনামুল হক দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ২ তারিখ অবধি নবেম্বর মাসের ১৭ তারিখ পর্য্যন্ত এক মাস ষোল দিন ছুটী পাইয়াছেন।

কটক জিলার পুরীর একটিং মুনসেফ শ্রীযুক্ত মৌলবী মবারক আলী দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২—১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন। দুর্গোৎসবের বন্ধের পর যে কএক দিন মুনসেফ অনুপস্থিত থাকেন সেই কএক দিন মুনসেফের সিরিশতাদারের প্রতি কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার অর্পিত থাকিবে।

চট্টগ্রাম জিলার রাওজানের মুনসেফ শ্রীযুক্ত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ২১ তারিখ অবধি এক মাস বাইশ দিন ছুটী পাইয়াছেন।

বহরমপুরের মুনসেফ ও তৎস্থানের সবর্ডিনেট জজের কর্ম্মকারি শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার শীল দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে গত জুন মাসের ১৪ তারিখে যে এক মাস ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

যশোহরের আডিশানল মুনসেফ শ্রীযুক্ত বাবু কালীচরণ ঘোষাল গত আপ্রেল মাসের ২৪ তারিখে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর ১১ ধারামতে যে তিন মাস ছুটী পান তাহার অবশিষ্ট কাল তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

১৮৭২ সাল ৭ সেপ্টেম্বর।—নদীয়ার সদর মুনসেফ শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র ঘোষ দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি মাসের ২ তারিখ অবধি এক মাস পনের দিন ছুটী পাইয়াছেন। দুর্গোৎসবের বন্ধের পর মুনসেফের সিরিশতাদারের প্রতি কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার অর্পিত থাকিবে।

হুগলী জিলার উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুক্ত বাবু মহেশচন্দ্র রায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

হাইকোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

## Circular Orders of the Board of Revenue, L. P.

AUGUST 1872.

V H. SCHALCH, ESQ.

ERRATUM.

FOR "Section VI" in Circular Order No 3 of July 1872, read "Section V."

No 8.

CLAUSE 12, Section IV, Chapter XII, at page 195 of the Board's Rules, is hereby rescinded

V H. SCHALCH, ESQ, AND A. MONEY, ESQ., C B.

No. 9

GOVERNMENT has recently sanctioned certain changes in the procedure to be adopted in the submission and disposal of applications from local officers under the orders of the Board for extra budget allotments, and as there is reason to believe that, owing to the meagreness of the information supplied by Sections V and VI of Chapter II, Board's Rules, the powers and duties of the several authorities concerned, in relation to supplementary budget estimates and extra allotments, are not generally understood, the Board take the present opportunity of issuing revised instructions on the subject, in supersession of the sections above alluded to. For those sections the following will accordingly be substituted—

"SECTION V —EXTRA AND SUPPLEMENTARY BUDGET ALLOTMENTS

1. The Budget Estimates of local officers for any particular year being prepared and submitted in the middle of the previous year, emergencies not unfrequently arise which have not, and could not have, been provided for It may also happen that, through inadvertence or the non-receipt of the necessary information, duly sanctioned charges are omitted from a budget estimate.

2. In the latter case the omission, if brought to light at a sufficiently early period, may be supplied by the submission of a *supplementary* estimate, to the prepartion of which all the rules and conditions under which the regular budget is drawn up apply Such supplementary estimates will usually be received by the Board up to the end of November; but local officers should, by

[*Government Gazette*, 17*th September* 1872.]

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অডর।

১৮৭২ সাল আগষ্ট মাস।

শ্রীযুত বি এচ শক সাহেব।

অশুদ্ধশোধন।

১৮৭২ সালের জুলাই মাসের ৩ নম্বরের সরক্যুলর আর্ডার "৬ পরিচ্ছেদ" এই কথার পরিবর্ত্তে "৫ পরিচ্ছেদ" পাঠ্য।

৮ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২৯৮ পৃষ্ঠায় ১২ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ১২ ধারা এতৎক্রমে রহিত করা গেল।

শ্রীযুত বি এচ শক সাহেব ও এ মনি সাহেব। সি, বি,

৯ নম্বর।

বোর্ডের আজ্ঞার অধীন স্থানীয় কর্ত্তৃপক্ষেরা বজেটের অতিরিক্ত টাকা নিরূপণ হইবার প্রার্থনা করিলে তাঁহাদের সেই প্রার্থনাপত্র যেরূপে অর্পণ করিতে হইবে ও তাহা লইয়া যদ্রূপ কার্য্য হইবে গবর্ণমেন্ট কোন২ অংশে এই বিষয়ের কার্য্য প্রণালী পরিবর্ত্তন হইবার অনুমতি দিয়াছেন। এবং বোর্ডের বিধির ২ অধ্যায়ের ৫ ও ৬ পরিচ্ছেদে যে সন্ধান দেওয়া যায় তাহা অপ্রচুর হওয়াতে উক্ত কার্য্যে যে কর্ত্তৃপক্ষদের সম্পর্ক থাকে বজেটের পরিশিষ্ট অনুমানপত্র ও অতিরিক্ত টাকা নিরূপণ বিষয়ে তাঁহারদের যে ক্ষমতা আছে ও তাঁহারদের যে২ কর্ম্ম কর্ত্তব্য তাহা সাধারণ্যে বুঝা যায় না। এই কারণে বোর্ডের সাহেবেরা এই সুযোগে পূর্ব্বোক্ত দুই পরিচ্ছেদ রহিত করিয়া তদ্বিষয়ের পশ্চাৎ লিখিত উপদেশ প্রচার করিয়াছেন। অতএব উক্ত দুই পরিচ্ছেদের পরিবর্ত্তে এই পরিচ্ছেদ পাঠ্য।

৫ম পরিচ্ছেদ। অতিরিক্ত ও পরিশিষ্ট বজেটের টাকা নিরূপণের কথা।

১। কোন স্থানের কার্য্যালয়সম্পর্কে যত টাকা আয় ও ব্যয় হইবার সম্ভাবনা, তাহার অনুমানপত্র পূর্ব্ব বৎসরের মধ্য কালে প্রস্তুত হইয়া অর্পিত হইয়া থাকে, পশ্চাৎ অত্যন্ত প্রয়োজনীয় কোন২ ব্যাপার উত্থিত হইলে তাহার বিধান থাকে না, থাকাও অসম্ভব। আরো নিয়মিত যে খরচের অনুমতি আছে তাহাও একং বার অমনোযোগে কিম্বা প্রয়োজনমত সন্ধান না পাওয়াতে বজেট ইষ্টিমেণ্টের মধ্যে নবিষ্ট ত্রুটি হইতে পারে

২। শেষোক্ত স্থলে ঐ কথা যে ছাড়া হইল উপযুক্ত সময় থাকিতে ইহা জানিতে পাওয়া গেলে পরিশিষ্ট অনুমানপত্র অর্পণ করিলে সেই দোষ খণ্ডন হইতে পারে। নিয়মিত বজেট প্রস্তুত করিবার যে২ বিধি ও নিয়ম আছে ঐ পরিশিষ্ট পত্র প্রস্তুতকরণ কার্য্যে তাহাই খাটে। বোর্ডের সাহেবেরা সচরাচর নবেম্বর মাসের শেষপর্য্যন্ত ঐ পরিশিষ্টপত্র গ্রহণ করিয়া থাকেন। কিন্তু নির্দ্দিষ্ট সময়ের মধ্যে

carefully preparing within the prescribed time complete estimates of expected expenditure, provide as far as possible against the necessity for the submission of supplementary estimates, as they cause trouble both in the Board's and the Accountant-General's Office. After the end of November no such estimates can in any case be admitted.

3 Should the necessity for making a disbursement during the year budgetted for come to light after the period within which a supplementary budget can be submitted, an *extra* budget allotment must be applied for in the form given below, together with the necessary application for departmental sanction. The same course should be adopted in all cases in which a disbursement, for which no budget provision has been made, becomes necessary during the year then current—

সম্ভাবিত খরচের সম্পূর্ণ অনুমানপত্র মনোযোগে প্রস্তুত করিয়া দেওয়া স্থানীয় কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য। তাহা হইলে ঐ পরিশিষ্টপত্র দিবার আবশ্যক হয় না। ফলতঃ তাহা দিলে বোর্ডের ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের আফিসে অত্যন্ত কষ্ট হয়। নবেম্বর মাস গত হইলে তদ্রূপ অনুমানপত্র কোন প্রকারেই গ্রাহ্য হইতে পারিবে না।

৩। যে বৎসরের বজেট দেওয়া যায় ঐ পরিশিষ্ট বজেট অর্পণ করিবার সময়ের মধ্যে যদি সেই বৎসরের অধিক টাকা খরচ করিবার আবশ্যক জানা যায় তবে প্রয়োজনমতে উপযুক্ত কর্ম্মবিভাগের যে অনুমতি পাওয়া উচিত সেই অনুমতি পাইবার প্রার্থনাপত্র সহিত নিম্নলিখিত পাঠে অতিরিক্ত বজেটের টাকা নিরূপণ হইবার প্রার্থনা করিতে হইবে। আর চলিত বৎসরের অতিরিক্ত খরচের নিমিত্ত বজেটে নিয়ম না থাকিলে তদ্রূপ স্থলেও এই বিধিমতে কার্য্য করা কর্ত্তব্য।

*Application for an Extra Budget Allotment in the District of*

| Budget Head. | Assignment under the head for the year. | Additional grant now required. | Financial year in which the amount has been, or is to be, actually paid. | Explanation of cause of additional requirement. | Remarks by | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | Commissioner. | Board. | Accountant-General. | Government of Bengal. |
| 1 | 2. | 3. | 4. | 5. | 6. | 7. | 8. | 9. |
| | | | | | | | | |

অমুক জিলায় বজেটের অতিরিক্ত টাকা নিরূপণ হইবার প্রার্থনাপত্র।

| বজেটের দফা। | বৎসরের জন্যে ঐ দফায় নিরূপিত টাকা। | অতিরিক্ত যত টাকার আবেদন হইতেছে তাহা। | রাজস্ব সম্বন্ধীয় যে বৎসরে ব্যয় হইল কি হইবে সেই বৎসর। | অতিরিক্ত টাকা প্রয়োজন হইবার কারণ। | মন্তব্য কথা। | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | কমিশনর সাহেবের। | বোর্ডের। | আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের। | বঙ্গদেশের গবর্ণমেণ্টের। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৭ সেপ্টেম্বর।]

4. The report containing this double application must be submitted to the Commissioner, who will, if departmental sanction has been already accorded, or if he considers that it should be accorded, to the work on which the money is to be spent, forward the report to the office of the Board in the proper department with his remarks, and at the same time send a copy of the *budget* application only to the Accountant-General's Office. This copy will be forwarded by the Accountant-General to the Board, with information in regard to the head in the provincial budget under which funds are available to meet the required expenditure. With the Commissioner's and the Accountant-General's reports before them, the Board will be able to form a judgment on the merits of the appliction, and will reject or forward it to Government as may seem proper.

5. In all cases in which it may appear from the Accountant-General's report, that the expenditure can be defrayed from funds available under the same sub head of the provincial budget, the Board's reference to Government will be for departmental sanction only, the transfer of a charge from one detailed heading to another within a sub-head being within their competence. Should it ap ear to be necessary to transfer a portion of a grant to a sub-head to which it does not properly belong, the orders of Government will be necessary for such transfer, as well as for departmental sanction to the work.

6. These rules in no way supersede the necessity for submitting applications for departmental sanction to previously unsanctioned works, provision to meet the cost of which exists in the budget of the office by which the expenditure is to be incurred."

In Section II, Clause 1, for the words "classes" "departments," and "section," substitute "major heads," "minor heads," and "sub-heads," respectively.

A. Money, Esq., C.B.

No. 10.

The following addition is made to Clause 10, Section V, Chapter VI, at page 121 of the Board's Rules.—

Cash securities are to be placed in deposit in District Savings Banks, provided the maximum amount of security of an officer does not exceed rupees five hundred.

৪। উক্ত দুই প্রার্থনাসহিত রিপোর্ট কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে। ঐ টাকা যে কর্ম্মে ব্যয় হইবে সেই কর্ম্মে ব্যয় হইবার নিমিত্ত উপযুক্ত কর্ম্মবিভাগের অনুমতি পাওয়া গেলে অথবা কমিশনর সাহেবের বিবেচনায় সেই অনুমতি দেওয়া উচিত বোধ হইলে তিনি তদ্বিষয়ে আপনার মন্তব্য কথা লিখিয়া বোর্ডের উপযুক্ত কর্ম্মবিভাগে ঐ রিপোর্ট পাঠাইবেন এবং আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকট কেবল বজেটের প্রার্থনাপত্রের নকল পাঠাইবেন। মফঃসলের বজেটের যে দফার মধ্যে প্রয়োজনীয় উক্ত খরচের ঐ টাকা পাওয়া যাইতে পারে আকৌণ্টেণ্ট জেনরল সাহেব এই কথা জ্ঞাপন করিয়া বোর্ডে সেই নকল পাঠাইবেন। বোর্ডের সাহেবেরা কমিশনর সাহেবের ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের রিপোর্ট সম্মুখে রাখিয়া ঐ প্রার্থনার উপযুক্ততা বিষয়ে নিষ্পত্তি করিতে পারিবেন ও যেমন উচিত বোধ করেন তেমনি ঐ প্রার্থনা গ্রাহ্য করিবেন কিম্বা গবর্ণমেণ্টে পাঠাইবেন।

৫। মফঃসলের বজেটের যে ক্ষুদ্র দফায় উক্ত খরচ ধরিতে হইবে সেই দফার নিরূপিত টাকা হইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের রিপোর্টদ্বারা ইহা দৃষ্ট হইলে বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের নিকট কেবল কর্ম্মবিভাগের অনুমতি পাইবার জন্যে তাহা অর্পণ করিবেন। যেহেতুক প্রধান এক দফার টাকা তাহার অধীন অন্য দফায় খরচ করিবার অনুমতি দেওয়া তাঁহারদের ক্ষমতাধীন। নিরূপিত টাকার কোন অংশ যে ক্ষুদ্র দফা সম্বন্ধীয় আছে তদ্ভিন্ন অন্য ক্ষুদ্র দফায় তাহা নিরূপণ করা আবশ্যক হইলে যেমন কর্ম্মবিভাগের অনুমতি পাইবার নিমিত্ত গবর্ণমেণ্টে সেই বিষয় অর্পণ করা উচিত তেমনি ঐ টাকা অন্য দফায় নিরূপণ করিবার নিমিত্ত গবর্ণমেণ্টের আজ্ঞা পাওয়া আবশ্যক

৬। কোন কর্ম্মের নিমিত্ত যে আফিসে টাকা খরচ হইবে সেই কার্য্য করিবার অনুমতি পাওয়া না গেলেও সেই আফিসের বজেটের মধ্যে ঐ খরচের টাকা ধরা গেলে কর্ম্মবিভাগের যে অনুমতি লওয়া আবশ্যক তাহার অন্যথা করা এই২ বিধির অভিপ্রায় নয়।

দ্বিতীয় পরিচ্ছেদের ১ ধারায় "শ্রেণী" "ডিপার্টমেণ্ট" ও "শাখা" এই২ শব্দের পরিবর্ত্তে "প্রধান দফা" "দ্বিতীয় দফা" ও "ক্ষুদ্র দফা" এই২ শব্দ ক্রমান্বয়ে পাঠ্য।

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি,

১০ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২০১ পৃষ্ঠায়, ৬ অধ্যায়ের ৫ পরিচ্ছেদের ১০ ধারায় এই২ কথা সংযোগ করিয়া দিতে হইবে।

কোন কর্ম্মচারির যে জামিন দিতে হয় তাহা নগদ ৫০০৲ টাকার অধিক না হইলে, সেই জামিনের টাকা ডিষ্ট্রিক্ট সেবিং ব্যাঙ্কে গচ্ছিত করিতে হইবে।

### No. 11.

Any person assessed under Act VIII of 1872, whether he was assessed under Act XII of 1871 or not, is liable, on appeal, to have the assessment increased under Sections 31 and 32 of the Act The last sentence of paragraph 16 of the Supreme Governments's rules of 19th April 1872, refers to the original assessment only.

---

### No. 12.

The attention of District Officers is drawn to the Circular Order No. 22, dated 28th June 1872, of the High Court, Fort William, published at page 67 of the *Calcutta Gazette*, dated 24th ultimo, regarding the paper to be used for adhesive stamps under (the Court Fees) Act VII of 1870.

2 It will be seen that paragraph 2 of the above Circular Order authoritatively decides the size and price of the paper required to be used, but as the Superintendent of Stationery has reported that the description of the paper in his stock is double the size required by the High Court order, the Member in charge has ruled that the paper should be cut to the size required at the different Treasuries instead of at the Stationery Office. Accordingly the Superintendent has been instructed to send out whole sheets of the paper, and informed that the price of each half sheet at the Treasury before issue will be one pice Local officers, at their discretion, may either cut the paper themselves or let the vendors do so.

3 District officers are requested to take the same kind of care of the paper now under notice as they do of stamped paper

---

### No. 13.

To prevent delay in the submission to Government of the Board's Returns under Act VIII of 1872, for the half year ending 30th September 1872, the following instructions are issued for the guidance of officers concerned in the preparation of Returns Nos. 23A, 23B, and 23C .

2. *Return No. 23A.*—Columns 2 and 3 of this Return should agree class by class with columns 6 and 7 of Return No. VI-A for September 1872. Column 4 should show half the amount shown in column 3, and should tally with column 8 of Return No. VI-A. Columns 5 of this Return and

### ১১ নম্বর।

১৮৭১ সালের ১২ আইনমতে কোন ব্যক্তির আয়ের উপর টাক্স ধার্য্য হউক বা নাই হউক ১৮৭২ সালের ৮ আইনমতে তাঁহার উপর টাক্স ধার্য্য হওয়াতে তিনি আপীল করিলে আইনের ৩১ ও ৩২ ধারামতে তাঁহার নির্দ্ধারিত টাক্স বৃদ্ধি হইতে পারিবে। প্রথমে যে টাক্স ধার্য্য হইল সুপ্রিম গবর্ণমেণ্টের ১৮৭২ সালের ১৯ আপ্রিলের বিধির ১৬ ধারার শেষ পদে কেবল সেই টাক্সের উল্লেখ হয়।

---

### ১২ নম্বর।

ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের ১৮৭২ সালের ২৬ জুনের ২২ নম্বরের যে সরক্যুলর অর্ডর ২৩ জুলাইর বাঙ্গলা গেজেটের ৯৫২ পৃষ্ঠায় প্রকাশ করা যায়, তাহার প্রতি জিলার কর্ত্তৃপক্ষদের মনোযোগ করিতে আদেশ হইল। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনমতে যে প্রকারের কাগজ ব্যবহার করিয়া আটাল ইষ্টাম্প বসাইতে হইবে ঐ সরক্যুলর অর্ডরে তদ্বিষয়ের কথা আছে।

২। যে কাগজের ব্যবহার করিতে হইবে উপযুক্ত ক্ষমতাপন্ন কার্য্যকারকদের আজ্ঞামতে উক্ত সরক্যুলর অর্ডরের ২ দফায় সেই কাগজের পরিমাণ ও মূল্য নির্দ্ধারিত হইয়াছে ইহা দৃষ্ট হইবে। কিন্তু হাই কোর্টের আজ্ঞামতে যে পরিমাণের কাগজ ব্যবহার করিতে হইবে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট সেই প্রকারের যে কাগজ আছে তাহা নির্দ্দিষ্ট পরিমাণহইতে দ্বিগুণ বড়, তিনি এমত রিপোর্ট করাতে উক্ত বিষয়ে বোর্ডের যে সাহেবের প্রতি অধ্যক্ষতা ভার আছে তিনি আজ্ঞা করিয়াছেন যে ঐ কাগজ ষ্টেশনরি আফিসে না কাটিয়া নানা খাজানাখানায় কাটিয়া নির্দ্দিষ্ট পরিমাণমত করা যাইবে। অতএব ষ্টেশনরির সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি পুরা এক২ তা করিয়া কাগজ পাঠাইবার আদেশ হইয়াছে। খাজানাখানাহইতে বাহির হইবার সময়ে আধ২ তার এক২ পয়সা মূল্য হইবে তাঁহাকে এই কথা জ্ঞাত করা গেল। স্থানীয় কর্ত্তৃপক্ষেরা স্ব২ বিবেচনামতে নিজে ঐ কাগজ কাটিবেন কিম্বা বিক্রেতাদিগকে কাটীতে দিবেন।

৩। জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল, তাঁহারা ইষ্টাম্প কাগজ যদ্রূপ যত্ন করিয়া রক্ষা করিতেন পূর্ব্বোক্ত কাগজও তদ্রূপ যত্নে রক্ষা করিবেন।

---

### ১৩ নম্বর।

১৮৭২ সালের ৮ আইনমতে ১৮৭২ সালের ৩০ সেপ্টেম্বর পর্য্যন্ত বোর্ডের যে ষাণ্মাসিক রিটর্ণ গবর্ণমেণ্টে দিতে হইবে তাহা দিবার বিলম্ব না হয়, এই নিমিত্তে যে কার্য্যকারকগণ ২৩ A. ২৩ B ও ২৩ C রিটর্ণ প্রস্তুত করণকার্য্যে লিপ্ত হন তাঁহারদের জ্ঞানার্থে নিম্নলিখিত উপদেশ দেওয়া যাইতেছে।

২।—২৩ A নং রিটর্ণ।—এই রিটর্ণের ২ ও ৩ ঘরের কথা শ্রেণী২ করিয়া ১৮৭২ সালের সেপ্টেম্বর মাসের নিমিত্ত ৬A রিটর্ণের ৬ ও ৭ ঘরের কথার সঙ্গে মিলিবে। ৩ ঘরে যত টাকা লেখা থাকে ৪ ঘরে তাহার অর্দ্ধেক থাকিবে, ও ৬ A নং রিটর্ণের ৮ ঘরের অঙ্কের সঙ্গে মিলিবে। এই রিটর্ণের ৫ ঘর ৬ A নং রিটর্ণের

column 9 of Return No. VI-A should tally. Column 7 should tally with column 13 of Return No. VI-A. This column will include all payments made whether on account of 1st or 2nd instalment. Column 8—The actual balance outstanding should be shown in this column. In the column of remarks should be entered, opposite each class, the amount paid voluntarily on account of the 2nd instalment.

3. *Return 23B.*—The instructions for the preparation of Return 23A should be followed in the preparation of this Return, which should be prepared from Register No. I-A.

4 '*Return* 23C —Column 2 should show the number of servants of Companies, &c., who have paid up to the date of the submission of the Return, and column 3 should show the amount paid by them. Government officials should not be shown in this Return.

5. Fractions of an anna should not be shown in any of these Returns.

6. If the last two Returns are blank, the fact should be reported at the time Returns Nos VI-A and 23-A are submitted, which should not be later than the 18th October 1872, otherwise they should be submitted on the same date.

৯ ঘরের সঙ্গে মিলিবে। ও এই রিটর্ণের ৭ ঘর ৬A নং রিটর্ণের ১৩ ঘরের সঙ্গে মিলিবে। প্রথম কিম্বা দ্বিতীয় কিস্তির টাকা বলিয়া যত টাকা দেওয়া গেল এই ঘরে সেই সকল টাকা ধরা যাইবে। প্রথার্থই যত টাকা বাকী থাকে তাহা ৮ ঘরে লিখিতে হইবে। দ্বিতীয় কিস্তির টাকা বলিয়া যে শ্রেণীর যত টাকা ইচ্ছা-পূর্ব্বক দেওয়া গিয়াছে মন্তব্য কথার ঘরে ঐ শ্রেণীর সমান পংক্তিতে সেই টাকা লিখিতে হইবে।

৩।—২৩ B রিটর্ণ।—এই রিটর্ণ প্রস্তুত করণে ২৩ A রিটর্ণ প্রস্তুত করিবার আদেশ মানিতে হইবে। তাহা ১ A নং রেজিষ্টর দেখিয়া প্রস্তুত করা যাইবে।

৪।—২৩ C রিটর্ণ।—এই রিটর্ণ প্রস্তুত করিয়া দিবার তারিখ পর্য্যন্ত কোম্পানি প্রভৃতির যত জন কর্ম্মচারী টাক্স দিয়াছেন ২ ঘরে তাঁহারদের সংখ্যা ও তাঁহারা যত টাকা দিয়াছেন ৩ ঘরে তাহা লিখিতে হইবে। এই রিটর্ণে গবর্ণমেণ্টের কার্য্যকারকদের নাম লিখিতে হইবে না।

৫। ইহার মধ্যে কোন রিটর্ণে আনার কম লিখিতে হইবে না।

৬। শেষোক্ত দুই রিটর্ণ খালি থাকিলে ৬ A ও ২৩ A রিটর্ণ দিবার সময়ে ঐ কথার রিপোর্ট করিতে হইবে। ঐ দুই রিটর্ণ দিতে ১৮৭২ সালের অক্টোবর মাসের ১৮ তারিখের বিলম্ব না হয়। ঐ রিটর্ণ খালি না থাকিলে দুইখানি একি তারিখে পাঠাইতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা চট্টগ্রাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকা গত ২৫ মেই শেষ তারিখের সূর্য্যাস্তপর্য্যন্তের বাকীপড়া রাজস্ব আদায়ের নিমিত্তে ১৮৭২ ইংরেজীর ২৩ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ বাঙ্গালার ৮ আশ্বিন রোজ সোমবার জিলার কালেক্‌টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭২ ইং তারিখ ৮ আগষ্ট।

মহল নওয়াবাদ।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্তে বিক্রী হইবেক।
মৌজে দক্ষিণ হিল্লা থানে টেকনাপ।

৪৬০ নং তালুক খোআমে চৌং আহালীএ ও শ্রীমতী উমাবি চৌধুরীয়া দোক্তার মৃত ত্থোপা চৌং ও ত্থাতং চৌং ও ন্দাপো চৌং পীছরান সান্দো চৌং মৃত ওন্দাপিঞ্জ চৌং ও শ্রীমতী চাইঅ্রাও চৌধুরীয়া পীং বাইস্তুং চৌং সাং দক্ষিণ হিলনা বাং তালুক কান্দো সমুদাএ তালুক নীলাম হইবেক। সদর জমা ৬৭০৮৴
রোডফণ্ড .. . ৬৮০

৬৭৭৷৴

(F)

A. L. CLAY,
*Offg. Collector.*

[*Government Gazette, 17th September* 1872.]

জিলা মেদিনীপুর।

১৮৫৯ সালের ১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ১৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনঅনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২৫ সেপ্টেম্বর মোতাবেক ব জলা ১০ আশ্বিন ১২৭৯ সাল আমলি ১১ আশ্বিন ১২৮০ সাল বুধবার দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবে। ১৮৭২ সাল তারিখ জুলাই।

তফসীল।

| তৌজীর নং | রেজিষ্টরির নং | নাম মহাল | নাম পরগনা | নাম মালিক | সদর জমা | বাকী যাহার জন্য নীলাম হইবে | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|---|
| | | দশসালা বন্দবস্তী মহাল। | দন্তমুঠা | | | | |
| ৫৫৩ | ৯৬৬ | দন্তমুঠা ওবকে এরেন্দা মেযাদী বন্দবস্তী মহাল | | ভরতচরণ সৎপতি | ১০২৯।/১ | ৭৪/৩ | |
| ২১০ | ২০১০ | লাভুযামুঠা জালপাচ খাস পতিত বানিযোড জালপাই শরিফাবাদ জালপাই মাজনামুঠা জালপাই খাস পতিত কশবা হিজলী জালপাই খাস পতিত। | মাজনামুঠা জমীদারী সংক্রান্ত | রাধিকাপ্রসন্ন চন্দ্র .. | ৮৩২৭।/ | ১৪৩৯৸১ | রসীদ বন্দবস্তমতে এই মহালের জমা আমলি ১২৮০ সালে ১০২৩০৸০ টাকাহইয়া সন ১২৮৭ সালপর্য্যন্ত চলিয়া মেযাদ অতীত হইবেক। |

J. A. Hopkins,
*Covenanted Deputy Collector,*
*for Collector.*

(F)

---

জিলা যশোহর।

নীলামের এস্তাহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা যশোহরের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সবল ১৮৭২ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারি এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২১ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ৬ আশ্বিন রোজ শনিবার তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ১৮৭২। ১৫ আগষ্ট।

দ্বিতীয় শ্রেণীর মহাল।

৪৭২ নং তৌজীর মহাল মোতালকে সুন্দরবন ২২৪ নং লাট কামারকোলা, বন্দবস্তগৃহীতা রাজা বরদাকণ্ঠ রায় বাহাদুর, ইং ১২৬৩ লাং ১৩৬১ সাল পর্য্যন্ত ৯৯ বৎসর মেয়াদ আবাদকারী স্বত্ব, জমা ১২৭৮ সাল ৩৩৫৪৷৶৮ টাকা, ২১৯৭৷৶৮ টাকা বাকী খাজানার জন্য নীলাম হইবেক।

J. Monro,
*Collector.*

(F)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৭ সেপ্টেম্বর।]

---

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, SEPTEMBER 17, 1872.

মঙ্গলবার ১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।।

জিলা বাঁকুড়া।

ইহারদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাঁকুড়ার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহালে সরকার বাহাদুরের মালিকি স্বত্ব সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ১৩ আশ্বিন শনিবার জিলা বাঁকুড়ার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ত্রুটিকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

| কালেক্টরি মহালের রেজিষ্টরের নম্বর | তৌজির নম্বর | মহালের নাম ও পরগণা | একর বিং জমির আন্দাজি পরিমাণ | সদর জমা। | | | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ধার্য্য করা রাজস্ব | রাস্তার টাকা | মোট | | |
| • | ৯১৮ | সাতঘাট (এক পুরাতন রাস্তার জমি) পঃ বিষণপুর | ১ একর | ৮৶৬ | • | ৸৶৬ | ৮৸০ | |

(F)

(Sd.) W. R. LARMINIE,
*Offg. Collector.*

বাঁকুড়ার কালেক্টরি কাছারি,
সন ১৮৭২। ১৮ সে।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এডউইন বরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 24, 1872.          REGISTERED No. 51.

মঙ্গলবার ১৮৭২ সাল ২৪ সেপ্টেম্বর।

## Notification.

*The 16th September* 1872.—In continuation of previous Notifications, it is hereby announced for general information that the Lieutenant-Governor will be at Hazareebaugh till further notice.

As a general rule, all communications are to be sent as usual to the Secretary's Office in Calcutta. Communications which are urgent, and can be made complete in themselves, so as not to require reference to papers in the Office, may be sent direct to the Secretary with the Lieutenant-Governor at Hazareebaugh.

J. WARE EDGAR,

*Offg. Junior Secy. to the Govt. of Bengal.*

---

## বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৬ সেপ্টেম্বর।—পূর্ব্বকার কএক বিজ্ঞাপনের অতিরিক্ত সাধারণের জ্ঞানার্থে এই কথা প্রকাশ করা যাইতেছে। অন্য জ্ঞাপনপত্র প্রকাশ না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব হাজারিবাগে থাকিবেন।

পত্রাদি নিয়মিতরূপে কলিকাতার সেক্রেটারী সাহেবের কার্য্যালয়ে পাঠাইতে হইবে এই বিধি সাধারণ। কিন্তু অত্যন্ত প্রয়োজনের স্থলে আফিসের কোন কাগজপত্রে দেখিবার আবশ্যক না হইয়া পত্র আপনিই পূর্ণ হইতে পারিলে সেই পত্র হাজারীবাগে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সহিত সেক্রেটারী সাহেবের নিকট পাঠান যাইতে পারিবে।

জে, ওয়ার এডগার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

*The 16th September* 1872.—Mr. Charles Edward Crawford Merington, Officiating Joint-Magistrate and Deputy Collector, First Grade, in charge of the Sub-Division of Chooadangah, is transferred to the Sudder Station of Nuddea.

Mr. Jack Francis Needham, Deputy Magistrate and Deputy Collector in temporary charge of the Sub-Division of Meherpore, to have charge of the Sub-Division of Chooadangah until further orders.

Babu Rash Behary Bose, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is vested with the powers of a Magistrate, with effect from the date on which he joined that district.

Babu Futtick Chunder, recently appointed to officiate as an Extra Assistant Commissioner in Assam, is posted temporarily to Durrung.

Mr. Charles Fortescue Worsley to officiate as Magistrate and Collector of Sarun, during the absence on privilege leave of Mr. J. S. Drummond, or until further orders.

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committees in the districts mentioned, *viz.*—

The Deputy Commissioner } *Ex-officio.*
„ Executive Engineer of the District } *Ex-officio.*

Babu Ahoro.
„ Bama Churn.
„ Bisto Ram.
Mr. A. C. Campbell.
Lieutenant-Colonel Robert Campbell.

Babu Chanrai Sing.
„ Dhon Mohamed.
„ Dhoni Ram.
„ Dhunbur.
„ Doorga Kant.
„ Dundi Ram.
„ Gobind Ram.
Mr. Hugh Gordon.
Babu Gourikant.
„ Jeebunnessur.
„ Jew Ram.
„ Jogeshwar.
„ Jonardhon.
„ Joy Ram.
„ Kamul Nath.
„ Lukhi Kant.
„ Mohun Ram.
„ Poospanarain.
„ Poospa Ram.
„ Rungfool.
Mr. C. B. Smith.

১৮৭২ সাল ১৬ সেপ্টেম্বর।—চুয়াডাঙ্গা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত প্রথম শ্রেণীর একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত চার্লস এডওয়ার্ড ক্রাফর্ড মেরিংটন সাহেব নদীয়া সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

মেহেরপুর শাখাখণ্ডের কিয়ৎকালীন অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জ্যাক ফ্রান্সিস্ নিডাম্ সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত চুয়াডাঙ্গা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাসবেহারি বসু মাজিষ্ট্রেটের ক্ষমতা পাই-য়াছেন যে তারিখে উক্ত জিলায় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি ঐ আজ্ঞা প্রবল হইবে।

শ্রীযুত ফটিকচন্দ্র বাবু আসামে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের কর্ম্ম করণার্থে সম্প্রতি নিযুক্ত হইয়া কিয়ৎ-কালের নিমিত্তে দরঙ্গে অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত জে, এস ড্রমণ্ড সাহেবের অনুগ্রহের ছুটীপ্র-যুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত চার্লস ফর্টেস্কু ওর্সলী সাহেব সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত জিলাতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে প্রদেশীয় পথ কমিটীর মেম্বর পদে নিযুক্ত করিয়াছেন।

কামরূপ।

ডেপুটী কমিশ্যনর সাহেব } স্বং পদোপলক্ষে।
জিলার একসেকিউটিব ইঞ্জিনিয়র সাহেব } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত আহরো বাবু।
„ বামাচরণ বাবু।
„ বিষ্ণুরাম বাবু।
„ এ সি কাম্বেল সাহেব।
„ লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত রবর্ট কাম্বেল সাহেব।

শ্রীযুত বাবু চানরায় সিংহ।
„ ধন মহম্মদ।
„ ধনিরাম বাবু।
„ ধনবর বাবু।
„ দুর্গাকান্ত বাবু।
„ দণ্ডিরাম বাবু।
„ গোবিন্দরাম বাবু।
„ হিউ গর্ডন সাহেব।
„ গৌরীকান্ত বাবু।
„ জীবনেশ্বর বাবু।
„ জিউবরাম বাবু।
„ যোগেশ্বর বাবু।
„ জনার্দ্দন বাবু।
„ জয়রাম বাবু।
„ কমলনাথ বাবু।
„ লক্ষ্মীকান্ত বাবু।
„ মোহনরাম বাবু।
„ পুষ্পনারায়ণ বাবু।
„ পুষ্পরাম বাবু।
„ রঙ্গফুল বাবু।
„ সি, বি স্মিথ সাহেব।

Babu Sookdeb.
„ Soorjo Mull.
„ Soorjo Sein.

NOWGONG.

The Deputy Commissioner
„ Executive Engineer of the District. } *Ex-officio.*

Babu Bancha Ram.
„ Bhog Ram.
„ Bhoobunnessur.
„ Debnath.
Mr. T. Greaves.
Babu Goonabhiram Surmah Burooah.
Mr. F. Haward.
„ J. Herriot.
Babu Jonardon.
„ Kanu Ram.
„ Lukhi Ram Surmah.
„ Nurnath Mohunt
Sheikh Robiullah.
Babu Sodasook Oswal.

*The* 17*th September* 1872.—The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committee in the Sylhet District, viz.—

The Magistrate and Collector of Sylhet ...
The Senior Covenanted Assistant to the Magistrate and Collector ... } *Ex-officio.*

Moulvi Abdool Jalil
„ Abdool Kadir
„ Ahmed Ali.
„ Ali Mahomed Khan.
Babu Brojonath Dhur.
Dr. R. Deacon.
Babu Ishan Chundro Rai
„ Kali Kumar Dam.
Moulvi Mahomed Afzul Chowdri.
Dewan Naseah Rezah
Babu Nobin Chunder Mozoomdar.
Mr. James Patch.
Babu Ras Behari Dutt.

Mr. James Anderson to be an Assistant to the Magistrate and Collector of Sylhet, and to officiate as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade.

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Road Cess Committee in the Balasore District under Sections 49 and 51 of Act X (B.C.) of 1871, for the purpose of carrying out the provisions of the Act:—

The Collector of Balasore.
The Senior Covenanted Assistant under the Magistrate and Collector. } *Ex-officio.*

শ্রীযুত বাবু শুকদেব বাবু।
„ সূর্য্যমল বাবু।
„ বাবু সূর্য্য সেন।

নৌগাঁ।

ডেপুটী কমিশ্যনর সাহেব
জিলার একজেকিউটিব ইঞ্জিনিয়র সাহেব } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত বাঞ্ছারাম বাবু।
শ্রীযুত ভোগরাম বাবু।
„ ভুবনেশ্বর বাবু।
„ দেবনাথ বাবু।
„ টি গ্রিবস্ সাহেব।
„ বাবু গুণাভিরাম শর্ম্মা বড়ুয়া।
„ এফ হেওয়ার্ড সাহেব।
„ জে হেরিয়ট সাহেব।
„ জনার্দ্দন বাবু।
„ কানুরাম বাবু।
„ বাবু লক্ষ্মীরাম শর্ম্মা।
„ বাবু নরনাথ মোহন্ত।
„ সেখ রবিউল্লা।
„ বাবু সদাসুক ওসওয়াল।

১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শ্রীহট্ট জিলাতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে প্রদেশীয় পথকমিটীর মেম্বর পদে নিযুক্ত করিয়াছেন।

শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব
মাজিষ্ট্রেট ও কালেক্টরের চিহ্নিত পদজ্যেষ্ঠ আসিষ্টাণ্ট } স্বং পদোপলক্ষে।

শ্রীযুত মৌলবী আবদুল জলিল।
„ মৌলবী আবদুল কাদের।
„ মৌলবী আহম্মদ আলী।
„ মৌলবী আলী মহম্মদ খাঁ।
„ বাবু ব্রজনাথ ধর।
ডাক্তর শ্রীযুত আর ডিকন সাহেব।
শ্রীযুত বাবু ঈশানচন্দ্র রায়।
„ বাবু কালীকুমার দাঁ।
„ মৌলবী মহম্মদ আফজুল চৌধুরী।
„ দেওয়ান নাসিয়া রেজা।
„ বাবু নবীনচন্দ্র মজুমদার।
„ জেমস্ প্যাচ সাহেব।
„ বাবু রাসবেহারী দত্ত।

শ্রীযুত জেমস আণ্ডরসন সাহেব শ্রীহট্টের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত আইনের ৪৯ ও ৫১ ধারামতে বালেশ্বর জিলার নিম্নলিখিত ব্যক্তিদিগকে পথকমিটীর মেম্বরপদে নিযুক্ত করিয়াছেন।

বালেশ্বরের কালেক্টর সাহেব
মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের অধিন চিহ্নিত পদজ্যেষ্ঠ আসিষ্টাণ্ট } স্বং পদোপলক্ষে

Babu Brindabun Chunder Mundul.
„ Jugodishnath Roy.
„ Muddun Mohun Das.
„ Poorsootum Das.
„ Radha Roman Das.
„ Ram Mohun Das.
„ Shamanund Dey.

Moulvi Rumeezuddin, Supernumerary Deputy Magistrate, recently transferred to the Chittagong Division, is posted to Tipperah.

Mr. C. G. Smyth, a Branch Pilot on the salaried list, is attached to the Office of Master Attendant for general duty till the return of Captain E. J. Butler from privilege leave, or until further orders.

### Leave of Absence.

*The 12th September* 1872.—Babu Lukhikant Roy, Deputy Magistrate and Deputy Collector, Noakhally, for one month including the Doorgah Poojah Holidays, under Section 18 of the Civil Leave Code.

Babu Nobin Krishna Sircar, Deputy Magistrate and Deputy Collector of Jehanabad, in Burdwan, for one month, under Section 18 of the Civil Leave Code.

Mr. Joseph Posford, Assistant Magistrate and Collector, Sylhet, for six weeks, under Section 18 of the Civil Leave Code.

*The 16th September* 1872.—Mr. James Sutherland Drummond, Officiating Magistrate and Collector of Sarun, for one month, under Section 18 of the Civil Leave Code, from the 21st proximo, or any subsequent day within one month of that date on which he may take the leave.

Mr. Warren Hastings D'Oyly, Officiating Magistrate and Deputy Collector of Howrah, for three months, from the 1st proximo, under Section 18 of the Civil Leave Code.

### Notification.

*The 13th September* 1872.—Mr. James Anderson, c.s., reported his arrival at Bombay on the 31st ultimo, on his return from furlough.

### Erratum.

*The 16th September* 1872.—In the orders of the 10th instant, published in the *Calcutta Gazette* of the 11th idem, appointing the District Road Committee in Midnapore—

| *For* | *Read* |
|---|---|
| E. Gallys | E. Gallois. |
| S. Clarke | G. R. Clarke. |
| W. Money. | W. Morey. |

J. Ware Edgar,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

শ্রীযুত বাবু বৃন্দাবন চন্দ্র মণ্ডল।
,, বাবু জগদীশনাথ রায়।
,, বাবু মদনমোহন দাস।
,, বাবু পুরুষোত্তম দাস
,, বাবু রাধারমণ দাস।
,, বাবু রামমোহন দাস।
,, শ্যামানন্দ দে।

অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী রমীজুদ্দীন সম্প্রতি চট্টগ্রাম খণ্ডে প্রেরিত হইয়া ত্রিপুরায় অবস্থিত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত ই জে, বটলর সাহেব অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন না করণ কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বেতন ভোগিদের নির্ধন্টের লিখিত ব্রাঞ্চ পাইলট শ্রীযুত সি, জি স্মাইথ সাহেব সাধারণ কার্য্যের নিমিত্তে মাষ্টর আটেণ্ডেণ্টের কার্য্যালয়ে নিযুক্ত হইয়াছেন।

### ছুটী।

১৮৭২ সাল ১২ সেপ্টেম্বর।—নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীকান্ত রায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুর্গোৎসবের বন্দসুদ্ধ এক মাস ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের অন্তর্গত জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীহট্টের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জোসেফ পোসফর্ড সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৬ সেপ্টেম্বর।—সারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জেমস সদরলাণ্ড ড্রমণ্ড সাহেব আগামি মাসের ২১ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন

হাবড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ওয়ারেন্ হেষ্টিংস ডয়লী সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি মাসের ১ তারিখঅবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

### বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৩ সেপ্টেম্বর।—শ্রীযুত জেমস আণ্ডর্সন সাহেব, সি, এস, নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়া গত মাসের ৩১ তারিখে বোম্বাইয়ে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

### অশুদ্ধ শোধন।

১৮৭২ সাল ১৬ সেপ্টেম্বর।—মেদিনীপুরে প্রদেশীয় পথকমিটী নিযুক্ত করণবিষয়ক এই মাসের ১০ তারিখের যে আজ্ঞা ১৭ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তন্মধ্যে,

| | |
|---|---|
| শ্রীযুত ই গালিস সাহেব | শ্রীযুত ই গালয়ইস সাহেব |
| ,, এস ক্লার্ক সাহেব | ,, জি আর ক্লার্ক সাহেব |
| ,, ডবলিউ মনি সাহেব | ,, ডবলিউ মোরে সাহেব |
| এই২ নামের পরিবর্ত্তে | এই২ নাম পাঠ করিতে হইবে। |

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

### Circular No. 56.
### REVENUE DEPARTMENT,
#### Revenue.

To—All Commissioners of Divisions—(dated Calcutta, the 13th September 1872.)

The Lieutenant-Governor finds that while we are casting about for land for model farms, there are in many stations public gardens maintained by subscription. His Honor, however, observes with concern that in some instances these gardens, after having been flourishing, are falling off for want of funds. To remedy this state of things His Honor would be willing to give a grant-in-aid, or any reasonable special assistance which might be suggested, for the purpose of procuring seeds or improved stock at any places where there are such institutions, and a competent person will undertake their management, with a view to making agricultural experiments on a small scale, and developing by selection, cultivation, and care, the plants and animals by which the resources of the country may be improved.

2. It also strikes the Lieutenant-Governor that much might be made of the jail gardens, which are generally under the care of men of science and skill, who have time to devote to such agricultural experiments. His Honor is quite in favor of these gardens as a means of usefully employing prisoners who have earned indulgence, and convalescents of good character, and of supplying vegetables for the consumption of the prisoners. And the gardens being maintained for these purposes, the opportunity may well be taken for making them also the means of agricultural improvement. I am to beg that the attention of Jail Officers may be called to the subject, and the co-operation of all who have any taste that way, invited. The Lieutenant-Governor will gladly sanction a fair expenditure for seeds, implements, and manure, in order to carry on hopeful experiments.

J. Ware Edgar,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

#### Notifications.

*The 2nd September* 1872.—A plan and estimate amounting to Rs. 30,000 for the construction of a Jetty Tramway having been submitted by the Commissioners for making Improvements in the Port of Calcutta with their Vice-Chairman's letter

### ৫৬ নম্বরের সরক্যুলর।
### রেবিনিউ ডিপার্টমেন্ট।
#### রেবিনিউ।

সকল দেশখণ্ডের কমিশ্যনর সাহেব সমীপেষু।
কলিকাতা ১৮৭২ সাল ১৩ সেপ্টেম্বর।

ক্ষেত্রিক ব্যাপারের নিদর্শনস্বরূপ ক্ষেত্রাদি প্রস্তুত করিবার নিমিত্ত আমরা ভূমি পাইবার চেষ্টায় আছি ইতিমধ্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অনেক স্থানে চাঁদা দ্বারা রক্ষিত সাধারণের বাগান দেখিতে পাইয়াছেন। কিন্তু কোন২ স্থানে তদ্রূপ বাগানের অতীব উন্নতি হইলে পর সঙ্গতি না থাকাতে ক্রমে২ নষ্ট হইতে লাগিয়াছে শ্রীযুত ইহা দেখিয়া চিন্তিত হইয়া সেই দুরবস্থা নিবারণার্থে এই প্রস্তাব করিলেন। যে২ স্থানে তদ্রূপ বাগান আছে ও তাহার অধ্যক্ষতা করিবার উপযুক্ত ব্যক্তি থাকে সেই২ স্থানে ক্ষুদ্রাকারে ক্ষেত্রিক ব্যাপার পরীক্ষা করিয়া দেখা যায় এবং যে বৃক্ষ ও পশুর দ্বারা দেশোৎপন্ন নানা বৃক্ষের ও পশুর উৎকর্ষসাধন হইতে পারে তাহা মনোনীত ও পালন করিয়া সাবধানে উন্নত করা যায় এই নিমিত্ত তিনি বীজ কি উত্তম২ গোমেষ প্রভৃতি ক্রয় করণার্থে সাহায্য করিতে এবং যুক্তিমতে বিশেষ সহকারিতা করিতে উদ্যত আছেন।

২। অনেক জেলের বাগানও জ্ঞানি ও কার্য্যদক্ষ ব্যক্তিদের তত্ত্বাধীনে আছে ও ক্ষেত্রিক ব্যাপারের পরীক্ষা করিয়া দেখিতে তাঁহাদের অবকাশও হইয়া থাকে। অতএব সেই২ বাগান দ্বারা এতৎকার্য্য পক্ষে অনেক ফল দর্শিতে পারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত বোধ করেন। ও যে কয়েদিরা সদাচরণদ্বারা বিশেষ অনুগ্রহের যোগ্য হয় ও সদাচারি যে ব্যক্তিরা রোগহইতে মুক্ত হইয়া বলাধান অবস্থায় আছে তাহারা সেই প্রকারের কর্ম্মে খাটিতে ও কয়েদির আহারার্থ শাক সবজী প্রভৃতি উৎপন্ন করিতে পারে বলিয়া শ্রীযুত সেই প্রকারের বাগান রাখিতে সম্মত আছেন। আর উক্ত অভিপ্রায়ে বাগান রাখিতে হইলে তন্মধ্যে কৃষিকার্য্যের উৎকর্ষ সাধনেরও সদুপায় হইতে পারে। অতএব জেলের কর্তৃপক্ষদের প্রতি সেই বিষয়ে মনোযোগ করিয়া সেই প্রকারের কর্ম্মে যাঁহাদের অনুরাগ থাকে তাঁহারদেরও সহকারিতা প্রার্থনা করিতে আদেশ করা গেল। পরীক্ষার দ্বারা কোন ফলোৎপাদনের সম্ভাবনা থাকিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সন্তুষ্ট হইয়া বীজ ও হাতিয়ার ও সার ক্রয় করিবার উপযুক্ত খরচ দিতে উদ্যত আছেন।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

তৃতীয়বার প্রকাশিত।]

#### বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ সেপ্টেম্বর।—কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরেরা জেটী ট্রামওয়ে প্রস্তুত করিবার যে নকশা ও ৩০,০০০ টাকা ব্যয়ের যে অনুমানপত্র তাঁহাদের প্রতিনিধি সভাপতির ১৮৭২ সালের জুলাই মাসের ১৮ তারিখের ৭১৯ নং পত্রের সহিত প্রেরণ

পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

ইন্সপেক্‌শন বাঙ্গলা ঘর।

রাজকীয় যে কার্য্যকারকেরা বঙ্গদেশের অন্তর্গত পথের ও বাঁধের ইন্সপেক্‌শন বাঙ্গলা ঘরের ব্যবহার করেন তাঁহাদের উপদেশার্থ বিধি।

১। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের কোন কার্য্যকারক বা নিম্নশ্রেণীর কর্ম্মকারক দাঁড়ামতে অনুমতি

travelling on *bonâ fide* inspection duty, unless the buildings are occupied as permanent residences by an officer or Subordinate of the Public Works Department, with due sanction.

পাইয়া ইনস্পেকশান বাঙ্গলায় বাস না করিলে, রাজকীয় যে কার্য্যকারকদের নিয়োগ হইবার কথা গেজেটে প্রকাশ করা যায় তাঁহারা যথার্থই পথ প্রভৃতি দেখিয়া লইবার জন্যে ভ্রমণ করিলে পবলিক ওর্কসের ঐ ইন্‌স্পেকশান বাঙ্গলায় গিয়া থাকিতে পারিবেন।

2. Inspection Bungalows being necessary to enable Public Works Officers and Subordinates in charge of roads to supervise their work, they have the first right to occupy bungalows in their own divisions and sub-divisions.

২। পথপ্রভৃতি পবলিক ওর্কসের যে কার্য্যকারকদের ও নিম্নশ্রেণীর যে কর্ম্মকারকদের জিম্মায় থাকে তাঁহারা উচিতমতে স্ব২ কার্য্যের তত্ত্বাবধারণ করিতে পারেন এই কারণে ঐ ইন্‌স্পেশান বাঙ্গলা থাকা আবশ্যক, অতএব স্ব২ দেশখণ্ড বা শাখাখণ্ডস্থিত ঐ বাঙ্গলায় বাস করিতে তাঁহাদেরই অধিকার প্রধান।

3. Of two Officers of other departments travelling on duty, the superior Officer is allowed preference.

৩। অন্যা২ কর্ম্মবিভাগের দুই জন কার্য্যকারক স্ব২ কার্য্যোপলক্ষে ভ্রমণ করিলে যিনি পদজ্যেষ্ঠ হন তাঁহারই সেই বাঙ্গলায় থাকিবার অধিকার অগ্রগণ্য।

4. Officers and gazetted Subordinates of the Public Works Department can occupy any of the bungalows as permanent residences if the Executive Engineer of the division to which they are attached considers it absolutely necessary for the supervision of their work that they should do so, rent being payable as laid down in Public Works Code IV.,—ii.,—18.

৪। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের কার্য্যকারকেরা ও নিম্ন শ্রেণীর যে কর্ম্মকারকদের নিয়োগ গেজেটে প্রকাশ হইয়া থাকে তাঁহারা ঐ বাঙ্গলাঘরে বাস না করিলে কর্ম্মের উপযুক্ত তত্ত্বাবধারণ হইতে পারিবে না যে দেশখণ্ডে তাঁহারা নিযুক্ত থাকেন সেই দেশ খণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়র সাহেব ইহা জ্ঞান করিলে তাঁহারা সেই বাঙ্গলায় বাস করিতে পারিবেন। পবলিক ওর্কস সংক্রান্ত বিধির ৪ অধ্যায়ের ২ পরিচ্ছেদের ১৮ ধারামতে তাঁহারদের ঐ ঘরের ভাড়া দিতে হইবে।

5. Officers of other departments can occupy any of the bungalows as permanent residences on the same terms as Officers of the Public Works Department when the Superintending Engineer and Magistrate of the district certify that the bungalow is not required for any other purpose.

৫। ঐ বাঙ্গলা ঘর অন্য কোন কার্য্যে লাগে না, সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব ও জিলার মাজিষ্ট্রেট সাহেব ইহা সংশিতমতে জানাইলে পবলিক ওর্কস ডিপার্টমেন্টের কার্য্যকারকেরা যে নিয়মে উক্ত ঘরে বাস করিতে পারেন অন্যান্য কর্ম্মবিভাগের কার্য্যকারকেরাও সেই নিয়মে তন্মধ্যে বাস করিবার অনুমতি পাইতে পারিবেন।

6. Bungalows may be occupied for seven days without payment of rent, after which time the occupant will be considered a permanent resident and will be liable for rent for the whole time of occupancy.

৬। কোন কর্ম্মকারক বাঙ্গলাঘরে সাত দিন ভাড়া না দিয়া থাকিতে পারিবেন। তাহার পর তাহাকে চিরবাসি বলিয়া জ্ঞান হইবে ও যত দিন থাকেন তত দিনের ভাড়ার দায়ী হইবেন।

7. Notice should invariably be sent to the Superintending Engineer if an Officer finds that his duty obliges him to become a permanent resident, and sanction must be obtained.

৭। কোন কর্ম্মকারকের কর্ম্মোপলক্ষে তাঁহার সেই বাঙ্গলা ঘরে চিরকাল বাস করা আবশ্যক বিবেচনা হইলে সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবকে তাঁহার সেই কথা জানাইয়া সে বাঙ্গলাঘরে থাকিতে উক্ত সাহেবের অনুমতি লইতে হইবে।

8. Any Officer permanently occupying an Inspection Bungalow, containing more than one main room, should vacate one room for the use of a Public Works Officer on inspection duty, on receiving 24 hours' notice

৮। ইনস্পেকশান বাঙ্গলায় একটি দালানের অধিক অন্য ঘর থাকিলে ও তন্মধ্যে কোন কর্ম্মকারক বাস করিলে যদি পবলিক ওর্কসের কোন কর্ম্মকারক তত্ত্বাবধানের কার্য্যে ভ্রমণ করিয়া ২৪ ঘন্টা থাকিতে তাহার সেই ঘরে থাকিবার কল্পনা জানান তবে সেই কর্ম্মকারক তাঁহার থাকিবার জন্যে এক ঘর খালি করিয়া দিবেন।

9 A card with the scale of payment for each class of Officers and Subordinates will be kept hung up in the bungalow, and a book will be kept in which every person occupying the build-

৯। প্রত্যেক শ্রেণীর কার্য্যকারকের ও নিম্নতর কর্ম্মকারকের যে২ হারে ভাড়া দিতে হইবে তাহা তক্তার লিখিত হইয়া বাঙ্গলা ঘরে লটকান থাকিবে। আরো একখানি বহী রাখা যাইবে। যে কেহ বাঙ্গালাঘরে

ing shall enter his name and the date of his arrival and departure and the amount paid.

H. LEONARD, C. E.,
*Offg. Secy. to the Govt. of Bengal, P. W. D.*

# Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

## NOTIFICATION.

### LEAVE OF ABSENCE

*The 16th September* 1872.—Moulvie Adiloodeen Mahomed, Moonsiff of Baraipore, Zillah 24-Pergunnahs, for fifteen days, from 23rd October to 6th November next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Horo Proshad Sein, Additional Moonsiff of Culna, Zillah East Burdwan, for the ensuing Dusserah vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

*The 17th September* 1872.—Baboo Tarinee Churn Mookerjee, Moonsiff of Jehanabad, Zillah East Burdwan, for one month and ten days, from 2nd October next, under Section 12, Supplement F of the Civil Leave Code.

Baboo Dwarkanath Ghose, Moonsiff of Goalando, Zillah Dacca, for one month, to be taken in the Dusserah vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Gour Chunder Dass, Moonsiff of Madargunge, Zillah Mymensingh, for two months, in extension of that granted to him on the 20th June last, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Baboo Baney Madhub Ghose, Moonsiff of Kaleegunge, Zillah Dacca, for one month, to be taken in the Dusserah vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

Baboo Tarabilash Mitter, Moonsiff of Panchpookeria, Zillah Tipperah, for three months, from 14th October next, under Section 18, Chapter VI of the Civil Leave Code.

*The 20th September* 1872.—Baboo Srinath Pal, Officiating Additional Moonsiff of Chittagong, for ten days, *without pay*, during the Dusserah vacation.

থাকিতে আইসেন তিনি আপনার নাম ও পঁহুছিবার ও যাইবার তারিখ ও যত টাকা দিয়াছেন ঐ বহীতে এই২ কথা লিখিয়া দিবেন।

এচ, লেনার্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

# বঙ্গদেশস্থ কোর্ট ভলি‍ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

## বিজ্ঞাপন।

### ছুটী।

১৮৭২ সাল ১৬ সেপ্টেম্বর।—জিলা ২৪ পরগনার অন্তর্গত বারুইপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আদিলুদ্দীন মহম্মদ দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ২৩ তারিখ অবধি নবেম্বর মাসের ৬ তারিখ পর্য্যন্ত পঞ্চদশ দিন ছুটী পাইযাছেন।

পূর্ব্ব বৰ্দ্ধমান জিলার অন্তর্গত কালনার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।—পূর্ব্ব বৰ্দ্ধমান জিলার অন্তর্গত জাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু তারিণীচরণ মুখোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে আগামি অক্টোবর মাসের ২ তারিখ অবধি এক মাস দশ দিন ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত গোযালন্দের মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ ঘোষ দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যাযের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে এক মাস ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস গত জুন মাসের ২০ তারিখে দেওযানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাস ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত কালীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব ঘোষ দেওযানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যাযের ১৮ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে এক মাস ছুটী পাইয়াছেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু তারাবিলাস মিত্র দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি অক্টোবর মাসের ১৪ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২০ সেপ্টেম্বর।—চট্টগ্রামের একটিং আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ পাল আগামি দুর্গোৎসবের বন্দে বিনা বেতনে দশ দিন ছুটী পাইয়াছেন।

## TRANSFER OF MOONSIFFS.

*The 17th September* 1872.—Baboo Bhooban Chandra Mookerjee, Moonsiff of Olipore, Zillah Rungpore, to Khoolnea, Zillah Jessore.

Baboo Kedaressur Rai, Moonsiff of Khoolnea, Zillah Jessore, to Olipore, Zillah Rungpore.

Baboo Mohesh Chunder Chuckerbutty, Moonsiff of Patuakhallee, Zillah Backergunge, to Bulpore, Zillah Beerbhoom.

Baboo Gungakant Mookerjee, Moonsiff of Bulpore, Zillah Beerbhoom, to Patuakhallee, Zillah Backergunge.

The above transfers will take effect on the re-opening of the Civil Courts after the Dusserah vacation.

*The 18th September* 1872.—Baboo Premchand Pal, late Moonsiff of Lechragunge, Zillah Dacca, to Bohor in that district. The Head-Quarters of the Bohor Moonsiffee will be held at Moonsheegunge after the ensuing Dusserah vacation.

*The 19th September* 1872.—Baboo Girish Chunder Chowdhry, Moonsiff of Magoorah, Zillah Jessore, to Perozepore, Zillah Backergunge.

Baboo Mohendronath Mitter, Moonsiff of Perozepore, Zillah Backergunge, to Magoorah, Zillah Jessore.

By order of the High Court,
W. CORNELL,
*Offg. Registrar.*

HIGH COURT,
*The 21st September* 1872

---

## মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।—রঙ্গপুর জিলার অন্তর্গত অলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায় যশোহর জিলার অন্তর্গত খুলনিয়ায় প্রেরিত হইয়াছেন।

যশোহর জিলার অন্তর্গত খুলনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় রঙ্গপুর জিলার অলিপুরে প্রেরিত হইয়াছেন।

বাকরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালীর মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী বীরভুম জিলার অন্তর্গত বলপুরে প্রেরিত হইয়াছেন।

বীরভুম জিলার বলপুরের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখোপাধ্যায় বাকরগঞ্জ জিলার পটুয়াখালীতে প্রেরিত হইয়াছেন।

দুর্গোৎসবের বন্দের পর দেওয়ানী আদালত খোলা গেলে উপরোক্ত স্থানান্তরে নিয়োগ সকল হইবে।

১৮৭২ সাল ১৮ সেপ্টেম্বর।—ঢাকা জিলার অন্তর্গত লেছরাগঞ্জের ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল ঐ জিলার বহরে প্রেরিত হইয়াছেন। দুর্গোৎসবের বন্দের পর বহরমুনসেফীর সদর স্থান মুনশীগঞ্জে হইবে।

১৮৭২ সাল ১৯ সেপ্টেম্বর।—যশোহর জিলার মাগুড়ার মুনসেফ শ্রীযুত বাবু গিরিশচন্দ্র চৌধুরী বাকরগঞ্জ জিলার পিরোজপুরে প্রেরিত হইয়াছেন।

বাকরগঞ্জ জিলার পিরোজপুরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্র নাথ মিত্র যশোহর জিলার মাগুড়ায় প্রেরিত হইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ কর্ণেল,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট,
১৮৭২ সাল ২১ সেপ্টেম্বর।

---

## NOTICE.

### *Bengalee Edition of the Acts of Government.*

THE Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy.

## বিজ্ঞাপন

### গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১ অক্টোবর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

From Chief Secretary to Government of Bombay, No 3741, dated 10th August 1872, and enclosures

From Assistant Secretary to Chief Commissioner Central Provinces, No. 3018, dated 24th August 1872, and enclosures

From Secretary to Government, Punjab, No 2870, dated 28th August 1872, and enclosure

From Officiating Assistant Secretary to Chief Commissioner, British Burma, No. 890—1, dated 29th August 1872

from orders and decrees of prize-courts For as regards the absence of any limit of value, and the time within which appeals in such matters must be presented, the existing rules differ essentially from the rules applicable to appeals from the Civil Courts.

We have precluded appeals to the Privy Council from the judgments of one Judge of a High Court, of two Judges and of a Division Court, when the Judges are equally divided in opinion and do not amount in number to a majority of the whole of the Judges. This is in accordance with the Charters of 1865, clauses 15 and 39.

We have also, in accordance with a suggestion of the Judicial Commissioner in Sindh, precluded appeals from judgments, which, under Act XXIII of 1861, section twenty-seven, are final

We have omitted the clause declaring that the subject-matter of suits shall be valued for the purposes of appeals to the Privy Council in manner provided by the Court Fees Act, sections seven and eight. The High Court at Fort William has convinced us that this would not work satisfactorily.

With reference to the first of the Rules in the Schedule to the Order in Council of the 10th April 1838, we have also omitted the clause providing for the discretionary admission of appeals after the expiration of six months from the date of the decree complained of. But we think it necessary to retain the clause which provides for this period expiring when the Court is closed.

When the judgment complained of is a final judgment passed by a Court other than a High Court, we have (section nine) adopted the suggestion of the Judicial Commissioner of Oudh that the order refusing the certificate as to value or fitness shall be appealable to the High Court.

We have (section twenty-two, clause *b*) empowered the High Court to make general rules to regulate the grant or refusal of such certifi-

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী সাহেবের ১৮৭২ সালের ১০ আগষ্টের ৩৭৪১ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের আসিষ্টাণ্ট সেক্রেটারীর ১৮৭২ সালের ২৪ আগষ্টের ৩০১৮ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

পঞ্জাবের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৭২ সালের ২৮ আগষ্টের ২৮৭০ নং পত্র ও তৎসহিত পত্র।

বৃটিষীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারীর ১৮৭২ সালের ২৯ আগষ্টের ৮৯০-১ নং পত্র।

মোকদ্দমার মূল্যের নিরূপণ নাই ও সেইং বিষয়ের আপীল যে সময়ের মধ্যে উপস্থিত করিতে হইবে তাহার নিরূপণ না থাকাতে দেওয়ানী আদালতের আজ্ঞার উপর আপীলের বিধির সহিত ঐং বিষয়ের প্রচলিত বিধির গুরুতর অংশে অনেক বিভেদ আছে।

হাই কোর্টের একি জন জজের নিষ্পত্তির উপর এবং দুই জন জজের কিম্বা ডিবিজন কোর্টের জজদের মধ্যে যত জনের এক অভিমত হয় তত জনের বিপক্ষ অভিমত থাকিলে ও তাঁহারদের সংখ্যা সমুদয় জজের অধিকাংশ না হইলে তাঁহারদের নিষ্পত্তির উপর আপীল না হইবার বিধান করিলাম। এই বিধানটি ১৮৬৫ সালের চার্টরের ১৫ ও ৩৯ ধারানুযায়ি হইল।

১৮৬১ সালের ২৩ আইনের ২৭ ধারামতে যে নিষ্পত্তি চূড়ান্ত হয় সিন্ধুদেশের জুডিশ্যল কমিশ্যনর সাহেবের পরামর্শমতে সেই নিষ্পত্তির উপর আপীল না হইবার বিধান করিলাম।

যে বিষয় লইয়া মোকদ্দমা হয় প্রিবি কৌন্সেলে আপীল করণের পক্ষে সেই বিষয়ের মূল্য অদালতের রসুম বিষয়ক আইনের ৭ ও ৮ ধারার বিধানমতে নির্দ্ধার্য্য করিতে হইবে এই মর্ম্মের ধারা ত্যাগ করিলাম। এই নিয়মমতে কার্য্য হইলে সন্তোষমত সম্পন্ন হইবে না ফোর্ট উলিয়মের হাই কোর্টের দ্বারা ইহা জানিতে পাইলাম।

যে ডিক্রীর বিষয়ে প্রতিবাদ হয় তাহার তারিখ অবধি ছয় মাস গত হইলে পরও বিবেচনামতে আপীল গ্রাহ্য হইতে পারে এই মর্ম্মের যে ধারা ছিল মন্ত্রিসভার ১৮৩৮ সালের ১০ আপ্রিলের আজ্ঞা-সংযুক্ত তফসীলের প্রথম বিধির মর্ম্ম লক্ষ করিয়া সেই ধারা ত্যাগ করিলাম। কিন্তু যে স্থলে আপীলের মিয়াদ ফুরাইবার সময়ে আদালত বন্ধ থাকে সেই স্থলের পক্ষে ঐ ধারা প্রবল রাখা আবশ্যক জ্ঞান করিলাম।

যে নিষ্পত্তির বিষয়ে প্রতিবাদ হয় তাহা হাই কোর্ট ভিন্ন কোন আদালতের নিষ্পত্তি হইলে যে আজ্ঞাক্রমে মূল্যের কি যোগ্যতার সর্টিফিকট দিবার অসম্মতি প্রকাশ হয় সেই আজ্ঞার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে, অযোধ্যার জুডিশ্যল কমিশ্যনর সাহেবের পরামর্শানুসারে ৯ ধারায় এই মর্ম্মের বিধান করিলাম।

অধীন যে আদালতের প্রতি আপীলের উপর চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে সেই আদালত যে বিধিমতে পূর্ব্বোক্ত সর্টিফিকট দিতে কি না দিতে

cates by subordinate courts of final appellate jurisdiction.

The last clause of section fifteen of the Bill as formerly settled was taken from Act II of 1863, section seven. It provided that where inadequate security was furnished by the respondent, the Court should compel him to deliver up the subject-matter of the appeal, to be dealt with "according to the rules applicable to the case." It seems hard to say what these rules are, or whether they exist. We, have therefore, substituted a clause providing that in such cases the Court shall stay further execution and, so far as may be, restore the parties to the position in which they respectively were when the inadequate security was furnished.

We have, in accordance with clause 2 of the Order in Council, dated 13th June 1853, provided that only one copy of the record shall be prepared and sent to England.

We have declared that in the Bill the expression "High Court" shall include the Recorder of Rangoon.

We have thought it right to express on the face of the Bill that the Prerogative of the Crown and the rules for the conduct of business before the Judicial Committee of the Privy Council, are not intended to be affected.

We have added to the list of repealed enactments 13 Geo. III, cap. 63, section eighteen, and 37 Geo. III, cap. 142, section sixteen.

We have made a few verbal amendments.

With the exception of the clauses relating to appeals from Subordinate Courts of final appellate jurisdiction—an innovation made necessary by the altered position of these Courts in Oudh and Burma—the Bill is merely a measure of consolidation. We have, therefore, abstained from dealing with three important questions, *1st*, as to whether the limit of value should be raised; *2nd*, whether appeals should be confined to matters of pure law; and *3rd*, whether the High Courts might not in proper cases allow a decree to be executed, without demanding security, notwithstanding that an appeal has been preferred to the Privy Council.

We think that, before proceeding further with the Bill, it will be expedient to submit it for the approval of the Seercttary of State for India and of the Judicial Committee of the Privy Council.

[*Government Gazette, 8th October* 1872.]

পারিবেন ২২ ধারার খ প্রকরণে হাই কোর্টের প্রতি এমত সাধারণ বিধি প্রণয়ন করিবার ক্ষমতা প্রদান করিলাম।

পূর্ব্ব পাণ্ডুলিপির ১৫ ধারার শেষ প্রকরণ ১৮৬৩ সালের ২ আইনের ৭ ধারাহইতে গৃহীত হইয়াছিল। তাহার মর্ম্ম এই। রিস্পাণ্ডেণ্ট যে জামিন দেন তাহা প্রচুর না হইলে যে সম্পত্তি লইয়া আপীল হয় আদালত তাঁহার স্থানে সেই সম্পত্তি বলপূর্ব্বক গ্রহণ করিয়া তদ্রূপ স্থলের যে বিধি খাটে ঐ সম্পত্তি লইয়া সেই বিধিমতে কার্য্য করিবেন। কিন্তু সেই বিধি কি, আর এমত বিধি আছেই কি না ইহা বলা কঠিন। এই কারণে আমরা সেই প্রকরণের পরিবর্ত্তে এই মর্ম্মের অন্য প্রকরণ করিলাম, তদ্রূপ স্থলে আদালত ডিক্রী সাধন করিবার আর২ কার্য্য স্থগিত রাখিয়া যে সময়ে ঐ অপ্রচুর জামিন দেওয়া গিয়াছিল সেই সময়ে উভয় পক্ষের পরস্পর যে অবস্থা ছিল সাধ্যমতে তাঁহারদের সেই অবস্থা পুনরায় করাইয়া দিবেন।

কাগজপত্রের কেবল এক কেতা নকল প্রস্তুত করিয়া ইংলণ্ডে পাঠাইতে হইবে মন্ত্রিসভার ১৮৫৩ সালে ১৩ জুনের আজ্ঞার ২ ধারামতে এই বিধান করিলাম।

এই পাণ্ডুলিপিতে "হাই কোর্ট" শব্দের মধ্যে রাঙ্গুনের রিকার্ডর সাহেবও গণ্য প্রকাশ করিলাম।

মহারাণীর বিশেষ ক্ষমতা এবং প্রিবি কৌন্সেলের জুডিশাল কমিটীর সম্মুখে কার্য্য নিষ্পাদনের যে বিধি আছে সেই বিধি কোন মতে খর্ব্ব করিবার অভিপ্রায় নাই এই পাণ্ডুলিপিতে এই কথা স্পষ্টরূপেই প্রকাশ করা বিহিত জ্ঞান করিলাম।

যে২ আইন রহিত করা গেল তন্মধ্যে তৃতীয় জর্জ রাজার ১৩ বৎসরের ৬৩ অধ্যায়ের আইনের ১৮ ধারা ও তৃতীয় জর্জ রাজার ৩৭ বৎসরের ১৪২ অধ্যায়ের আইনের ১৬ ধারাও ধরিলাম।

স্থানে২ কএকটি শব্দও পরিবর্ত্তন করা গেল।

অধীন যে২ আদালতের আপীলী মোকদ্দমার নিষ্পত্তি চূড়ান্ত সেই২ আদালতের নিষ্পত্তির উপর আপীল বিষয়ক ধারা সকল নূতন। অযোধ্যা ও বর্ম্মাদেশে ঐ২ আদালতের অবস্থা পরিবর্ত্তন হওয়াতে সেই নূতন বিধান করা প্রয়োজন হইল নতুবা এই আইন অন্য২ আইনের সংগ্রহমাত্র। এই কারণে আমরা নিম্নলিখিত তিনটি বিষয় গুরুতর জ্ঞান করিলেও তাহাতে হস্তক্ষেপ করি নাই। প্রথম, মূল্যের সীমা বৃদ্ধি করা কর্ত্তব্য কি না। দ্বিতীয়, কেবল আইন সংক্রান্ত বিষয়ে আপীল হইবার অনুমতি থাকা উচিত কি না। তৃতীয়, প্রিবি কৌন্সেলে আপীল উপস্থিত করা গেলেও হাই কোর্ট উপযুক্ত স্থলে জামিন না লইয়াও ডিক্রী সাধন করিবার অনুমতি দিতে পারেন কি না।

এই আইনের পাণ্ডুলিপি লইয়া আর কোন কার্য্য না করিয়া প্রথমে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের এবং প্রিবি কৌন্সেলের জুডিশ্যাল কমিটীর অনুমোদনার্থে তাহা অর্পণ করা বিহিত বোধ করিলাম।

We recommend that the Bill as now amended, be republished in the *Gazette of India,* and that copies of the Bill be sent to England for the purpose indicated in the last preceding paragraph of this report.

SIMLA;
*The 10th September* 1872.

A. HOBHOUSE.
J. STRACHEY.

---

*A Bill to consolidate and amend the law relating to appeals to the Privy Council from decrees of the Civil Courts.*

(AS RE-AMENDED BY THE SELECT COMMITTEE.)

**Preamble.** Whereas it is expedient to consolidate and amend the law regulating the admission of appeals to Her Majesty in Council from certain judgments decrees, and orders of the Civil Courts; It is hereby enacted as follows —

I—PRELIMINARY

**Short title.** **1.** This Act may be called "The Privy Council Appeals Act, 1872"

**Extent.** It extends to the whole of British India; but it does not apply to any matter of criminal, or admiralty, or vice-admiralty jurisdiction; nor to appeals from orders and decrees of prize-courts.

**Commencement.** And it shall come into force on the passing thereof.

**Repeal of enactments.** **2.** The enactments specified in the schedule hereto annexed are repealed to the extent mentioned in the third column thereof.

II—ADMISSION OF APPEALS

**When appeals lie to Queen in Council.** **3.** Subject to such rules as may from time to time, be made by Her Majesty in Council regarding appeals from the Courts of British India and to the provisions hereinafter contained—

an appeal shall lie to Her Majesty in Council,

(*a*) from any final judgment, decree, or order passed on appeal by a High Court or other Court of final appellate jurisdiction,

এই প্রকারের সংশোধিত এই পাণ্ডুলিপি ইণ্ডিয়া গেজেটে পুনশ্চ প্রকাশ করা যায় এবং শেষোক্ত পদের উল্লিখিত অভিপ্রায়ে ইহার প্রতিলিপি ইঙ্গলণ্ডে পাঠান যায় আমাদের এই পরামর্শ।

এ হবহৌস।
জে ষ্ট্রেচী।

সিমলা,
১৮৭২ সাল ১০ সেপ্টেম্বর।

---

প্রিবি কৌনসেলে দেওয়ানী আদালতের ডিক্রীর উপর আপীল বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

(মনোনীত কমিটীর পুনঃসংশোধিত।)

**হেতুবাদ।** দেওয়ানী আদালতের কোন২ নিষ্পত্তির ও ডিক্রীর ও আজ্ঞার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল গ্রাহ্য করিবার বিধানার্থ আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ অধ্যায়।—পরিভাষা।

**সংক্ষেপ নামের কথা।** ১ ধারা। এই আইন "প্রিবি কৌনসেলে আপীল বিষয়ক ১৮৭২ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

**যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।** এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে ব্যাপ্ত হইবে কিন্তু ফৌজদারী আদালতের কিম্বা আডমিরাল্টীর কি বৈসআডমিরালটীর অর্থাৎ সমুদ্রে কি মহাসাগরে কৃত অপরাধের বিচার করিবার সক্ষম আদালতের বিচার্য্য কোন বিষয়ের প্রতি ও পুরস্কার প্রদানার্থ আদালতের আজ্ঞার ও ডিক্রীর উপর আপীলের প্রতি বর্ত্তিবে না।

**যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।** ও বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে ইতি।

**যেং আইন রহিত করা গেল তাহার কথা।** ২ ধারা। এই আইনের তফসীলে যে সকল বিধানের উল্লেখ হইল তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট থাকে তাহা তত দূর রহিত করা গেল ইতি।

২ অধ্যায়।—আপীল গ্রাহ্য করণ বিষয়ক বিধি।

**মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে স্থলে আপীল হইতে পারে তাহার কথা।** ৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী সময়ে২ ব্রিটনীয় ভারতবর্ষের আদালতহইতে আপীলের বিষয়ে যেং বিধি করেন তাহা ও নিম্নলিখিত বিধান মানিয়া এইং নিষ্পত্তির প্রভৃতির উপর

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইতে পারিবে। বিশেষতঃ

(ক) হাই কোর্ট কিম্বা আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিতে যে আদালতের ক্ষমতা থাকে সেই আদালত আপীল মুখে চূড়ান্ত যে নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা করেন তাহার উপর।

(*b*) from any final judgment, decree or order passed by a High Court in the exercise of original civil jurisdiction, and

(*c*) from any judgment, decree or order, when the case, as hereinafter provided, is declared to be a fit one for appeal to Her Majesty in Council.

Value of subject-matter.

4. In each of the cases mentioned in clauses (*a*) and (*b*) of section three,

the amount or value of the sum or matter at issue must be ten thousand rupees or upwards,

or the judgment, decree or order must involve directly or indirectly some claim or question to, or respecting property of like amount or value.

Bar of certain appeals

5. Notwithstanding anything contained in section three,—

no appeal shall lie to Her Majesty in Council from the judgment of one Judge of a High Court established under the twenty-fourth and twenty-fifth of Victoria, chapter one hundred and four, or of one Judge of a Division Court, or of two or more Judges of such High Court, or of a Division Court constituted by two or more Judges of such High Court, wherever such Judges are equally divided in opinion and do not amount in number to a majority of the whole of the Judges of the High Court at the time being;

and no appeal shall lie to Her Majesty in Council from any judgment, decree or order which, under Act No. XXIII of 1861, section twenty-seven, is final.

Application to Court whose decree is complained of.

6. Whoever desires to appeal under this Act to Her Majesty in Council must apply by petition to the Court whose judgment, decree or order is complained of.

Time within which application must be made.

7. Such application must ordinarily be made within six months from the date of such judgment, decree or order.

But if that period expires when the Court is closed, the application may be made on the day that the Court re-opens.

Certificate as to value or fitness.

8. Every petition under section six must state the causes of appeal and pray for a certificate either that as regards amount or value the case fulfils the requirements of section

(খ) হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতানুসারে কার্য্য করত চূড়ান্ত যে নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা করেন তাহার উপর

(গ) নিম্নলিখিত বিধানমতে কোন মোকদ্দমা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার যোগ্য বলিয়া নির্দ্দেশ করা গেলে কোন নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর ইতি।

বিবাদীয় বিষয়ের মূল্যের কথা।

৪ ধারা। ৩ ধারার (ক) ও (খ) প্রকরণের লিখিত প্রত্যেক স্থলে,

যে টাকা কি যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা কি তাহার মূল্য দশ হাজার টাকা কি তদধিক হওয়া আবশ্যক।

কিম্বা ঐ নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার মধ্যে স্পষ্টরূপে কি চক্রান্তে তত্তুল্য টাকার কিম্বা তত্তুল্য মূল্যের সম্পত্তির দাওয়া কি বিবাদ থাকা আবশ্যক ইতি।

কোন২ নিষ্পত্তির উপর আপিল হইতে না পারিবার কথা।

৫ ধারা। ৩ ধারার বিধান প্রবল থাকিতেও,

মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনমতে স্থাপিত হাই কোর্টের এক জন জজের নিষ্পত্তির উপর কিম্বা ডিবিজন কোর্টের এক জন জজের কিম্বা উক্ত হাইকোর্টের দুই কি তদধিক জন জজের কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজকে লইয়া যে ডিবিজন কোর্ট করা যায় সেই জজদের সমান সংখ্যক ব্যক্তির পরস্পর বিভিন্ন মত থাকিলে ও তাঁহারদের সংখ্যা বিবেচনায় তাঁহারা তাৎকালিক হাই কোর্টের সমুদয় জজের অধিকাংশ না হইলে তাঁহারদের নিষ্পত্তির উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবে না।

এবং ১৮৬১ সালের ২৩ আইনের ২৭ ধারামতে যে নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা চূড়ান্ত হয় তাহার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবে না ইতি।

যে আদালতের ডিক্রীর বিষয়ে আপত্তি হয় তাঁহার নিকট দরখাস্তের কথা।

৬ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল উপস্থিত করিতে চাহিলে তিনি যে আদালতের নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার বিষয়ে প্রতিবাদ করেন সেই আদালতে তাঁহার দরখাস্ত দিতে হইবে ইতি।

যে সময়ের মধ্যে দরখাস্ত দিতে হইবে তাহার কথা।

৭ ধারা। সাধারণ্যে উক্ত নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার তারিখঅবধি ছয় মাসের মধ্যে ঐ দরখাস্ত দিতে হইবে।

কিন্তু আদালত বন্দ থাকন সময়ে সেই মিয়াদ ফুরাইলে, যে দিনে আদালত পুনশ্চ খোলা যায় সেই দিনে ঐ দরখাস্ত দেওয়া যাইতে পারিবে ইতি।

মূল্যের কি উপযুক্ততার সার্টিফিকটের কথা।

৮ ধারা। ৬ ধারামতে যে দরখাস্ত দেওয়া যায় তন্মধ্যে আপীলের হেতু লেখা থাকিবে এবং ৪ ধারামতে যত টাকার কি যত মূল্যের সম্পত্তির বিবাদ হইলে আপীল হইতে পারে

four, or that it is a fit one for appeal to Her Majesty in Council.

Upon receipt of such petition the Court may direct notice to be served on the opposite party to show cause why the said certificate should not be granted.

Refusal of certificate

9. If such certificate be refused, the petition shall be dismissed.

Provided that if the judgment, decree or order complained of be a final judgment, decree or order passed by a Court other than a High Court, the order refusing the certificate shall be appealable within thirty days from the date of the order, to the High Court to which the former Court is subordinate.

Security and deposit required on grant of certificate.

10. If the certificate be granted, the applicant shall, within six months from the date of the judgment, decree or order complained of

(a) give security for the costs of the respondent, and

(b) deposit the amount required to defray the expense of translating, transcribing, printing, indexing, and transmitting to Her Majesty in Council a correct copy of the whole record of the suit, except

(1) formal documents directed to be excluded by any order of Her Majesty in Council in force for the time being,

(2) papers which the parties agree to exclude; and

(3) accounts, or portions of accounts, which the officer empowered by the Court for that purpose considers unnecessary, and which the parties have not specifically asked to be included.

Admission of appeal and procedure thereon.

11. When such security has been given and deposit made to the satisfaction of the Court, the Court shall

(a) declare the appeal admitted,

(b) give notice thereof to the appellant and respondent, respectively,

(c) transmit to Her Majesty in Council, under the seal of the Court, a correct copy of the said record, except as aforesaid,

(d) give to either party one or more authenticated copies of any of the papers in the suit on

এই মোকদ্দমায় তত টাকার কি তত মূল্যের বিবাদ আছে এই কথার সর্টিফিকট কিম্বা মোকদ্দমা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার উপযুক্ত এই মর্ম্মের সর্টিফিকট প্রার্থনা হইবে।

আদালত তদ্রূপ দরখাস্ত পাইলে উক্ত সর্টিফিকট না দিবার কারণ দর্শাইবার জন্যে বিপক্ষ পক্ষের নামে নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

সর্টিফিকট দিতে অস্বীকার হইলে তদ্বিষয়ের কথা।

৯ ধারা। তদ্রূপ সর্টিফিকট দিতে অস্বীকার হইলে দরখাস্ত ডিসমিস হইবে।

পরন্তু যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার বিষয়ে প্রতিবাদ হয় তাহা হাই কোর্টভিন্ন কোন আদালতের নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা হইলে ঐ আদালত যে হাই কোর্টের অধীন হন সর্টিফিকট না দিবার আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে সেই হাই কোর্টে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ইতি।

সর্টিফিকট দেওয়া গেলে জামিন দিবার ও টাকা আমানৎ করিবার কথা।

১০ ধারা। সর্টিফিকট দেওয়া গেলে পর যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর প্রতিবাদ হয় দরখাস্তকারী তাহার তারিখ অবধি ছয় মাসের মধ্যে

(ক) রিস্পাণ্ডেণ্টের খরচের জামিন দিবেন এবং

(খ) নিম্নলিখিত পত্রাদিভিন্ন মোকদ্দমার সমস্ত কাগজপত্র শুদ্ধরূপে তর্জ্জমা ও নকল করিবার ও ছাপাইবার ও ইণ্ডেক্স্ করিবার ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট এক কেতা পাঠাইবার খরচের উপযুক্ত টাকা আমানৎ করিবেন। বর্জ্জিতপত্র এইং

(১) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর যৎকালে যে আজ্ঞা প্রবল থাকে তদনুসারে কেবল দাঁড়ামতে লিখিত যে দলীল ত্যাগ করিবার আজ্ঞা হইল সেই দলীল।

(২) উভয় পক্ষ একবাক্য হইয়া যে কাগজপত্র ত্যাগ করেন তাহা।

(৩) এই কার্য্যপক্ষে আদালতের যে কর্ম্মকারকের ক্ষমতা থাকে তিনি যেং হিসাব কি হিসাবের যে অংশ অনাবশ্যক জ্ঞান করেন উভয় পক্ষের সেইং হিসাব ধরিবার বিশেষ প্রার্থনা না হইলে তাহা ইতি।

আপীল গ্রাহ্য হওনের ও তৎসম্পর্কীয় কার্য্যপ্রণালীর কথা।

১১ ধারা। আদালতের হৃবোধমতে জামিন দেওয়া গেলে ও টাকা আমানৎ করা গেলে আদালত

(ক) আপীল গ্রাহ্য হইল বলিয়া প্রকাশ করিবেন

(খ) আপেলাণ্টকে ও রেস্পাণ্ডেণ্টকে তদ্বিষয়ের নোটিস দিবেন

(গ) পূর্ব্বোক্ত বর্জ্জিতপত্রভিন্ন উক্ত কাগজপত্রের পরিশুদ্ধ এক কেতায় আদালতের মোহর ছাপাইয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠাইবেন।

(ঘ) একতর পক্ষ মোকদ্দমার কাগজপত্রের মধ্যে কোন কাগজপত্রের নকল প্রার্থনা করিলে ও তাহা

**his applying therefor, and paying the reasonable expenses incurred in preparing them, and**

(*e*) give to either party an authenticated copy of any local Regulation, Act or Ordinance which he may require in the appeal.

Revocation of acceptance of security

**12.** At any time before the admission of the appeal, the Court may, upon cause shown, revoke the acceptance of any such security and make further directions thereon.

Power to order further security or payment.

**13.** If at any time after the admission of the appeal, but before the transmission of the record, except as aforesaid, to Her Majesty in Council, such security appears inadequate,

or further payment is required for the purpose of translating, transcribing, printing, indexing, or transmitting the record, except as aforesaid,

the Court may order the appellant to furnish, within a time to be fixed by the Court, other and sufficient security, or to make within like time the required payment.

Failure to comply with order

**14.** If the appellant fail to comply with such order, the proceedings shall be stayed,

and the appeal shall not proceed without an order in this behalf of Her Majesty in Council,

and in the mean time execution of the judgment, decree or order appealed against shall not be stayed.

Refund of balance of deposit.

**15.** When the record, except as aforesaid, has been transmitted to Her Majesty in Council, the appellant may obtain a refund of the balance, if any, of the amount which he has deposited under section ten.

### III.—Proceedings pending appeals.

Powers of Court pending appeal

**16.** The Court which has admitted any appeal under this Act may

(*a*) direct the judgment, decree or order appealed against to be enforced, or

(*b*) direct that no order for enforcing such judgment, decree or order shall be issued pending the appeal, and that if any such order has been issued, it shall, so far as it has not been executed, be suspended, or

(*c*) give any other direction respecting the subject-matter of the appeal that it thinks fit.

[*Government Gazette, 8th October* 1872.]

প্রস্তুত করিবার যুক্তিসিদ্ধ খরচ দিলে সেই কাগজ পত্রের সত্যাকৃত নকল দিবেন।

(ঙ) আপীল সম্পর্কে কোন স্থানীয় আইনে কি আক্টে কি ব্যবস্থায় একতর পক্ষের প্রয়োজন হওয়াতে নকল চাহিলে তাঁহাকে সত্যাকৃত নকল দিবেন ইতি।

জামিন অন্যথা করিবার কথা।

১২ ধারা। উক্ত যে জামিন গ্রহণ করা গেল আপীল গ্রাহ্য হইবার পূর্ব্ব কোন সময়ে কারণ দর্শান গেলে আদালত তাহা অন্যথা করিয়া তদ্বিষয়ের অন্য আজ্ঞা দিতে পারিবেন ইতি।

অধিক জামিন কি টাকা দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। আপীল গ্রাহ্য হইলে পর ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পূর্ব্ববর্জিত পত্রাদি ভিন্ন কাগজপত্র পাঠাইবার পূর্ব্বে সেই জামিন অপ্রচুর জ্ঞান হইলে

কিম্বা পূর্ব্ববর্জিত কাগজপত্রভিন্ন অন্য পত্রাদি তর্জ্জমা ও নকল করিবার ও ছাপাইবার ও তাহার ইণ্ডেক্স করিবার ও তাহা পাঠাইবার জন্যে আর টাকার প্রয়োজন হইলে,

আদালত সময় নিরূপণ করিয়া আপেলাণ্টকে সেই সময়ের মধ্যে অন্য ও বিশিষ্ট জামিন দিবার কিম্বা সেই সময়ের মধ্যে ঐ আবশ্যক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাহার কথা।

১৪ ধারা। আপেলাণ্ট সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত থাকিবে

ও তৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা না হইলে সেই আপীলী মোকদ্দমা চলিবে না।

ও যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয় ইতিমধ্যে তৎসাধনের কার্য্য স্থগিত থাকিবে না ইতি।

আমানতী টাকার উদ্বর্ত্ত ফিরিয়া দিবার কথা।

১৫ ধারা। আপেলাণ্ট ১০ ধারামতে যে টাকা আমানৎ করেন পূর্ব্ববর্জিত পত্রাদিভিন্ন উক্ত কাগজপত্র মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পাঠান গেলে পর তাহার কোন টাকা উদ্বর্ত্ত থাকিলে তিনি তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

### ৩ অধ্যায়।—আপীল উপস্থিত থাকিতে কার্য্যপ্রণালীর কথা।

আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।

১৬ ধারা। আদালত এই আইনমতে কোন আপীল গ্রাহ্য করিলে,

(ক) যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হইল তাহা প্রবল করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিম্বা

(খ) আপীল যত কাল উপস্থিত থাকে তত কাল ঐ নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা প্রবল করিবার কোন আজ্ঞা না দেওয়া যায় ও যদি পূর্ব্বে দেওয়া গিয়া থাকে তবে যত দূর সাধন হয় নাই তত দূর স্থগিত থাকে এমত আজ্ঞা করিতে পারিবেন।

(গ) কিম্বা আপীলী বিষয় লইয়া অন্য যে কার্য্য কর্ত্তব্য বোধ হয় তাহার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Security to be furnished.

**17.** But the Court shall give no such direction unless it is applied for by a party to the suit entitled to make such application, and until the applicant furnishes such security as the Court thinks fit for the due performance of the decree or order which Her Majesty in Council may make on the appeal.

Increase of security found inadequate.

**18.** If at any time during the pendency of the appeal the security so furnished by either party appears inadequate, the Court may, on the application of the other party, require further security.

In default of such further security being furnished as required by the Court, if the original security was furnished by the appellant, the Court may, on application of the respondent, issue execution of the judgment, decree or order appealed against as if the appellant had furnished no such security.

And if the original security was furnished by the respondent, the Court shall, so far as may be practicable, stay all further execution of the decree and restore the parties to the position in which they respectively were when the security which appears inadequate was furnished.

IV.—EXECUTION OF DECREES OF HER MAJESTY IN COUNCIL

Certified decrees of Queens in Council to be executed.

**19.** The decrees or orders of Her Majesty in Council when duly certified shall be enforced and executed, subject to the directions of the High Court or other Court as aforesaid, by the Court by which the suit was originally tried, and in the manner and according to the rules applicable to the execution of its original decrees or orders.

Petition for execution.

**20.** Whoever desires to enforce or obtain the execution of any such decree or order of Her Majesty in Council, shall present a petition to the Court which made the first judgment, decree or order appealed from, and the said petition shall be accompanied by a certified copy of the decree or order made in appeal and sought to be enforced or executed.

Appeal against order relating to executing

**21.** An appeal shall lie from any decree or order made by such last-mentioned Court relating to the enforcement or execution of any such decree or order of Her Majesty in

জামিন দিতে হইবার কথা।

১৭ ধারা। মোকদ্দমার যে পক্ষের প্রার্থনা করিবার অধিকার থাকে তিনি আদালতের সেই আজ্ঞা প্রার্থনা না করিলে এবং মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী আপীল শুনিয়া যে ডিক্রী কি আজ্ঞা করেন আদালত তদনুসারে রীতিমতে কার্য্য হইবার যদ্রূপ জামিন উপযুক্ত জ্ঞান করেন প্রার্থনাকারি ব্যক্তি তদ্রূপ জামিন না দিলে আদালত পূর্ব্বোক্ত আজ্ঞা করিবেন না ইতি।

জামিন অপ্রচুর জ্ঞান হইলে তাহা বৃদ্ধি করিবার কথা।

১৮ ধারা। অন্যতর পক্ষ উক্ত প্রকারে যে জামিন দেন আপীল উপস্থিত থাকার কোন সময়ে সেই জামিন অপ্রচুর জ্ঞান হইলে আদালত বিপক্ষ পক্ষের প্রার্থনামতে আর জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

আদালতের আজ্ঞামতে যদি উক্ত অধিক জামিন না দেওয়া যায় তবে প্রথম জামিন আপেলাণ্টকর্ত্তৃক দেওয়া গেলে যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয় আদালত জামিন না দেওয়ারই মত রিস্পণ্ডেণ্টের প্রার্থনামতে সেই নিষ্পত্তি প্রভৃতি সাধন করিবার আজ্ঞা দিতে পারিবেন।

প্রথম জামিন রিস্পণ্ডেণ্টকর্ত্তৃক দেওয়া গেলে আদালত যত দূর পারেন তত দূর ডিক্রী সাধন করিবার আর২ কার্য্য স্থগিত রাখিয়া যে জামিন অপ্রচুর বলিয়া বোধ হইল সেই জামিন দিবার সময়ে উভয় পক্ষের পরস্পর যে অবস্থা ছিল তাহারদিগের পুনরায় সেই অবস্থা করাইয়া দিবেন ইতি।

৪ অধ্যায়। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর ডিক্রী সাধনের কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর সংশিত ডিক্রী সাধন হইবার কথা।

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর ডিক্রী কি আজ্ঞা নিয়মিতরূপে সর্টিফিকটযুক্তকরা গেলে প্রথম যে আদালত মোকদ্দমার বিচার করেন তিনি হাই কোর্টের কি পূর্ব্বোক্ত অন্য আদালতের আজ্ঞাধীনে এবং তাঁহার প্রথম ডিক্রী কি আজ্ঞা যেরূপে সাধন হয় ও তৎসাধন কার্য্যের প্রতি যে বিধি খাটে সেইরূপে ও সেই বিধিমতে উক্ত ডিক্রী প্রবল করিয়া সাধন করিবেন ইতি।

ডিক্রী সাধন করিবার দরখাস্তের কথা।

২০ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সাধন করাইতে ইচ্ছা করিলে, যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হইল তাহা প্রথম যে আদালতকর্ত্তৃক করা যায় তিনি সেই আদালতে দরখাস্ত দিবেন। আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সাধন করাইতে চেষ্টা হয় তাহার সর্টিফিকটযুক্ত নকল ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবে ইতি।

ডিক্রী সাধন করণের আজ্ঞার উপর আপীলের কথা।

২১ ধারা। প্রথম যে নিষ্পত্তির কি ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয়, তাহা প্রবল কি সাধন করিবার দরখাস্তের উপর যে ডিক্রী কি আজ্ঞা করা যায়

Council, in the same manner and subject to the same rules as an appeal from a decree or order made upon a petition for the enforcement or execution of the judgment, decree or order first appealed from.

তাহার উপর যে প্রকারে ও যে বিধিমতে আপীল হইতে পারে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সাধন করিবার বিষয়ে শেষোক্ত আদালত যে ডেক্রী কি আজ্ঞা করেন তাহার উপর সেই প্রকারে ও সেই বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

## V.—Miscellaneous.

## ৫ অধ্যায়।—বিবিধ বিষয়।

Power to make rules.

**22.** The High Court may, from time to time, make general rules consistent with this Act to regulate—

বিধি করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। হাই কোর্ট সময়ে২ নিম্নলিখিত বিষয়ের এই আইনসঙ্গত সাধারণ বিধান করিতে পারিবেন।

(*a*) the service of notices under section eight,

(ক) ৮ ধারামতে নোটিস জারী করিবার বিধি।

(*b*) the grant or refusal of certificates, under sections nine and ten, by Courts of final appellate jurisdiction subordinate to the High Court.

(খ) হাই কোর্টের অধীন যে আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে ৯ ও ১০ ধারামতে সেই আদালতের সর্টিফিকট দিবার বা দিতে অস্বীকার করিবার বিধি।

(*c*) the amount and nature of the security required under sections ten and thirteen,

(গ) ১০ ও ১৩ ধারামতে যত টাকার ও যে প্রকারের জামিন লইতে হইবে তাহার বিধি।

(*d*) the testing of such security,

(ঘ) ঐ জামিন পরীক্ষা করিয়া দেখিবার বিধি।

(*e*) the estimate of the cost of transcribing the record,

(ঙ) কাগজপত্র নকল করিবার খরচ নিরূপণের বিধি।

(*f*) the preparation, examination, and certifying of such transcript,

(চ) ঐ নকল প্রস্তুত করিবার ও পরীক্ষা করিয়া দেখিবার ও সর্টিফিকট লিখিবার বিধি।

(*g*) the revision and authentication of translations.

(ছ) তর্জমা পুনর্দৃষ্টি করিবার ও যথার্থ বলিয়া স্বাক্ষর করিবার বিধি।

(*h*) the preparation of indices to transcripts of records and of lists of the papers not included therein,

(জ) যে কাগজপত্রের নকল লওয়া যায় তাহার ইণ্ডেক্স, ও তন্মধ্যে যে কাগজপত্র ধরা যায় নাই তাহার নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবার বিধি।

and all other matters connected with the enforcement of this Act.

এবং এই আইন প্রবল করণসম্পর্কীয় অন্যান্য বিষয়ের বিধি।

Publication of rules

All such rules shall be published in the local official *Gazette*, and shall thereupon have the force of law in the High Court and the Courts of final appellate jurisdiction subordinate thereto.

বিধি প্রকাশ করিবার কথা।

উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। প্রকাশ হইলেই হাই কোর্টে এবং তাহার অধীন যেং আদালতের আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকে সেইং আদালতে তাহা আইনের তুল্য বলবৎ হইবে।

Rules heretofore made.

All rules heretofore made and published by any High Court relating to appeals to Her Majesty in Council and in force immediately before the passing of this Act, shall, so far as they are consistent with this Act, be deemed to have been made and published hereunder.

ইতিপূর্ব্বে যে বিধি করা গিয়াছে তাহার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক যে সকল বিধি ইতিপূর্ব্বে কোন হাই কোর্টকর্ত্তৃক প্রণীত হইয়া প্রকাশ করা গিয়াছে এবং এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বে প্রবল ছিল তাহা এই আইনের সহিত যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমতে প্রণীত ও প্রকাশিত বলিয়া জ্ঞান হইবে ইতি।

Recorder of Rangoon.

**23.** In sections three, nineteen and twenty-two, the expression 'High Court' shall be deemed to include also the Recorder of Rangoon, but not so as to empower him to make rules binding on Courts other than his own Court.

রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।

২৩ ধারা। ৩ ও ১৯ ও ২২ ধারায় 'হাই কোর্ট' যে শব্দ প্রয়োগ হইয়াছে তন্মধ্যে রাঙ্গুনের রিকার্ডর সাহেবও গণ্য আছেন এমত জ্ঞান হইবে। হইলেও তাঁহার নিজ আদালত ভিন্ন অন্য আদালতে যাহা প্রবল হইবে তাঁহার এমত বিধি করিবার ক্ষমতা নাই ইতি।

[*Government Gazette*, *8th October* 1872.]

**24.** The rules and restrictions referred to in Bengal Regulation III of 1828, section four, clause five, shall be deemed to be the rules and restrictions applicable to appeals under this Act from the decisions of the High Court of Judicature at Fort William in Bengal.

Construction of Bengal Regulation III of 1828, s. 4, clause 5

২৪ ধারা। ১৮২৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণে যেং বিধি ও নিষেধের উল্লেখ হইয়াছে, এই আইনমতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিষ্পত্তির উপর আপীলের প্রতি সেইং বিধি ও নিষেধ খাটে এমত জ্ঞান করিতে হইবে।

বঙ্গীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।

And Bombay Regulation XIX of 1827, section eight, shall be construed as if, for 'Regulation IV, A.D. 1827' the words and figures 'the Privy Council Appeals Act, 1872,' were substituted.

Construction of Bombay Regulation XIX of 1827, section 8.

এবং বোম্বাইয়ের ১৮২৭ সালের ১৯ আইনের ৮ ধারায় "১৮২৭ সালের ৪ আইন" এই কথার পরিবর্ত্তে যেন "প্রিবিকৌনসেলে আপীল বিষয়ক ১৮৭২ সালের আইন" প্রয়োগ হইয়াছে এমতে ঐ ধারার অর্থ করিতে হইবে ইতি।

বোম্বাইয়ের ১৮২৭ সালের ১৯ আইনের ৮ ধারার অর্থের কথা।

**25.** Nothing herein contained shall be understood—

Saving of Her Majesty's pleasure

(*a*) to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her Majesty in Council, or otherwise howsoever, or

২৫ ধারা। (ক) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায় শ্রীশ্রীমতী সম্পূর্ণ ও অবাধিতরূপে তাহা স্বেচ্ছামতেই গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারেন কিম্বা প্রকারান্তরে তাহা লইয়া স্বেচ্ছামতে করিতে পারিবেন এই আইনের কোন কথায় তাঁহার সেই ক্ষমতার নিবৃত্তি হইল এমত জ্ঞান করিতে হইবে না।

শ্রীশ্রীমতীর ইচ্ছা প্রবল রাখিবার কথা।

(*b*) to interfere with any rules for the time being in force for the presentation of appeals to Her Majesty in Council or their conduct before the Judicial Committee of the Privy Council.

and of the rules for the conduct of business before the Judicial Committee

(খ) ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল উপস্থিত করিবার কিম্বা প্রিবি কৌনসেলের জুডিশ্যাল কমিটীর সম্মুখে আপীল সম্পর্কীয় কার্য্য নিষ্পাদন হইবার যৎকালে যে বিধি প্রবল থাকে এই আইনের কোন কথায় তাহার ব্যতিক্রম হইল এমত জ্ঞান করিতে হইবে না।

ও জুডিশ্যাল কমিটীর সম্মুখে কার্য্য নিষ্পাদন করিবার বিধি রক্ষার কথা।

## SCHEDULE.

*(See Section 2)*

**ENACTMENTS REPEALED.**

| No. and year of enactment. | Title | Extent of repeal. |
|---|---|---|
| | A—REGULATIONS | |
| Bengal Regulation XVI of 1797. | A Regulation respecting Appeals from the Court of Sudder Dewanny Adawlut to his Most Excellent Majesty and his Most Honourable Privy Council | The whole |

## তফশীল।

(২ ধারা দেখ)

যেং আইন রহিত হইল।

| নম্বর ও সাল | আখ্যা | যত দূর রহিত হইল |
|---|---|---|
| | ক।—আইন। | |
| ১৭৯৭ সা, ১৬ আ. | প্রচণ্ড প্রতাপ শ্রীযুত ইংরাজের বাদশাহের এবং তাঁহার খাস কৌন্সেলী সাহেবদিগের হজুরে সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া মোকদ্দমা সকলের আপীল করিবার আইন। | সম্পূর্ণ। |

| No. and year of enactment | Title. | Extent of repeal. |
|---|---|---|
| Bengal Regulation V of 1803. | A Regulation for empowering the Sudder Dewanny Adawlut to try Appeals from the Decisions of the Provincial Court of Appeal established in the Provinces ceded by the Nawab Vizier to the Honourable the English East India Company, and for extending the jurisdiction of the Sudder Dewanny Adawlut over the said Provinces, and all the Civil Courts established therein. | The whole. |
| Madras Regulation VIII of 1818. | A Regulation prescribing the Rules under which Appeals may be preferred to the King's Most Excellent Majesty in his Privy Council, from the Decisions of the Court of Sudder Adawlut at Fort Saint George | The whole. |
| Bombay Regulation IV of 1827. | A Regulation prescribing the Forms of Proceeding of the Courts of Law in Civil Suits and Appeals, and Rules for the Trial of the same. | Section one hundred |
| | B.—ACTS | |
| Act II of 1844 | An Act respecting the Expenses of preparing Copies of Proceedings in Appeals. | The whole. |
| Act XXV of 1852 | An Act for the execution of decrees made in appeal by Her Majesty in Council, or by the Courts of Sudder Dewanny Adawlut and of the Zillah and City Judges in the Presidency of Fort William in Bengal | So much as has not been repealed. |
| Act II of 1863 | An Act to regulate the admission of Appeals to Her Majesty in Council from certain Judgments and Orders in Provinces not subject to the General Regulations | The whole |
| | C.—STATUTES. | |
| 13 George III, cap. 63. | An Act for establishing certain Regulations for the better Management of the Affairs of the East India Company, as well in India as in Europe | Section eighteen. |
| 37 George III, cap. 142. | An Act for the better administration of Justice at Calcutta, Madras, and Bombay, and for preventing British Subjects from being concerned in Loans to the Native Princes in India | Section sixteen. |

| নম্বর ও সাল | আখ্যা | যত দূর রহিত হইল * |
|---|---|---|
| ১৮০৩ সা. ৫ আ. | নাবাবর উজীর কর্তৃক ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির প্রতি শ্রীযুত নবাব উজীরের দত্ত প্রদেশে স্থাপিত প্রবিন্স্যাল আপীল আদালতের নিষ্পত্তির উপর আপীল বিচার করণার্থে সদর দেওয়ানী আদালতের প্রতি ক্ষমতা দানের এবং উক্ত প্রদেশের ও তন্মধ্যে স্থাপিত সকল দেওয়ানী আদালতের উপর সদর দেওয়ানী আদালতের বিচারাধিপত্য ব্যাপ্ত করণের আইন | সম্পূর্ণ। |
| ১৮১৮ সা মান্দ্রাজের ৮ আ. | ফোর্ট সেণ্ট জর্জের সদর আদালতের নিষ্পত্তির উপর যে বিধিমতে মহামহিম শ্রীল শ্রীযুক্ত রাজার প্রিবিকৌন্সেলে আপীল হইতে পারিবে তাহা নির্দিষ্ট করণার্থ আইন | সম্পূর্ণ। |
| ১৮২৭সা. বোম্বাইয়ের ৪ আ. | দেওয়ানী ও আপীলী মোকদ্দমায় আদালতের কার্য্যপ্রণালী নির্দিষ্ট করিবার ও সেই২ মোকদ্দমায় বিচার করিবার বিধান করণার্থ আইন | ১০০ ধারা। |
| | খ।—আক্ট। | |
| ১৮৪৪ সা. ২ আ. | আপীলের কাগজপত্রের নকল প্রস্তুত করণের খরচ পত্রের বিষয়ে আইন | সম্পূর্ণ। |
| ১৮৫২ সা. ২৫ আ | আপীলক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর হুজুর কৌন্সেলে অথবা বাঙ্গালাদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর সদর দেওয়ানী আদালতে এবং জিলা ও শহরের জজ সাহেবদিগের যে ডিক্রী হয় তাহা জারী করণের আইন | পূর্ব্বে যে অংশ রহিত হয় নাই সেই অংশ। |
| ১৮৬৩ সা ২ আ. | সাধারণ আইনের অধীন নয় দেশীয় কোন২ নিষ্পত্তির ও আজ্ঞার উপর হুজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল গ্রাহ্য হইবার বিধান করণার্থ আইন | সম্পূর্ণ। |
| | গ—রাজ ব্যবস্থা। | |
| ৩ জর্জের ১৩ বৎসরের ৬৩ অধ্যায়। | ভারতবর্ষে যেমন ইউরোপদেশেও তেমনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কার্য্য ব্যাপারের আর উত্তম রূপে অধ্যক্ষতা করিবার কএক বিধান করণার্থ আইন। | ১৮ ধারা। |
টৌন হালে ১৮৭২ সালের অক্টোবর মাসের ২১ তারিখ সোমবারে বেলা ১১ ঘণ্টার সময়ে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের যে ত্রৈমাসিক সভা হইবে, সেই সভার কার্য্য সম্পাদন হইলে পর জষ্টিসদের বিশেষ সভার অধিবেশন হইবে।

তৎকালে এই২ কার্য্য উপস্থিত করা যাইবে।

"বিশেষ কমিটী যে নিয়ম প্রস্তাব করিলেন এবং তাঁহারদের ১৮৭২ সালের মে মাসের ৪ তারিখের নোটিসে অন্য যে নিয়ম অবধারিত হইল সেই নিয়ম পালন হইলে ও প্রত্যেক স্থলে যত টাকা ফী লইবার প্রস্তাব হয় তাহা অনুমোদিত হইলে পাটের আইনমতে নিম্নলিখিত পাটের গুদামের লাইসেন্স দেওয়া যায়" সভাপতি সাহেব এই প্রস্তাব করিবেন।

| রাস্তা ও নম্বর। | স্বামির কি দখীলকারের নাম। | যত টাকা ফী লই-বার প্রস্তাব হয়। |
|---|---|---|
| | | টাকা। |
| শোভাবাজারের রাস্তার ৯৬ নং | অতীত বংশিবদন ও জগমোহন শা . | ২৫০৲ |
| ঐ ৬৭ নং | রাধাগোবিন্দ দালাল .. | ২৫০৲ |
| ঐ ৬ নং | নটবর ঘোষ ও অন্যেরা .. . | ২৫০৲ |
| ঐ ৭ নং — | ঐ ... | ২৫০৲ |
| হরচন্দ্র মল্লিকের রাস্তার ২৩ নং | অতীত বংশীবদন ও জগমোহন শা ... .. | ২৫০৲ |
| দর্মাহাটা রাস্তার ১৪২ নং .. | আনন্দ লাল দাস .. | ২৫০৲ |
| ঐ ২০২ নং ... | শ্রীনাথ দত্ত ব্রাদর ... | ৫০০৲ |
| (কেবল দুই ঘর শ্রেণী) | | |
| ঐ ১৯১ নং | নবিন চন্দ্র শা .. .. | ২৫০৲ |
| বেনিয়াটোলা রাস্তার ৬ নং | গঙ্গাধর কর ... . | ২৫০৲ |
| জোড়াবাগানের রাস্তার ২৬ ও ২৭ নং | আনন্দ মোহন দত্ত ... .. | ২৫০৲ |
| ঐ ২৮ নং | তারিণী চরণ পাল .. .. | ২৫০৲ |
| ক্লাইব রো ২নং . | সি এফ বনলিঞ্জগি সাহেব ... .. | ৫০০৲ |
| পলক ষ্ট্রিটের ১২ নং . | কালীচরণ রক্ষিত .. .. | ২৫০৲ |
| ক্লাইব ষ্ট্রিটের ৩৫ নং | কুঞ্জলাল বাবু ... ... | ২৫০৲ |
| ছাতাওয়ালা গলির ১ ও ২ নং . | দাস ব্রাদর কোম্পানি . . | ২৫০৲ |
| ক্যানিং ষ্ট্রিটের ১১০ নং . | মহেশচন্দ্র চট্টোপাধ্যায় .. | ২৫০৲ |
| জ্যাকসন ঘাটের রাস্তার ৮ নং . | ঐ ... ... | ২৫০৲ |
| ঐ ৯ নং ... | ঐ ... . | ২৫০৲ |

জি ডবলিউ বার্টলেট,
জষ্টিসদের একটিং সেক্রেটরী।

১৮৭২ সাল ৪ অক্টোবর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৮ অক্টোবর।]

### Calcutta Municipality.

*A SPECIAL General Meeting of the Justices of the Peace for the Town of Calcutta will be held at the Town Hall on Wednesday, the 30th October* 1872, *at* 11 *o'clock* A. M.

Business to be brought forward.

The Chairman to move a resolution that the Justices sanction the following monthly allowances to the three Inspectors appointed under the Jute Act II (B.C.) of 1872 and to the three Peons appointed to assist the Inspectors, with retrospective effect from the date of the appointment of each Inspector and Peon.

Each Inspector Rs. 100 salary and Rs. 50 conveyance allowance.

Each Peon Rs. 7.

G. W. Bartlett,
*Offg. Secy. to the Justices.*
(163-1)

*The 5th October* 1872.

### কলিকাতা মুনিসিপালিটী।

টৌনহালে ১৮৭২ সালের অকুটোবর মাসের ৩০ তারিখ বুধবারে বেলা ১১ ঘন্টা সময়ে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ সমস্ত জষ্টিসের বিশেষ সভা হইবে।

তৎকালে এইং বিষয় উপস্থিত করা যাইবে।

পাটবিষয়ক ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইনমতে যে তিন জন ইনস্পেকুটর নিযুক্ত হইলেন ও তাঁহারদের সাহায্য করিবার নিমিত্ত যে তিন জন পেযাদা নিযুক্ত হন সভাপতি সাহেব তাঁহারদের নিম্নলিখিত মাসিক বেতন নিরূপণ হইবার ও তাঁহারা প্রত্যেক জন যেং তারিখে নিযুক্ত হইলেন সেইং তারিখ অবধি তাহারদের সেই বেতন চলিবার প্রস্তাব করিবেন।

প্রত্যেক জন ইনস্পেকুটরের বেতন ১০০৲ টাকা ও গাড়ীর খরচ ৫০৲ টাকা।

প্রত্যেক জন পেয়াদার ৭৲ টাকা।

জি ডবলিউ বার্টলেট,
জষ্টিসদের একটিং সেক্রেটরী।

১৮৭২ সাল ৫ অকুটোবর।

---

### NOTICE.

*Bengalee Edition of the Acts of Government.*

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette*, be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready*, the price of which is Rs. 1-4 per copy.

### বিজ্ঞাপন।

গবর্ণমেন্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেন্টের আইন বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হওয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।

[*Government Gazette*, 8*th October* 1872.]

---

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

**TUESDAY, OCTOBER 8, 1872.**

মঙ্গলবার ১৮৭২ সাল ৮ অক্টোবর।

জেলা পুরী।

সরবরাকারি ও ভুমি বিক্রয়ের ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৭১ সালের ২ আইনের বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা পুরীর অন্তর্গত নিম্নলিখিত সরবরাকারি এগের মাহাল উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে বাকি রাজস্বের নিমিত্ত নিম্নলিখিত নিরূপিত তারিখে প্রকাশ্য নীলাম দ্বারায় বিক্রয় হইবেক, তাং ২১ সেপ্টেম্বর ১৮৭২ সাল।

| শ্রেণীর নম্বর | মাহালের শ্রেণী | খাস মাহাল তৌজির নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মিয়াদি বন্দোবস্ত | ১২৯ | প্রঃ বারাঙ্গ মৌঃ মুকুল কিঃ পধান | বিচিত্রানন্দ দাস | ১১০৪।।২৬ | ৭৫৪।।২৬ | ৭ ইং নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল রোজ বৃহস্পতিবার ২৪ শা কার্ত্তিক | উক্ত বাকির জন্য এ মাহাল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দো-বস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের মেয়াদ সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনু-জাই বাহাল রহিয়াছে। |
| ২ | ঐ | ১৬৪ | প্রঃ ঐ গড বা কেট। চৌ সি সরবরাকারি | ১ রাঘব শ্রীচন্দন দল-বেহেরা<br>২ বৈরাগিচরণ মহাপাত্র কোটকরণ<br>৩ গোবিন্দদাস ভূঞীমুন<br>৪ গোপিনাথ রাউতরা<br>৫ বালকৃষ্ণ সাঁতরা<br>৬ হরি মঙ্গরাজ<br>৭ কৃত্তিবাস শ্রীচন্দন দ-লা ইন | ৯৮[illegible]।।০ | ৮৩০৬১১।। | ৮ ইং নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ২৪শা কার্ত্তিক রোজ শুক্রবার | ঐ |
| ৩ | ঐ | ৪২ | প্রঃ সিরাই মৌঃ হবসপাড়া কিঃ পধানি | ১ জগত্ত বিসুয়াল<br>২ বারানিধিবিসুয়াল<br>৩ কৃপাবিসুয়াল<br>৪ চৈতন্য বিসুয়াল | ৭৫০।/৯।। | ৭৪০।/৯।। | ২৩শা নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ১০ ইং অগ্রহায়ণ রোজ শনিবার | ঐ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ঐ | ৪৫ | প্রঃ ঐ<br>মৌঃ অম্বিলগোদা<br>কিঃ পধানি | ১ আদিকন্দবরান<br>২ ম গুনি জেন<br>৩ মাধব ববাল<br>৪ মুলি পধান<br>৫ নারায়ণ পধান<br>৬ ঋষি জেনা<br>৭ গোবিন্দ রাউতরা | ১,০০০৷৵৭৷ | ১,০০০৷৵৭৷ | ঐ | ঐ |
| ৫ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ অনিবাড়<br>কিঃ পধানি | ১ ভুজ পরিড়া<br>২ চরণ পবিত্র<br>৩ হরি পলাই<br>৪ ভগবান পলাই<br>৫ বাসুকি রবাড়<br>৬ বিশ্বম্ভর পধান<br>৭ নিধিসাহু | ৮৪০৸৵৪৸ | ৮৪০৸৵৪৸ | ঐ | ঐ |
| ৬ | ঐ | ৪৪ | প্রঃ চব্বিস কুদ<br>মৌঃ বিজপুর<br>কিঃ পধানি | ১ জগবন্ধু পাটযোসি<br>২ জগন্নাথ প্রসাদ দাস | ৭৬৬৲৮৸ | ৩৭৪৲৮৶ | ২১শা বন্দোবস্ত সন ১৮৭- সাল মুঃ সন ১২৮০ সাল ০৮ ইঃ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার। | ঐ |
| ৭ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ গোলদা<br>কিঃ পধানি | ১ কৃত্তিবাস পধান<br>২ মধুসুদন রাউতরা<br>৩ রাম সুঞ্জী<br>৪ জোগি সুঞ্জী<br>৫ বৃন্দাবনচন্দ্র দাস<br>৬ কার্ত্তিক সাহু<br>৭ গিরিধারি পধান | ৫০৭৷৵৹৷ | ৩৬৭৷৵৹ | ঐ | ঐ |
| ৮ | ঐ | ৫০ | প্রঃ ঐ<br>মৌঃ জগদল | ১ বাসু সাহু<br>২ হরি পলাই<br>৩ বিদ্যাধর পলাই<br>নাবালগের মাহাফিজ<br>হরি পলাই<br>৪ আরত্ত দাস | ১১১৭৸৶৬৷ | ১১১৭৸৶৬৷ | ঐ | ঐ |

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | খাস মাহাল • তৌজীর নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ৯ | মিয়াদিবন্দবস্ত | ৫১ | প্রঃ চব্বিশ কুদ<br>মৌঃ তমমাল | ১ মাগুলী সাহু<br>২ হরি সাহু<br>৩ জগবন্ধু মল্লিক<br>৪ ভাগীরথি সাহু<br>৫ পরমানন্দ সাহু<br>৬ রাঘব পধান<br>৭ আদিকন্দপধান<br>৮ বিদ্যাধর দাস | ১১৫৮৮৶৪৷৷ | ১১৫৮৮৶৪৷৷ | ২১শা নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ইঃ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার। | উক্ত বাকির জন্য এ মাহাল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষতক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুজাই বাহাল রহিয়াছে। |
| ১০ | ঐ | ৫৫ | প্রঃ ঐ<br>মৌঃ বড বন্ধকেরা ১ কিসমত | ১ রঘু পলাই | ৫৩৭৷৴৭৷৷ | ৫৩৭৷৴৭৷৷ | ২১শা নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ৬ষ্ঠী অগ্রহায়ণ রোজ মঙ্গলবার | ঐ |

J. C. Geddes,
*Officiating Collector.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডওয়ার্ড মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 15, 1872.    REGISTERED No. 51.

মঙ্গলবার ১৮৭২ সাল ১৫ অক্টোবর।

## Home Department.

*Simla, the 4th October* 1872.

No 3856.

RESOLUTION

READ—

A letter No. 4047, dated 11th September, from the Government of Bengal, giving cover to one from the Inspector-General of Hospitals reporting the disobedience of orders and insubordination of certain supernumerary Sub-Assistant Surgeons, and recommending their dismissal from the service.

A petition addressed to the Governor-General in Council by the said Sub-Assistant Surgeons, dated September 19th.

The resources of the Medical Department were and are still strained to the utmost to keep up the supply of medical subordinates for the fever districts of the Burdwan Division, but yet the supply is insufficient.

2. The circumstance led His Honor the Lieutenant-Governor of Bengal to consider that some of the passed students of Sub-Assistant Surgeon's grade, doing duty as supernumeraries at the Medical College Hospital, might be utilized with advantage to the people, and some

## হোম ডিপার্টমেণ্ট।

সিমলা, ১৮৭২ সাল ৪ অক্টোবর।

৩৮৫৬ নম্বর।

## নির্দ্ধারণ পত্র।

হাস্পাতালের ইনস্পেক্টর জেনরল সাহেব অতিরিক্ত কএক জন সবআসিষ্টাণ্ট চিকিৎসকের আজ্ঞা অবহেলা করণের ও অবাধ্যতা প্রকাশ করণের যে রিপোর্ট করেন ও রাজকর্ম্ম হইতে তাঁহারদের অবসর হওয়ার যে পরামর্শ দেন তৎসহিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেপ্টেম্বর মাসের ১১ তারিখের ৪০৪৭ নম্বরের যে পত্র লিখিলেন তাহা পাঠ করা গেল।

উক্ত সবআসিষ্টাণ্ট চিকিৎসকেরা সেপ্টেম্বর মাসের ১৯ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরেল সাহেবের নিকটে যে দরখাস্ত দেন তাহাও পাঠ করা গেল।

বর্দ্ধমান খণ্ডের অন্তর্গত যে২ প্রদেশে জ্বরের প্রাদুর্ভাব হইয়াছে মেডিকাল ডিপার্টমেণ্ট সেই২ প্রদেশে নিম্নতর শ্রেণীর চিকিৎসকদিগকে পাঠাইবার বিষয়ে সাধ্যমত যত্নশীল হইয়াও উপযুক্ত সংখ্যায় লোক পাঠাইতে পারিলেন না।

এতদ্বিবেচনায় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করিলেন যে, সব-অ্যাসিষ্টাণ্ট চিকিৎসক শ্রেণীর যে উত্তীর্ণ ছাত্রগণ মেডিকাল কালেজে অতিরিক্ত চিকিৎসকস্বরূপ কর্ম্ম করিয়া থাকেন তাঁহাদের মধ্যে কএক জন বর্দ্ধমানে কর্ম্ম করিবার জন্যে কিয়ৎকালের নিমিত্তে তৎস্থানের সিবিল চিকিৎ-

benefit to their own professional knowledge, by being placed temporarily at the disposal of the Civil Surgeon of Burdwan for service there. Under the orders quoted on the margin, these young men draw as supernumeraries, until posted to permanent appointments, Rs. 50 a month from the date of their declaration of their willingness to serve Government, and are liable to be distributed as supernumeraries on that salary in Bengal and the North-Western Provinces as the public service may require. Of late, however, it has not been usual to send them into the interior as supernumeraries, and they have been allowed to remain attached to the Medical College Hospital, but doing really little or no actual duty till opportunities have occurred for employing them permanently.

Notification No 2221, dated 26th November 1853. *Vide Calcutta Gazette* of 1853, page 1640.
Resolution of Financial Department, No. 2496, dated 14th July 1854.

সক সাহেবের আজ্ঞাধীন নিযুক্ত হইলে সাধারণ লোকদের উপকার হয় তাঁহাদেরও কর্ম্ম সংক্রান্ত জ্ঞান বৃদ্ধি হইতে পারে। পার্শ্বলিখিত আজ্ঞাপত্র ক্রমে উক্ত যুবকগণ গবর্ণমেণ্টের কর্ম্ম করিতে সম্মতি প্রকাশ করিবার তারিখ-অবধি যত কাল স্থায়ী কোন পদে নিযুক্ত না হন ততকাল অতিরিক্ত কর্ম্মকারকস্বরূপ মাসে ৫০ টাকা করিয়া বেতন পাইয়া থাকেন, এবং রাজকীয় কর্ম্মোপলক্ষে আবশ্যক হইলে তাঁহারদিগকে অতিরিক্ত কর্ম্মকারকস্বরূপ সেই বেতনে বঙ্গদেশে ও উত্তরপশ্চিম দেশে পাঠান যাইতে পারে। কিন্তু কএক কালাবধি তাঁহারদিগকে অতিরিক্ত কর্ম্মকারকস্বরূপ মফঃসলে পাঠাইবার নিয়ম রহিত হইয়াছে। ইতিমধ্যে মেডিকাল কালেজ হাস্পাতালে তাঁহারদের সংযুক্ত থাকার অনুমতি আছে কিন্তু যত কাল কোন স্থায়িপদে নিযুক্ত করিবার সুযোগ না হয় ততকাল তাঁহারা প্রায়ই কোন কর্ম্ম করেন না।

১৮৫৩ সালের ২৬ নবেম্বরের ২২২১ নং আজ্ঞাপত্র।
(১৮৫৩ সালের কলিকাতা গেজেটের ১৬৪০ পৃষ্ঠা।)
ফিনান্শ্যল ডিপার্টমেণ্টের ১৮৫৪ সালের ১৪ জুলাইর ২৪৯৬ নং নির্দ্ধারণ পত্র।

3. The Lieutenant-Governor, thinking it desirable that the services of these young men should be made available, instructed the Inspector-General of Hospitals to revert generally to the practice of employing supernumeraries in the mofussil, and directed specially that any sent at the present time to the Burdwan Districts should receive the full travelling allowances of a Sub-Assistant Surgeon if required to move about; while if any of them were entrusted with the separate charge of an endemic dispensary, he should be at once allowed the full pay of a Third Grade Sub-Assistant Surgeon, *viz*, Rs. 100 a month, though still, under the rules, a supernumerary.

৩। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ যুবকদিগকে কোন কর্ম্ম দেওয়া বিহিত বোধ করিয়া হাস্পাতালের ইনস্পেকটর জেনরল সাহেবকে মফঃসলে ঐ অতিরিক্ত চিকিৎসকদের নিযুক্ত হইবার রীতি পুনশ্চ প্রবল করিতে আদেশ করিয়া এই বিশেষ আজ্ঞা করিলেন যে, তাঁহারদের মধ্যে কোন ব্যক্তিদিগকে এই সময়ে বর্দ্ধমান প্রদেশে পাঠান গেলে যদি তাঁহারদের স্থানেং যাইবার আজ্ঞা হয় তবে সব-আসিষ্টাণ্ট চিকিৎসকদের সম্পূর্ণ পথখরচ পাইবেন। ও তাঁহারদের মধ্য কোন ব্যক্তির প্রতি জ্বরনিবারণার্থ ঔষধালয়ের স্বতন্ত্র ভার অর্পণ করা গেলে তিনি বিধিমতে অতিরিক্ত কর্ম্মকারকস্বরূপ থাকিয়াও তৃতীয় শ্রেণীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের সম্পূর্ণ বেতন অর্থাৎ মাসে ১০০ শত টাকা পাইবেন।

4 The Inspector-General accordingly issued orders on the 9th August, through the Principal of the Medical College, that the four supernumerary Sub-Assistant Surgeons named on the margin should proceed to Burdwan and place themselves under the orders of the Civil Surgeon. Instead, however, of obeying, they with all the other supernumeraries at the Presidency, formed a deputation to the Inspector-General, and stated their unwillingness to go to Burdwan on a salary of Rs. 50. The special conditions under which they were going to Burdwan were explained to them, and they were advised to obey first and remonstrate afterwards

1.—Troyluknath Bose.
2.—Keshub Chunder Mookerjee
3.—Jodoonath Dey
4.—Doorga Churn Sighee.

৪। ইনস্পেকটর জেনরল সাহেব তদনুসারে আগষ্ট মাসের ৯ তারিখে মেডিকাল কালেজের প্রিন্সিপল সাহেবের দ্বারা আজ্ঞা করিলেন যে পার্শ্বলিখিত চারি জন অতিরিক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক বর্দ্ধমানে গমন করিয়া সিবিল চিকিৎসক সাহেবের আজ্ঞাধীন থাকিয়া কর্ম্ম করেন। কিন্তু তাঁহারা সেই আজ্ঞা না মানিয়া রাজধানীর অন্য সকল অতিরিক্ত চিকিৎসককে লইয়া ইনস্পেকটর জেনরল সাহেবের নিকট গিয়া কহিলেন যে ৫০৲ টাকা বেতনে বর্দ্ধমানে যাইব না। তাঁহারদিগকে যে বিশেষ নিয়মানুসারে বর্দ্ধমানে পাঠাইবার অভিপ্রায় ছিল তাহা তাঁহারদিগকে স্পষ্ট করিয়া বুঝাইয়া দেওয়া গেল ও তাঁহারা প্রথমে তথায় যান পরে আপত্তি করিবার বিষয় থাকিলে নিয়-

১। ত্রৈলোক্যনাথ বসু।
২। কেশবচন্দ্র মুখোপাধ্যায়।
৩। যদুনাথ দে।
৪। দুর্গাচরণ সিংহী।

through the proper channel, if they found they had then any cause of complaint. On the 17th August the orders that had been passed were repeated, but with no other effect than to call forth from the officers named a petition addressed to the Inspector-General of Hospitals direct, protesting against the action of their superiors. They were told to submit this petition through the Civil Surgeon of Burdwan, the officer under whose orders they had been placed.

5. The Sub-Assistant Surgeons disobeyed this order, saying that as they had declined to go to Burdwan they were not subordinate to the Civil Surgeon of that place but to the Principal of the Medical College, and addressed a petition to that officer, in which they begged to tender their resignation of their appointments unless their petition received a favorable reply. They also wrote to the Inspector-General of Hospitals, and refused to go to Burdwan until what they asked for had been granted. To give them a last opportunity of reconsidering their conduct, the Inspector-General issued orders that, within 24 hours of the receipt of his memorandum, the Sub-Assistant Surgeons should proceed to Burdwan, and, having ascertained that these orders were also disobeyed, the Inspector-General of Hospitals represented the case for the orders of Government, with the recommendation that the officers concerned be dismissed the Government service, and that the fact of this dismissal be published in the *Gazette of India*. His Honor the Lieutenant-Governor of Bengal has expressed his concurrence with the recommendation of the Inspector-General.

6. The supernumerary Sub-Assistant Surgeons have not only after repeated warnings persistently refused to obey the orders of their superiors, but they have shown this insubordination at a time when medical aid to relieve their suffering fellow-countrymen in Burdwan was urgently demanded. The orders which they received were not inconsistent with the engagements into which they had entered, and His Excellency the Governor-General in Council, after a full consideration of all the circumstances of the case, is pleased to direct that Sub-Assistant Surgeons Troylukuath Bose, Keshub Chunder Mookerjee, Jadoonath Dey, and Doorga Churn Singhee, be dismissed the Government service. And that this order be published for general information.

By Order of the Governor-General of India in Council.

H. L. Dampier,
*Offg. Secy. to the Govt. of India.*

[*Government Gazette*, 15*th October* 1872.]

বিত প্রণালীমতে তাহা জানাইতে পারিবেন এই পরামর্শও দেওয়া গেল। আগষ্ট মাসের ১৭ তারিখে পূর্ব্বোক্ত আজ্ঞা পুনরায় প্রেরণ করা গেল কিন্তু তাঁহারা না মানিয়া হাস্পাতালের ইনস্পেক্টর জেনরল সাহেবের নামে দরখাস্ত দিয়া আপনারদের উপরিস্থ কর্ত্তৃপক্ষদের কার্য্যের বিরুদ্ধে প্রতিবাদ করিলেন। তাহাতে তাঁহারদিগকে বর্দ্ধমানের সিবিল চিকিৎসক সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত করা গেল তাঁহারই দ্বারা তাঁহারদের সেই দরখাস্ত পাঠাইতে হইবে, এই কথা তাঁহারদিগকে জ্ঞাত করা গেল।

৫। ঐ সব-আসিষ্টাণ্ট চিকিৎসকেরা ঐ আজ্ঞা অবহেলা করিয়া কহিলেন, আমরা বর্দ্ধমানে যাইতে সম্মত হইলাম না অতএব তৎস্থানের সিবিল চিকিৎসকের আজ্ঞাধীন না হইয়া মেডিকল কালেজের প্রিনসিপল সাহেবের আজ্ঞাধীন আছি। ইহা বলিয়া তাঁহারা ঐ প্রিনসিপল সাহেবের নামে দরখাস্ত দিয়া কহিলেন যে আমারদের এই প্রার্থনার অনুকূল উত্তর না পাইলে আমরা পদ ত্যাগ করিব। আরো হাস্পাতালের ইনস্পেক্টর জেনরল সাহেবের নিকট পত্র লিখিয়া কহিলেন যে আমারদের প্রার্থনা যত কাল গ্রাহ্য না হয় তত কাল বর্দ্ধমানে যাইব না। পুনশ্চ তাহারদের সদ্বিবেচনা পূর্ব্বক কর্ম্ম করিবার সুযোগ দানার্থে ইনস্পেক্টর জেনরল সাহেব এই আজ্ঞা দিলেন, যে আমার এই পত্র পঁহুছিবার সময়াবধি ২৪ ঘণ্টার মধ্যে ঐ সব-আসিষ্টাণ্ট চিকিৎসকেরা বর্দ্ধমানে চলিয়া যান। তাঁহারা সেই আজ্ঞাও অবমাননা করিলেন হাস্পাতালের ইনস্পেক্টর জেনরল সাহেব ইহা নিশ্চয়মতে জানিয়া গবর্ণমেণ্টের আজ্ঞার জন্যে সেই বিষয়ের আবেদন পত্র লিখিয়া ঐ কার্য্যকারকদিগকে গবর্ণমেণ্টের কর্ম্ম হইতে অবসর করা যাইবার ও ইণ্ডিয়া গেজেটে তাঁহারদের অবসৃত হওনের কথা প্রকাশ করিবার পরামর্শ দিলেন। বঙ্গদেশের মান্যবর লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইনস্পেক্টর জেনরল সাহেবের পরামর্শে সম্মতি প্রকাশ করিয়াছেন।

৬। উক্ত অতিরিক্ত সব্আসিষ্টাণ্ট চিকিৎসকদিগকে পুনঃ২ সতর্ক করিয়া দেওয়া গেলেও তাঁহারা দৃঢ় প্রতিজ্ঞ হইয়া আপনাদের উপরিস্থ কর্ত্তৃকপক্ষদের আজ্ঞা অবমাননা করিয়াছেন। বিশেষতঃ এই সময়ে বর্দ্ধমানে স্বদেশীয় প্রপীড়িত লোকদের চিকিৎসা করিয়া উপকার করণার্থে তাঁহারদের সহকারিতার অত্যন্ত প্রয়োজন হইলেও তাঁহারা এই অবাধ্যতা প্রকাশ করিয়াছেন। তাঁহারা কর্ম্ম করিবার যে প্রতিজ্ঞাতে বদ্ধ ছিল উক্ত আজ্ঞা সেই প্রতিজ্ঞার অসঙ্গতও নয়। অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনেরল সাহেব উক্ত সকল বিষয় বিবেচনা করিয়া এই আজ্ঞা করিয়াছেন। সব-আসিষ্টাণ্ট চিকিৎসক ত্রৈলোক্য নাথ বসু ও কেশবচন্দ্র মুখোপাধ্যায় ও যদুনাথ দে ও দুর্গাচরণ সিংহীকে গবর্ণমেণ্টের কর্ম্ম হইতে অবসর করা যায় ও সাধারণের জ্ঞানার্থে এই আজ্ঞা প্রকাশ করা যায়।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনেরল সাহেবের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## Financial Department.

**MINT AND CURRENCY.**

*Simla, the 4th October* 1872.

No. 3299

**Read—**

Section 16, Act XXIII of 1870, the Indian Coinage Act, 1870.

**Read again—**

Mint and Currency Proceedings of January 1871, No 19, being the rules prescribed by the Governor-General in Council for the guidance of officers authorised to cut or break coin under the said section.

**Also—**

Mint and Currency Proceedings, No. 66 of March 1872, and Nos. 3 to 6 of May 1872, by which it was explained that quarter rupees and eighths of a rupee are legal tender for their nominal value, even though they have lost more than two per cent. in weight by reasonable wearing.

RESOLUTION.—Upon a reconsideration of these Proceedings, the Right Hon'ble the Governor-General in Council observes that while it is very necessary, in order to the preservation of the integrity of the coinage, to withdraw from circulation rupees and half rupees which have lost more than two per cent. in weight by reasonable wearing, and which are, therefore, no longer legal tender in payment or on account under Section 13 of the Act, it is not necessary or expedient to treat with the same strictness quarter rupees and eighths of a rupee which have lost more than two per cent. in weight by reasonable wearing.

2. These coins do not cease, by mere loss of weight, to be a legal tender in payment or on account under Section 13. They do not forfeit this attribute unless they have been clipped, or filed, or defaced, or diminished otherwise than by use.

3. The manufacture of these small coins is expensive, and the wear and tear by their use considerable, especially in some parts of the country. They are legal tender only for fractions of a rupee, and no public inconvenience is likely to be caused, even though they become, by loss of weight through wearing, mere token coins. It may even happen that some advantage to the circulation may arise from not withdrawing such a coin in this condition owing to there being less temptation to melt coins so diminished in weight Moreover, in the case of such small coins, it may not be easy with ordinary appliances to ascertain so slight a loss of weight as to per centum.

4. The Governor-General in Council is accordingly pleased to decide that, in future, quarter rupees

## ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্ট।

টাকশালের ও করেন্সীর কথা।

সিমলা, ১৮৭২ সাল ৪ অক্টোবর।

৩২৯৯ নম্বর।

ভারতবর্ষের মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের ২৩ আইনের ১৬ ধারা পাঠ করা গেল।

উক্ত ধারামতে যে কার্য্যকারকদের প্রতি মুদ্রা কাটিয়া কি ভাঙ্গিয়া ফেলিবার অনুমতি আছে তাহারদের কার্য্যপ্রণালি দর্শাইবার জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে বিধি প্রণয়ন করিলেন টাকশালের ও করেন্সীর কার্য্য বিষয়ে ১৮৭১ সালের জানুআরি মাসের ১৯ নম্বরের সেই বিধি পাঠ করা গেল।

আরো টাকশালের ও করেন্সীর কার্য্য বিষয়ে ১৮৭২ সালের মার্চ মাসের ৬৬ নম্বরের ও মে মাসের ৩ অবধি ৬ পর্য্যন্ত নম্বরের যে বিধিক্রমে সিকি ও দোআনী যুক্তিমতে ব্যবহার হইয়া তাহার শতকরা দুই অংশপর্য্যন্ত ওজন কমিয়া গেলেও তাহা চারি আনা ও দুই আনা মূল্যের মুদ্রাস্বরূপ চলিতে পারিবে এই কথা বুঝাইয়া দিবার সেই বিধি পাঠ করা গেল।

নির্দ্ধারণপত্র।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহামান্য শ্রীযুত গবরনর জেনরল সাহেব উক্ত বিধি পুনর্বিবেচনা করিয়া ইহা কহিয়াছেন। যুক্তিমত চলন দ্বারা টাকার কি আধুলির শতকরা দুই অংশের অধিক ওজন কমিয়া গেলে আইনের ১৩ ধারামতে তাহা ঋণ পরিশোধে কি কোন কর্ম্মের হিসাবে আইনমত মুদ্রাস্বরূপ চলিতে পারে না অতএব দেশীয় মুদ্রার উপযুক্ত মূল্য রক্ষা করিবার জন্যে ঐ রূপ টাকাপ্রভৃতি চলিতে না দেওয়া আবশ্যক। কিন্তু যুক্তিমত চলনদ্বারা সিকির ও দোআনীর ওজন শতকরা দুই অংশের অধিকও কমিয়া গেলে তদ্বিষয়ে সেই আঁটাআঁটি নিয়ম করিবার প্রয়োজন নাই বিহিতও নয়।

২। ঐ২ মুদ্রার ওজন কমিলেও তাহা ১৩ ধারামতে ঋণাদি পরিশোধে আইনমত মুদ্রা বলিয়া চলিতে পারে। কেবল কাটা না গেলে কি উক দিয়া ঘষা না গেলে কি অক্ষরাদি উঠিয়া না গেলে কিম্বা যুক্তিমত চলনভিন্ন অন্য কোন কার্য্যদ্বারা তাহার ওজন কম না করা গেলে তাহা আইনমত মুদ্রা বলিয়া চলিবে।

৩। ঐ ক্ষুদ্র২ মুদ্রা প্রস্তুত করা ব্যয় সাধ্য কার্য্য। ও সর্ব্বত্র বিশেষতঃ দেশের কোন২ স্থানে তদ্রূপ অনেক মুদ্রা চলন হইয়া ক্ষয় পাইতে থাকে। তাহা কেবল টাকার ভগ্নাংশস্বরূপ আইনমত মুদ্রা বলিয়া জ্ঞান হয়, আর নিত্য চলন দ্বারা ওজন কমিয়া গিয়া তাহা মুদ্রার চিহ্নমাত্র বলিয়া জ্ঞান হইলেও তাহার চলনে কষ্ট হইবার সম্ভাবনা নাই। বরং ওজন কমিলেও সেই প্রকারে প্রচলিত রাখিলে লভ্যও হইতে পারে যেহেতুক কম ওজনের সেই মুদ্রা গলিয়া ফেলিতে প্রায় কাহারও প্রবৃত্তি জন্মে না। আরও সেই মুদ্রা ক্ষুদ্র অতএব শতকরা দুই অংশ পর্য্যন্ত তাহার ওজন কমিয়াছে কি না ইহা সাধারণ যন্ত্র দ্বারা নিরূপণ করা কঠিন হইতে পারে।

৪। এই২ বিষয় বিবেচনায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ইহা নির্দ্ধার্য্য করিয়াছেন।

## ORDERS AND NOTIFICATIONS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL, THE HIGH COURT, GOVERNMENT TREASURY, &c.,

### Notification.

*The 7th October* 1872.—The Lieutenant-Governor will leave Hazareebaugh for Ranchee on the 14th current.

As a general rule, all communications are to be sent as usual to the Bengal Secretariat in Calcutta. Communications which are urgent, and can be made complete in themselves, may be sent direct to the Secretary with the Lieutenant-Governor at Ranchee until the 20th current. After that date all communications must be sent to Calcutta.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ও হাইকোর্টের আজ্ঞা ও জ্ঞাপনপত্রাদি।

### বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৭ অকটোবর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব রাঞ্চীতে যাইবার নিমিত্ত এই মাসের ১৪ তারিখে হাজারীবাগহইতে উঠিয়া যাইবেন।

তাঁহার নামে যে পত্রাদি লেখা যায় তাহা রীতিমতে কলিকাতায় বেঙ্গাল সেক্রেটেরিয়টে পাঠাইতে হইবে। এই সাধারণ বিধি। কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় কোন কার্য্য বিষয়ের যে পত্র স্বতই পূর্ণ হইতে পারে তাহা এই মাসের ২০ তারিখপর্য্যন্ত রাঞ্চীতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সহিত সেক্রেটরীর নামে পাঠান যাইতে পারিবে। ঐ তারিখের পর সকল পত্রাদি কলিকাতায় পাঠাইতে হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

## Orders by the Lieutenant-Governor of Bengal.

### REVENUE AND GENERAL DEPARTMENTS.

No 2190R.

APPOINTMENTS.

*The 27th September* 1872.—Moulvi Abbas Ali to be Sub-Registrar of Jehanabad, in Gya.

*The 3rd October* 1872.—Mr. Henry Louis St. Barbe is appointed to be an Assistant to the Magistrate and Collector of Jessore, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class.

*The 4th October* 1872.—Babu Gunganund Mookerjee, Extra Assistant Commissioner, to officiate as Personal Assistant to the Commissioner of Chota Nagpore during the absence on leave of Babu Grish Chunder Mitter, or until further orders.

Mr. R. C. Dutt, Assistant Magistrate and Collector, 24-Pergunnahs, is transferred to Moorshedabad and appointed to have charge of the Sub-division of Junghypore during the absence on leave of Babu Taraprosad Chatterjee, or until further orders. In addition to the powers with which he is already vested, Mr. Dutt is empowered, under Section 38 of the Code of Criminal

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

### রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২১৯০ R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ২৭ সেপ্টেম্বর —শ্রীযুত মৌলবী আব্বাস আলি গয়ার অন্তর্গত জাহানাবাদের সব রেজিষ্ট্রার হইবেন।

১৮৭২ সাল ৩ অকটোবর।—শ্রীযুত হেনরি লুইস সেণ্ট বার্ব সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্টী পদে নিযুক্ত হইয়া নিম্নতর দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৭২ সাল ৪ অকটোবর।—শ্রীযুত বাবু গিরিশচন্দ্র মিত্র ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায় ছোট নাগপুরের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায় ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা আজ্ঞা না হওন পর্য্যন্ত চব্বিশ পরগণার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত র, চ, দত্ত মুরশিদাবাদে প্রেরিত হইয়া জঙ্গীপুর মহকুমার অধ্যক্ষতাকর্ম্মে নিযুক্ত হইয়াছেন। দত্ত মহাশয়ের এই ক্ষণে যেং ক্ষমতা আছে তদতিরিক্ত তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার

Procedure, to hold the preliminary inquiry into cases triable by the Court of Session, to commit or hold to bail persons to take their trial before such Court of Session, and to exercise all the powers necessary for that purpose.

*The 7th October* 1872.—The following Officers are vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring land within their respective Sub-divisions.—

Mr. Hcnry Granville Sharp, B. A., Assistant Magistrate and Collector of Raneegunge

Babu Ramcoomar Bose, Deputy Magistrate and Deputy Collector of Culna.

*The 8th October* 1872.—Mr. Edward Stewart, Deputy Magistrate and Deputy Collector, on leave, to have temporary charge of the Sub-division of Jamooakandi in Moorshedabad.

The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committee in the Durrung district, *viz* —

The Deputy Commissioner of Durrung .. } *Ex-officio*

Mr. Thomas S. Bain.

„ Walter Bennet.

Babu Bishnath.

Lieutenant Malcolm Ogilvie Boyd.

Babu Goona Ram.

„ Gopinath Das.

Mr. F W. Holl.

Babu Horibilas

Dr Albert Imthurn.

Babu Kasinath.

„ Kominath.

Mr. Richard Lea.

„ George Young Leslie.

Babu Lukinath Surmah.

„ Romanath.

„ Sombhu Ram.

Lieutenant William Francis Trotter.

Mr. Archibald G. Williamson

LEAVE OF ABSENCE.

*The 3rd October* 1872.—Babu Annund Mohun Mozoomdar, Deputy Magistrate and Deputy Collector, Jessore, for one month, under Section 18 of the Civil Leave Code, from the commencement of the approaching vacation.

Mr. Edward Vesey Westmacott, B. A., late Officiating Joint-Magistrate and Deputy Collector, First Grade, Dinagepore, is allowed furlough for fifteen months under Section 7 of the Civil Leave Code.

Mr. Frank Hunter Barrow, Assistant Magistrate and Collector, Pubna, is allowed fourteen

প্রথম শ্রেণীর তদন্ত লইতে ও সেশন আদালতে বিচার হওনের নিমিত্তে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহারদের হাজের দর্শণ প্রতিভূ লইতে ক্ষমতাপন্ন হইলেন ও তদর্থে যে সকল ক্ষমতা আবশ্যক তদনুসারেও কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

১৮৭২ সাল ৭ অকটোবর।—নিম্নলিখিত কর্ত্তৃপক্ষেরা আপনং মহকুমার মধ্যে ভূমিগ্রহণ করিতে পারেন এই নিমিত্ত ১৮৭০ সালের ১০ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

রাণীগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত হেনরি গ্রানভিল শার্প সাহেব, বি, এ।

কালনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রামকুমার বসু।

১৮৭২ সাল ৮ অকটোবর।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এডওয়ার্ড ষ্টুআর্ট সাহেব কিয়ৎকালের নিমিত্ত মুরশিদাবাদের অন্তর্গত জেমুয়াকান্দির অধ্যক্ষতা ভার পাইবেন। তিনি ছুটী লইয়াছেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব নিম্নলিখিত মহাশয়দিগকে দরঙ্গ জিলার প্রদেশীয় পথ কমিটির মেম্বর স্বরূপ নিযুক্ত করিয়াছেন।

দরঙ্গের ডেপুটি কমিশ্যনর সাহেব স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত তামস এস বেন সাহেব।

„ ওয়ালটর বেনেট সাহেব।

„ বিশ্বনাথ বাবু।

লেপ্টেনেন্ট শ্রীযুত মালকম ওগলবি বয়ড সাহেব।

শ্রীযুত বাবু গুনারাম।

„ গোপীনাথ দাস।

„ এফ ডবলিউ হোল সাহেব।

„ হরিবিলাস বাবু।

„ ডাক্তর আলবর্ট ইমথর্ণ সাহেব।

„ কাশীনাথ বাবু।

„ কমিনাথ বাবু।

„ রিচার্ড লী সাহেব।

„ জর্জ ইয়ং লেসলি সাহেব।

„ লক্ষ্মীনাথ শর্ম্মা।

„ রমানাথ বাবু।

„ শম্ভুরাম বাবু।

লেপ্টেনেন্ট শ্রীযুত উলিয়ম ফ্রান্সিস ট্রাটর সাহেব।

শ্রীযুত আরচিবালড জি উলিয়মসন সাহেব।

ছুটী।

১৮৭২ সাল ৩ অকটোবর।—যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু আনন্দ মোহন মজুমদার দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি বন্ধের আরম্ভ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের প্রথম শ্রেণীর ভূতপূর্ব্ব একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত এডওয়ার্ড বেসি ওয়েষ্টমাকট সাহেব, বি, এ, দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ ধারামতে পঞ্চদশ মাস ছুটী পাইয়াছেন।

পাবনার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত ফ্রাঙ্ক হন্টর বারো সাহেব গত মাসের ৯ তারিখের

days' leave in extension of the usual subsidiary leave granted to him under orders of the 9th ultimo.

*The 4th October* 1872.—Babu Grish Chunder Mitter, Personal Assistant to the Commissioner of Chota Nagpore, for three months on private affairs, under Section 5, Supplement F of the Civil Leave Code

Babu Tara Prosad Chatterjee, B.A., Deputy Magistrate and Deputy Collector of Junghypore, for three months, under Section 18 of the Civil Leave Code, from the date on which he may be relieved

*The 7th October* 1872.—Babu Kalidas Palit, Special Commissioner under the Chota Nagpore Tenures' Act, for six months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 16th July last.

*The 8th October* 1872.—Mr Richard Adam Fisher, Extra Assistant Commissioner, Durrung, for six weeks, under Section 18 of the Civil Leave Code.

Babu Hurry Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Jamooakandi in Moorshedabad, for three months, under Section 18 of the Civil Leave Code from the date on which he may be relieved.

Dr David Boyes Smith, Officiating Principal of the Calcutta Medical College, is allowed leave of absence from the 8th to the 21st instant, under Section 18 of the Civil Leave Code.

NOTIFICATIONS.

*The 4th October* 1872.—Mr. Thomas William Gribble officiated as Magistrate and Collector of the 24-Pergunnahs in the Second Grade from the 30th August to the 10th September 1872, both days inclusive

*The 5th October* 1872.—Mr Alexander John Fraser, Deputy Magistrate and Deputy Collector, Furreedpore, having returned to duty on the forenoon of the 21st ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 3rd July last is cancelled

Babu Sreenath Ghose, Personal Assistant to the Commissioner of the Presidency Division, having returned to duty on the forenoon of the 30th August last, the unexpired portion of the leave granted to him under orders of the 14th idem is cancelled.

*The 7th October* 1872.—The leave granted to Captain William Hopkinson, Assistant Commis-

আজ্ঞাক্রমে রীতিমতে যে উপকরণার্থ ছুটী পান তদতিরিক্ত চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৪ অকটোবর।—ছোট নাগপুরের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু গিরিশ চন্দ্র মিত্র দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে আপন কর্ম্মের নিমিত্ত তিন মাস ছুটী পাইয়াছেন।

জঙ্গীপুরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত বাবু তারা প্রসাদ চট্টোপাধ্যায়, বি, এ, যে তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৭ অকটোবর।—ছোট নাগপুরের ভূসম্পর্ক বিষয়ক আইনমত স্পেশ্যাল কমিশ্যনর শ্রীযুত বাবু কালীদাস পালিত গত জুলাই মাসের ১৬ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৮ অকটোবর।—দরঙ্গের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত রিচর্ড আডম ফিশর সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের অন্তর্গত জেমুয়াকান্দির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ যে তারিখে অন্যের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করেন সেই তারিখঅবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

কলিকাতা মেডিকল কালেজের একটিং প্রিন্সিপল শ্রীযুত ডাক্তর ডেবিড বয়স স্মিথ সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি ২১ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৪ অকটোবর।—শ্রীযুত তামস উলিয়ম গ্রিবল সাহেব ১৮৭২ সালের আগষ্ট মাসের ৩০ তারিখঅবধি সেপ্টেম্বর মাসের ১০ তারিখপর্য্যন্ত চব্বিশপরগণায় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিলেন।

১৮৭২ সাল ৫ অকটোবর।—ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আলেকজাণ্ডর জান ফ্রেসর সাহেব গত মাসের ২১ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত জুলাই মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত করা গেল।

প্রেসীডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টান্ট শ্রীযুত বাবু শ্রীনাথ ঘোষ গত আগষ্ট মাসের ৩০ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ১৪ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত করা গেল।

১৮৭২ সাল ৭ অকটোবর।—হাজারীবাগের আসিষ্টান্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত উলিয়ম হপকিন্সন

sioner, Hazareebaugh, under orders of the 17th July last, is cancelled.

ERRATUM.

*The 5th October* 1872.—In the orders of the 29th July, published in the *Calcutta Gazette* of the 2nd August last, appointing certain members for the Road Cess Committee in Hazareebaugh,

| *For* | *Read* |
|---|---|
| Kazi Itafat Hosain. | Kazi Iltafat Hosain. |
| Babu Nem Narain Singh. | Babu Nam Narain Singh. |
| Mr. G. H. Thompson. | Mr. Arnold H. Thompson. |

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

DECLARATION.

*The 5th October* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is needed to be taken up by Government at the public expense for a public purpose, viz. for the sub-divisional cutcherries and lock-up, the Munsif's cutcherry, post office, jail, dispensary, and *post mortem* examination house at the head-quarters of the Nurrail sub-division, it is hereby declared that for the above purpose two parcels of land, measuring 9 beegahs 14 cottahs 10 chittacks and 8 beegahs 16 cottahs 4 chittacks, more or less, respectively, are required in the village of Moheshkhola, bounded as follows —

*First Plot.*—On the south by the Government Khas land and Kammini Soondari Dassya's land; on the west by a khal, on the north by a khal, on the east by the river Chitra.

*Second Plot.*—On the north by the lands of Dina Nath Bose, Chunder Coomar Bhadra, and Newaz Mahomed, on the west by Chunder Coomar Roy's and Newaz Mahomed's land, on the south by a khal, on the east by the river Chitra.

This Declaration is made, under Section 6, Act X of 1870, to all whom it may concern.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy to the Govt. of Bengal.*

---

[Second Publication.]

DECLARATION.

*The 30th September* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the site of a Post Office in the village of Moharajgunge, Pergunnah Selimabad, Zillah Backergunge,

সাহেব গত জুলাই মাসের ১৭ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তাহা রহিত করা গেল।

অশুদ্ধ শোধন।

১৮৭২ সাল ৫ অকটোবর —হাজারীবাগের পথকর সংক্রান্ত কমিটীতে কএক জনকে নিযুক্ত করণার্থে গত জুলাই মাসের ২৯ তারিখের যে আজ্ঞা গত আগষ্ট মাসের ১৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় তন্মধ্যে

| এই২ নামের পরিবর্ত্তে | এই২ নাম পাঠ্য। |
|---|---|
| কাজী ইতাফৎ হুসেন | কাজী ইলতাফৎ হুসেন। |
| বাবু নেমনারায়ণ সিংহ | বাবু নামনারায়ণ সিংহ। |
| শ্রীযুত জি এচ তামসন সাহেব | শ্রীযুত আরনল্ড এচ তামসন সাহেব। |

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৫ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ নরাইল মহকুমার সদর মোকামে মহকুমা কাছারী-ঘর ও কাজিহৌস ও মুনসেফের কাছারীঘর ও ডাকঘর ও জেলঘর ও ঔষধালয় ও শবপরীক্ষার ঘর প্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা দেখিতে পাওয়াতে এতৎক্রমে এই কথা প্রকাশ করা গেল উক্ত কার্য্যের নিমিত্তে মহেশখোলা গ্রামে ৯৷৷৪/০ ছটাক পরিমাণ এক খণ্ড ও ৮৸১৷৪ ছটাক পরিমাণ আর এক খণ্ড ভূমি লওয়া প্রয়োজন।

প্রথম খণ্ডের দক্ষিণ সীমা গবর্ণমেণ্টের খাস জমী ও কামিণীসুন্দরী দাস্যার ভূমি, পশ্চিম সীমা খাল, উত্তর সীমা খাল, পূর্ব্ব সীমা চিত্রা নদী।

দ্বিতীয় খণ্ডের উত্তর সীমা দিননাথ বসুর ও চন্দ্রকুমার ভদ্রের ও নেওয়াজ মহম্মদের জমী। পশ্চিম সীমা চন্দ্রকুমার রায়ের ও নেওয়াজ মহম্মদের জমী, দক্ষিণ সীমা খাল, পূর্ব্ব সীমা চিত্রা নদী।

যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে এই জ্ঞাপনপত্র ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে প্রকাশ করা গেল।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ সেপ্টেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত সেলিমাবাদ পরগনার মহারাজগঞ্জ গ্রামে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত

it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 4 cottahs and 4½ chittacks of standard measurement, viz. 13 cottahs in length and 6½ cottahs in breadth, bounded on the north by the house of Goluck Chundra Das Boiragi; on the south by the public road leading to Burrisaul; on the east by the house of Gobind Chunder Boiragi, and on the west by a tank called Bará Pookur, is required within the aforesaid village of Moharajgunge.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. Ware Edgar,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

The following Order received from the Government of India, in the Financial Department, is published for general information :—

No 2560.

GOVERNMENT OF INDIA.

FINANCIAL DEPARTMENT.

LEAVE AND ALLOWANCES.

---

*Simla, the 9th September* 1872.

**Read—**

Endorsement of the Public Works Department, No 897 E—G, dated the 17th July 1872, requesting a decision on the question referred by the Government of Bombay as to whether privilege leave can be granted under the rules to Lieutenant Awdry, R E, from the 8th April to the 14th May 1872, being the interval between his giving over charge of the office of Executive Engineer at Kurrachee and assuming charge of the office of Military Secretary to the Governor of Madras to which he has recently been appointed

Resolution.—The Governor-General in Council observes that the real question is a general one, viz. can an officer leaving one department obtain, before joining a new department to which he may be appointed, privilege leave either in the old or new department. There is no rule against the grant of such leave, but if the new appointment is settled and sanctioned, though not made, both departments must concur in granting it. Once transferred, an officer cannot get leave from his old department retrospectively.

Order.—Ordered that the foregoing Resolution be communicated to the Public Works Department, and that the original paper received from that department be returned—copy being kept for record.

[*Government Gazette*, 15*th October* 1872.]

কার্য্যের নিমিত্তে উক্ত মহারাজগঞ্জ গ্রামের মধ্যে কমি-বেশ পরিমাণের ন্যূনাধিক ./৪½ ছটাক পরিমিত অর্থাৎ ||৩ কাঠা দীর্ঘ ও |১|| কাঠা প্রস্থ ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা গোলকচন্দ্র দাস বৈরাগীর বাটী, দক্ষিণ সীমা বরিশালে যাইবার রাজপথ, পূর্ব্ব সীমা গোবিন্দচন্দ্র বৈরাগীর বাটী ও পশ্চিম সীমা বড় পুকুর নামে খ্যাত পুষ্করিণী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান মতে এই সম্বাদ দেওয়া গেল।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

---

[তৃতীয়বার প্রকাশিত।]

ফিনানশ্যল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্ট-হইতে প্রাপ্ত এই আজ্ঞা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

২৫৬০ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেন্ট।

ফিনানশ্যল ডিপার্টমেন্ট।

ছুটীর ও বৃত্তির কথা।

---

সিমলা ১৮৭২ সাল ৯ সেপ্টেম্বর।

লেপ্টেনেণ্ট শ্রীযুত অড্রি সাহেব, আর, ই, সম্প্রতি মান্দ্রাজের শ্রীযুত গবরনর সাহেবের মিলিটারী সেক্রেটারী পদে নিযুক্ত হইয়া, করাচীতে একসেকিটিব ইঞ্জিনিয়রের যে কর্ম্ম করিতেন সেই কর্ম্ম অন্য সাহেবের হাতে অর্পণ করিলে পর আপনার নূতন পদে যাইবার পূর্ব্বে ১৮৭২ সালের আপ্রিল মাসের ৮ তারিখঅবধি মে মাসের ১৪ তারিখপর্য্যন্ত অনুগ্রহের ছুটী চাহিলেন, কিন্তু বিধিমতে তাঁহাকে সেই ছুটী দেওয়া যাইতে পারে কি না বোম্বাইয়ের গবর্ণমেণ্ট ইহা জিজ্ঞাসা করিয়াছেন। পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭২ সালের ১৭ জুলাইর ৮৯৭E—G নম্বরের যে পত্রে ঐ প্রশ্নের উত্তর প্রার্থনা হইয়াছে সেই পত্র পাঠ করা গেল।

নির্দ্ধারণ।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব সেই প্রশ্নটি সাধারণ বলিয়া জানাইয়াছেন। তাহার মর্ম্ম এই, কোন কর্ম্মকারক এক কর্ম্মবিভাগ ছাড়িয়া নূতন কর্ম্মবিভাগে নিযুক্ত হইলে সেই নূতন কর্ম্মবিভাগে কর্ম্মগ্রহণের পূর্ব্বে তিনি পূর্ব্ব কিম্বা নূতন কর্ম্মবিভাগে অনুগ্রহের ছুটী পাইতে পারেন কি না। তদ্রূপ ছুটী যে না দেওয়া যাইবে এমত কোন বিধি নাই। কিন্তু নূতন পদে তাঁহার নিয়োগ নির্দ্ধারিত হইলে ও তদ্বিষয়ের উপযুক্ত অনুমতি পাওয়া গেলে যদি সেই নূতন পদের কর্ম্ম গ্রহণের পূর্ব্বে ছুটী চাহেন তবে উভয় কর্ম্মবিভাগের ঐক্যবাক্য হইলে পাইতে পারিবেন। নূতন কর্ম্ম গ্রহণ করিলে পর পূর্ব্ব কর্ম্মবিভাগে এতকাল কর্ম্ম করিয়াছি বলিয়া সেই কর্ম্মবিভাগ হইতে ছুটী পাইতে পারিবেন না।

আজ্ঞা।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে পূর্ব্বোক্ত নির্দ্ধারণ জ্ঞাত করিবার ও সেই ডিপার্টমেণ্টহইতে যে পত্র পাওয়া গিয়াছে তাহার নকল রাখিয়া আসল পত্র ফিরিয়া দিবার আজ্ঞা হইল।

Also, to the other departments of the Government of India, the several Local Governments, the Comptroller-General, the several Accountants-General and the Deputy Accountants-General in independent charge.

D. BARBOUR,
*Offg. Under-Secy. to the Govt. of India.*
J WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

NOTIFICATION.

*The 17th September* 1872.—A plan and estimate amounting to Rs. 78,100 for the improvement of the wharf for inland vessels by providing a pontoon, constructing a shed for the protection of cargo, and pitching a section of the river bank with bricks on edge, having been submitted by the Commissioners for making Improvements in the Port of Calcutta with their Vice-Chairman's letter No. 807, dated the 26th July 1872, the Lieutenant-Governor has been pleased to sanction the execution of the work under Section 35, Act V (B.C ) of 1870.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

[Second Publication]

NOTIFICATION.

*The 30th September* 1872.—It is hereby notified for general information that at the next half-yearly departmental examination, to be held on the 2nd December next, of Assistants, Extra Assistants, and Deputy Magistrates in the Regulation and Non-Regulation Districts, and of Police Officers, Acts of Parliament relating to India will not form one of the subjects in law for either the First or the Second Standard.

J. WARE EDGAR,
*Offg. Jr. Secy. to the Govt. of Bengal.*

---

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

---

No 1192J.

APPOINTMENTS.

*The 26th September* 1872.—First Grade Sub-Assistant Surgeon Sreenath Mookerjee to have charge of the Charitable Dispensary at Burrisaul.

Third Grade Sub-Assistant Surgeon Okhoy Coomar Dey to have charge of the Charitable Dispensary at Berhampore.

আরো ভারতবর্ষে গবর্ণমেণ্টের অন্যাং ডিপার্টমেণ্টে ও স্থানীয় নানা গবর্ণমেণ্টে ও কনট্রোলর জেনরল সাহেবকে ও আকৌণ্টেণ্ট জেনরল সাহেবদিগকে ও স্বাধীন ভারপ্রাপ্ত ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেবদিগকে ঐ কথা জ্ঞাত করিবার আজ্ঞা হইল।

ডি, বারবর,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।
জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

---

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।—দেশান্তর্গত স্থানগামি নৌকাদির নিমিত্ত যে ঘাট আছে কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরেরা নৌকার সেতু ও মাল রক্ষার্থ শেড নির্ম্মাণ করিয়া ও নদীর ধারের কতক অংশ ইটের খাদ্রী গাঁথনী করিয়া আপনারদের প্রতিনিধি সভাপতির ১৮৭২ সালের জুলাই মাসের ২৬ তারিখের ৮০৭ নং পত্রের সহিত সেই ঘাট উত্তম করিবার নকসা ও ৭৮,১০০ টাকা ব্যয়ের অনুমানপত্র অর্পণ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে সেই কার্য্য সম্পাদন করিবার অনুমতি দিয়াছেন।

জে ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ সেপ্টেম্বর।—আইনের অধীন ও আইন বহির্ভূত জিলাসমূহের আসিষ্টাণ্ট ও অতিরিক্ত আসিষ্টাণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেটদের এবং পোলীস কার্য্যকারকদের কার্য্যবিভাগ সংক্রান্ত যে ষাণ্মাষিক পরীক্ষা আগামি ডিসেম্বর মাসের ২ তারিখে হইবে তাহাতে প্রথম কি দ্বিতীয় শ্রেণীর কল্পিত আইনের যে পরীক্ষা হইবে তন্মধ্যে ভারতবর্ষসংক্রান্ত পার্লিয়ামেণ্টের আইন ধরা যাইবে না। সাধারণের জ্ঞানার্থে ইহা প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটরী।

---

জুডিশ্যল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

---

১১৯২ নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ২৬ সেপ্টেম্বর।—প্রথম শ্রেণীর সবআসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্রীনাথ মুখোপাধ্যায় বরিশালের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা কর্ম্ম পাইবেন।

তৃতীয় শ্রেণীর সবআসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অক্ষয়কুমার দে বহরমপুরের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা কর্ম্ম পাইবেন।

Third Grade Sub-Assistant Surgeon Nocoor Chunder Banerjee to have charge of the Charitable Dispensary at Bhaugulpore.

*The 2nd October* 1872 —Mr. Richard Lea to be an Assistant Inspector of Laborers, under Section 78, Act II (B. C.) of 1870, within the limits of the Sudder Sub-division of Durrung

*The 3rd October* 1872 —The following gentlemen to be members of the Committee for the management of the Charitable Dispensary at Satkhirah:—

Babu Amrita Lal Pal, B L.

Mr. John Deverinne.

Babu Surbessur Mozoomdar, L L., to officiate as Additional Munsif of Jehanabad, in East Burdwan, from the re-opening of the Civil Courts after the Dusserah vacation, during the absence on leave of Babu Mutty Lal Sircar, or until further orders.

*The 8th October* 1872 —Mr. Walter Fell Smith, Assistant Superintendent of Police at Raneegunge, is transferred to the Patna Division for six months.

Mr Frederick Angelo Dawson is appointed to be an Assistant Superintendent of Police in Burdwan, and is posted to Raneegunge.

LEAVE OF ABSENCE

*The 4th October* 1872.—Mr. Henry Augustus Coombs, District Superintendent of Police, is allowed the usual subsidiary leave from the 25th ultimo, the day following the date of his arrival at Bombay on his return from leave to Europe, to enable him to return to duty

*The 8th October* 1872.—Sub-Assistant Surgeon Bunko Behari Mitter of the Bamuneah Endemic Dispensary in Burdwan, for two months, under Section 3, Supplement F of the Civil Leave Code, from the date on which he has taken the leave.

Sub-Assistant Surgeon Taruck Nath Gangooly, Deputy Superintendent of Vaccination, Darjeeling Circle, for one month, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 7th ultimo.

NOTIFICATION.

*The 4th October* 1872.—Mr. Henry Augustus Coombs, of the Bengal Police, reported his return to Bombay on the 24th ultimo from leave to Europe

A. MACKENZIE,

*Offg. Secy. to the Govt of Bengal*

তৃতীয় শ্রেণীর সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত নকুড়চন্দ্র বন্দ্যোপাধ্যায় ভাগলপুরের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা কর্ম্ম পাইবেন।

১৮৭২ সাল ২ অক্টোবর।—শ্রীযুত রিচর্ড লী সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ২ আইনের ৭৮ ধারামতে দরঙ্গ সদর মহকুমার সীমার মধ্যে মজুরদের আসিষ্টান্ট ইনস্পেক্টর হইবেন।

১৮৭২ সাল ৩ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা সাতক্ষিরার দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা করণার্থ কমিটীর অন্যতর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু অমৃতলাল পাল, বি, এল।

শ্রীযুত জান ডেবরিন সাহেব।

শ্রীযুত বাবু মতিলাল সরকার ছুটী লওয়াতে দুর্গোৎসবের বন্দের পর দেওয়ানী আদালত খোলা যাইবার সময়াবধি তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু সর্ব্বেশ্বর মজুমদার, এল, এল, পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত জহানাবাদের আডিশ্যনল মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ৮ অক্টোবর।—রাণীগঞ্জে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ওয়ালটর ফেল স্মিথ সাহেব ছয়মাসের নিমিত্ত পাটনা খণ্ডে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত ফ্রেড্রিক আঞ্জেলো ডাসন সাহেব বর্দ্ধমানে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়া রাণীগঞ্জে অবস্থিত হইয়াছেন।

ছুটী।

১৮৭২ সাল ৪ অক্টোবর।—পোলীসের ডিসট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি আগস্টস কুমস সাহেব ছুটীর অবসানে যে তারিখে ইউরোপহইতে বোম্বাইয়ে প্রত্যাগমন করেন তাহার পশ্চাদ্দিবস গত মাসের ২৫ তারিখ অবধি আপন কর্ম্মে ফিরিয়া যাইবার জন্যে রীতিমতে উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৮ অক্টোবর।—বর্দ্ধমানের অন্তর্গত বামনিয়ার জ্বর নিবারণার্থ ঔষধালয়ের সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বঙ্কবেহারী মিত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

দারজীলিঙ্গ চক্রের টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট সবআসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত তারকনাথ গঙ্গোপাধ্যায় গত মাসের ৭ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৪ অক্টোবর।—বাঙ্গাল পোলীসের শ্রীযুত হেনরি আগস্টস কুমস সাহেব ছুটীর অবসানে গতমাসের ২৪ তারিখে ইউরোপহইতে বোম্বাইয়ে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করিলেন।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

south by Sitta Nath Bose's lane ; and on the east by the dwelling-house and land of Bycunto Chowdry, is required within the aforesaid village of Sulkeah. The plan may be inspected in the Office of the Collector of Howrah.

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. Mackenzie,
*Offg. Secy. to the Govt of Bengal.*

---

[Second Publication.]

**Declaration.**

*The 25th September* 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for the erection of a Police Outpost in the village of Luckisarie, Pergunnah Salemabad, Zillah Monghyr, it is hereby declared that for the above purpose a piece of land measuring 1 beegah of standard measurement, bounded on the north by an irrigation canal; south by dhan fields belonging to one Heyat Ally; east by the Jumooe Road, and west by Heera Sing's fields, is required within the aforesaid village of Luckisarie

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

A. Mackenzie,
*Offg. Secy to the Govt of Bengal*

---

[Second Publication ]

**Notification.**

*The 26th September* 1872 —It is hereby notified for general information that the thirteen villages named in the margin, which were formerly on the north bank of the River Ganges (Pudma), and which have since through changes in the course of the river come to be on the south bank, will be transferred in all departments from the jurisdic-

Chur Koorueea
Choonaparrah
Goyabaree
Kuchhoodanga
Muhanugur
Sookdebpore
Kooshteah Kanoon Doem.
Gopeenathpore
Noorbeela
Saldah Arazee
Saldah
Kooshteah
Hatus Hurreepoor

[*Government Gazette*, 15th *October* 1872.]

বাটী ও ভূমি। হাবড়ার কালেকটরের কার্য্যালয়ে ইহার নক্‌শা দেখা যাইতে পারিবে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৫ সেপ্টেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ মুঙ্গের জিলার অন্তর্গত সেলিমাবাদ পরগণার লক্ষীসরাই গ্রামে পোলীস ফাঁড়ি প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত লক্ষী সরাই গ্রামে রক্ষিমত পরিমাণের ন্যূনাধিক ১/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা জলসেঁচনের খাল, দক্ষিণসীমা হায়াৎ আলীর ধান্যক্ষেত্র পূর্ব্ব সীমা জমুইয়ের পথ, পশ্চিম সীমা হিরা সিংহের ক্ষেত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৬ সেপ্টেম্বর।—পার্শ্বের লিখিত যে তের গ্রাম পূর্ব্বে গঙ্গা (পদ্মা) নদীর উত্তর পারে ছিল এইক্ষণে ঐ নদীর স্রোতের পরিবর্ত্তন দ্বারা দক্ষিণ পারে পড়াতে আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি সকল কার্য্যবিভাগ সম্বন্ধে পাবনা জিলার বিচারাধিপত্য হইতে উঠাইয়া নদীয়া

চরকুরুরিয়া।
চুয়াপাড়া।
গুয়াবাড়ী।
কচুয়াডাঙ্গা।
মহানগর।
সুখদেবপুর।
কুষ্টিয়া কানুনদায়েম।
গোপীনাথপুর।
নুরবিলা।
শালদহ আরাজী।
শালদহ।
কুষ্টিয়া।
হতাস হরিপুর।

tion of the Pubna district to that of the Nuddea district, with effect from the 1st November next.

A. Mackenzie,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

জিলার বিচারাধিপত্যভুক্ত হইবে, সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

[Third Publication.]

NOTIFICATION.

*The 20th September* 1872.—With reference to paragraph 6 of the Notification dated the 17th June last, published in the *Calcutta Gazette* of the 19th idem, transferring Thannahs Ghatal and Chunderkona from the civil, criminal, and revenue jurisdictions of Hooghly to the Sub-division of Gurbettah, in the Midnapore District, it is hereby further notified that Thannah Khanakool, which with the two thannahs above mentioned now forms the Munsifee of Ghatal, shall be attached from the 1st November next, until further orders, to the jurisdiction of the Munsifee of Ampta, in the Hooghly District. Thannahs Ghatal and Chunderkona will, until further orders, form the jurisdiction of the Munsif of Ghatal, who will be subordinate to the Judge of Midnapore

A. Mackenzie,
*Offg Secy. to the Govt of Bengal.*

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২০ সেপ্টেম্বর।—গত জুন মাসের ১৭ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ২৫ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ করা যায় তাহার ৬ দফাক্রমে ঘাটাল ও চন্দ্রকোণা থানা হুগলীর দেওয়ানী ও ফৌজদারী ও রাজস্বসম্পর্কীয় বিচারাধিপত্য হইতে মেদিনীপুর জিলার অন্তর্গত গড়বেটা শাখাখণ্ডে সংযোগ করা গিয়াছিল। এইক্ষণে তদুপলক্ষে আরও এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল। পূর্ব্বোক্ত দুই থানা লইয়া যে খানাকুল থানা এইক্ষণে ঘাটালের মুনসেফী হইয়াছে আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত সেই খানাকুল থানা হুগলী জিলার আমতার মুনসেফীর বিচারাধিপত্যের অন্তর্গত থাকিবে। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঘাটাল ও চন্দ্রকোণা থানা লইয়া ঘাটালের মুনসেফের বিচারাধিপত্য হইবে। ঘাটালের মুনসেফ মেদিনীপুরের জজ সাহেবের অধীন হইবেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

[Second Publication ]

NOTIFICATIONS

*The 26th September* 1872.—Under the provisions of clause 2, Section 3, Regulation VI of 1819, the Lieutenant-Governor is pleased to sanction the ferry on the road between Farashdanga and Moorshedabad, which has been cut away by the river, being declared a public ferry

A. Mackenzie,
*Offg Secy. to the Govt. of Bengal.*

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৬ সেপ্টেম্বর।—ফরাসডাঙ্গা ও মুরশিদাবাদের মধ্যগত পথ নদীর স্রোতের বেগে কাটিয়া যাওয়াতে সেই স্থানে যে খেয়া ঘাট হইয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকরণমতে তাহা রাজকীয় ঘাট বলিয়া প্রকাশ করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[Third Publication.]

NOTIFICATION.

*The 17th September* 1872.—With the concurrence of His Excellency the Commander-in-Chief the Lieutenant-Governor has been pleased to appoint all Civil Surgeons to be Members of the Cantonment Committees at the Sudder Stations of their respective Districts.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

---

[Third Publication.]

NOTIFICATION.

*The 24th September* 1872.—It is hereby notified for general information that the Lieutenant-Governor has been pleased to abolish the Sub-division of Burhee, and to direct the transfer of the four thannahs which compose that Sub-division to the criminal and fiscal jurisdictions of the Sudder and the Puchamba Sub-divisions, respectively, that is to say, Thannahs Burhee, Bagadar, and Kodarmah to the Sudder or Hazareebaugh Sub-division, and Thannah Gowan to the Puchamba Sub-division. The civil jurisdiction of the thannahs of the present Burhee Sub-division will remain unchanged, with this modification that the Civil Court will be held at Burhee instead of at Kurruckdeah Babu Parbutty Kumar Mitter, Extra Assistant Commissioner (late Munsif) of Kurruckdeah, will be stationed at Burhee, and will perform civil work for the whole of the Puchamba Sub-division, including Thannah Gowan, and so much of the Sudder Sub-division as belonged to the Kurruckdeah Munsifee. He is vested under Section 66A of the Criminal Procedure Code with power to take up original petitions, and to try petty police cases under Chapter XVI of the Code in Thannahs Burhee, Bagadar, and Kodarmah, and also with the powers of a Deputy Collector to try rent suits referred to him by the Deputy Commissioner All important police cases arising within those thannahs, which are beyond his competency as a Subordinate Magistrate of the Second Class, will be sent to Hazareebaugh for disposal.

This Notification will have effect from the 1st November next.

A. MACKENZIE,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৭ সেপ্টেম্বর।—মহিমবর শ্রীযুক্ত প্রধান সেনাপতি সাহেবের সম্মতিক্রমে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সকল সিবিল চিকিৎসককে স্ব২ জিলার সদর মোকামে কান্টনমেন্ট কমিটীর মেম্বরের পদে নিযুক্ত করিলেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

---

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ সেপ্টেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব বর্হী শাখাখণ্ড উঠাইয়া দিয়া তদন্তর্গত চারি থানা ক্রমান্বয়ে সদর ও পচাম্বা শাখাখণ্ডের ফৌজদারী ও রাজস্বসংক্রান্ত বিচারাধিপত্য ভুক্ত হইবার অর্থাৎ বর্হী ও বাগাদার ও কোদার্ম্মা থানা সদর কি হাজারীবাগ শাখাখণ্ডে ও গোয়ান থানা পচাম্বা শাখাখণ্ডে ভুক্ত হইবার আজ্ঞা করিয়াছেন। বর্ত্তমান বর্হী শাখাখণ্ডের থানার দেওয়ানী বিচারাধিপত্য পূর্ব্ববৎ থাকিবে, বিশেষ এই যে দেওয়ানী আদালত করকদিয়ায় না বসিয়া বর্হীতে বসিবে। করকদিয়ার অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর (ভূত পূর্ব্ব মুনসেফ) শ্রীযুক্ত বাবু পার্ব্বতীকুমার মিত্র বর্হীতে অবস্থিত হইয়া গোয়ান থানাসুদ্ধ সমুদয় পচাম্বা শাখাখণ্ডের ও সদর শাখাখণ্ডের যে অংশ করকদিয়া মুনসেফীর অন্তর্গত ছিল তাহার দেওয়ানী কার্য্য নির্ব্বাহ করিবেন। তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৬ক ধারামতে প্রথমোপস্থিত দরখাস্ত গ্রাহ্য করিতে ও উক্ত আইনের ষোড়শ অধ্যায়মতে বর্হী ও বাগাদার ও কোদার্ম্মা থানার পোলীসসংক্রান্ত ক্ষুদ্র মোকদ্দমার বিচার করিতে ক্ষমতা পাইয়াছেন। এবং ডেপুটী কমিশ্যনর সাহেব তাঁহার প্রতি খাজানাসংক্রান্ত যে মোকদ্দমা অর্পণ করেন তাহার বিচার করিতেও ক্ষমতা পাইয়াছেন। ঐ থানার মধ্যে পোলীস সংক্রান্ত গুরুতর যে সকল মোকদ্দমা অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটস্বরূপ তাঁহার বিচার করিবার ক্ষমতাতীত হয় তাহা নিষ্পত্তি হইবার নিমিত্ত হাজারীবাগে পাঠান যাইবে, সাধারণের জ্ঞানার্থে এই কথা প্রকাশ করা গেল।

এই বিজ্ঞাপন আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

The following Resolutions are published for general information :—

*(RESOLUTION.)*

**GENERAL DEPARTMENT**

**EDUCATION.**

*Hazareebaugh, the 30th September* 1872.

READ—

Minute by His Honor dated the 19th September 1871, calling for opinions in regard to the means by which local officers and those of the Educational Department may be brought into *rapport*, with a view to the promotion of the interests of public education, and particularly to the re-arrangement of educational circles of inspection so as to correspond with divisions and districts of the civil administration

Read—

Letter No 2111, dated the 19th July 1871, to the Director of Public Instruction, on the subject of the want of interest exhibited by local officers in the improvement of the schools placed in charge of them.

Read—

Director of Public Instruction's No 709, dated 14th February 1872, in reply to the above.

Read—

Replies to the above from Director of Public Instruction, No. 710, dated 15th February 1872

Commissioner of Rajshahye, No 282, dated 22nd November 1871.
„ of Orissa, „ 726, dated 9th December 1871.
„ of Assam, „ 3, dated 3rd January 1872.
„ of Chittagong, „ 465, dated 4th „ „
„ of Bhaugulpore, „ 405, dated 10th „ „
„ of Chota Nagpore, „ 185, dated 15th February „
„ of Burdwan, „ 6, dated 2nd March „
„ of Dacca, „ 729, dated 14th „ „
„ of Patna, „ 91, dated 15th „ „
„ of Cooch Behar, „ 751, dated 17th April „
„ of Presidency Division, No. 4JE, dated 19th April 1872.

Read—

Letter No. 3769, dated 18th December 1871, to the Director of Public Instruction, in regard to the appointment of school masters by local committees

1. The Director of Public Instruction was requested, in the minute of 19th September, to submit a scheme by which one or two Commissioners' divisions, and no more, might be placed under one Inspector of Schools, and the circles of Deputy Inspectors might be made to correspond exactly with civil districts and sub-divisions. The Director and Commissioners of divisions were at the same time asked to submit to the Lieutenant-Governor their views as to the best mode by which the local educational officers might be brought into closer connection with the officers of the general administration, and might receive their support and assistance to the utmost extent possible.

2. With reference to the first point, the Director of Public Instruction has submitted a scheme for the re-arrangement of the Inspectors' circles, which would entail an increase of inspecting agency by the appointment of a separate Inspector for Orissa. The proposal cannot be entertained; and taking into consideration the possibility of changes being made in the composition of the various divisions, the Lieutenant-Governor considers that Orissa may be united with the Burdwan division in one circle of inspection, for the present at least. Similarly, the arrangement by which the Chota Nagpore division is, as a special arrangement, placed under the Inspector of the Presidency circle, may be continued for the present.

3 His Honor has therefore been pleased to make the following re-arrangement of the educational circles —

| Educational circle | | Administrative division | Inspector | Head-quarter |
|---|---|---|---|---|
| Western circle to coincide with | | Burdwan and Orissa | Mr, R L Martin | Hooghly |
| Presidency circle | ditto | Presidency and Chota Nagpore | „ Woodrow | Calcutta. |
| Rajshahye circle | ditto | Rajshahye | Babu Bhoodev Mookerjee | Berhampore |
| East Bengal circle | ditto | Dacca and Chittagong | Mr C B Clarke | Dacca |
| Behar circle | ditto | Patna and Bhaugulpore | Dr Fallon | Patna |
| Assam circle | ditto | Assam and Cooch Behar | Mr. G Bellett | Gowhatty |

[সংবাদ গেজেট । ১৮৭২ । ১৫ অক্টোবর ।]

As a special arrangement, the Khasiah Hills will remain under Mr. Clarke, the Inspector of the eastern circle, for the present.

4. One Deputy Inspector is to be attached to each district, except the districts of Assam, including Goalparah and the Garo and Khasiah Hills, where the existing arrangement will be allowed to continue for the present. Special arrangements will also be made for the Sonthal Pergunnahs (where sub-divisions have hitherto been called districts, and Mission schools predominate), for the Chittagong Hill Tracts, for Singbhoom, and for any other wild and peculiarly situated districts. When it is found necessary to attach more than one Deputy Inspector to any district, one is to be the principal Deputy Inspector for the whole district, with head-quarters at the sudder station, and the others are to be subordinate. The subordinate Deputy Inspectors will be posted to sub-divisions, when this can be done conveniently. But it will probably be convenient to substitute for some of the present Deputy Inspectors a class of Sub-Deputy Inspectors, such as now exist in Behar, men on Rs. 30 or Rs. 40 per mensem, to circulate among and inspect the patshalas.

The Director of Public Instruction will be requested to submit, with the least possible delay, a statement showing where he would propose to post each Deputy Inspector with reference to the orders contained above.

5. The great object of the Government now is to extend primary education among the masses of the people. The Lieutenant-Governor hopes that under arrangements now in progress, if the Municipal Bill becomes law, many villages will establish primary schools aided by Government funds; and he is prepared to take advantage of the present favourable state of the Bengal finances to make a considerable additional allotment for that purpose, in addition to the new grant provided for in the budget of the present year. It seems to His Honor that this scheme can only be carried out by the influence and aid of the district authorities, and that this the most important branch of education must of necessity be placed under their superintendence.

Moreover, under the altered conditions in regard to grants-in-aid for middle and higher schools, since such grants must be limited to a fixed total in each district, and are to be given with reference to many local considerations in each case, the Lieutenant-Governor thinks that the district authorities should have a large voice in the matter, and that they should be assisted by district committees composed of the most qualified persons of various classes, and representing various interests. After a careful consideration, then, of all the opinions given by both administrative and educational officers on the second point raised in the minute of the 19th September, the Lieutenant-Governor has decided upon localising the educational control and establishing district school committees constituted in the following manner.

6. The Deputy Inspectors of each district will be placed under the authority of the Magistrate and Collector. In each district the present local committee will form the nucleus of a district school committee, and the Commissioner of the division will be invited to submit names of suitable residents in all parts of the district to add to it. The Lieutenant-Governor is aware that in many districts judicial officers have given very valuable help on school committees, and he hopes they will continue to serve on the committees now to be appointed. The Commissioner will exercise a general supervision and control over the committees, and, if present, will preside at the meetings of the committee. The Magistrate and Collector will be Vice-President, and take the chair when the Commissioner is not present. He will be authorized to delegate this duty to any other member acceptable to the committee generally when he is not present himself. The Inspector of the circle will be *ex-officio* a member of all committees. The Vice-President will be the active head of the committee, and will carry on the duties through the Deputy Inspectors and the secretary, subject to the resolutions of the committee. The head master of the Government school or other educational officer selected will be secretary to the committee. A clerk, if necessary, may be allowed. The Deputy or Sub-Deputy Inspectors of sub-divisions will be placed under the sub-divisional officers. Hereafter a sub-divisional educational sub-committee may be constituted to manage educational affairs in any sub-division where there are many schools of a superior class. Such sub-committee will be subordinate to the district committee, and will be presided over by the sub-divisional officer.

[*Government Gazette*, 15*th October* 1872.]

7. All ordinary Government schools will be under the management and supervision of the committee. The Government will allot a certain sum for grants-in-aid to each district, distinguishing the allotment for middle and higher education and that for primary education. Grants for aided schools of the former class will be made on the recommendation of the committee, the opinion of the Inspector being required in each case; while the sums devoted to primary education will be allotted by the Magistrate and Collector with the advice of the committee. It is to be understood, however, in regard to the higher and middle schools classed as *aided*, that the district committees, having assigned the grants, will not have authority to interfere with the local committees or other managers of these schools. The inspecting officer will, as now, see that the conditions of the grants are complied with, but subject to these conditions: it is the wish of the Government to leave the local management of aided schools as unfettered as possible. All questions of making new grants-in-aid and of renewing or revising old grants will be considered by the district committees on the report of the Inspector.

8. All school accounts and returns will in the first instance be sent by the local manager or the school-master to the Deputy Inspector, who, acting under the orders of the Magistrate, will pass them on with such remarks as may be called for. In the case of patshalas and other primary schools, the Deputy Inspector, under the orders of the Magistrate, will check and pass the accounts. Quarterly abstract statements of the accounts of primary schools will be forwarded to the Inspector in such form as may be prescribed. The accounts and returns for all Government or aided, higher, normal, and middle class schools will be sent on by the Deputy Inspector to the Circle Inspector for check and audit, and for these schools the Circle Inspector will, as heretofore, be responsible that the accounts are regular, and that the rules entitling the schools to the moneys drawn have been complied with. In cases where Municipal Commissioners contribute to any school in their town a sum equal to or larger than the Government grant, and are willing to take charge of such school, the entire supervision of such school and its accounts may be made over to the Commissioners, who will enjoy the quarterly grant payable for the school on condition of its being kept efficient and of its being open to inspection. The Director of Public Instruction will be requested to draw up a scheme whereby quarterly accounts, payments, and returns, may be substituted for monthly accounts in the case of all aided and primary schools and of net grants to zillah schools. To prevent hardship to school-masters, the payment of their salaries might be made, subject to certain safeguards, monthly, if the local committee think it desirable to do so.

9. In all districts of the Bengal province where aided schools of the higher and middle classes abound, the inspection and control of any or all such schools may, with the Commissioner's consent, be left in the hands of the Circle Inspector as at present. In the districts where this arrangement is adopted, the Inspector will receive accounts and returns from these schools direct, and will exercise his present powers in regard to them. All such arrangements are to be reported for the approval of Government. The training or normal schools will be under the Magistrate, acting with the advice of the committee. Separate orders will be passed in each case as to whether collegiate schools, high schools, and second grade colleges are to be under the supervision of the committee or under the educational authorities direct. All colleges educating up to the B. A. standard will be independent of the district committees, except that their remarks and recommendations will always receive the attention of Government.

10. The Inspector, under the general control of the Director, will nominate for all appointments to masterships in Government schools on salaries of Rs. 50 a month and less than Rs. 200. The nomination will be subject to the approval of the committee, who will appoint if they approve it. Should the Inspector be unable to make any nomination satisfactory to the committee, the matter will be referred to Government through the Director. The Magistrate will appoint to masterships in Government training and primary schools on salaries of less than Rs. 50 a month, notifying such appointments to the district committee; the district committee will appoint to masterships on salaries under Rs. 50 a month in all other Government schools; the Inspector will, in case of reference from the Magistrate or committee, advise them in making such nomination, and

will in all cases test the fitness of the masters. For all appointments of Rs. 200 and upwards, recommendations are to be submitted to Government, by whom the appointments will be made and gazetted. The Director will recommend fit persons after obtaining the opinions of the committee regarding the person or persons proposed.

11. The Deputy Inspector will submit his inspection reports to the Vice-President of the committee. The Vice-President will forward them without delay to the Inspector with any remark he may wish to add.

12. The Lieutenant-Governor proposes that in the Education Department the Inspector should occupy towards the local authorities much the same position that Government Inspectors of Education, Police, and other departments occupy in England. He will be the agent of the Government, to whom the Government will look to see that the local authorities fulfil the conditions on which grants are made to them; that the school-masters are efficient; that schools are well managed; that pupils are well taught; that the accounts are reliable and correct; that instruction is conducted in accordance with the general rules laid down; and that scholarships and rewards are fairly given. Separate instructions will be given regarding scholarships on receipt of reply to a reference which has been made to the Director.

13. The Deputy Inspectors will be personally responsible for the correctness and completeness of the inspection reports and accounts submitted by them, and will, in respect of these latter duties, while acting under the Magistrate's orders, be still strictly supervised by the Inspector. They will also be subject to the Inspector's instructions in regard to such schools as the Commissioner may have placed under direct departmental control, and will ordinarily accompany them on their tours and at all times render them every information and assistance.

14. The Inspector will render the Commissioner every advice and information in educational matters, and will comply with his wishes in regard to the time and manner of performing his duties as much as possible, but he will be, as above explained, an independent officer. It will be his duty to audit and pass, subject to the exceptions made in paragraph 8 of this resolution, all accounts as he now does. He will take every opportunity to test and ascertain the qualifications and conduct of the masters, whether nominated by the Education Department or by the committee; and all masters nominated by the committee will be specially reported on by him the first time he visits the school.

15. The Inspector will record his own observations as he visits each school. He will bring to the notice of the local committees matters within their cognizance; he will refer more important matters to the Commissioner, and he will report to the Government, through the Director, very important matters, and all matters in which, in his opinion, the committee fail to comply with rules and conditions fairly brought to their notice Once a year he will report on the whole educational management within his circle.

16. The forms of returns and tables will be prescribed by the Director under the instructions of Government, so that the Commissioner and Inspector may have the same set of returns for their annual reports. It will be desirable that the Commissioner and Inspector should make their annual reports in communication with one another, so that their different views of the same subjects may be compared, and, if possible, reconciled; or if not, the difference of view should be clearly stated. It will probably be best that the committees should submit their annual returns and report to the Commissioner, sending a duplicate to the Inspector, and that the Inspector's reports should be submitted to Government through the Commissioner and the Director, with the Commissioner's remarks and the Director's summary and review.

17. The effect of these changes will be to make it less possible for the Director to exercise a direct control over local operations, that having been transferred to the civil officers. The Director will have certain powers, to be more minutely detailed in separate orders, but will be brought into closer relations with Government as the medium of communication between the local and inspecting authorities and the Government, the adviser of the Government in educational matters, the condenser and compiler of statistical information, and the organ of the views of Government In this respect the change in his position will be similar to that lately made in regard to the Inspector-General

হইতে পারে না। আরো নানা দেশখণ্ডের নিয়ম পরিবর্ত্তন হইবার সম্ভাবনা বিবেচনায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে পশ্চাৎ যাহাই করা যাউক এইক্ষণে উড়িষ্যা ও বর্দ্ধমানখণ্ড একি ইনস্পেক্টরের চক্র বলিয়া ধরা যাইতে পারে। আরো বিশেষ যে নিয়ম দ্বারা ছোট নাগপুরখণ্ড প্রেসীডেন্সী চক্রের ইনস্পেকটরের অধীন করা গেল এই সময়ে সেই নিয়ম প্রবল থাকিতে পারিবে।

৩। অতএব মান্যবর সাহেব শিক্ষাসংক্রান্ত চক্রের নিম্নলিখিত নূতন নিয়ম করিয়াছেন।

| শিক্ষাসংক্রান্ত চক্র | | | রাজকার্য্যসংক্রান্ত দেশখণ্ড | ইনস্পেক্টর | সদর স্থান |
|---|---|---|---|---|---|
| পশ্চিমচক্র ইহার সীমার সঙ্গে মিলিবে | | | বর্দ্ধমান ও উড়িষ্যাখণ্ড | শ্রীযুত আর এল মর্টিন সাহেব ... . | হুগলী। |
| প্রেসীডেন্সী চক্র | ঐ | ঐ | প্রেসীডেন্সী ও ছোট-নাগপুর ... . | শ্রীযুত উডরো সাহেব ... | কলিকাতা। |
| রাজশাহী চক্র | ঐ | ঐ | রাজশাহী . .. .. | বাবু ভূদেব মুখুয্যা ... | বহরমপুর |
| পূর্ব্ব বাঙ্গলার চক্র | ঐ | ঐ | ঢাক ও চট্টগ্রাম .. .. | শ্রীযুত সি বি ক্লার্ক ... | ঢাকা। |
| বেহার চক্র | ঐ | ঐ | পাটনা ও ভাগলপুর... | শ্রীযুত ডাক্তর ফালন ... | পাটনা। |
| আসাম চক্র | ঐ | ঐ | আসাম ও কুচবেহার. . | শ্রীযুত জি বেলেট সাহেব | গৌহাটী। |

খাসিয়া পর্ব্বত অধুনা পূর্ব্ব চক্রের ইনস্পেকটর শ্রীযুত ক্লার্ক সাহেবের অধীন থাকিবে। এই বিশেষ নিয়ম।

৪। এক২ জিলায় এক২ জন ডেপুটি ইনস্পেকটর নিযুক্ত হইবেন। কিন্তু গোয়ালপাড়া ও গারো ও খাসিয়া পর্ব্বত প্রভৃতি আসামের অন্তর্গত নানা জিলায় যে নিয়ম আছে তাহা এইক্ষণে প্রচলিত থাকিবে। সাঁওতাল পরগনায় লোকেরা মহকুমা জিলা করিয়া বলে ও সেই পরগনায় পাদরী-দের অনেক স্কুল আছে, তাহার জন্যে এবং চট্টগ্রামের পর্ব্বতীয়দেশের ও সিংহভূমের এবং বন্য ও বিশেষ প্রকারের অন্য২ জিলার স্বতন্ত্র নিয়ম করা যাইবে। একি জিলার মধ্যে দুই কি তদধিক জন ডেপুটী ইনস্পেকটরকে নিযুক্ত করিবার প্রয়োজন থাকিলে তাঁহাদের একজন সম্পূর্ণ জিলার প্রধান ডেপুটী ইনস্পেকটর হইবেন তাহার সদর স্থান সদর মোকামে হইবে। অন্য ডেপুটী ইনস্পেকটরেরা তাহার অধীন হইবেন। ঐ অধীন ডেপুটী ইনস্পেকটরদিগকে সুবিধামতে মহকুমায় নিযুক্ত করিতে পারা গেলে করা যাইবে। কিন্তু বিহারে সব-ডেপুটী ইনস্পেকটর নামে মাসে ৩০৲।৪০৲ টাকা বেতনে যে শ্রেণীর কর্ম্মকারক আছেন এইক্ষণকার কএক জন ডেপুটী ইনস্পেক্টরের পরিবর্ত্তে পাঠশালায২ ভ্রমণ করিয়া কার্য্যের তত্ত্বাবধান লইবার জন্যে সেই শ্রেণীর কর্ম্মকারককে নিযুক্ত করা শ্রেয় হইতে পারিবে।

উক্ত আজ্ঞার উপলক্ষে কোন২ স্থানে ডেপুটী ইনস্পেক্টর নিযুক্ত করা বিশেষ হয় সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবকে ইহার এক বর্ণনাপত্র প্রস্তুত করিয়া সাধ্যমতে ত্বরায় অর্পণ করিতে আদেশ করা যাইবে।

৫। সর্ব্বসাধারণ লোক লেখা পড়া করিতে শিক্ষা করে গবর্ণমেন্টের এই মুখ্য অভিপ্রায়। এইক্ষণে যে সকল নিয়ম করা যাইতেছে মুনিসিপল আইন বিধিবদ্ধ হইলেই অনেক গ্রামে সেই নিয়মানুসারে গবর্ণমেন্টের সাহায্য গ্রহণ পূর্ব্বক সামান্য লেখাপড়া শিক্ষার পাঠশালা স্থাপন করা যাইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই আশা হইতেছে। ও সেই কার্য্যের নিমিত্ত চলিত বৎসরের বজেটে নূতন যে টাকা নিরূপণ হইয়াছে তিনি বঙ্গদেশের রাজস্ব সম্পর্কীয় সদরব্যয় বিবেচনা করিয়া তদতিরিক্ত আর অনেক টাকা নিরূপণ করিতে সম্মত আছেন। উক্ত মান্যবর সাহেবের বিবেচনায় জিলার কর্ত্তৃপক্ষদের প্রতিপত্তি ও সাহায্য বিনা এই অভিপ্রায় সফল হইবার সম্ভাবনা নাই ও শিক্ষাসংক্রান্ত এই গুরুতর কর্ম্মবিভাগ তাঁহাদের তত্ত্বাধীনে রাখা আবশ্যক।

আরো মধ্যম ও উচ্চতর বিদ্যালয়ের সাহায্যার্থে যে টাকা দেওয়া গিয়া থাকে তাহাও দিবার নিয়ম পরিবর্ত্তন হওয়াতে প্রত্যেক জিলায় মোটে কএক টাকার অধিক দেওয়া যাইতে পারিবে না ও প্রত্যেক স্থলে স্থানবিশেষের নানা বিষয় বিবেচনায় তাহা দেওয়া যাইবে এই হেতুক সেই বিষয়ে জিলার কর্ত্তৃপক্ষদের বিস্তৃত ক্ষমতা থাকা ও তাঁহাদের সাহায্যার্থে নানা জিলায় নানা জাতীয় লোকদের স্থলাভিষিক্ত স্বরূপ নানা শ্রেণীর অতি উপযুক্ত ব্যক্তিদিগকে লইয়া কমিটী স্থাপন হওয়া উচিত। সেপ্টেম্বর মাসের ১৯ তারিখের উক্ত পত্রের উল্লিখিত দ্বিতীয় বিষয়ে রাজকার্য্য ও শিক্ষাসংক্রান্ত কর্ত্তৃপক্ষেরা যেং অভিমত জানাইয়াছেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা মনোযোগে বিবেচনা করিয়া ইহা স্থির করিয়াছেন। প্রত্যেক স্থানের শিক্ষা সংক্রান্ত ব্যাপারের তত্ত্বাবধারণ কার্য্য সেই স্থানেই হইবে ও জিলার স্কুল কমিটী নিম্নলিখিত প্রকারে স্থাপন করা যাইবে।

[*Government Gazette*, 15*th October* 1872.]

৬। প্রত্যেক জিলায় যত জন ডেপুটী ইনস্পেক্টর থাকেন তাঁহারা মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আজ্ঞাধীন হইবেন। প্রত্যেক জিলায় স্থানীয় যে কমিটী আছে তাঁহারা জিলার স্কুল কমিটীর মূলস্বরূপ হইবে ও জিলার মান্য স্থানবাসি অন্য যে ব্যক্তিরা সেই কমিটীতে নিযুক্ত হইবার যোগ্য হন দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের প্রতি তাঁহারদের নাম লিখিয়া জানাইতে আদেশ হইবে। অনেক জিলায় বিচারপতিগণ স্কুল কমিটীতে নিযুক্ত হইয়া উপকারজনকরূপে অধিক সাহায্য করিয়াছেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহা অবগত আছেন এবং এইক্ষণে যে কমিটী নিযুক্ত করিবার প্রস্তাব হইল তাঁহারাও সেই কমিটীভুক্ত হইবেন তাঁহার এই আশা হইতেছে। কমিশ্যনর সাহেব সাধারণমতে ঐ কমিটীর উপর কর্তৃত্ব ও তত্ত্ববিধান করিবেন ও তিনি কমিটীর অধিবেশন কালে উপস্থিত হইলে সভাপতি হইবেন। মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব প্রতিনিধি সভাপতি হইবেন ও কমিশ্যনর সাহেবের অনুপস্থানে সভাপতি হইবেন। তিনি উপস্থিত না থাকিলে কমিটীর অন্তর্গত অন্য যে ব্যক্তি সাধারণের সুগ্রাহ্য হন তাঁহার প্রতি তিনি সেই পদ অর্পণ করিবেন। চক্রের ইনস্পেক্টর আপনার পদোপলক্ষে সকল কমিটীর মেম্বর হইবেন। প্রতিনিধি সভাপতি সকল কার্য্যপক্ষে কমিটীর প্রধান হইবেন। তিনি কমিটীর নির্দ্ধারণ মানিয়া ডেপুটী ইনস্পেক্টরদের ও সেক্রেটরীর দ্বারা আপনার কর্ত্তব্য কর্ম্ম চালাইবেন। গবর্ণমেণ্ট স্কুলের হেড মাস্টর কিম্বা শিক্ষা সংক্রান্ত অন্য যে কার্য্যকারককে মনোনীত করা যায় তিনি কমিটীর সেক্রেটরী হইবেন। প্রয়োজন হইলে এক জন কেরানীও নিযুক্ত হইতে পারিবে: মহকুমার ডেপুটী ও সব-ডেপুটী ইনস্পেক্টরেরা মহকুমার কর্তৃপক্ষদের অধীন হইবেন। কোন মহকুমায় যদি ইতঃপরে উচ্চ শ্রেণীর অনেক স্কুল থাকে তবে শিক্ষাসংক্রান্ত ব্যাপারে অধ্যক্ষতা করিবার জন্যে মহকুমার শিক্ষা সংক্রান্ত সব-কমিটী নিযুক্ত হইতে পারিবেন। ঐ সব-কমিটী জিলার কমিটীর অধীন হইবে ও মহকুমার কর্তৃপক্ষ তাহার আধিপত্য করিবেন।

৭। গবর্ণমেণ্টের সামান্য সকল স্কুল কমিটীর কর্তৃত্বের ও তত্ত্বের অধীন থাকিবে। গবর্ণমেণ্ট প্রত্যেক জিলায় বিদ্যাশিক্ষার সাহায্যার্থে কতক টাকা নিরূপণ করিবেন। ইহার মধ্যে মধ্যমপ্রকারের ও উচ্চতর বিদ্যাশিক্ষার জন্যে ও সামান্য লেখা পড়া শিক্ষার জন্যে কত করিয়া নিরূপণ হইবে তাহা নির্দ্দিষ্ট করিয়া দিবেন। প্রথমোক্ত দুই শ্রেণীর স্কুলের সাহায্যার্থে কমিটীর পরামর্শমতে টাকা দেওয়া যাইবে ও প্রত্যেক স্থলে ইনস্পেক্টরের অভিমত জ্ঞাত করা প্রয়োজন। সামান্য লেখা পড়া শিক্ষার সাহায্যে যে টাকা দেওয় যায় তাহা মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব কমিটীর পরামর্শ লইয়া নিরূপণ করিবেন। পরন্তু উচ্চতর ও মধ্যম প্রকারের যেং স্কুল সাহায্যকৃত বলিয়া শ্রেণীবদ্ধ হয় তদ্বিষয়ে ইহা জানিতে হইবে যে, ঐং স্কুলে কত করিয়া টাকা দিতে হইবে জিলার কমিটী ইহা নিরূপণ করিলে পর ঐং স্কুলের স্থানীয় কমিটীর কি অন্য অধ্যক্ষদের কর্ম্মে হস্তক্ষেপ করিতে ক্ষমতাপন্ন হইবেন না। টাকা যে নিয়মানুসারে দেওয়া যায় সেই নিয়ম যে পালন হয় ইনস্পেক্টর সাহেব এইক্ষণকার ন্যায় তাহা দেখিবেন কিন্তু সেই নিয়মাধীনে সাহায্যকৃত বিদ্যালয়ের অধ্যক্ষতা কার্য্য সাধ্যমতে সঙ্কুচিত না হইয়া চলে গবর্ণমেণ্টের এই অভিপ্রায়। নূতন স্কুলের সাহায্য করিবার কিম্বা পূর্ব্বে যে স্কুলের সাহায্য করা যাইত তাহার পুনরায় সাহায্য করিবার কিম্বা কম কি অধিক টাকা দিয়া সাহায্য করিবার প্রার্থনা হইলে জিলার কমিটী ইনস্পেক্টরের রিপোর্ট অনুসারে তাহার বিবেচনা করিবেন।

৮। স্কুলের যে সকল হিসাব ও রিটর্ণ দেওয়ার নিয়ম থাকে স্থানীয় অধ্যক্ষ কি স্কুল মাস্টর তাহা প্রথমে ডেপুটী ইনস্পেকটরের নিকট পাঠাইবেন। তদ্বিষয়ে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ হইলে ডেপুটী ইনস্পেকটর তাহা লিখিয়া মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে তাহা চালান করিবেন। পাঠশালায় ও সামান্য লেখাপড়া শিক্ষার অন্য স্কুলে ডেপুটী ইনস্পেকটর মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে হিসাব দেখিয়া পাস করিবেন। সামান্য লেখাপড়া শিক্ষার স্কুলের হিসাবের সারাংশ লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট হইবে সেই পাঠানুসারে তাহা তিনং মাসে সংগ্রহ হইয়া ইনস্পেক্টরের নিকট পাঠান যাইবে। ডেপুটী ইনস্পেকটর গবর্ণমেণ্টের কিম্বা সাহায্যকৃত উচ্চতর ও নর্ম্মাল ও মধ্যমপ্রকারের স্কুলের হিসাব ও রিটর্ণ দৃষ্টি করিবার ও আডিট করিবার নিমিত্ত চক্রের ইনস্পেকটরের নিকট পাঠাইবেন এবং ঐং স্কুলের হিসাব নিয়মিতরূপে রাখা যায় এবং যে বিধিমতে ঐং স্কুলের সেই টাকা পাইবার অধিকার থাকে সেই বিধিমতে কার্য্য করা যায় চক্রের ইনস্পেকটর পূর্ব্বাবধি যেমন এই বিষয়ের দায়ী আছেন তেমনি থাকবেন। মুনিসিপল নগরের অন্তর্গত কোন স্কুলের সাহায্যার্থে গবর্ণমেণ্ট যত টাকা দেন মুনিসিপল কমিশ্যনরেরা তত কি তদধিক টাকা দিয়া ঐ স্কুলের অধ্যক্ষতা ভার গ্রহণ করিতে ইচ্ছুক হইলে, ঐ স্কুলের ও হিসাবের সম্পূর্ণ কর্তৃত্বের ভার ঐ কমিশ্যনরদের প্রতি অর্পিত হইবে। এবং স্কুলের কার্য্য সফলরূপে চালান যায় ও ইনস্পেক্টর স্বেচ্ছামতে গিয়া দেখিতে পান এই নিয়ম পালন হইলে ঐ স্কুলের নিমিত্ত তিনং মাসে যে টাকা দেওয়া গিয়াথাকে তাহা কমিশ্যনরেরা পাইতে পারিবেন। সাহায্যকৃত ও সামান্য লেখাপড়া শিক্ষার স্কুলে ও জিলার স্কুলে নিট যে টাকা দেওয়া যায় তাহার হিসাব মাসেং না করিয়া তিনং মাসান্তর ঐ হিসাব ও রিটর্ণ লিখিয়া শিক্ষকদের বেতনাদি দিবার পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া দিতে শিক্ষা সংক্রান্ত ডাইরেকটর সাহেবের প্রতি আদেশ করা যাইবে। শিক্ষকদের কষ্ট না হয় এই কারণে স্থানীয় কমিটী ইষ্ট বোধ করিয়া ভুলচুক না হইবার সদুপায় করিলে শিক্ষকদের বেতন মাসেং দেওয়া যাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৫ অক্টোবর।]

৯। বঙ্গদেশের যে সকল জিলায় উচ্চতর ও মধ্যম প্রকারের সাহায্যকৃত অনেক স্কুল থাকে, সেইং জিলায় কমিশ্যনর সাহেবের অনুমতি হইলে ঐ সকল কি তন্মধ্যে কএক স্কুলের পরিদর্শন ও তত্ত্ববিধান করিবার ভার এইক্ষণকার ন্যায় চক্রের ইনস্পেকটরের হস্তে থাকিতে পারিবে। যেং জিলায় এই নিয়ম প্রচলিত করা যায় সেইং জিলায় ইনস্পেকটর ঐং স্কুলের হিসাব ও রিটর্ন অব্যবহিত রূপে গ্রহণ করিয়া তদ্বিষয়ে আপনার বর্ত্তমান ক্ষমতামতে কার্য্য করিবেন। তদ্রূপ নিয়ম করা গেলে গবর্ণমেণ্টের অনুমোদনার্থে তাহার রিপোর্ট করিতে হইবে। ট্রেণিং কি নরমল স্কুল মাজিষ্ট্রেটের অধীন থাকিবে তিনি কমিটির পরামর্শ লইয়া কার্য্য করিবেন। কালেজে সংযুক্ত স্কুল ও উচ্চতম স্কুল ও দ্বিতীয় শ্রেণীর কালেজ কমিটীর তত্ত্বাধীনে থাকিবে না, অব্যবহিতরূপে শিক্ষা-সংক্রান্ত কার্য্যকারকদের অধীনে থাকিবে উক্ত প্রত্যেক স্কুল প্রভৃতি সম্পর্কে এই বিষয়ের স্বতন্ত্র আজ্ঞা দেওয়া যাইবে। যে সকল কালেজে A. B. কক্ষিপর্য্যন্ত শিক্ষা দেওয়া যায় তাহা জিলার কমিটীর অধীন হইবে না। কিন্তু ঐ কমিটীর মন্তব্য কথায় ও পরামর্শে গবর্ণমেণ্ট সর্ব্বদায় মনোযোগ করিবেন।

১০। গবর্ণমেণ্টের স্কুলে ৫০ টাকা অবধি ২০০ টাকার ন্যূন বেতনের শিক্ষককে নিযুক্ত করিতে হইলে ইনস্পেকটর সাহেব ডাইরেকটর সাহেবের সাধারণ কর্ত্তৃত্বাধীনে সেই পদে নিযুক্ত করণোপযুক্ত ব্যক্তিকে মনোনীত করিবেন কমিটী সেই ব্যক্তিকে অনুমোদন করিলে তাঁহাকে নিযুক্ত করিবেন। কমিটী যাঁহাকে অনুমোদন করিবেন ইনস্পেকটর সাহেব এমত কোন ব্যক্তিকে মনোনীত করিতে না পারিলে সেই বিষয় ডাইরেকটর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টে অর্পিত হইবে। গবর্ণমেণ্টের ট্রেণিংস্কুলে ও সামান্য লেখাপড়া শিক্ষা করিবার স্কুলে মাসে ৫০ টাকার ন্যূন বেতনে শিক্ষককে নিযুক্ত করিতে হইলে মাজিষ্ট্রেট তাঁহাকে নিযুক্ত করিয়া জিলার কমিটীর নিকট সেই কথার রিপোর্ট করিবেন। গবর্ণমেণ্টের অন্য সকল স্কুলে জিলার কমিটী ৫০ টাকার কম বেতনভোগি শিক্ষকদিগকে নিযুক্ত করিবেন। মাজিষ্ট্রেট কিম্বা কমিটী ইনস্পেকটরের নিকট প্রার্থনা করিলে তিনি সেই পদের ব্যক্তিকে মনোনীত করণ বিষয়ের পরামর্শ দিবেন ও সর্ব্বদায় যাঁহাকে মনোনীত করা যায় পরীক্ষা করিয়া তাহার যোগ্যাযোগ্যতা দেখিবেন। ২০০ টাকার ও তদধিক বেতনের শিক্ষককে নিযুক্ত করিতে হইলে তাহার সকল অনুরোধপত্র গবর্ণমেণ্টে অর্পণ করিতে হইবে। গবর্ণমেণ্ট সেই প্রকারের শিক্ষককে নিযুক্ত করিয়া গেজেটে তাঁহার নাম প্রকাশ করিবেন। তদ্রূপ পদে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার প্রস্তাব হয় ডাইরেকটর সাহেব তাঁহার কি তাঁহারদের বিষয়ে কমিটীর অভিমত জানিয়া উপযুক্ত ব্যক্তিদের পক্ষে অনুরোধ করিবেন।

১১। ডেপুটী ইনস্পেকটর আপনার পরিদর্শনের রিপোর্ট কমিটীর প্রতিনিধি সভাপতির প্রতি অর্পণ করিবেন। প্রতিনিধি সভাপতি তদ্বিষয়ে যে মন্তব্য কথা লিখিতে চাহেন তাহা লিখিয়া অবিলম্বে ইনস্পেকটরের নিকট ঐ রিপোর্ট পাঠাইবেন।

১২। ইংলণ্ডে স্থানীয় কর্ত্তৃপক্ষদের পক্ষে শিক্ষা ও পোলীস ও অন্য কর্ম্মবিভাগ সংক্রান্ত ইনস্পেক্টরদের যদ্রূপ সম্পর্ক থাকে এদেশেও স্থানবিশেষের কর্ম্মকারকদের পক্ষে শিক্ষাসংক্রান্ত কর্ম্মবিভাগের ইনস্পেক্টরের তত্তুল্য সম্পর্ক থাকা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায়। ইনস্পেকটর গবর্ণমেণ্টের স্বপক্ষ কর্ম্মকারক হইবেন। নানা স্কুলের সাহায্যের নিমিত্ত যে নিয়মানুসারে টাকা দেওয়া যায় স্থানীয় কর্ম্মকারকেরা সেই নিয়ম পালন করিয়া থাকেন, ও স্কুলের শিক্ষকগণ কৃতার্থরূপে কর্ম্ম করিয়া থাকেন, ও স্কুলের অধ্যক্ষতা কার্য্য উত্তমরূপে নির্ব্বাহ হয়, ও ছাত্রদিগকে উত্তমরূপে শিক্ষা দেওয় যায়, ও হিসাব সকল বিশ্বাস যোগ্য ও ঠিক আছে ও শিক্ষাদানের যে সাধারণ বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে শিক্ষা দেওয়া যায় ও ছাত্রবৃত্তি ও পুরস্কার ন্যায়মতে দেওয়া যায় এই সকল বিষয় গবর্ণমেণ্ট তাঁহাকে উত্তরদায়ী জ্ঞান করেন। সম্প্রতি ডাইরেকটর সাহেবের নিকট যে কথা জিজ্ঞাসা করা গিয়াছে তাহার উত্তর পাওয়া গেলে ছাত্রবৃত্তির বিষয়ে স্বতন্ত্র আজ্ঞা দেওয়া যাইবে।

১৩। ডেপুটী ইনস্পেক্টরেরা স্কুল পরিদর্শন করিয়া যে রিপোর্ট দেন ও যে হিসাব অর্পণ করেন তাহা যথার্থ ও পরিশুদ্ধ এই বিষয়ে তাঁহারা স্বয়ং দায়ী হন। শেষোক্ত বিষয়ে যদিও মাজিষ্ট্রেটের আজ্ঞাধীনে কর্ম্ম করেন তথাপি ইনস্পেক্টর তাঁহারদের দৃঢ় তত্ত্বাবধারণ করিবেন। আরো কমিশ্যনর সাহেব যে সকল স্কুল অব্যবহিতরূপে ঐ কর্ম্মবিভাগের তত্ত্বাধীন রাখেন ডেপুটী ইনস্পেক্টরেরা সেই সকল স্কুলের বিষয়ে ইনস্পেক্টরের আজ্ঞাধীন থাকিবেন ও সাধারণ্যে তাঁহার পর্য্যটন কালে তাঁহারা সঙ্গে যাইবেন ও ইনস্পেকটর যাহা অবগত হইতে চাহেন তাহা সর্ব্বদায় জানাইবেন ও তাঁহার সাহায্য করিবেন।

১৪। ইনস্পেকটর শিক্ষা সংক্রান্ত বিষয়ে কমিশ্যনর সাহেবকে পরামর্শ দিবেন ও সন্ধান জানাইবেন এবং যে সময়ে ও যে প্রকারে আপনার কর্ত্তব্য কর্ম্ম করিবেন এই বিষয়ে সাধ্যমতে

তাঁহার অভিমত রক্ষা করিবেন তথাপি তিনি পূর্ব্বোক্ত মতে স্বাধীন কর্ম্মকারক হইবেন। এই নির্দ্ধারণ পত্রের ৮ দফার বর্জিত স্থল মানিয়া তিনি এইক্ষণে যেমন করিয়া থাকেন তেমনি সকল হিসাব আডিট করিয়া গ্রাহ্য করিবেন। শিক্ষকেরা শিক্ষা সংক্রান্ত কর্ম্মবিভাগ দ্বারা বা কমিটীর দ্বারা মনোনীত হউন তিনি সুযোগ পাইলে তাঁহাদের যোগ্যতা গুণাদি ও সদাচরণ পরীক্ষা করিয়া জানিয়া লইবেন ও কমিটীর দ্বারা কোন শিক্ষক নিযুক্ত হইলে পর তিনি প্রথমবার সেই স্কুলে গেলেই সেই শিক্ষকের বিষয়ে বিশেষমতে রিপোর্ট করিবেন।

১৫। ইনস্পেকটর প্রত্যেক স্কুল দেখিতে গিয়া যে দোষ কি গুণাদি দেখিতে পান তাহা লিখিয়া রাখিবেন। ইহার মধ্যে যে২ বিষয় স্থানীয় কমিটির বিচার্য্য হয় তাহা তাঁহাদিগকে জ্ঞাত করিবেন। গুরুতর কোন বিষয় হইলে তিনি কমিশ্যনর সাহেবকে জ্ঞাত করিবেন। অত্যন্ত গুরুতর কোন বিষয় থাকিলে এবং বিধির ও নিয়মের কোন কথা কমিটীর নিকট উপযুক্ত মতে জ্ঞাত করা গেলেও তাঁহার বিবেচনামতে তাঁহারা সেই বিধি ও নিয়ম পালন করিতে ত্রুটি করিলে তিনি ডাইরেকটর সাহেবেরদ্বারা গবর্ণমেণ্টের নিকট সেই সকল বিষয়ের রিপোর্ট করিবেন। তাঁহার চক্রের মধ্যে যত স্কুল থাকে তন্মধ্যে শিক্ষা সংক্রান্ত সমস্ত ব্যাপার যদ্রূপে চলে তিনি বৎসর একবার সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১৬। গবর্ণমেণ্টের আদেশমতে ডাইরেকটর সাহেব রিটর্ণের ও টেবিলের যে পাঠ নির্দ্দিষ্ট করিবেন তাহা এমন করিয়া প্রস্তুত করা যাইবে যে কমিশ্যনর সাহেব ও ইনস্পেকটর সাহেব আপন২ বার্ষিক রিপোর্টের নিমিত্ত একি প্রকারের রিটর্ণ পান। কমিশ্যনর ও ইনস্পেকটর সাহেব পরস্পর লিখনপঠনাদি করিয়া আপনারদের বার্ষিক রিটর্ণ প্রস্তুত করিলে ভাল হয়। তাহা হইলে কোন বিষয়ে তাঁহারদের অভিপ্রায়ের বিভিন্নতা থাকিলে তাঁহারা মিলাইয়া সেই অভিপ্রায়ের ঐক্য করিতে পারিবেন। তাহা করিতে না পারিলে সেই অভিপ্রায়ের বিভিন্নতা স্পষ্ট করিয়া লিখিতে হইবে। নানা কমিটীর বার্ষীক রিটর্ণ ও রিপোর্ট কমিশ্যনর সাহেবের নিকট ও তাহার অনুলিপি ইনস্পেক্টর সাহেবের নিকট পাঠান যায় এবং ইনস্পেক্টর সাহেবের রিপোর্ট কমিশ্যনর ও ডাইরেকটর সাহেবের নিকট পাঠান যায় ও কমিশ্যনর সাহেব তদ্বিষয়ে আপনার মন্তব্য কথা লিখিয়া ও ডাইরেকটর সাহেব তাহার আলোচনা করিয়া ও সারসংগ্রহ লিখিয়া গবর্ণমেণ্টের নিকট প্রেরণ করেন ইহা সর্ব্বাপেক্ষা শ্রেয় বোধ হয়।

১৭। উক্ত প্রকারে নিয়ম পরিবর্ত্তন হওয়ার এই২ ফল হইবে। স্থানবিশেষের কার্য্যের উপর ডাইরেকটর সাহেবের তাদৃশ অব্যবহিত কর্ত্তৃত্ব থাকিবে না, সেই কর্ত্তৃত্বভার দেওয়ানী কর্ত্তৃপক্ষদের প্রতি অর্পিত হইল। ডাইরেকটর সাহেবের যে২ ক্ষমতা থাকিবে তাহা স্বতন্ত্র অনুজ্ঞাপত্রে বিস্তৃত রূপে লেখা যাইবে। তিনি স্থানীয় কর্ত্তৃপক্ষদের ও ইনস্পেক্টরদের এবং গবর্ণমেণ্টের পরস্পর লিখন পঠনের মধ্যস্থস্বরূপ ও শিক্ষাসংক্রান্ত বিষয়ে গবর্ণমেণ্টের পরামর্শদায়ক হইবেন এবং স্থিতিরীতি বিষয়ক নানা সন্ধান বাক্য সংক্ষেপে সংগ্রহ করিবেন ও গবর্ণমেণ্টের অভিপ্রায় জ্ঞাপকস্বরূপ হইবেন এই প্রকারে গবর্ণমেণ্টের সঙ্গে তাঁহার আরও সন্নিহিত সম্পর্ক থাকিবে। ফলতঃ সম্প্রতি পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের পদ সংক্রান্ত অবস্থার যদ্রূপ পরিবর্ত্তন হইয়াছে ডাইরেকটর সাহেবেরও তাদৃশ হইবে। তিনি দাঁড়ামতে রাজকীয় পত্রাদি না লিখিয়া জেনরল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের সঙ্গে অব্যবহিত রূপে কথোপকথনাদি করিতে পারিবেন। তাঁহার আফিস বাঙ্গাল সেক্রেটেরিয়েট আফিসের শাখা হইবে ও বাঙ্গাল সেক্রেটরিয়ট আফিসের মধ্যে তাঁহার আফিসের ও আমলাগণের নিমিত্ত স্থান নিরূপণ হইবে।

১৮। অদ্যকার তারিখের অন্য নির্দ্ধারণপত্রে সামান্য লেখা পড়া শিক্ষা করিবার স্কুলের কার্য্য সম্পাদন হইবার আরো বিশেষ অনুজ্ঞাপত্র প্রকাশ করা গেল। তৎক্রমে পাঠশালার অর্থাৎ সামান্য লেখা পড়া শিক্ষা করিবার স্কুলের সংখ্যা বৃদ্ধির জন্যে ৪ চারিলক্ষ টাকা প্রদান করা গিয়াছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৫ অক্টোবর।]

## Circular Orders of the Board of Revenue, L. P.

SEPTEMBER 1872.

### ERRATA.

*Above Circular Order No.* 10 *of August* 1872, *add* "V H. SCHALCH, ESQ. and," *before* "A MONEY, ESQ., C.B"; *and above Circular Order No.* 11, *enter* "A. MONEY, ESQ., C B."

### V. H. SCHALCH, ESQ.

No. 6.

As all settlements now require the sanction of the Board of Revenue, Return No. XIII is no longer necessary, and should be expunged from the "List of Returns" at page 262 of the Board's Rules.

No. 7.

In the first line of para. 18, Section I, page 341, Board's Rules, substitute the words "monthly accounts current" for the words "monthly bills," and expunge the last clause in the para. beginning "and an account current, &c."

### A. MONEY, ESQ, C.B.

No. 8.

After the words "this year" in line 7 of Circular Order No. 7 of August last, insert the words "upon his income during the year ending 31st March 1872 (*vide* column 4 of Form C prescribed in Financial Resolution No. 2887 of 19th April 1872) provided that, in the case of a person first becoming chargeable under this part within the year of assessment, or within the year next before such year, he may be assessed."

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলার অর্ডর।

১৮৭২ সাল সেপ্টেম্বর।

### অশুদ্ধ শোধন।

১৮৭২ সালের আগষ্ট মাসের ১০ নং সরকুলর অর্ডরের উর্দ্ধস্থলে "শ্রীযুত এ, মনি সাহেব, সি, বি," এই কথার পূর্ব্বে "শ্রীযুত বি এচ শক সাহেব ও" এই কথা দিতে হইবে এবং ১১ নং সরকুলর অর্ডরের উর্দ্ধে "শ্রীযুত এ মনি সাহেব, সি, বি," এই কথা দিতে হইবে।

### শ্রীযুত বি এচ শক সাহেব।

৬ নম্বর।

এইক্ষণে রেবিনিউ বোর্ডের অনুমতি বিনা কোন বন্দোবস্ত করা যাইতে পারে না অতএব ১৩ নং রিটর্ণের আর আবশ্যক না থাকাতে বোর্ডের বিধি পুস্তকের ৪০৬ পৃষ্ঠায় রিটর্ণের যে নির্ঘণ্টপত্র আছে তাহাহইতে ঐ রিটর্ণ উঠাইযা ফেলিতে হইবে।

৭ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৫২৯ পৃষ্ঠায় ১ পরিচ্ছেদের ১৮ ধারায (১৮৭২ সালের বাঙ্গলা গেজেটের ৮২৪ পৃষ্ঠায) "মাসিক বিল" এই কথার পরিবর্ত্তে "মাসিক চলিত হিসাব" এই কথা দিতে হইবে। ও শেষ যে পদের আরম্ভে "এবং প্রতিমাসের শেষে" প্রভৃতি কথা আছে সেহ পদ উঠাইযা ফেলিতে হইবে।

### শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

৮ নম্বর।

গত আগষ্ট মাসের ৭ নং সরকুলর অর্ডরের ৮ পংক্তিতে (১৮৭২ সালের বাঙ্গলা গেজেটের ১৩৫৪ পৃষ্ঠা দেখ) "এই বৎসরে তাহারদের টাকস ধার্য্য হইবে না" এই কথার পরিবর্ত্তে "এই বৎসরে ১৮৭২ সালের ৩১ মার্চ পর্য্যন্ত তাহারদের এক বৎসরের আযের উপর টাকস ধার্য্য হইবে না (ফিনানশ্যল ডিপার্টমেণ্টে ১৮৭২ সালের ১৯ আপ্রিলের ২৮৮৭ নং নির্দ্ধারণপত্রের নির্দ্দিষ্ট C চিহ্নিত পাঠের ৪ ঘর দেখ) কিন্তু যে বৎসরের টাকস ধার্য্য হইতেছে সেই বৎসরের মধ্যে কিম্বা তাহার পূর্ব্ব বৎসরে এই অধ্যাযমতে কোন ব্যক্তি প্রথমবার টাকস দিবার যোগ্য হইলে তাঁহার টাকস ধার্য্য হইতে পারিবে" এই সকল কথা সংযোগ করিয়া দিতে হইবে।

[*Government Gazette*, 15*th October* 1872.]

### No. 9.

For the present form of certificate in Chapter XXI, Section II, Clause 5, pages 304 and 305 of the Board's Rules, substitute the following :—

I do hereby certify that I have personally counted the stamps in store *at the Sudder or Head Quarters Station of the District*, on the , the actual value of which is Rupees* , and that the Rules prescribed in Chapter XXI of the Rules of the Board of Revenue are duly observed in the District.

* NOTE.—Here enter the amount in words and figures.

I also hold similar certificates as to the stamps at all Sub-Divisions in the District having been counted by the officers concerned on the dates as per margin, the actual value of which is Rupees*

I further certify that I have compared the balance as shown by this account with the balance shown in the memorandum at foot of the Monthly Cash Account of this office for and that they agree. (Where they do not agree, substitute, "and that they disagree to the extent of . I am inquiring into the cause of this difference.")

*N. B.*—In Districts where there are no Sub-Divisions, the words in italics in para 1 and the whole of para. 2 of the above form of Certificate are to be omitted.

---

### No. 10.

In continuation of Circular Order No. 11 of April 1872, the following orders of the Government of India, Financial Department, No. 2025, dated Simla, the 15th August 1872, addressed to the Chief Secretary to the Government of Bombay, are published for general information —

I am directed to acknowledge the receipt of your letter No. 3099—21AR, dated 1st July 1872.

2. It appears that the Government of Bombay has sanctioned the refund of the excess stamp duty paid on Letters of Administration of an estate the assets of which were subsequently proved to be less than what they had been estimated to be at the time duty was paid, and it is suggested that as the Cout Fees Act, 1870, does not authorize the grant of refunds of stamp duty under such circumstances, provision might be made by law to meet similar cases in future.

3 In reply I am to say that the Governor-General in Council confirms the sanction accorded

### ৯ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ৪৭০ পৃষ্ঠায় ২১ অধ্যায়ের ২ পরিচ্ছেদের ৫ ধারায় সর্টিফিকটের যে পাঠ লেখা গিয়াছে তাহার পরিবর্ত্তে এই পাঠের ব্যবহার করিতে হইবে।

জিলার সদর মোকামে অমুক তারিখে যত ইষ্টাম্প আছে আমি স্বয়ং তাহা গণিয়া তাহার এত টাকা মূল্য দেখিয়াছি এবং রেবিনিউ বোর্ডের বিধি পুস্তকের ২১ অধ্যায়ে যে সকল বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই জিলায় উপযুক্তমতে পালন হইয়াছে এই কথার সর্টিফিকট লিখিয়া দিলাম।

যত টাকা মূল্য হয় তাহা অক্ষরে ও অঙ্কে লিখিতে হইবে।

আরও জিলার সকল মহকুমার যে কার্য্যকারকদের সম্পর্ক থাকে তাঁহারাও পার্শ্বে লিখিত তারিখে ঐ২ মহকুমার ইষ্টাম্প গণিয়া উক্ত প্রকারের সর্টিফিকট লিখিয়া দিয়াছেন তাহা আমার নিকট আছে ঐ সকল ইষ্টাম্পের এত টাকা মূল্য।

আরো এই আফিসের অমুক মাসের নগদের মাসিক হিসাবের নিম্নভাগে যে মর্ম্মাত্মকপত্র আছে তন্মধ্যে যত উদ্বর্ত্ত লেখা আছে এই হিসাবমত উদ্বর্ত্তের সঙ্গে তাহা মিলাইয়া ঠিক দেখিলাম ইহারও সর্টিফিকট লিখিয়া দিলাম। (যদি না মিলে তবে "তাহা ঠিক দেখিলাম" এই কথা না লিখিয়া "এত টাকা পর্য্যন্ত তাহার বিশেষ দেখিতে পাইলাম ইহার কারণের অনুসন্ধান লইতে প্রবর্ত্ত আছি।) এই কথা লিখিতে হইবে।

মন্তব্য।—কোন জিলায় মহকুমা না থাকিলে পূর্ব্বোক্ত সর্টিফিকটের ১ দফার অন্তর্গত "জিলার সদর মোকামে" এই কথা ও ২ দফার সমুদয় কথা ত্যাগ করিতে হইবে।

---

### ১০ নম্বর।

সাধারণ কোন জিলার সদর মোকামভিন্ন দুই তিন মহকুমা ও ২৫০০ গ্রাম ও ১৫ কি ২০ লক্ষ লোকের বসতি থাকিলে তন্মধ্যে গবর্ণমেন্টের ন্যূনাধিক ৫০ পাঠশালা ও দেশীয় ২০০ পাঠশালা থাকিতে পারে ও এই নিয়মমতে ঐ জিলার ৯০০০ টাকা অর্থাৎ বৎসর ৪৫ টাকা করিয়া ২০০ পাঠশালার উপযুক্ত টাকা নিরূপণ হয়। এমন স্থলে মাজিষ্ট্রেট সাহেব নানা মুনিসিপালিটীর পাঠশালায় কিম্বা রাজানু-পালিত ব্যক্তিদের কি উদারচিত্ত জমীদারদের মহালের অন্তর্গত পাঠশালায় বৎসর ৩০ টাকা করিয়া ৩০০০ টাকা নিরূপণ করিতে পারেন। যেং গ্রামের মুনিসিপাল কমিটী কিম্বা কোন ব্যক্তি আর ৩০ টাকা করিয়া দিয়া পাঠশালার অধ্যক্ষতা কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করেন এমত কএক গ্রামে ঐ ৩০ টাকা বিতরণ করা যাইবে। এই প্রকারে ৩০ কি ৩৫ মুনিসিপাল পাঠশালায় ৩০ টাকা করিয়া সেই টাকা দেওয়া গেলে পর রাজানুপালিত ব্যক্তিদের মহালের অন্তর্গত কিম্বা কোন জমীদার কতক টাকা দিতে প্রতিজ্ঞা করিলে তাঁহার জমীদারীর অন্তর্গত আর ৬৫ কি ৭০ পাঠশালায় ৩০ টাকা করিয়া অবশিষ্ট টাকা বিতরণ হইবার জন্যে থাকিবে। রাজানুপালিত ব্যক্তিদের মহাল যত কাল মাজিষ্ট্রেট সাহেবের জিম্মায় থাকে তিনিই ততকাল কএক পাঠশালার নিমিত্তে ৩০ টাকা করিয়া দিবার অঙ্গীকার করিতে পারিবেন। আর বৃহৎ ও উদারচিত্ত কোন ভূম্যধিকারী আপন মহালে বাস করুন বা না করুন তিনি যত পাঠশালার সাহায্য করিতে পারেন কিম্বা তাঁহার মহালের অন্তর্গত গ্রামে যত পাঠশালার প্রয়োজন তত পাঠশালার সাহায্যার্থে আর ৩০ টাকা করিয়া দেন মাজিষ্ট্রেট সাহেব আপনি কিম্বা মহকুমার কর্তৃপক্ষের দ্বারা তাঁহাকে এই প্রকারে অনুরোধ করিতে পারিবেন। কোন জমীদার তদ্রূপে টাকা দিলে সাধারণ যে নিয়মমতে পাঠশালার সাহায্যার্থ টাকা দেওয়া যায় তিনি সেই নিয়ম মানিয়া গুরুকে মনোনীত করিতে ও পাঠশালার কার্য্যের তত্ত্বাবধারণ করিতে পারিবেন। উক্ত ২০০০ টাকা উক্ত প্রকারে প্রয়োগ করা গেলে পর গ্রামের সামান্য পাঠশালার সাহায্যের নিমিত্ত বাকী ৬০০০ টাকা থাকিল। সেসন্স আফিসে থানার যে রেজিষ্টর প্রস্তুত করা যায় মাজিষ্ট্রেট সাহেব তাহা দেখিয়া ১০০ ঘরের কোন২ গ্রামে দেশীয় পাঠশালা আছে ও কোন২ গ্রামে নাই ইহা স্থির করিয়া লইবেন মহকুমার কর্ত্তারা কর বারা কিম্বা তাঁহার সঙ্গে পরামর্শ করিয়া ৬০ পাঠশালার গুরু মহাশয়দিগকে কহিতে পারিবেন যে তোমরা গবর্ণমেন্টের বিধি গ্রাহ্য করিলে ও আজ্ঞা পাইবামাত্র সদর মোকামে আসিয়া ছয় মাস থাকিয়া গুরুশিক্ষার কোন স্কুলে শিক্ষা করিতে স্বীকার করিলে, তোমারদের সাহায্যে মাসে ৩ কি ৪ টাকা দিব। বর্ত্তমান যেং পাঠশালার সাহায্য করিতে হইবে ও যাহার সাহায্য করা উচিত নয় ইহা নিরূপণ করণার্থে মাজিষ্ট্রেট সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষের নানা বিষয়ের বিবেচনা করা প্রয়োজন হইবে। কএক পাঠশালা বহুকালাবধি স্থাপিত হইয়া বড় হইয়া উঠিয়াছে ও তন্মধ্যে উত্তমরূপে কার্য্য চলিতেছে, অন্য কএক পাঠশালা বড় গ্রামে আছে কিন্তু গ্রামবাসিদের দারিদ্র্য প্রযুক্ত কার্য্য উত্তমরূপে চলিতে পারে না, আর কএক পাঠশালা নূতন স্থাপিত হইয়াছে ও গুরু মহাশয় উপযুক্ত ও কর্ম্মঠ লোক, ঐং পাঠশালারও সাহায্য করিবেন। পরে যেং স্থানে পাঠশালা নাই বাকী ৪৫০০ টাকাতে সেইং স্থানে নূতন পাঠশালা স্থাপন করিবার উদ্যোগ করিবেন। নূতন পাঠশালা কি প্রকারের স্থানে স্থাপন করা উচিত মাজিষ্ট্রেট সাহেব ও মহকুমার কর্ত্তৃপক্ষ ইহা নিরূপণ করিবার জন্যে সাধারণো সেসন্স আফিসে থানার রেজিষ্টর দেখিয়া বড়ং যে গ্রামে পাঠশালা নাই সেইং গ্রামে নূতন পাঠশালা করিতে স্থির করিবেন। গ্রামের লোক বালকদের শিক্ষার জন্যে সামান্য এক ঘর করিয়া না দিলে সেই গ্রামে পাঠশালার সাহায্যের নিমিত্ত কিছু দেওয়া যাইবে না। গ্রাম নির্দ্ধারিত হইলে পর শিক্ষক পাইবার উপায় করিতে হইবে। যে প্রকারের লোককে সামান্যতঃ গুরু মহাশয় কি মিয়াজী বলিয়া কহা যায় মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মহকুমার কর্ত্তৃপক্ষ সাধ্যমতে সেই প্রকারের লোককে মনোনীত করিবেন ও নূতন শিক্ষককে নিযুক্ত করিতে হইলে সাধ্যমতে চেষ্টা করিয়া গ্রামবাসি কিম্বা তন্নিকট নিবাসি কোন লোককে মনোনীত করিবেন। হিন্দুদের গ্রামের পাঠশালায় শিক্ষা দিবার উপযুক্ত জ্ঞান যাঁহারদের থাকে, ও যাঁহারা গুরুর কর্ম্মে কালযাপন করিতে সম্মত হইবেন গুরুমহাশয়ের সন্তান কি ভাই বলিয়া কিম্বা পাটওয়ারির পরিবারের মধ্যে এমত কোন যুবাকে কি মুদির দোকানের কি কোন জমিদারী কাছারীর কোন যুবা লোককে প্রায়ই পাওয়া যাইতে পারিবে। যদি দেশীয় ভাষার কিম্বা সাহায্যকৃত কোন স্কুল নিকট থাকে ও তন্মধ্যে উপযুক্ত বয়সের কোন ব্যক্তি ঐ কর্ম্ম করিতে সম্মত হয় তবে মাজিষ্ট্রেট সাহেব এমত কোন লোককে তাহার বাড়ীর নিকট কোন গ্রামে নিযুক্ত করিতে পারিবেন।

কোন গ্রামের মধ্যে নূতন শিক্ষককে নিযুক্ত করিতে হইলে কিম্বা যে পাঠশালা আছে তাহার শিক্ষকের সাহায্য করিবার প্রস্তাব হইলে তিনি আদেশ পাইলেই অন্য ব্যক্তির হাতে পাঠশালা রাখিয়া কিয়ৎকালের নিমিত্ত গুরুশিক্ষার কেলাসে গিয়া শিক্ষা করিবেন তাঁহার সঙ্গে এই নিয়ম করিতে হইবে। এই নির্দ্ধারণপত্রানুসারে সমস্ত নিয়ম যত কাল সিদ্ধ না হয় ও নূতন পাঠশালার মধ্যে অধিকাংশ যত কাল স্থাপন না হয় জিলার সদর মোকামে পাঠশালার শিক্ষকদের আসিয়া গুরুশিক্ষার কেলাসে শিক্ষা করিতেই হইবে মাজিষ্ট্রেট সাহেব তত কাল এমত বিধান করিবেন না। কিন্তু ঐ সকল পাঠশালার কার্য্য চলিতে আরম্ভ হইলে ও নিয়মিতরূপে তাহার পরিদর্শনের কার্য্য চলিলে পর গ্রামের স্কুলের শিক্ষকদের মধ্যে যাহারা অপটু থাকে মাজিষ্ট্রেট সাহেব ডেপুটী কি সব-ডেপুটী ইনস্পেকটরের রিপোর্টমতে তাহারদিগকে গুরুশিক্ষার কেলাসে যাইতে আজ্ঞা দিবেন। যাঁহারা গুরুমহাশয়ের কি নিযাজীর কর্ম্ম করিতে২ বৃদ্ধ হইয়াছেন তাঁহারদিগকে ঐ কেলাসে আনাইবার প্রয়োজন নাই সেই প্রকারের লোকেরা যৌবন অবধি কর্ম্ম করিতে২ অনেকের মঙ্গল করিয়াছেন গ্রামের লোকদের নিকটও তাঁহারা মান্য ও আপনাদের পাঠশালার কর্ম্ম উত্তমরূপে চালাইয়াছেন। নূতন বিদ্যা শিক্ষার কিম্বা শিক্ষা দিবার নূতন প্রণালীর প্রয়োজন হইলে তাহা নূতন গুরুমহাশয়দিগকে লইয়া হইতে পারিবে। যাঁহারা যুবা ও নূতন নিযুক্ত হইলেন তাঁহারদিগকে নর্ম্মাল কেলাসে আনা বিহিত হইতে পারে। ও নূতন নিযুক্ত যে ব্যক্তিরা গ্রামের পাঠশালায় কখন শিক্ষা দেন নাই তাঁহারদের স্কুল খুলিবার পূর্ব্বে তাহারদিগকে সদরে আনাইয়া কএক মাস গুরুশিক্ষার কেলাসে শিক্ষা দিলে উত্তম হয়। অন্য স্থানে যদ্রূপ হউক কিন্তু বেহারে পাঠশালার শিক্ষকেরা প্রায় ছাপা অক্ষর পড়িতে পারে না অতএব এইক্ষণকার নিমিত্ত গুরুমহাশয়েরা ছাপা অক্ষর উত্তমরূপে পাঠ করিতে ও লিখিতে শিক্ষা করেন ও সামান্য ও মানসিক অঙ্কসূত্রে শিক্ষা দিবার সুবিধান জানিয়া লন এবং দেশীয় রীতিমতে জমীর মাপ ও মহাজনী ও জমীদারী হিসাবে শিক্ষা দিবার জন্যে তাঁহারদের জ্ঞানের ও ক্ষমতার উন্নতি করা যায় ও সেই২ বিষয়ের সোজাসুজি যে২ পুস্তক আছে তাহা বুঝিয়া লইয়া সেই২ বিদ্যায় শিক্ষা দিবার সক্ষম হন ইহাই প্রয়োজন।

১২। পরন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বোক্তমতে এতদ্বিষয়ের কোন বিস্তৃত আদেশ দিতে চাহেন না। উপরোক্ত আজ্ঞা মানিবার যে উদাহরণ দিয়াছেন তাহা আদেশ বলিয়া নয় কেবল কর্ত্তব্য কার্য্যের সঙ্কেতস্বরূপ লেখা গিয়াছে। স্থানীয় যে কর্ত্তৃপক্ষদের হস্তে উক্ত কার্য্যার্পণ করা যায় তাঁহারা স্ব২ বিবেচনামতে ঐ কার্য্য সম্পাদন করেন শ্রীযুক্তের এই বাসনা। লেখা পড়া ও অঙ্কসূত্র শিক্ষা করিবার দেশীয় কত পাঠশালা আছে, তাঁহারা ইহা নিশ্চয়মত জানিয়া সামান্য লেখাপড়ার পক্ষে গ্রামের সাধারণ ও বিশিষ্ট সকল লোকের অনুরাগ জন্মাইতে চেষ্টা করিয়া পূর্ব্বোক্ত নিয়মমতে প্রত্যেক গ্রামের ভাবগতিক বিবেচনায় অল্প করিয়া টাকা দিয়া ক্রমশঃ বিস্তারিতরূপে ঐ শিক্ষার বিধান করিবেন।

১৩। এই নিয়মের পরীক্ষার্থে কোন জিলার সমস্ত গ্রামে তদ্রূপ পাঠশালা স্থাপন করা, না কোন নির্দ্দিষ্ট সীমার মধ্যে কএক গ্রাম সুশিক্ষিত করিয়া সেই নিয়মের সুফলের আদর্শ প্রকাশ করা বিহিত, এই কথা বিবেচনীয়। মুনিসিপালিটী যত কাল স্থাপিত না হয় তত কাল জিলার নানা গ্রামে আদর্শস্বরূপ কএকটি পাঠশালা স্থাপন করা ও সেই পরীক্ষার ফল আরো স্পষ্টরূপে প্রকাশ করিবার জন্যে বিশেষ কোন সীমা নির্দ্ধারণ করিয়া রাখা উচিত বোধ হইল। কোন মহকুমার কি অন্য কোন সুযোগ্য কর্ত্তৃপক্ষকে সেই নিয়ম পরীক্ষা করিয়া দেখিতে ও সেই বিষয়ে সম্পূর্ণরূপে মনোযোগ করিতে উদ্যোগী বলিয়া পাওয়া গেলে আদর্শস্বরূপ সেই শিক্ষা কার্য্যের ভার তাঁহার প্রতি অর্পণ করিলে ভাল হইতে পারিবে।

১৪। স্থানবিশেষে যে ব্যক্তিদের প্রতিপত্তি ও প্রশংসনীয় গুণ থাকে উক্ত কার্য্যে এমত ব্যক্তিদের অনুরাগ জন্মাইবার চেষ্টা করা উচিত। স্থানে২ পাটওয়ারীরা অতিঅল্প বেতন পাইয়া থাকে তাহারদিগকে যৎকিঞ্চিৎ দিয়া উপকার করিলে তাহারা পাঠশালায় শিক্ষকের কর্ম্ম স্বীকার করিতে পারিবেন। আরো সামান্য লেখাপড়া শিক্ষার উদ্দেশে ইহার পূর্ব্বে যে টাকা দেওয়া গিয়াছিল তদ্বিষয়ে ১৮৭২ সালের ৩১ জুলাইর ২৬৭১ নম্বরের পত্রে যে বিবেচ্য বিষয় ও নিয়ম উল্লিখিত হয় তৎপ্রতি মনোযোগ করা কর্ত্তব্য। বড২ গ্রামে পাঠশালার শিক্ষককে অতিমান্য লোকদের মধ্যে গণনা করিবার এবং গ্রামীয় মুনিসিপালিটী স্থাপন হইলে তাঁহাকেই গুরুতর ও প্রতিপত্তিশালি বলিয়া গণনা করিবার যে কল্পনা আছে তদ্বিষয়ে সাধ্যমতে মনোযোগ করা অতি কর্ত্তব্য।

১৫। ইদানিং ঐ টাকা বিলি করণের ভার জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষদের প্রতি অর্পিত হইল। তাঁহারা জিলার শিক্ষাসংক্রান্ত কমিটীর পরামর্শমতে কর্ম্ম করিবেন কিন্তু তাহারদের আজ্ঞাধীন হইবেন না। ঐ নিয়ম কিঞ্চিৎ বিস্তৃতরূপে প্রচলিত হইলে পর ও যাঁহারা সামান্য লেখাপড়া শিক্ষার কার্য্যের অনুকূল এমত লোকশ্রেণী লইয়া স্থানীয় কমিটী স্থাপন করা গেলে পর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সামান্য লেখাপড়া শিক্ষার প্রবৃত্তি বর্দ্ধনার্থে ঐ২ কমিটী নিযুক্ত করিবার আশা রাখেন। শিক্ষা সংক্রান্ত সকল কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবদের আজ্ঞাধীন থাকিবেন। কোন বিষয় জিজ্ঞাসা করিবার প্রয়োজন হইলে তাঁহাকে জিজ্ঞাসা করিতে হইবে। এবং অভিপ্রায় সিদ্ধির জন্যে যুক্তিমত যে প্রস্তাব করা বিধেয়, বিশেষত উচ্চ২ শ্রেণীর বিদ্যালয়ের নিমিত্ত প্রায় অনাবশ্যক সংখ্যার যে ডেপুটী ইনস্পেকটরদিগকে উচ্চ২ বেতন দিয়া

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২২ অক্টোবর।]

নিযুক্ত করা গেল তাঁহারদের পরিবর্ত্তে পাঠশালার নিমিত্ত অনেকজন সব-ইনস্পেক্টরকে নিযুক্ত করিবার যে প্রস্তাব হয় ঐ মাজিষ্ট্রেট সাহেবদের নিকট সেই প্রস্তাব করিতে হইবে। ইনস্পেক্টরেরা এই অবধি প্রধানং খণ্ডের সদর মোকামে বাস করিবেন ও নিত্য কার্য্যানুশীলনে সুবিজ্ঞ সেই কর্ম্ম-কারকগণ এই বিষয়ে অনেক পরামর্শ দিবেন ও সাহায্য করিবেন এই বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সন্দেহ নাই। জিলার শিক্ষাসংক্রান্ত কমিটী স্থাপন হইলেই তাঁহারদের নিকট পরামর্শ লইতে হইবে। এই আজ্ঞানুযায়ি কর্ম্মের যে প্রথম ফল দৃষ্ট হয় স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ১৮৭২।৭৩ সালের অবসানে সেই ফলের রিপোর্ট করিতে পারিবেন এই আশা হইতেছে।

১৬। উক্ত নিয়মের ফল প্রকাশ হইতে লাগিলে, ও গ্রামীয় মুনিসিপালিটী সকল গবর্ণমেন্টের সাহায্যে পাঠশালা স্থাপন করিতে উদ্যোগ করিলে, ও বিদ্যাশিক্ষার অধিক বাসনা ও সদুপায়ের প্রার্থনা হইলে অধিক টাকাও পাওয়া যাইতে পারিবে ও আমরা আর অনেক স্কুল করিবার উদ্যোগ করিতে পারিব। এই ক্ষণে যে টাকা দেওয়া যাইতেছে দেশান্তর্গত সর্ব্বসাধারণ লোকের শিক্ষা প্রাপণের উপক্রম মাত্র ইহার উদ্দেশ্য ও সেই টাকা সুবিবেচনামতে ব্যয় হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহা শুনিবার আশা রাখেন। এই ক্ষণে যে টাকা দেওয়া গেল তাহা ফলজনকরূপে ব্যয় করিতে পারা গেল না, এমন কথা অপেক্ষা ঐ টাকা উপযুক্তমতে ব্যয় হইলেও আর টাকার প্রয়োজন আছে তাঁহার এই কথা শ্রবণে অধিক সন্তোষ হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

সি, বর্ণার্ড,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

A আপেণ্ডিক্স।

সামান্য লেখা পড়া শিক্ষার নিমিত্ত এই রূপে যে জিলার যত টাকা দেওয়া গেল তাহার পত্র।

| দেশখণ্ড | জিলা | এইরূপে যত টাকা দেওয়া গেল। ১৮৭২ ৭৩ সালের নিমিত্ত | ১৮৭৩ ৭৪ সালের নিমিত্ত | মোটে। |
|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা |
| | পশ্চিম প্রদেশ। | | | |
| বঙ্গদেশ। | | | | |
| বর্দ্ধমান | বর্দ্ধমান | ২১০০৲ | ৭,৮০০৲ | ১০,৪০০৲ |
| | হাবড়া | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| | বীরভূম | ১২০০৲ | ৩৬০০৲ | ৪৮০০৲ |
| | মেদিনীপুর | ৩৮০০৲ | ১১,৪০০৲ | ১৫২০০৲ |
| | হাবড়া সমেত হুগলী | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| | মধ্য প্রদেশ। | | | |
| প্রেসীডেন্সী | ২৪ পরগণা | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | নদীয়া | ২৪০০৲ | ৭২০০৲ | ৯৬০০৲ |
| | যশোহর | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| রাজশাহী | মুরশিদাবাদ | ২৩০০৲ | ৭০০০৲ | ৯৩০০৲ |
| | দিনাজপুর | ২২৫০৲ | ৬৭৫০৲ | ৯০০০৲ |
| | মালদহ | ১১০০৲ | ৩৩০০৲ | ৪৪০০৲ |
| | রাজশাহী | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | রঙ্গপুর | ২৪৫০৲ | ৭৩৫০৲ | ৯৮০০৲ |
| | বগুড়া | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| | পাবনা | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | মধ্য প্রদেশ। | | | |
| কুচবিহার | দারজীলিঙ্গ | ৪০০৲ | ১২০০৲ | ১৬০০৲ |
| | জলপাইগুড়ী | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | পূর্ব্ব প্রদেশ। | | | |
| ঢাকা | ঢাকা | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | ফরীদপুর | ১৭০০৲ | ৫১০০৲ | ৬৮০০৲ |
| | বাকরগঞ্জ | ৩৬০০৲ | ১০৮০০৲ | ১৪৪০০৲ |
| | ময়মনসিংহ | ৩২০০৲ | ৯৬০০৲ | ১২৮০০৲ |
| | ছিলট | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | কাছাড় | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ২০০০৲ | ৬০০০৲ | ৮০০০৲ |
| | নওয়াখালী | ১৪০০৲ | ৪২০০৲ | ৫৬০০৲ |
| | ত্রিপুরা | ২৬০০৲ | ৭৮০০৲ | ১০৪০০৲ |
| বেহার | | | | |
| পাটনা | পাটনা | ২৪০০৲ | ৭২০০৲ | ৯৬০০৲ |
| | গয়া | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | শাহাবাদ | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | ত্রিহুত | ৬০০০৲ | ১৮০০০৲ | ২৪০০০৲ |
| | সারণ | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | চাম্পারণ | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| ভাগলপুর | মুঙ্গের | ২৭০০৲ | ৮১০০৲ | ১০৮০০৲ |
| | ভাগলপুর | ২৭০০৲ | ৮১০০৲ | ১০৮০০৲ |
| | পুরনিয়া | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| | সাঁওতাল পরগণা | ২০০০৲ | ৬০০০৲ | ৮০০০৲ |
| উড়িষ্যা | | | | |
| উড়িষ্যা | কটক | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | পুরি | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| | বালেশ্বর | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| | দক্ষিণ পশ্চিম অঞ্চলের এজেন্টী। | | | |
| ছোটনাগপুর | হাজারীবাগ | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | লোহারডগা | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | সিংহভূম | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | মানভূম | ১৯০০৲ | ৫৭০০৲ | ৭৬০০৲ |
| আসাম ও তন্নিকটস্থ পর্ব্বত | গোয়ালপাড়া | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | কামরূপ | ৯০০৲ | ২৭০০৲ | ৩৬০০৲ |
| | দরঙ্গ | ৪৫০৲ | ১৩০০৲ | ১৭৫০৲ |
| | নওগাঁ | ৬০০৲ | ১৮০০৲ | ২৪০০৲ |
| | শিবসাগর | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | লক্ষীপুর | ৬৫০৲ | ১৯০০৲ | ২৫৫০৲ |
| | খাসিপর্ব্বত | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | বঙ্গদেশের নিমিত্ত নিরূপিত টাকার মোট | ১,০০,০০০৲ | ৩,০০,০০০৲ | ৪,০০,০০০ |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২২ অক্টোবর।]

## B আপেণ্ডিক্স।

### প্রত্যেক জিলায় যত স্কুল আছে ও যত স্কুল স্থাপন করিবার সম্ভাবনা।

| দেশখণ্ড | জিলা | লোক সংখ্যা | গেবর্ণমেণ্ট বা অন্যান্য সভার দ্বারা সাহায্যকৃত যত স্কুল থাকার বিবরণ জানা গিয়াছে | দেশীয় ভাষা শিক্ষার নিমিত্ত গবর্ণমেণ্টের ও সাহায্যকৃত স্কুল আছে | ১৮৭১ সালের ৩১ জুলাইর আজ্ঞাক্রমে যত স্কুল করিবার অনুমতি হয় | এই আজ্ঞাক্রমে যত স্কুল স্থাপন হইবার সম্ভাবনা তাহার আনুমানিক সংখ্যা। |
|---|---|---|---|---|---|---|
| বঙ্গদেশ | পশ্চিম প্রদেশ। | | | | | |
| | বর্দ্ধমান ... ... | ২০৩১৫০৮ | ৮৪৪ | ২৪১ | | ১৭৫ |
| | বাঁকুড়া ... ... | ৫২৬৭৭২ | ৪৮২ | ৫৫ | | ৬৫ |
| বর্দ্ধমান .. | বীরভূম ... .. | ৬৯৫৯২১ | ৫৭২ | ৩০ | ৫২ | ৮০ |
| | মেদিনীপুর ... | ২৫২২১৭২ | ১৯৪৩ | ২১৪ | | ২৫০ |
| | হাবড়া সমেত হুগলী .. | ১৪৯১৬২১ | ১৪৮৮ | ৭৭ | | ১৫০ |
| | মধ্য প্রদেশ। | | | | | |
| | ২৪ পরগণা ... | ২২১০০৪৭ | ১২৭৬ | ১৫৭ | | ২০০ |
| প্রেসীডেন্সী ... | নদীয়া ... ... | ১৮০৬১০২ | ৫৭৯ | ১৮১ | ৬০ | ১৬০ |
| | যশোহর .. ... | ২০৭৫১৯৭ | ৬৫৯ | ৩২২ | | ১২০ |
| | মুরশিদাবাদ ... | ১৩৫৫৫৪৯ | ২৪১ | ৭৫ | ... | ১৫০ |
| | দিনাজপুর .. | ১৫০১৯২৪ | ২১৭ | ২১৭ | | ১৫০ |
| | মালদহ ... | ৬৭৬৪২৬ | ১৭৭ | ৬ | | ৭০ |
| রাজশাহী ... | রাজশাহী .. | ১৩১০৭২৭ | ২১৫ | ১৩৫ | ৬৭ | ১২০ |
| | রঙ্গপুর .. ... | ২১৫০১৭৯ | ২৭৬ | ১৯৭ | | ১৬০ |
| | বগুড়া ... .. | ৬৮৯৪৬৭ | ১৬৯ | ১০ | | ৬৫ |
| | পাবনা ... .. | ১২১৮২৭৯ | ১৫১ | ১৩ | | ১২০ |
| | মধ্য প্রদেশ। | | | | | |
| কুচবিহার ... | দারজীলিঙ্গ ... | ৯৫২২৪ | ৩২ | ৩২ | ... | ২৫ |
| | জলপাইগুড়ি ... | ৪১৮০৪৮ | ৪১ | ১৯ | ... | ৫০ |
| | পূর্ব্ব প্রদেশ। | | | | | |
| | ঢাকা ... ... | ১৮৫৩৪১৬ | ৪২১ | ২৮ | | ১৯০ |
| | ফরীদপুর ... | ১০১২৫৮৯ | ১৬৩ | ১৭ | | ১২০ |
| ঢাকা ... | বাকরগঞ্জ ... | ২৩৭৯৮৭৮ | ৫১২ | ৮ | | ২৪০ |
| | ময়মনসিংহ ... | ২৩৪৯৪৬৮ | সন্ধান নাই | ২১ | ৬৫ | ২১৫ |
| | ছিলট ... | ১৭২২৪২৪ | ৮৪ | ১ | | ১৯০ |
| | কাছাড় .. | ২০৪৯৮৮ | ১৫ | ৪ | | ৬০ |
| | চট্টগ্রাম .. ... | ১১২৭৪০২ | ৮৬৯ | ৫ | | ১৩০ |
| চট্টগ্রাম ... | নওয়াখালী .. | ৭১৩৬২৩ | ৬২৭ | ৪ | ৫ | ৯০ |
| | ত্রিপুরা .. .. | ১৫৩৪০৩০ | ১৯২ | ৬ | | ১৭৫ |
| বেহার— | | | | | | |
| | পাটনা ... .. | ১৫৫৯৬৩৮ | ৫৫২ | ৪ | ৩০ | ১৬৩ |
| | গয়া ... ... | ১৯৪৪১৫১ | ১১২ | ১২ | ৩৮ | ২০০ |
| পাটনা ... | সাহাবাদ . | ১৭২৬৮৫৪ | ১৩৭ | ৮ | ৩০ | ১৯০ |
| | ত্রিহুৎ .. ... | ৪৩৮৯২৫০ | ৬৩৭ | ১৪ | ৭০ | ৪০০ |
| | সারণ ... . | ২০৬৩৪৪৪ | ৩৬৫ | .. .. | ৩০ | ২০০ |
| | চাম্পারণ .. | ১৪৩৯৯৯২ | ১০৬ | ১২ | .. | ১৫০ |
| | মুঙ্গের .. .. | ১৮১২৯৮৬ | ৪৩৩ | ৭ | ৩৫ | ১৮০ |
| ভাগলপুর .. | ভাগলপুর .. | ১৮২৬০৯১ | ৩১২ | ১ | ৩৫ | ১৮০ |
| | পুরণিয়া .. | ১৭১৪৭৯৫ | ১৮৩ | ১ | ৪০ | ১৫০ |
| | সাঁওতাল পরগণা .. | ১০১৮০০০ | ৬২ | ৩২ | ৬০ | ১৩০ |
| উড়িষ্যা— | | | | | | |
| | কটক ... . | ১৪৪৯৭৮৪ | ১৯৭৫ | ১৮ | ৪০ | ২০০ |
| উড়িষ্যা ... | পুরী ... ... | ৭৬৯৬৭৪ | ১২৮২ | ১৮ | ২০ | ১০০ |
| | বালেশ্বর .. .. | ৭৭০২৩২ | ১১০৭ | ২৫ | ২০ | ১০০ |
| | দক্ষিণপশ্চিম অঞ্চলের এজেণ্টী | | | | | |
| | হাজারীবাগ .. | ৭৬৩০০০ | ৪৬ | ৩ | | ১২০ |
| ছোটনাগপুর ... | লোহারডগা .. | ১২৩২০০০ | ১৬ | ১৩ | ৫০ | ১৮০ |
| | সিংহভূম ... .. | ৪১৫০২৩ | ৪১ | ৮ | | ৫০ |
| | মানভূম ... ... | ১০৪০০০০ | ১২০ | ১১ | | ১২০ |
| | গোয়ালপাড়া ... | ৪৪৪৭৬১ | ২৭ | ১২ | | ৫০ |
| | কামরূপ ... | ৫৬১৬৮১ | ৪৫ | ৪৫ | | ৬০ |
| | দরঙ্গ ... . | ২৩৬৫৩৪ | ২১ | ২১ | | ৩০ |
| আসাম ও উত্তর-পূর্ব্ব সীমান্ত পর্ব্বত | নওগাঁ .. ... | ২৫৬৩৯০ | ২৩ | ২৩ | ৮০ | ৪০ |
| | শিবসাগর .. | ২৯৬৮০৭ | ২১ | ২০ | | ৫০ |
| | লক্ষীপুর .. | ১২০৭৪২ | ২১ | .... | | ৪০ |
| | খাসীপর্ব্বত .. | ১৪১৮৩৮ | ৪৮ | ..... | ..... | ৫০ |
| | বঙ্গদেশের বিভিন্ন আনুমানিক মোট সংখ্যা ... | ...... | ১১৯৩৭ | ২৩৮৩ | ৮২৭ | ৬৭৫৫ |

নোট।—সমস্ত জিলার স্কুলের সংখ্যাপত্র এখনও পাওয়া যায় নাই। কোনং জিলার স্কুলের যে সংখ্যা দেওয়া গিয়াছে তাহার অধিক স্কুল আছে সন্দেহ নাই। অতএব শেষে যে সন্ধান পাওয়া গিয়াছে তাহা লিখিয়া এই বর্ণনাপত্রের ৩ ঘর পূর্ণ করিয়া দেওয়া গেল :

[*Government Gazette*, 22nd October 1872.] 16 G

C আপেণ্ডিক্স।

দলোরী নদী। ১৮৭২ সাল ৪ আগষ্ট। ১২৭২ নম্বর।

সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের নিকট

দক্ষিণ পূর্ব্ব খণ্ডের স্কুলের ইনস্পেকটর শ্রীযুত সি বি ক্লার্ক, এম, এ, সাহেবের পত্র।

ময়মুনসিংহের স্কুল দেখিবার জন্যে এক মাস ভ্রমণ করিয়া কএক ঘন্টার মধ্যে ঢাকায় গিয়া পঁহুছিবার অপেক্ষা হইতেছে। সেই জিলার মধ্যে সামান্য লেখাপড়া শিক্ষার যে অবস্থা আছে তাহার এই রিপোর্ট অর্পণ করিলাম।

২। পাঠশালায় যদ্রূপ শিক্ষা দেওয়া গিয়া থাকে সাহায্যকৃত ও গবর্ণমেণ্টের স্কুলে প্রায়ই তদ্রূপ হয় না অর্থাৎ বালকেরা প্রথমে লিখিতে শিক্ষা না করিয়া পড়িতে শিক্ষা করে আরো অঙ্ক বিদ্যায় তাহারা মহাজনী কি জমীদারী হিসাব কশিতে কি মানসিক অঙ্কপাত করিতে শিক্ষা না করিয়া ইংরেজী পুস্তকমতে সূত্র শিক্ষা করে। প্রথম সূত্রের যে শিক্ষা দেওয়া যায় তাহা অতিসরল কিন্তু দেশীয় ভাষার ছাত্রবৃত্তি পাইবার অপেক্ষায় দেওয়া গিয়া থাকে। ও প্রথমঅবধি অনেক পুস্তক ক্রয় করা প্রয়োজন হয় সুতরাং দরিদ্র লোকদের সন্তান প্রায় সেই বিষয়ে উদ্যোগ করে না। ১৮৬৫। ৬৬ সালের শিক্ষাসংক্রান্ত রিপোর্টে স্কুলসংযুক্ত পাঠশালা স্বতন্ত্র স্কুল বলিয়া লেখা গিয়াছিল, তাহাতে দেখিলে ঢাকায় ও বিক্রমপুরে প্রায় তদ্রূপই পাঠশালা থাকে ইহা জানা যাইবে।

৩। আরো ময়মুনসিংহে দেশীয় গুরু মহাশয়দের অত্যল্প পাঠশালা আছে। ময়মুনসিংহের পূর্ব্বাঞ্চলের ডেপুটী ইনস্পেকটর অনেক বৎসর এই প্রদেশে আছেন, তিনি কহেন জিলার মধ্যে ছয়টী পাঠশালা আছে কি না সন্দেহ। অন্যান্য জিলায় পাঠশালা থাকিলেই আমার দেখা হয় কিন্তু এই জিলায়দেখি নাই। টোল ও মুকতব প্রায় নাই। টোলের এক জন পণ্ডিতকে দেখিলাম তিনি ভূম্যধিকারি ব্রাহ্মণ, তাঁহার টোলের কার্য্য চলিতেছে। আর এক জন বৃদ্ধ পণ্ডিত আমাকে কহিলেন যে, পূর্ব্বে চল্লিশ জন ছাত্র ছিল এখন এক জনও নাই গবর্ণমেণ্টের বিদ্যাশিক্ষার নিয়মদ্বারা আমার সর্ব্বশেষ হইয়াছে।

৪। তাহা হইলেও শতের মধ্যে অনেক পুরুষ লিখিতে ও সামান্য হিসাব রাখিতে পারে ইহা ভালমতে জানি। তাহারা কোন পাঠশালায় পড়ে নাই। যাহা শিখিয়াছে তাহা দোকানের ও কাছারীর মুহুরিরদের স্থানে কি আপন২ ঘরে শিখিয়াছে। রামগোপালপুর নামক গণ্ডগ্রামের জমীদার ও অবৈতনিক মাজিষ্ট্রেট বাবু কাশীকিশোর রায় আমাকে কহিলেন যে প্রজাদের মধ্যে প্রায় সকলই লিখিতে পারে আরো লেখাপড়া শিক্ষা করিলে যত দুষ্টামি শিক্ষা হয় ইহারা প্রায় তত্তাবৎই শিখিয়াছে অতএব ইহারদের বিদ্যাশিক্ষা করার কোন বিধান করা অত্যাবশ্যক।

সেই রামগোপালপুরে আমি অল্প দিনের মধ্যে নূতন হেডমাষ্টরকে পাঠাইতে কল্পনা করিলাম। ঐ গ্রামে যত জন লেখাপড়া করিতে জানে তিনি কাশীকিশোর বাবুর সহায়তায় ইহার পত্র লিখিবেন।

৫। সম্প্রতি ময়মুনসিংহের পূর্ব্ব অঞ্চলে পাঁচ২ টাকার নূতন সাহায্য দানে কএক পাঠশালা স্থাপন হইবার অনুমতি দেওয়া গেল। তৎপ্রযুক্ত উত্তরকালে সাহায্য পাইবার আশায় ন্যূনাধিক আর পঞ্চাশটি পাঠশালা হইয়াছে। যাহার সাহায্য করা গিয়াছে ও যাহার সাহায্য পাইবার অপেক্ষা আছে এমত অনেক পাঠশালায় গিয়া দেখিলাম কেবল দুই কি তিনটা গুরুমহাশয়ের প্রকৃত পাঠশালা। অন্য সকলে হয় নর্মাল স্কুলের কোন পণ্ডিত কিম্বা দেশীয় ভাষার ছাত্রবৃত্তিভোগি শিক্ষা দেন কিন্তু গুরুমহাশয় নয়। ও তন্মধ্যে পাঠশালার মত শিক্ষা না হইয়া স্কুলের মত শিক্ষা হইয়া থাকে।

৬। ইহার মধ্যে অনেক স্কুল নিয়মিত সাহায্য পাইতে না পারিয়া পাঠশালার নিমিত্ত দত্ত টাকা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে। সেইহ২ স্কুলের কর্তৃপক্ষেরা গবর্ণমেণ্টের ৫ টাকা লন ও চাঁদা করিয়া আর ৫ টাকা তুলেন সেই দশ টাকা ও ছাত্রেরা যত পয়সা দেয় শিক্ষকদিগকে তাহা দিবার নিয়ম করিয়া তাঁহারা নর্ম্মাল স্কুলের কোন ছাত্রকে নিযুক্ত করেন তিনি সর্ব্বদা স্কুল করেন, পাঠশালার মত শিক্ষা দেন না। এই প্রকারে নর্মাল স্কুলের কএক জন ছাত্র এবং দেশীয় ভাষার ছাত্রবৃত্তিভোগি কএক ব্যক্তি আপন২ গ্রামে ও আপন২ ঘরে অনেক স্কুল করিয়াছেন। আপন গ্রামে ও ঘরে স্কুল থাকে বলিয়া তাঁহারা অল্প বেতনে কর্ম্ম করিতে স্বীকার করেন।

৭। গ্রামের সাহায্যকৃত যত স্কুলে গিয়াছি তন্মধ্যে পাঠশালা করিতেই হইবে ইহারই নিমিত্ত গবর্ণমেণ্ট ৫ টাকা করিয়া দিতেছেন পাঠশালা না হইলে ঐ টাকা দেওয়া যাইবে না এই নিয়ম করিলাম, কিন্তু পাঠশালা ভিন্ন স্কুলও রাখিতে হইবে না এমত আজ্ঞা করি নাই কারণ গ্রামের লোকেরা উপযুক্তমতে চাঁদা করিয়া উচ্চ২ শিক্ষা দিবার উপযুক্ত শিক্ষককে রাখিতে ইচ্ছুক হইলে তাহার কোন আপত্তি নাই বরং লাভ হইতে পারে কিন্তু সাধারণ লোকদের বালকগণের শিক্ষার নিমিত্ত পাঠশালা করা আবশ্যক বলিয়া আদেশ দিলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২২ অক্টোবর।]

৮। এই২ বিষয়ের সিক্ষা পাঠশালার উপযুক্ত বলিয়া জ্ঞান হইয়া থাকে। (১) কলাপাতার কি সেলেটে লেখা। ( কোন২ গণ্ডগ্রামে কলাপাতাহইতে সেলেট্ পর্য্যন্ত) (২) কাঠাকিয়া শেরকিয়া ও মহাজনী হিসাব (ইহার মধ্যে মানসিক অঙ্কবিদ্যারও অভ্যাস হয়) ও জমীদারী হিসাব। (৩) পত্র পাট্টা খৎ প্রভৃতি লেখা এবং আদালতের কাগজপত্র নকল করা ও কিরূপ স্থলে কি প্রকারে লিখিতে হইবে তাহা শিক্ষা। (৪) বাঙ্গলা সরল পুস্তক পাঠ ও অর্থ করণ। ব্যাকরণে কেবল সন্ধিপর্য্যন্ত শিক্ষা। বালকদের এক২টি বহির অধিক কিনিতে হইবে না। জমীদারদের কাচারীর লোকদের মধ্যে ভূমিমাপ করিবার যে নিয়ম চলিতআছে তাহাও শিক্ষা করা যায় (এই নিয়মটি ভাল নয় তন্মধ্যে অনেক ভুল হয় জমীর যথার্থ পরিমাণ প্রায় পাওয়া যায় না তথাপি ভূম্যাধিকারিদের লোক যে নিয়মে হিসাব ধরে প্রজারা সেই নিয়মানুসারে তাহাদের ভুল চুক ধরিতে পারে এই নিমিত্ত তাহাদের সেই নিয়ম শিক্ষা করিবার বাসনা থাকে।

৯। ঢাকা জিলার বালকেরা প্রথমে প্রায়ই পাঠশালায় পড়িয়া থাকে তাহাতে দেশীয় ভাষার ছাত্রবৃত্তি ভোগিরা ও পণ্ডিতেরা পাঠশালার পাঠ্য প্রথমোক্ত তিন বিষয়ের শিক্ষা দিতে পারেন। কিন্তু ময়মনসিংহে তদ্রূপ নয়। তথায় যাঁহারা গুরুমহাশয়দের মত শিক্ষা দিতে সক্ষম এমত অত্যল্প লোক আছে। তাঁহাদের বেতন অত্যল্প হওয়াতে অন্যান্য স্থানহইতেও তাহারদিগকে আনা যাইতে পারে না।

১০। ময়মনসিংহের অনেক স্কুলের সেক্রেটরী আপন২ স্কুলের সঙ্গে পাঠশালা সংযোগ করিয়া গুরুমহাশয়কে নিযুক্ত করিতে সম্মত হইয়াছেন। তাঁহারা তদ্রূপে করিলে বোধ হয় গবর্ণমেণ্টের টাকা খরচ না করিয়া সামান্য লেখা পড়া শিক্ষা করিবার অনেক বালক জুটিতে পারিবে। ডেপুটি ইনস্পেকটর পাঠশালার উপযুক্ত গুরুদের সন্ধান পাইতে না পারাতে আমি সেই প্রকারের কোন পাঠশালা স্থাপন করিতে পারি নাই। আরো গ্রামের সকল স্কুলে পাঠশালার পাঠ্য বিষয়ের শিক্ষা দিবার উপযুক্ত শিক্ষক থাকা উচিত কিন্তু তদ্রূপ শিক্ষককে পাওয়া যায় না।

পরন্তু নর্ম্মাল স্কুলের পণ্ডিতেরা কিম্বা দেশীয় ভাষার ছাত্রবৃত্তিভোগিরা অল্পকাল শিক্ষা করিয়া গুরুর কর্ম্ম করিতে পারিবেন ও সেই শিক্ষা পাইলেই তাঁহারা দেশীয় প্রাচীন গুরু অপেক্ষা অত্যন্ত উপযুক্ত হইয়া উঠিতে পারিবেন।

১১। ময়মনসিংহের নর্ম্মাল স্কুল যখন স্থাপন হয় তখন গুরুশিক্ষার স্কুল বলিয়া তাহা খোলা গিয়াছিল ও তৎপূর্ব্বকালীন ভূদেবের ট্রেনিং স্কুলে যত জন শিক্ষকাদি নিযুক্ত করিবার অনুমতি ছিল ময়মনসিংহের ঐ স্কুলে তত জনকে নিযুক্ত করিবার অনুমতি নাই। কিন্তু দৃষ্ট হইল যে, প্রথমাবধি এই স্কুলে নর্ম্মাল স্কুলের নিয়মানুসারে শিক্ষা দেওয়া যাইত এবং ঢাকার নর্ম্মাল স্কুলে যে পণ্ডিতেরা শিক্ষিত হন এই স্কুলের শিক্ষিত পণ্ডিতেরাও তদ্রূপ, সুতরাং তাঁহারা মাসে ১৫ টাকা পাইতে পারেন তাহার কম নয়। আমি এখন ময়মনসিংহের নর্ম্মাল স্কুলের হেড মাষ্টরকে গুরু শিক্ষার কেলাস করিতে আজ্ঞা দিয়াছি। কোন বালক দেশীয় ভাষার ছাত্রবৃত্তির নিমিত্ত পরীক্ষায় উত্তীর্ণ হইলে ঐ কেলাসে ভর্ত্তি হইতে পারিবে। তাহা হইলে তাঁহারা দুই মাসের মধ্যে পাঠশালার পাঠ্য উক্ত কষ্টিনতে শিক্ষা দিবার যোগ্যতার সর্টিফিকট পাইতে পারিবেন এমত অনুভব হয়।

১২। গুরুর বেতন ৫ টাকা ধরা আছে তদ্ভিন্ন বালকেরা যে পয়সা দেয় গুরু তাহাও পায়। এই বেতন পাইবার আশায় দেশীয় ভাষার ছাত্রবৃত্তির সর্টিফিকট প্রাপ্ত কএক জন নর্ম্মাল স্কুল গুরু শিক্ষার কেলাসে প্রবেশ করিতে সম্মত আছেন, কিন্তু তাঁহারা সর্টিফিকট পাইলেই সেই কর্ম্ম পাইবেন কেবল এই নিয়মে ঐ কেলাসে যাইতে চাহেন। অতএব জিলার দুই জন ডেপুটী ইনস্পেক্টর পাঠশালার গুরুর যত পদ খালি বলিয়া জ্ঞাত করেন কেবল তত জন ছাত্রকে গুরু শিক্ষার কেলাসে গ্রহণ করিবার বিষয়ে ময়মনসিংহের নর্ম্মাল স্কুলের হেড মাষ্টরকে আজ্ঞা দিলাম। কারণ ইঁহারা যে অল্প বেতন পাইবার আশা রাখেন তাহাতেও যদি বঞ্চিত হয় তবে সেই কেলাসে পড়িবার সম্মত অন্য ব্যক্তিদিগকে পাওয়া দুষ্কর হইতে পারিবে। গুরু শিক্ষার কেলাসের উৎসাহ জন্মাইবার নিমিত্ত নর্ম্মাল স্কুলের দুইটী ছাত্রবৃত্তি নিরূপণ করা এবং গুরুর পদাকাঙ্ক্ষি কোন ছাত্র দুই মাসের অধিক ৩ টাকার সেই ছাত্রবৃত্তি পাইবে না এই নিয়ম করা বিহিত বোধ হয়

১৩। গারো স্কুল নামে যে স্কুল খ্যাত হয় তাহা এই জিলার মধ্যে লেখাপড়া শিক্ষার এক শাখাস্বরূপ। ময়মনসিংহে তদ্রূপ যত স্কুল আছে তাহা দেখিয়াছি কিন্তু ময়মনসিংহের পশ্চিম অঞ্চলের সেই স্কুল দেখি নাই। তন্মধ্যে প্রকৃত গারো জাতীয় অত্যল্প বালক আছে পর্ব্বতের গোড়ায় হিন্দু নয় এমত যে জাতীয় লোক বাস করে তাহারদের অনেক বালক সেই স্কুলে গিয়া থাকে। গারো জাতীয় বালকেরা তাঁহারদের মত শিক্ষা করিতে পারে না কেননা তাহারা শিক্ষকের ভাষা বুঝে না। কিন্তু হাসিন জাতীয় অনেক বালক উত্তমরূপে শিক্ষা করিয়া ময়মনসিংহের নর্ম্মাল স্কুলে যাইবার আশায় দেশীয় ভাষার ছাত্রবৃত্তির পরিক্ষা কালে পরিক্ষা দিতে ইচ্ছুক আছেন। এই প্রকারের বালকেরা দেশীয় ভাষার ছাত্রবৃত্তি না পাইলেও গুরুর কর্ম্মের নিমিত্ত শিক্ষা লইতে ইচ্ছুক হইলে তাঁহারদের নিমিত্ত নর্ম্মাল স্কুলের দুইটি ছাত্রবৃত্তি নিরূপণ করিতে আদেশ দিয়াছি।

হাসিন জাতীয় দুই তিন বালক এখনও শিক্ষকের কর্ম্মের উপযুক্ত কিন্তু তাঁহারা আরো শিক্ষা করিতে চাহেন। তাঁহারা উত্তমরূপে অঙ্কপুরণাদি করিতে পারেন ও গারো ভাষা উত্তমরূপে বলেন অতএব শিক্ষক হইবার অতিউপযুক্ত এবং পাইসকে যে প্রকারের পাঠশালা আছে পর্ব্বতে গিয়া সেই প্রকারের পাঠশালা স্থাপন করিতে তাহারদের আপত্তি নাই ইহাও জানিতে পাইলাম।

[*Government Gazette*, 22nd October 1872.]

১৪। গবর্ণমেণ্ট গারো জাতীয়দের নিমিত্ত স্কুল করিয়া অনেক টাকা খরচ করিয়াছেন তাহার ফলস্বরূপ ভাবি কোন সময়ে তাহারদিগকে শিক্ষা দানের আরম্ভ করণার্থে শিক্ষক পাইবার আশামাত্র আছে। ঐ২ স্কুলে নর্ম্মাল স্কুলের যে পণ্ডিতেরা আছেন তাঁহারা মাসে ২৫ অবধি ৩০ পর্য্যন্ত টাকা পাইয়া থাকেন কিন্তু তাঁহারা সন্তুষ্ট নহেন তরাইর জলবায়ুতে পীড়া হয় বলিয়া অনেক দিন থাকেন না অতএব গুরুগণ প্রস্তুত হইলে আমি তাহারদের পরিবর্ত্তে অর্দ্ধেক বেতনে গুরু নিযুক্ত করিতে মনস্থ করিলাম। ঐ স্থানের পাঠশালায় যতদূর শিক্ষা পাইবার অপেক্ষা ঐ গুরগণ তত এবং তাহার অধিকও শিক্ষা দিতে পারিবেন। এইক্ষণে যে পণ্ডিতেরা আছেন তাঁহারদিগকে অবসর করিয়া দিব না তাঁহারা অল্প দিনে স্বেচ্ছামতেই চলিয়া আসিবেন। তাঁহারদের পদ শূন্য হইলেই কেবল কিয়ৎকালীন একটিংরূপে অন্য লোককে নিযুক্ত করিবার আদেশ দিলাম।

১৫। এই রিপোর্টে যে২ নিয়ম পরিবর্ত্তন ও যে আজ্ঞা করা গেল আপনিও তাহাতে সম্মত আছেন ইহা অবগত হইলে সন্তুষ্ট হই। তাহা হইলে ময়মনসিংহে ও অন্যান্য স্থানে সামান্য লেখাপড়া শিক্ষা বিষয়ক উপদেশপত্রস্বরূপ এই পত্রের কি তাহার কিয়দংশের প্রতিলিপি পাঠাইব।

---

রেবিনিউ ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের নিকট বর্দ্ধমান খণ্ডের একটিং কমিশ্যনর শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের বর্দ্ধমানে লিখিত ১৮৭২ সালের ২৪ জুলাইর ৩৮ নং পত্রহইতে গৃহীত কথা।

১৫ ধারা।—এই২ পাঠশালায় কি প্রকারের শিক্ষা দেওয়া গিয়া থাকে ও কি২ প্রকারের বালকেরা শিক্ষা করিয়া থাকে এই২ বিষয়ে মান্যবর সাহেব যাহা অবগত হইতে ইচ্ছুক আছেন তদ্বিষয়ের এই রিপোর্ট লিখিয়া দিলাম। মেদিনীপুরে প্রায়ই সামান্য লেখাপড়ার শিক্ষা হইয়া থাকে অর্থাৎ পড়া ও লেখাও শুভঙ্করী পাঠ ও মহাজনী ও জমীদারী হিসাব ও ভূগোলবিদ্যা।

১৬। কৃষকদের ও কর্ম্মদক্ষ মজুরদের মধ্যে যাহারদের কিছু বিষয় থাকে তাহারদের বালকেরা ও মধ্যবিত্ত ব্যক্তিরা দরিদ্রপ্রযুক্ত উচ্চ২ বিদ্যালয়ে বালকদিগকে পাঠাইতে না পারিলে কিম্বা আরও ভাল বিদ্যালয় না থাকিলে তাহারদের বালকেরা সেই২ পাঠশালায় পড়িয়া থাকে।

১৭। বর্দ্ধমানের কালেক্টর সাহেব কহেন যে ইহার মধ্যে অনেক ক্ষুদ্র২ পাঠশালা ইঙ্গলণ্ডের প্রথম শিক্ষার্থ অনেক স্কুলের প্রায় তুল্য অর্থাৎ দুই তিন জন বিশিষ্ট লোক গুরুমহাশয়কে বেতন দিয়া রাখেন, ও যাহারা চাঁদা দিতে না পারে তাহারদের বালকেরাও শিক্ষা করে। এই জিলার মধ্যে ৫৫৩ পাঠশালা আছে তাহাতে ৯২৮৮ পড়ুয়া। পড়ুয়াদের মধ্যে কেহ মাসে ।০ আনা কেহ ⁄১০ পয়সা দেয় গড়ে এক২ জন বালক ৵০ আনা দেয়। প্রত্যেক পাঠশালায় গড়ে ১৬ জন পড়ুয়া আছে তাহারদের হইতে গুরু মোটে ২৷০ পাইয়া থাকেন।

১৮। হুগলীর কালেক্টর সাহেব কহেন আমি গ্রামীয় অনেক পাঠশালায় আপনি গিয়া দেখিয়াছি। গুরু মহাশয়ের বাড়ীর কিম্বা গ্রামবাসি কোন পরোপকারার্থি মহাশয়ের ঘরের উঠনে পাঠশালা হইয়া থাকে। বালকদের পিতামাতার সঙ্গতি অনুসারে কেহ মাসে ⁄০ আনা কেহ ।০ আনা কেহ বা ।৵০ আনা পর্য্যন্ত দেয়। দরিদ্রের বালকেরা তালপাতায় লেখে। যাহারদের কিছু সংস্থান থাকে তাহারদের বালকেরা কলাপাতায় কি কাগজে লেখে। প্রায় সমস্ত পাঠশালায় ছাপা পুস্তকের ন্যূনাধিক ব্যবহার হয়। জিলার অন্তর্গত যে২ স্থানে বিদ্যা শিক্ষার অধিক বাসনা থাকে সেই২ স্থানে সাহায্যকৃত স্কুলে আর উত্তমরূপে শিক্ষা হয় বলিয়া অনেক পাঠশালা উঠিয়া গিয়াছে। সাহায্যকৃত স্কুলে উচ্চ২ বিদ্যা শিক্ষা করাইয়া অনেক পাঠশালা উঠিয়া গিয়াছে সন্দেহ নাই কিন্তু ঐ২ স্কুল হইয়া সাধারণ লোকদের শিক্ষা সম্পর্কে পুরাতন পাঠশালার অনাবশ্যক হইয়াছে কি না শ্রীযুত পেলিউ সাহেব এই বিষয়ের অনুসন্ধান লইয়া জানিতে পাইলেন যে, কোন শ্রেণীর বালকের বিদ্যা শিক্ষার উপায় সম্পূর্ণরূপে রহিত হয় নাই। স্থলবিশেষে দেশীয় ভাষার সাহায্যকৃত স্কুল স্থাপন দ্বারা পাঠশালা উঠিয়া গেলেও যদি দরিদ্র লোকদের পক্ষে সেই বিদ্যা অতি উচ্চ কি অধিক ব্যয়সাধ্য জ্ঞান হয় তবে পাঠশালা পুনরায় স্থাপন হইয়া সাহায্যকৃত স্কুলের প্রতিযোগিতা করিয়া কৃতার্থও হইয়া উঠে। বাঁকুড়ার কালেক্টর সাহেব এই বিষয়ের কিছু লেখেন নাই। বীরভূমে তদ্রূপ পাঠশালায় সাধারণ লোকদের কোন বিদ্যা শিক্ষা হয় না। কেবল প্রয়োজনমতে দেশীয় নিয়মানুসারে পাটি গণিত ও বাঙ্গলা ভাষার অল্প লেখা পড়া শিক্ষা হইয়া থাকে।

১৯। হাবড়ার কালেক্টর সাহেব আপনি অনুসন্ধান লইয়া কহেন যে, অতি ক্ষুদ্র২ গ্রামভিন্ন প্রায় প্রত্যেক গ্রামেই পাঠশালা আছে তাহাতে ৫ বৎসর অবধি ৮ বৎসর পর্য্যন্ত বয়সের বালকেরা বাঙ্গলা লেখাপড়া শিক্ষা করে। এই২ পাঠশালার আয় হইতে খরচ পোষায় বালকেরা মাসে ৵০ আনাঅবধি ।০ আনাপর্য্যন্ত দিয়া থাকেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২২ অক্টোবর।]

২০। এই খণ্ডের অন্তর্গত প্রত্যেক জিলায় কত পাঠশালা আছে ও তন্মধ্যে কত জন বালক পড়িয়া থাকে তাহার নিদর্শন পত্র এই।

| জিলা | | | কত পাঠশালা আছে | কত জন বালক পড়ে। |
|---|---|---|---|---|
| মেদিনীপুর | ... | ... | ১৭২৯ | ১৯১৭৪ |
| বর্দ্ধমান | ... | ... | ৫৫৩ | ৯২০৮ |
| হুগলী | ... | ... | ৬১৫ | ১১৮১৮ |
| বাঁকুড়া | .. | ... | ৪২৭ | ১০৭৫৪ |
| বীরভূম | ... | ... | ৬৮০ | ৯০৮৬ |
| হাবড়া | .. | ... | ৫৭০ | ৯৬৮৬ |
| | | মোট ... | ৪৩৭৪ | ৬৮৮২৬ |

২১। এই খণ্ডের অন্তর্গত নানা জিলার পাঠশালায় গড়ে প্রতিদিন যত জন বালক উপস্থিত হইয়া থাকে তাহার নিদর্শন এই।

| | | | | |
|---|---|---|---|---|
| মেদিনীপুর | ... | ... | ... | ১১.০৯ |
| বর্দ্ধমান | ... | ... | ... | ১৬.৮ |
| হুগলী | ... | ... | ... | ১১.৫ |
| বাঁকুড়া | ... | .. | ... | ২৫.২ |
| বীরভূম | ... | ... | ... | ১১.৭ |
| হাবড়া | ... | .. | ... | ১৭.০ |

খণ্ডের মধ্যে গড়ে প্রত্যেক পাঠশালায় ১৭.০৫ জন উপস্থিত হয়।

২২। এই খণ্ডের মধ্যে সর্ব্বপ্রকারের বিদ্যালয়ের সংখ্যা ৫৩১০ ইহার মধ্যে ৯৫৬ বিদ্যালয় গবর্ণমেণ্ট হইতে সাহায্য পাইয়া থাকে। ফলতঃ গবর্ণমেণ্টের বিদ্যালয়ের ও যের বিদ্যালয় শিক্ষা সংক্রান্ত কর্ম্মকারকদের তত্ত্বাধীন আছে তাহার সঙ্গে পাঠশালার সংখ্যার উপমা করিলে ১ ও ৫॥ হয়।

২৩। আরও এই খণ্ডের মধ্যে যত জন বালক শিক্ষা করিয়া থাকে তাহাদের মধ্যে গবর্ণমেণ্টের সঙ্গে কোন প্রকারের সম্পর্কযুক্ত বিদ্যালয়ে শতকরা ৩৭.৩ বালক ও দেশীয় পাঠশালায় শতকরা ৬২.৬ বালক পড়ে। নানা জিলার মধ্যে ঐ সংখ্যার বিশেষ এই।

| জিলা | | | বালকদের মধ্যে শতকরা যত জন | |
|---|---|---|---|---|
| | | | গবর্ণমেণ্টের বিদ্যালয়ে পড়ে | পাঠশালায় পড়ে। |
| মেদিনীপুর | ... | .. | ৩১.৮ | ৬৮.১ |
| বর্দ্ধমান | ... | .. | ৫৫.৮ | ৪৪.১ |
| হুগলী | | . | ৪২.২ | ৫৭.৬ |
| বাঁকুড়া | ... | .. | ২৬.৭ | ৭৩.২ * |
| বীরভূম | ... | ... | ২৭.৬ | ৭২.৩ |
| হাবড়া | ... | ... | ২৯.১ | ৭০.৮ |

২৪। যাহারা গবর্ণমেণ্টের বিদ্যালয়ে শিক্ষা করে কেবল বর্দ্ধমানে তাহাদের সংখ্যা অধিক অন্য সকল জিলায় পড়ুয়াদের ৩ অংশের মধ্যে দুই অংশের অধিক বালক পাঠশালায় গিয়া থাকে। ঐ পাঠশালায় অধিক বালক যে গিয়া থাকে তাহার কারণ এই, পাঠশালায় শিক্ষার অন্য যে দোষগুণ হউক কিন্তু তন্মধ্যে যাহা শিক্ষা করে তাহা প্রতিদিনের কার্য্যে লাগে এবং যে অধিক সংখ্যক লোকদের বালকেরা তথায় পড়ে তাহাদের সংসারের প্রয়োজনমত শিক্ষা হয়। ঐ পাঠশালায় লেখা পড়া ও পাটিগণিত বিশেষতঃ মানসিক অঙ্কবিদ্যা ও দেশীয় নিয়মানুসারে ভূমি মাপের বিদ্যা শিক্ষা হয়। ভূমি মাপ করিবার এই নিয়ম কৃষকদের ও জমীদারদের মধ্যে অত্যন্ত চলিত। তদ্ভিন্ন, নানা পত্র লিখিবার ধারা ও পাট্টা খৎ বন্দোবস্ত প্রভৃতি লিখিতে শিক্ষা হয়। শিক্ষার বিষয় অল্প বটে ও তাহা শিখিতে অনেক দিনও লাগে কিন্তু দেশীয় পাঠশালায় উক্ত সকল বিদ্যার শিক্ষা সুসিদ্ধ রূপে হইয়া থাকে সন্দেহ নাই। ঐ পাঠশালার পড়ুয়াদিগকে অঙ্কবিদ্যাঘটিত কোন প্রশ্ন করিলে তাহারা যে ত্বরায় উত্তর দিতে পারে ইহার উদাহরণ এতদ্দেশের সকল দোকানদার ও মহাজন বিদ্যালয়ের ছাত্র অপেক্ষা তাহারা ত্বরায় উত্তর দিতে পারে কি না, এই বিষয়ে উত্তর-মধ্য খণ্ডের স্কুল ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায় কিছু সন্দেহ প্রকাশ করিলেও পাঠশালার

পড়ুয়াদের হাতের লেখা আরো উত্তম ইহা তাঁহার স্বীকার করিতেই হইয়াছে। আর উত্তমরূপে লিখিলে ও অঙ্ক কশিতে পারিলে এবং মনে২ ক্ষুদায় অঙ্ক কশিয়া দেওয়ার অভ্যাস হইলে প্রতি দিনের সাংসারিক কর্ম্মে যত উপকার হয় অন্য কিছুতেই তত উপকার হয় না।

২৫। দেশীয় পাঠশালায় যে শিক্ষা দেওয়া যায় বালকেরা গ্রামের কি দোকানের হিসাব উত্তমরূপে কশিয়া দিতে পারে তাহার এক উদ্দেশ্য এই, আর সেই উদ্দেশ্যটি সফল হইয়া থাকে, ইহার সন্দেহ নাই। দেশীয় ভাষা শিক্ষার মডেল স্কুলে যে ছাত্রেরা শিক্ষা পায় তাহারা পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যায় যত নিপুণ হউক কিন্তু লিখিতে ও অঙ্ক কশিতে তত পটু নহে। আর পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যা শিক্ষা করিলে পৈতৃক ধর্ম্মের প্রতি অশ্রদ্ধা জন্মে বলিয়া তাহাদের পিতা মাতা সেই২ বিদ্যার দোষ ধরে।

২৬। গবর্ণমেণ্টের বিদ্যালয়ে গুরু শিক্ষা হইলে সাধারণ লোকদের শিক্ষার নিমিত্তে অপেক্ষাকৃত উত্তম শিক্ষক পাওয়া যাইবে পূর্ব্বে এই অনুরোধ ছিল। ইহাতে ঐ তাক গুরুর নিমিত্ত গবর্ণমেণ্টের মাসে ৫ টাকা ব্যয় লাগে তৎপ্রযুক্ত তদ্রূপ গুরুর কেবল নির্দ্ধারিত সংখ্যা হইতে পারে কিন্তু ইহার কোন কথা না ধরিলেও গুরুমহাশয় অপেক্ষা তদ্রূপ শিক্ষিত গুরু পাইতে লোকদের বাসনা আছে কি না ইহা জিজ্ঞাস্য।

২৭। সারসংক্ষেপ এই। এই খণ্ডের মধ্যে ন্যূনাধিক ৪৩৭৪ পাঠশালা আছে তন্মধ্যে সর্ব্বশুদ্ধ ৬৮,৮২৬ পড়ুয়া অর্থাৎ প্রত্যেক পাঠশালায় গড়ে ১৭ পড়ুয়া আছে। তাহারা গুরুমহাশয়কে গড়ে ৵ আনা করিয়া দেয় তাহাতে গুরুমহাশয়ের মাসিক আয় ২৲ টাকা হয়। শিক্ষা সামান্য প্রকারের অর্থাৎ লেখা পড়া ও অঙ্ক বিদ্যা বিশেষতঃ মানসিক অঙ্ক বিদ্যা ও যৎকিঞ্চিৎ পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যা শিক্ষা হয় ফলতঃ গ্রামের দোকানদারদের ও কিঞ্চিৎ সংস্থান বিশিষ্ট রায়তদের ও উচ্চ২ শ্রেণীর যে লোকেরা গবর্ণমেণ্টের স্কুল অতি দূর প্রযুক্ত বালকেরা হাঁটিয়া যাইতে পারেন না বলিয়া আপত্তি করে তাহাদের বালকেরা সেই২ পাঠশালায় গিয়া আপনাদের সংসার চালাইবার প্রয়োজনীয় শিক্ষা পাইয়া থাকে।

---

জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের নিকট উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর শ্রীযুত টি ই রেবন্‌শা সাহেবের কটকে লিখিত ১৮৭১ সালের ১১ আগষ্টের ৫১০ নং পত্রহইতে উদ্ধৃত কথা।

১৮ ধারা। * * * কটকের নর্ম্মাল স্কুলের কার্য্যের সাফল্য হইলে ও দেশীয় ভাষা শিক্ষার নিমিত্ত গ্রামীয় স্কুল ও পাঠশালা বিস্তৃতরূপে স্থাপন করা গেলে এতদ্দেশের উন্নতি ও সাধারণ লোকদের শিক্ষা প্রাপ্ত হওয়া সম্ভাবনা। গবর্ণমেণ্ট শেষোক্ত প্রকারের পাঠশালা প্রভৃতির প্রতিপোষণ করিতে নিবৃত্ত হইলে পূর্ব্বোক্ত বিদ্যালয়ের সুফল খর্ব্ব হইবে। এই বিষয়ে ১৮৭০ সালের ১৭ অক্টোবরের ৭৬৩ নং পত্রে স্কুলের ইনস্পেক্‌টর সাহেবের নিকট যাহা লিখিয়াছিলাম তাহার অধিক লিখিবারও আবশ্যক নাই। তাহার মর্ম্ম এই।

"এই নর্ম্মাল স্কুলের উন্নতির প্রতি আমার মনোযোগ সহিত দৃষ্টি হইয়াছে। উড়িষ্যার মধ্যে তত্তুল্য সন্তোষজনক ও উৎসাহবর্দ্ধক বিদ্যালয় নাই। ইহারই দ্বারা সাধারণ লোকদের শিক্ষা প্রাপণের সদুপায় রূপ গুরুতর ও চিরস্থায়ি ফলোৎপাদন হওয়া সম্ভাবনা। কটকের নর্ম্মাল স্কুলে যে গুরুরা শিক্ষা করেন গ্রামে২ স্কুল মাষ্টরের কর্ম্ম চালাইবার জন্য তাঁহারা গবর্ণমেণ্টের সাহায্য পাইবেন অদ্যাপি এমত প্রতিজ্ঞা হয় নাই পত্রাদি দ্বারা ইহা অবগত হইয়া অত্যন্ত দুঃখিত হইলাম। বরং গুরুর কর্ম্ম করণার্থে উপযুক্ত শিক্ষা পাইলে পর তাহারদের গুরুর কর্ম্মে সাহায্য পাইবার সম্ভাবনা নাই আপনকার ১৮৭০ সালের জুন মাসের ৩০ তারিখের ১১৮১ নং পত্র দ্বারা ও তৎসহিত সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের পত্র দ্বারা ইহা দেখিতে পাওয়া গেল। আপনি ও ডাইরেক্টর সাহেব এই বিষয় পুনরায় বিবেচনা করুণ নির্ব্বন্ধাতিশয় সহিত আমার এই নিবেদন। তাহা না করিলে বিদ্যা শিক্ষার এই মহৎ নিয়ম ব্যর্থ হইবে। সাধারণ লোকদের বিদ্যা শিক্ষা ও জ্ঞানালোক প্রাপ্ত হওনা উড়িষ্যা দেশে যেমন আবশ্যক ভারতবর্ষের অন্যত্র তদ্রূপ নহে। তাহার বৃক্ষটি সমূলে রোপিত হইয়াছে এই ক্ষণে তাহা শুষ্ক হইয়া পড়িতে না পায় আমার এই দৃঢ় আশা। কিন্তু গুরুরা শিক্ষা করিলে পর গবর্ণমেণ্টহইতে সাহায্য পাইবেন এমত কোন প্রতিজ্ঞা না থাকিলে এই মহৎ নিয়মটি ব্যর্থ হইবে। অতএব গবর্ণমেণ্ট সাহায্যদানের যে অঙ্গীকার পূর্ব্বে করিয়াছিলেন তাহা রহিত না হয় অত স্ত ব্যগ্রচিত্তে আমার পুনঃ২ এই নিবেদন।

---

জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী শ্রীযুত সি বর্ণার্ড সাহেবের নিকট ছোট নাগপুরের কমিশ্যনর কর্ণেল শ্রীযুত ই, টি, ডাঁলটন, সি, এস, আই, সাহেবের ছোট নাগপুরে লিখিত ১৮৭২ সালের ১২ আগষ্টের ২২৮৫ নং পত্রহইতে গৃহীত কথা।

২৬ ধারা।—সিংহভূমে ন্যূনাধিক ৫০ পাঠশালা আছে। তাহার মধ্যে ৪৩ পাঠশালার বিষয়ে ডেপুটী কমিশ্যনর যে সন্ধান পাইয়াছেন তাহা বিশ্বাসযোগ্য। দালভূমের পাঠশালায় বাঙ্গলা ভাষার শিক্ষা হয়। পোড়াহাটে প্রায় উড়িয়া ভাষার কিন্তু ন্যূনকল্পে এক পাঠশালায় হিন্দি ভাষার ও কোলহানের স্কুলে হিন্দি ভাষার শিক্ষা হয়। শারদাপ্রসাদ বাবু কহেন যে গ্রামের পাঠশালায় এই২ বিষয়ের প্রতি বিশেষ মনোযোগ হইয়া থাকে, লিখিতে, ও হাতের লেখা কথা পড়িতে শিক্ষা করা

ও মানসিক অঙ্কবিদ্যা ও সামান্য জমীমাপ ও জমীদারী ও মহাজনী হিসাব। গ্রামের পাঠশালায় এই২ বিষয়ের শিক্ষা দেওয়া অতি উচিত বোধ হয়। গবর্ণমেণ্টের দেশীয় ভাষার স্কুলেও সেই বিষয়ের প্রতি অধিক মনোযোগ হইলে উত্তম হয়।

ঢাকার একটিং কমিশ্যনর সাহেব ১৮৭২ সালের ১৯ আপ্রিলের ১৯ নং পত্রসহিত পাঠশালার বিষয়ে যে সন্ধানের সার জানাইলেন তাহাহইতে উদ্ধৃত কথা এই।

ছিলট।—এই জিলার মাজিষ্ট্রেট সাহেব এই রিপোর্ট করিলেন। জিলার মধ্যে চতুষ্পাটি নামে কএক সংস্কৃত বিদ্যালয় আছে তন্মধ্যে পণ্ডিতেরা ব্রাহ্মণ সন্তানদিগকে সংস্কৃত ভাষায় সাহিত্য ও ন্যায় দর্শন, ও তর্ক বিদ্যা পড়ান। কোন চতুষ্পাটিতে ৪০ বা ৫০, কোনটাতে ১০ বা ১৫ ছাত্র আছেন। পণ্ডিতেরা ছাত্রদের স্থানে কিছুই গ্রহণ করেন না বরং আপনারাই কিম্বা গ্রামের বিশিষ্ট ব্যক্তিরা ছাত্রদের অন্নাদি দান করেন। কোন২ গ্রামেও বাঙ্গলা পাঠশালা আছে সরকারেরা গ্রামীয় লোক-দের নিকট বেতন পাইয়া শিক্ষা দেন। এই২ পাঠশালায় বাঙ্গলা অক্ষর লেখা ও হিসাব ও জমী মাপ করিবার বিধি শিক্ষা হইয়া থাকে তদ্ভিন্ন ব্যক্তিবিশেষের কএক স্কুল আছে গবর্ণমেণ্টহইতে তাহার সাহায্য হয় না। গ্রামের মণ্ডল অধ্যক্ষ আছেন ও গ্রামীয় লোকেরা চাঁদা করিয়া যে টাকা পান ও বালকেরা যে পয়সা দেয় তাহাহইতে স্কুলের খরচ পোষায়। ইহার মধ্যে কোন২ স্কুলে ২০, ২৫ বালক পড়ে কোন স্কুলে বা অধিক পড়িয়া আছে। উক্ত স্কুলে প্রায় একি জন শিক্ষক থাকে তাহার বেতন মাসে ১৫৲ টাকার অধিক নয়। নিম্নতর কক্ষি যে সকল পুস্তক গবর্ণমেণ্টের সাহায্যকৃত স্কুলে পাঠ হইয়া থাকে সেই২ স্কুলেও তাহা পাঠ হয়। কোন২ স্কুলে বালকেরা দেশীয় ভাষার ছাত্র-বৃত্তি পাইবার উপযুক্ত বহী পড়ে। সাহায্যকৃত স্কুলের যেমন উন্নতি দশা আছে এই২ স্কুলের তেমন নয়। আর ব্যগ্রতা না থাকাতে কিম্বা উপযুক্তমতে কার্য্য সম্পন্ন না হওয়াতে সেই২ স্কুল দীর্ঘকাল চলে না। মকুতব নামে আর এক প্রকারের স্কুল আছে তাহাতে পারস্য ভাষার পুস্তক পড়া ও মহম্মদীয় শরা শিক্ষা হয়। তাহাতে মহম্মদীয়দের বালক পড়ে ও বিশিষ্ট মুসলমানেরা তাহার খরচাদি দিয়া থাকেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

---

## LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

নং ১।

ইস্তাহারনামা মোতাল্লকে কালেক্টরী ডেপুটী কমিশ্যনর আপীস জেলা দারজিলিং সন ১৮৭২। ইং তারিখ ১৪ সেপ্টেম্বর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সর্ব্ব সাধারণকে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দারজিলিঙ্গাধীন তরাই মধ্যস্থিত নীচের লিখিত ভূমি ১৮৭০ ৭১ ৭২ সালের বকায়া খাজানাতে ১৮৭২ সালের ২৫ অক্টোবর তারিখ মোতাবেক ১২৭৯ সালের ১০ কার্ত্তিক তারিখ রোজ শুক্রবারে এই জিলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

| থাকবস্ত কি তৌজীর নম্বর | পরগনা ও মৌজার নাম | যোতের নাম | যে মালিকের নাম রেজিস্ট-রীতে আছে | বাকী খাজা-নার সংখ্যা | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| নং ৫৩২ তৌজী নং ২০ থাক নং ৮৭০ সরবে | পরগনে পাথর-ঘাটা মৌজে চা মগসারী | যোত শিবারাম ৩০ একর ভূমি বার্ষিক জমা ৭৷৷০ টাকা | ধনসরা দাস | ১১।০ | ১৮৭০ ৭১ সালের তৃতীয় ও চতুর্থ কোওয়ার্ট-রের ৩৸০ আনা ও ১৮৭১। ৭২ সালের প্রথমহইতে চতুর্থ কোওয়ার্টরের দরুন ৭৷৷০ আনা মোট ১১।০ |

B. W. D. MORTON,
*Deputy Commissioner.*

DARJEELING,
*The 14th September* 1872.

[*Government Gazette* 22*nd October* 1872.]

নং ২।

১৮৭২। ৭৩ ইং।

ইস্তাহারনামা মোতাবেক কালেক্টরী ডেপুটী কমিশ্যনর আপীস জেলা দারজিলিং সন ১৮৭২ ইং তারিখ ১২ সেপ্টেম্বর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দারজিলিঙ্গাধীন তকাই মধ্যস্থিত নীচেব লিখিত ভূমি ১৮৭১। ৭২ ইং সালের বকায়া খাজানাতে ১৮৭২ সালের ২২শা অকটোবর তারিখ মোতাবেক ১২৭৯ সালের ৭ই কার্ত্তিক তারিখ রোজ মঙ্গলবারে এই জিলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

| খাকবস্ত কি তৌজীর নম্বর | পরগনা ও মৌজাব নাম | যোতের নাম | যে মালিকের নাম রেজিষ্টরীতে আছে | বাকী খাজানার সংখ্যা | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| ৮৭৫ নং | পরগনে পাথরঘাটা মৌজে চাম্পাখরী | তহলিম | তহলীমদ্দীন মাহাম্মদ | ৯৵৯ | ১৮৭১। ৭২ সালের ৩। ৪র্থ কোওয়াটরের বাকী। |

B. W. D. Morton,
*Deputy Commissioner.*

নং ৩।

১৮৭২। ৭৩ ইং।

ইস্তাহারনামা মোতাবেক কালেক্টরী ডেপুটী কমিশ্যনর আপীস জেলা দারজিলিং সন ১৮৭২ ইং তারিখ ১২ সেপ্টেম্বর।

সন ১৮৫৯ সালের ১১ আইনেব ৬ ধারাক্রমে ইহার দ্বারা সর্ব্বসাধারণকে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দারজিলিঙ্গাধীন তকাই মধ্যস্থিত নীচেব লিখিত ভূমি ১৮৭১। ৭২ ইং সালের বকায়া খাজানাতে ১৮৭২ সালের ২২শা অক্টোবর তারিখ মোতাবেক ১২৭৯ সালের ৭ই কার্ত্তিক তারিখ রোজ মঙ্গলবারে এই জিলাব কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

| খাকবস্ত কি তৌজীর নম্বর | পরগনা ও মৌজার নাম | যোতের নাম | যে মালিকের নাম রেজিষ্টরীতে আছে | বাকী খাজানার সংখ্যা | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| ৮৭৬ নং | পরগনে হাতিঘিশা ও পাথরঘাটা মৌজে বাণীগঞ্জ ও বারঘরিয়া | তহলিম | তহলীমদ্দীন মাহাম্মদ | ১২৵ | ১৮৭১। ৭২ সালের ৩। ৪র্থ কোওয়াটরের বাকী। |

B. W. D Morton,
*Deputy Commissioner.*

Darjeeling,
*The 14th September* 1872.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২২ অক্টোবর।]

কালকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

**TUESDAY, OCTOBER 22, 1872.**

[illegible] ১৮৭২ সাল ২২ অক্টোবর।

# জেলা পুরী।

## সরবরাকারি ও ভূমি বিক্রয়ের ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৭১ সালের ২ আইনের বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা পুরীর অন্তর্গত নিম্নলিখিত সরবরাকারি এগের মাহাল উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে বাকি রাজস্বের নিমিত্ত নিম্নলিখিত নিরূপিত তারিখে প্রকাশ্য নীলাম দ্বারায় বিক্রয় হইবেক, তাং ২১ সেপ্টেম্বর ১৮৭২ সাল।

| শ্রেণীর নম্বর | মাহালের শ্রেণী | খাস মাহাল তৌজির নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মিয়াদি বন্দোবস্ত | ১২৯ | প্রঃ বাহাঙ্গ মৌঃ মুকুন্দ কিঃ পধান | বিচিত্রানন্দ দাস | ১১৬০।২৬ | ৭৫৪।।২৬ | ৭ ই নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল রোজ বৃহস্পতিবার ২৪ শা কার্ত্তিক | উক্ত বাকির জন্য এ মাহাল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দ-বস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের মেয়াদ সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযাই বাহাল রহিয়াছে। |
| ২ | ঐ | ১৬৪ | প্রঃ ঐ গড় বাজরো চৌরাসি সরবরাকারি | ১ রাঘব শ্রীচন্দন দলবেহেরা<br>২ বৈরাগিচরণ মহাপাত্র কোট করণ<br>৩ গোবিন্দদাস ভূঞীমুণ<br>৪ গোপিনাথ রাউতরা<br>৫ বালকৃষ্ণ সাঁতরা<br>৬ হরি মঙ্গরাজ<br>৭ কৃর্ত্তিবাস শ্রীচন্দন দলাহান | ৯১৮৻১১। ০ | ৮৩০৻১১।।০ | ৮ ই নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ২৪শা কার্ত্তিক রোজ শুক্রবার | ঐ |
| ৩ | ঐ | ৪২ | প্রঃ সিরাই মৌঃ হরনপাড়া কিঃ পধানি | ১ জগত বিসুয়াল<br>২ বারানিধি বিসুয়াল<br>৩ কৃপা বিসুয়াল<br>৪ চৈতন্য বিসুয়াল | ৭৬০।৴৯।।০ | ৭৬০।।৴৯।।০ | ২৩শা নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ১০ ই অগ্রহায়ণ রোজ শনিবার | ঐ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ঐ | ৪৫ | প্রঃ ঐ<br>মৌঃ অমিলগোদা<br>কিঃ পধানি | ১ আদিকন্দবরাল<br>২ মাগুনি জেনা<br>৩ মাধব বরাল<br>৪ মুল পধান<br>৫ নায়রণ পধান<br>৬ সিধি জেনা<br>৭ গোবিন্দ রাউতরা | ১,০০০।৶৭।।০ | ১,০০০।৶৭।০ | ঐ | ঐ |
| ৫ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ অনিবাড়<br>কিঃ পধানি | ১ ভুজ পরিড়া<br>২ চরণ পরিড়া<br>৩ জগি পলাই<br>৪ ভগবান পলাই<br>৫ বাসুদি রণাড়<br>৬ বিশ্বম্ভর পধান<br>৭ নিধিসাহু | ৮৪০৸৶৪৸ | ৮৪০৸৶৪৸ | ঐ | ঐ |
| ৬ | ঐ | ৪৪ | প্রঃ চব্বিস কুদ<br>মৌঃ বিজপুর<br>কিঃ পধানি | ১ জগবন্ধু পাটযোসি<br>২ জগন্নাথ প্রসাদ দাস | ৭৬৬৻৮৸ | ৩৭৪৻৮৲ | ২১শা নবম্বর সন ১৮৭১ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ ঈঃ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার। | ঐ |
| ৭ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ গোমরা<br>কিঃ পধানি | ১ কৃত্তিবাস পধান<br>২ মধুসুদন রাউতরা<br>৩ রাম সুঞী<br>৪ জোগি সুঞী<br>৫ বৃন্দাবনচন্দ্র দাস<br>৬ কার্ত্তিক সাহু<br>৭ গিরিধারি পধান | ৫০৭।।৵৮। | ৩৬৭।।৵৮। | ঐ | ঐ |
| ৮ | ঐ | ৫০ | প্রঃ ঐ<br>মৌঃ জগদল | ১ বাসু সাহু<br>২ হরি পলাই<br>৩ বিদ্যাধর পলাই<br>নাবালগের মাহাফিজ হরি পলাই<br>৪ আনন্ত দাস | ১১১৭৸৶৬। | ১১১৭৸৶৬। | ঐ | ঐ |

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | খাস মাহাল তৌজীর নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | মিয়াদিবন্দবস্ত | ৫১ | প্রঃ চক্সিশ কুন মৌঃ ভজমাল | ১ মাগুণা সাহু<br>২ হরি সাহু<br>৩ জগবন্ধু মল্লিক<br>৪ ভাগরথি সাহু<br>৫ পরমানন্দ সাহু<br>৬ রাঘব পলাব<br>৭ আদিকন্দ পলাব<br>৮ বিদ্যাধর দাস | ১১৫০৸৶৪॥ | ১১৫৮৸৶৪॥ | ২১শা নবম্বর সন ১৮৭১ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ ইঃ অগ্রহায়ন রোজ বৃহস্পতিবার | উক্ত বাকির জন্য ঐ মাহাল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষতক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযাই বাহাল রহিয়াছে। |
| ১০ | ঐ | ৫৫ | প্রঃ ঐ মৌঃ বড বক্ষেরা ১ কিসমত | ১ রঘু পলাই | ৫৩৭৶৴৩। | ৫৩৭৶৴৩। | ২১শা নবম্বর সন ১৮৭১ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ ইঃ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার | ঐ |

J. C. Geddes,
*Officiating Collector.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এডওয়ার্ড রাউন লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 29, 1872.　　REGISTERED No 51

মঙ্গলবার ১৮৭২ সাল ২৯ অক্টোবর ।

## Government of India.

LEGISLATIVE DEPARTMENT.

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 12th October 1872, and was referred to a Select Committee with instructions to report thereon in three months:

No. 27 OF 1872.

*A Bill for the repeal of certain obsolete enactments.*

Preamble.

Whereas it is expedient that the enactments mentioned in the Schedule to this Act, which have ceased to be in force otherwise than by express and specific repeal, or have by lapse of time and change of circumstances become unnecessary, should be expressly and specifically repealed; It is hereby enacted as follows:

Enactments in Schedule repealed.

1. The enactments described in the Schedule to this Act are hereby repealed to the extent mentioned in the third column of the same Schedule:

Provided that the repeal by this Act of any enactment shall not affect any Statute, Act or

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭২ সালের অক্টোবর মাসের ১২ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেল ও মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া তিন মাসের মধ্যে রিপোর্ট করিবার আদেশ হইল ।

১৮৭২ সালের ২৭ নম্বর ।

অপ্রচলিত কোন২ আইন রহিত করণার্থ আইনের পাণ্ডুলিপি ।

হেতুবাদ ।

এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা স্পষ্টরূপে ও নির্দ্দিষ্টমতে রহিত করা না গেলেও অপ্রচলিত কিম্বা সময়গতে কি কালগতিকে অনাবশ্যক হইয়াছে ও তাহা স্পষ্ট ও নির্দ্দিষ্টমতে রহিত করা বিহিত এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে ।

তফসীলের নির্দ্দিষ্ট আইন রহিত হইবার কথা ।

১ ধারা । এই আইনের তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল তাহা তত দূর রহিত হইবে ।

কিন্তু উল্লিখিত কোন বিধান অন্য কোন রাজব্যবস্থা কি আকুট কি আইনে প্রয়োগ করা গেলে কি

Regulation in which such enactment has been applied, incorporated, or referred to.

And this Act shall not affect the validity or invalidity of anything already done or suffered, or any indemnity already granted, or any right or title already acquired or accrued, or any remedy or proceeding in respect thereof, or the proof of any past Act or thing.

**2.** This Act may be cited as "The Repealing Act, 1872;" and it shall come into force on the passing thereof.

Short title
Commencement

তাহার অন্তর্ভূত করা গেলে কি তম্মধ্যে উল্লেখ করা গেলে, এই আইনক্রমে রহিত হইলেও সেই অন্য রাজব্যবস্থাদির কোন ব্যতিক্রম হইবে না।

আরো যে ক্রিয়া ইতঃপূর্ব্বে করা গেল কি যে ক্ষতি ভোগ হইল এই আইনের কোন কথাতে তাহার সিদ্ধাসিদ্ধতার, কিম্বা হানিহইতে যে নিষ্কৃতি করা গেল তাহার, কিম্বা ইতঃপূর্ব্বে যে কোন স্বত্ব কি অধিকার প্রাপ্ত হওয়া গেল কি বর্ত্তিল তাহার, কিম্বা তৎসম্পর্কে যে প্রতিকার কি যে কার্য্যানুষ্ঠান করা যায় তাহার, কিম্বা ভূতপূর্ব্ব কোন ক্রিয়ার কি বিষয়ের যে প্রমাণ হইল তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

সংক্ষেপ নামের কথা ও যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

২ ধারা। এই আইন "রহিত করণ বিষয়ক ১৮৭২ সালের আইন" নামে উল্লেখ হইতে পারিবে ও বিধিবদ্ধ হইলেই প্রচলিত হইবে ইতি।

## SCHEDULE.

### PART I.—STATUTES

| Year and Chapter | Subject or Title. | Extent of Repeal. |
|---|---|---|
| 7 Jac. I, cap. 5 .. | Suits against Justices of the Peace and other Officers. | The whole. |
| 21 Jac. I, cap. 12 .. | Making perpetual 7 Jac. 1, cap. 5 .. | The whole. |
| 8 & 9 Wm. III, cap. 11 | An Act for the better preventing frivolous and vexatious suits. | The whole. |
| 24 Geo II, cap. 44 ... | An Act for the rendering Justices of the Peace more safe in the execution of their office and for indemnifying constables and others acting in obedience to their warrants. | The whole. |
| 33 Geo. III, cap. 52 ... | *An Act whose title begins with the words*—An Act for continuing in the East India Company, *and ends with the words* and Bombay. | Section twenty-eight. |
| 42 Geo. III, cap. 85 ... | *An Act whose title begins with the words*—An Act for the trying, *and ends with the words* safe custody. | Section six, so far as it relates to suits in British India. |
| 49 Geo. III, cap. 126 .. | An Act for the further prevention of the sale and brokerage of offices. | Section fifteen, so far as it relates to British India. |
| 53 Geo. III, cap. 155 ... | *An Act whose title begins with the words*—An Act for continuing, *and ends with the words* Company's charter. | Sections ninety-seven and one hundred and twenty-one, and section one hundred and twenty-three, so far as it relates to suits in British India. |
| 2 & 3 Vic., cap. 34 ... | An Act to confirm certain Rules and Orders of the Supreme Courts of Judicature at Fort William and Madras, and to empower the same Courts and the Supreme Court of Judicature of Bombay to make rules and orders concerning pleadings. | The whole. |
| 3 & 4 Vic., cap 37 ... | *An Act whose title begins with the words*—An Act to consolidate, *and ends with the words* in service. | Sections forty-three to forty-seven (both inclusive). |

## PART II.—ACTS.

| Number and Year. | | Subject. | | Extent of Repeal. |
|---|---|---|---|---|
| X of 1836 | ... | Indigo Contracts ... | ... | In section four the words "to examine both the plaintiff and the defendant, whenever the Court shall deem such examination necessary to the ends of justice; and" |
| XXII of 1836 | ... | Eastern Canal Tolls... | ... | The whole. |
| XXV of 1836 | ... | Warehousing ports .. | ... | So much as has not been repealed. |
| XVI of 1837 | ... | Custom house ... | ... | So much as has not been repealed. |
| XXV of 1837 | ... | Judiciary system ... | ... | So much as has not been repealed. |
| I of 1841 | ... | Pattídárí estates ... | ... | The whole Act, so far as it applies, or is applicable, to the territories subject to the Lieutenant-Governor of the Panjab |
| XVII of 1841 | ... | Appeals in Sadr Courts (Bengal) | .. | So much as has not been repealed. |
| XV of 1843 | ... | Uncovenanted Deputy Magistrates | ... | So much as has not been repealed. |
| I of 1845 | ... | Sales of land for arrears of revenue | ... | The whole Act, so far as it applies to the territories subject to the Lieutenant-Governor of the Panjáb. |
| XIV of 1845 | ... | Munsiffs (Bengal Presidency) | ... | The whole. |
| XIX of 1845 | ... | Assam Tea Company | .. | The whole. |
| VII of 1848 | ... | Customs duties ... | ... | So much as has not been repealed. |
| X of 1850 | ... | Aden ... | ... | The whole. |
| XXXI of 1850 | ... | Bombay Salt Revenue | .. | Sections one and two. |
কোন গ্রামের মধ্যে নূতন শিক্ষক নিযুক্ত করিতে হইলে কিম্বা যে পাঠশালা আছে তাহার শিক্ষকের সাহায্য করিবার প্রস্তাব হইলে তিনি আদেশ পাইলেই অন্য ব্যক্তির হাতে পাঠশালা রাখিয়া কিয়ৎকালের নিমিত্ত গুরুশিক্ষার কেলাসে গিয়া শিক্ষা করিবেন তাঁহার সঙ্গে এই নিয়ম করিতে হইবে। এই নির্দ্ধারণপত্রানুসারে সমস্ত নিয়ম যত কাল সিদ্ধ না হয় ও নূতন পাঠশালার অধিকাংশ যত কাল স্থাপন না হয় তত কাল জিলার সদর মোকামে পাঠশালার শিক্ষকদের আসিয়া গুরুশিক্ষার কেলাসে শিক্ষা করিতেই হইবে মাজিষ্ট্রেট সাহেব এমত বিধান করিবেন না। কিন্তু ঐ সকল পাঠশালার কার্য্য চলিতে আরম্ভ হইলে ও নিয়মিতরূপে তাহার পরিদর্শনের কার্য্য চলিলে পর গ্রামের স্কুলের শিক্ষকদের মধ্যে যাহারা অপটু থাকে মাজিষ্ট্রেট সাহেব ডেপুটী কি সব-ডেপুটী ইনস্পেকটরের রিপোর্টমতে তাহারদিগকে গুরুশিক্ষার কেলাসে যাইতে আজ্ঞা দিবেন। যাঁহারা গুরুমহাশয়ের কি মিয়াজীর কর্ম্ম করিতেং বৃদ্ধ হইয়াছেন তাঁহারদিগকে ঐ কেলাসে আনাইবার প্রয়োজন নাই সেই প্রকারের লোকেরা যৌবন অবধি কর্ম্ম করিতেং অনেকের মঙ্গল করিয়াছেন গ্রামের লোকদের নিকটও তাঁহারা মান্য ও আপনাদের পাঠশালার কর্ম্ম উত্তমরূপে চালাইয়াছেন। নূতন বিদ্যা শিক্ষার কিম্বা শিক্ষা দিবার নূতন প্রণালীর প্রয়োজন হইলে তাহা নূতন গুরুমহাশয়দিগকে লইয়া হইতে পারিবে। যাঁহারা যুবা ও নূতন নিযুক্ত হইলেন তাঁহারদিগকে নর্ম্মাল কেলাসে আনা বিহিত হইতে পারে। ও নূতন নিযুক্ত যে ব্যক্তিরা কখন গ্রামের পাঠশালায় শিক্ষা দেন নাই তাঁহারদের স্কুল খুলিবার পূর্ব্বে তাহারদিগকে সদরে আনাইয়া কএক মাস গুরুশিক্ষার কেলাসে শিক্ষা দিলে উত্তম হয়। অন্য স্থানে যদ্রূপ হউক কিন্তু বেহারে পাঠশালার শিক্ষকেরা প্রায় ছাপা অক্ষর পড়িতে পারে না অতএব এইক্ষণকার নিমিত্ত গুরুমহাশয়েরা ছাপা অক্ষর উত্তমরূপে পাঠ করিতে ও লিখিতে শিক্ষা করেন ও সামান্য ও মানসিক অঙ্কসূত্র শিক্ষা দিবার সুবিধান জানিয়া লন এবং দেশীয় রীতিমতে জমীর মাপ ও মহাজনী ও জমীদারী হিসাব শিক্ষা দিবার জন্যে তাঁহারদের জ্ঞানের ও ক্ষমতার উন্নতি করা যায় ও সেইং বিষয়ের সোজাসুজি যেং পুস্তক আছে তাহা বুঝিয়া লইয়া সেইং বিদ্যায় শিক্ষা দিবার সক্ষম হন ইহাই প্রয়োজন।

১২। পরন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বোক্তমতে এতদ্বিষয়ের কোন বিস্তৃত আদেশ দিতে চাহেন না। উপরোক্ত আজ্ঞা মানিবার যে উদাহরণ দিয়াছেন তাহা আদেশ বলিয়া নয় কেবল কর্ত্তব্য কার্য্যের সঙ্কেতস্বরূপ লেখা গিয়াছে। স্থানীয় যে কর্ত্তৃপক্ষদের হস্তে উক্ত কার্য্যার্পণ করা যায় তাঁহারা স্বং বিবেচনামতে ঐ কার্য্য সম্পাদন করেন শ্রীযুক্তের এই বাসনা। লেখা পড়া ও অঙ্কসূত্র শিক্ষা করিবার দেশীয় কত পাঠশালা আছে, তাঁহারা ইহা নিশ্চয়মতে জানিয়া সামান্য লেখাপড়ার পক্ষে গ্রামের সাধারণ ও বিশিষ্ট সকল লোকের অনুরাগ জন্মাইতে চেষ্টা করিয়া পূর্ব্বোক্ত নিয়মমতে প্রত্যেক গ্রামের ভাবগতিক বিবেচনায় অল্প করিয়া টাকা দিয়া ক্রমশঃ বিস্তারিতরূপে ঐ শিক্ষার বিধান করিবেন।

১৩। এই নিয়মের পরীক্ষার্থে কোন জিলার সমস্ত গ্রামে তদ্রূপ পাঠশালা স্থাপন করা, না কোন নির্দ্দিষ্ট সীমার মধ্যে কএক গ্রাম সুশিক্ষিত করিয়া সেই নিয়মের সুফলের আদর্শ প্রকাশ করা বিহিত, এই কথা বিবেচনীয়। মুনিসিপালিটী যত কাল স্থাপিত না হয় তত কাল জিলার নানা গ্রামে আদর্শস্বরূপ কএকটি পাঠশালা স্থাপন করা ও সেই পরীক্ষার ফল আরো স্পষ্টরূপে প্রকাশ করিবার জন্যে বিশেষ কোন সীমা নির্দ্ধারণ করিয়া রাখা উচিত বোধ হইল। কোন মহকুমার কি অন্য কোন সুযোগ্য কর্ত্তৃপক্ষকে সেই নিয়ম পরীক্ষা করিয়া দেখিতে ও সেই বিষয়ে সম্পূর্ণরূপে মনোযোগ করিতে উদ্যোক্ত বলিয়া পাওয়া গেলে আদর্শস্বরূপ সেই শিক্ষা কার্য্যের ভার তাঁহার প্রতি অর্পণ করিলে ভাল হইতে পারিবে।

১৪। স্থানবিশেষে যে ব্যক্তিদের প্রতিপত্তি ও প্রশংসনীয় গুণ থাকে উক্ত কার্য্যে এমত ব্যক্তিদের অনুরাগ জন্মাইবার চেষ্টা করা উচিত। স্থানেং পাটওয়ারীরা অতিঅল্প বেতন পাইয়া থাকে তাহারদিগকে যৎকিঞ্চিৎ দিয়া উপকার করিলে তাহারা পাঠশালায় শিক্ষকের কর্ম্ম স্বীকার করিতে পারিবেন। আরো সামান্য লেখাপড়া শিক্ষার উদ্দেশে ইহার পূর্ব্বে যে টাকা দেওয়া গিয়াছিল তদ্বিষয়ে ১৮৭২ সালের ৩১ জুলাইর ২৬৭১ নম্বরের পত্রে যে বিবেচ্য বিষয় ও নিয়ম উল্লিখিত হয় তৎপ্রতি মনোযোগ করা কর্ত্তব্য। বড়ং গ্রামে পাঠশালার শিক্ষককে অতিমান্য লোকদের মধ্যে গণনা করিবার এবং গ্রামীয় মুনিসিপালিটী স্থাপন হইলে তাঁহাকেই গুরুতর ও প্রতিপত্তিশালি বলিয়া গণনা করিবার যে কল্পনা আছে তদ্বিষয়ে সাধ্যমতে মনোযোগ করা অতি কর্ত্তব্য।

১৫। ইদানিং ঐ টাকা বিলি করণের ভার জিলার মাজিষ্ট্রেট সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষদের প্রতি অর্পিত হইল। তাঁহারা জিলার শিক্ষাসংক্রান্ত কমিটীর পরামর্শমতে কর্ম্ম করিবেন কিন্তু তাহারদের আজ্ঞাধীন হইবেন না। ঐ নিয়ম কিঞ্চিৎ বিস্তৃতরূপে প্রচলিত হইলে পর ও যাঁহারা সামান্য লেখাপড়া শিক্ষার কার্য্যের অনুকূল এমত লোকশ্রেণী লইয়া স্থানীয় কমিটী স্থাপন করা গেলে পর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সামান্য লেখাপড়া শিক্ষার প্রবৃত্তি বর্দ্ধনার্থে ঐং কমিটী নিযুক্ত করিবার আশা রাখেন। শিক্ষা সংক্রান্ত সকল কর্ম্মকারক মাজিষ্ট্রেট সাহেবদের আজ্ঞাধীন থাকিবেন। কোন বিষয় জিজ্ঞাসা করিবার প্রয়োজন হইলে তাঁহাকে জিজ্ঞাসা করিতে হইবে। এবং অভিপ্রায় সিদ্ধির জন্যে যুক্তিমত যে প্রস্তাব করা বিধেয়, বিশেষত উচ্চং শ্রেণীর বিদ্যালয়ের নিমিত্ত প্রায় অনাবশ্যক সংখ্যায় যে ডেপুটী ইনস্পেকটরদিগকে উচ্চং বেতন দিয়া

নিযুক্ত করা গেল তাঁহারদের পরিবর্ত্তে পাঠশালার নিমিত্ত অনেক সব-ইনস্পেক্টর নিযুক্ত করিবার যে প্রস্তাব হয় ঐ মাজিষ্ট্রেট সাহেবদের নিকট সেই প্রস্তাব করিতে হইবে। ইনস্পেকটরেরা এই অবধি প্রধান২ খণ্ডের সদর মোকামে বাস করিবেন ও নিত্য কার্য্যানুশীলনে সুবিজ্ঞ সেই কর্ম্ম-কারকগণ এই বিষয়ে অনেক পরামর্শ দিবেন ও সাহায্য করিবেন ইহাতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সন্দেহ নাই। জিলার শিক্ষাসংক্রান্ত কমিটী স্থাপন হইলেই তাঁহারদের নিকট পরামর্শ লইতে হইবে। এই আজ্ঞানুযায়ি কর্ম্মের যে প্রথম ফল দৃষ্ট হয় স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ১৮৭২/৭৩ সালের অবসানে সেই ফলের রিপোর্ট করিতে পারিবেন এই আশা হইতেছে।

১৬। উক্ত নিয়মের ফল প্রকাশ হইতে লাগিলে, ও গ্রামীয় মুনিসিপালিটী সকল গবর্ণমেণ্টের সাহায্যে পাঠশালা স্থাপন করিতে উদ্যোগ করিলে, ও বিদ্যাশিক্ষার অধিক বাসনা ও সদুপায়ের প্রার্থনা হইলে অধিক টাকাও পাওয়া যাইতে পারিবে ও আমরা আর অনেক স্কুল করিবার উদ্যোগ করিতে পারিব। এই ক্ষণে যে টাকা দেওয়া যাইতেছে দেশান্তর্গত সর্ব্বসাধারণ লোকের শিক্ষা প্রাপণের উপক্রম মাত্র ইহার উদ্দেশ্য ও সেই টাকা সুবিবেচনামতে ব্যয় হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ইহা শুনিবার আশা রাখেন। এই ক্ষণে যে টাকা দেওয়া গেল তাহা ফলজনকরূপে ব্যয় করিতে পারা গেল না, এমন কথা অপেক্ষা ঐ টাকা উপযুক্তমতে ব্যয় হইলেও আর টাকার প্রয়োজন আছে তাঁহার এই কথা শ্রবণে অধিক সন্তোষ হইবে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

সি, বর্ণার্ড,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৯ অক্টোবর।]

## A আপেণ্ডিক্স।

সামান্য লেখা পড়া শিক্ষার নিমিত্ত এই ক্ষণে যেহ জিলার যত টাকা দেওয়া গেল তাহার পত্র।

| দেশখণ্ড | জিলা | এইক্ষণে যত টাকা দেওয়া গেল। ১৮৭২।৭৩ সালের নিমিত্ত | ১৮৭৩।৭৪ সালের নিমিত্ত | মোটে। |
|---|---|---|---|---|
| | পশ্চিম প্রদেশ। | টাকা | টাকা | টাকা |
| বঙ্গদেশ। | | | | |
| বর্দ্ধমান ... | বর্দ্ধমান | ২৬০০৲ | ৭,৮০০৲ | ১০,৪০০৲ |
| | বাঁকুড়া | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| | বীরভূম | ১২০০৲ | ৩৬০০৲ | ৪৮০০৲ |
| | মেদিনীপুর | ৩৮০০৲ | ১১,৪০০৲ | ১৫২০০৲ |
| | হাবড়া সমেত হুগলী | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| | মধ্য প্রদেশ। | | | |
| প্রসীডেন্সী ... | ২৪ পরগণা | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | নদীয়া | ২৪০০৲ | ৭২০০৲ | ৯৬০০৲ |
| | যশোহর | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| রাজশাহী .. | মুরশিদাবাদ | ২৩০০৲ | ৭০০০৲ | ৯৩০০৲ |
| | দিনাজপুর | ২২৫০৲ | ৬৭৫০৲ | ৯০০০৲ |
| | মালদহ | ১১০০৲ | ৩৩০০৲ | ৪৪০০৲ |
| | রাজশাহী | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | রঙ্গপুর | ২৪৫০৲ | ৭৩৫০৲ | ৯৮০০৲ |
| | বগুড়া | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| | পাবনা | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | মধ্য প্রদেশ। | | | |
| কুচবিহার ... | দারজীলিঙ্গ | ৪০০৲ | ১২০০৲ | ১৬০০৲ |
| | জলপাইগুড়ী | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | পূর্ব্ব প্রদেশ। | | | |
| ঢাকা ... | ঢাকা | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | ফরীদপুর | ১৭০০৲ | ৫১০০৲ | ৬৮০০৲ |
| | বাকরগঞ্জ | ৩৬০০৲ | ১০৮০০৲ | ১৪৪০০৲ |
| | ময়মনসিংহ | ৩২০০৲ | ৯৬০০৲ | ১২৮০০৲ |
| | ছিলট | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | কাছাড় | ১০০০৲ | ৩০০০৲ | ৪০০০৲ |
| চট্টগ্রাম ... | চট্টগ্রাম | ২০০০৲ | ৬০০০৲ | ৮০০০৲ |
| | নওয়াখালী | ১৪০০৲ | ৪২০০৲ | ৫৬০০৲ |
| | ত্রিপুরা | ২৬০০৲ | ৭৮০০৲ | ১০৪০০৲ |
| বেহার | | | | |
| পাটনা .. | পাটনা | ২৪০০৲ | ৭২০০৲ | ৯৬০০৲ |
| | গয়া | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | শাহাবাদ | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | ত্রিহুত | ৬০০০৲ | ১৮০০০৲ | ২৪০০০৲ |
| | সারণ | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | চাম্পারণ | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| ভাগলপুর ... | মুঙ্গের | ২৭০০৲ | ৮১০০৲ | ১০৮০০৲ |
| | ভাগলপুর | ২৭০০৲ | ৮১০০৲ | ১০৮০০৲ |
| | পূরনিয়া | ২২০০৲ | ৬৬০০৲ | ৮৮০০৲ |
| | সাঁওতাল পরগণা | ২০০০৲ | ৬০০০৲ | ৮০০০৲ |
| উড়িষ্যা | | | | |
| উড়িষ্যা ... | কটক | ৩০০০৲ | ৯০০০৲ | ১২০০০৲ |
| | পুরি | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| | বালেশ্বর | ১৫০০৲ | ৪৫০০৲ | ৬০০০৲ |
| | দক্ষিণ পশ্চিম অঞ্চলের এজেন্টী। | | | |
| ছোটনাগপুর .. | হাজারীবাগ | ১৮০০৲ | ৫৪০০৲ | ৭২০০৲ |
| | লোহারডগা | ২৮০০৲ | ৮৪০০৲ | ১১২০০৲ |
| | সিংহভূম | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | মানভূম | ১৯০০৲ | ৫৭০০৲ | ৭৬০০৲ |
| আসাম ও তন্নিকটস্থ পর্ব্বত | গোয়ালপাড়া | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | কামরূপ | ৯০০৲ | ২৭০০৲ | ৩৬০০৲ |
| | দরঙ্গ | ৪৫০৲ | ১৩০০৲ | ১৭৫০৲ |
| | নওগাঁ | ৬০০৲ | ১৮০০৲ | ২৪০০৲ |
| | শিবসাগর | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | লক্ষীপুর | ৬৫০৲ | ১৯০০৲ | ২৫৫০৲ |
| | খাসিপর্ব্বত | ৮০০৲ | ২৪০০৲ | ৩২০০৲ |
| | বঙ্গদেশের নিমিত্ত নিরূপিত টাকার মোট ... | ১,০০,০০০৲ | ৩,০০,০০০৲ | ৪,০০,০০০ |

[*Government Gazette, 29th October 1872.*]

## B আপেণ্ডিক্স।

### প্রত্যেক জিলায় যত স্কুল আছে ও যত স্কুল স্থাপন করিবার সম্ভাবনা।

| দেশখণ্ড | জিলা | লোক সংখ্যা | লোকেল বা অন্য সাহায্য দ্বারা সর্বশুদ্ধ যত স্কুল থাকার বিষয় জানা গিয়াছে | দেশীয় ভাষা শিক্ষার নিমিত্ত গবর্ণমেণ্টের সাহায্যকৃত যত স্কুল আছে | ১৮৭১ সালের ৩০ জুলাইর আজ্ঞাক্রমে যত স্কুল স্থাপন করিবার অনুমতি হয় | এই আজ্ঞাক্রমে যত স্কুল স্থাপন হইবার সম্ভাবনা তাহার আনুমানিক সংখ্যা। |
|---|---|---|---|---|---|---|
| বঙ্গদেশ— | পশ্চিম প্রদেশ। | | | | | |
| | বর্দ্ধমান | ২০৩১৫০৮ | ৮৪৪ | ২৪১ | | ১৭৫ |
| | বাঁকুড়া | ৫২৬৭৭২ | ৪৮২ | ৫৫ | | ৬৫ |
| বর্দ্ধমান | বীরভূম | ৬৯৫৯২১ | ৫৭২ | ৩০ | ৫২ | ৮০ |
| | মেদিনীপুর | ২৫২২১৭২ | ১৯৪৩ | ২১৪ | | ২৫০ |
| | হাবড়া সমেত হুগলী | ১৪৯১৬২১ | ১৪৮৮ | ৭৭ | | ১৫০ |
| | মধ্য প্রদেশ। | | | | | |
| | ২৪ পরগণা | ২২১০০৪৭ | ১২৭৬ | ১৫৭ | | ২০০ |
| প্রেসীডেন্সী | নদীয়া | ১৮০৬১০২ | ৫৭৯ | ১৮১ | ৬০ | ১৬০ |
| | যশোহর | ২০৭৫১৯৭ | ৬৫৯ | ৩২২ | | ১২০ |
| | মুরশিদাবাদ | ১৩৫৫৫৪৯ | ২৪১ | ৭৫ | . | ১৫০ |
| | দিনাজপুর | ১৫০১৯২৪ | ২১৭ | ২১৭ | | ১৫০ |
| | মালদহ | ৬৭৬৪২৬ | ১৭৭ | ৬ | | ৭০ |
| রাজশাহী | রাজশাহী | ১৩১০৭২৭ | ২১৫ | ১৩৫ | ৬৭ | ১২০ |
| | রঙ্গপুর | ২১৫০১৭৯ | ২৭৬ | ১৯৭ | | ১৬০ |
| | বগুড়া | ৬৮৯৪৬৭ | ১৬৯ | ১০ | | ৬৫ |
| | পাবনা | ১২১৮২৭৯ | ১৫১ | ১৩ | | ১২০ |
| | মধ্য প্রদেশ। | | | | | |
| কুচবিহার | দারজীলিঙ্গ | ৯৫২২৪ | ৩২ | ৩২ | ... | ২৫ |
| | জলপাইগুড়ি | ৪১৮০৪৮ | ৪১ | ১৯ | ... | ৫০ |
| | পূর্ব্ব প্রদেশ। | | | | | |
| | ঢাকা | ১৮৫৩৪১৬ | ৪২১ | ২৮ | | ১৯০ |
| | ফরীদপুর | ১০১২৫৮৯ | ১৬৩ | ১৭ | | ১২০ |
| ঢাকা | বাকরগঞ্জ | ২৩৭৯৮৭৮ | ৫১২ | ৮ | ৬৫ | ২৪০ |
| | ময়মনসিংহ | ২৩৪৯৯৪৬৮ | সন্ধান নাই | ২১ | | ২১৫ |
| | ছিলট | ১৭২২৪২৪ | ৮৪ | ১ | | ১৯০ |
| | কাছাড় | ২০৪৯৮৮ | ১৫ | ৪ | | ৬০ |
| | চট্টগ্রাম | ১১২৭৪০২ | ৮'৯ | ৫ | | ১৩০ |
| চট্টগ্রাম | নওয়াখালী | ৭১৩৬২৩ | ৬২৭ | ৪ | ৫ | ৯০ |
| | ত্রিপুরা | ১৫৩৪০৩০ | ১৯২ | ৬ | | ১৭৫ |
| বেহার— | | | | | | |
| | পাটনা | ১৫৫৯৬৩৮ | ৫৫২ | ৪ | ৩০ | ১৬৩ |
| | গয়া | ১৯৪৪১৫১ | ১১২ | ১২ | ৩৮ | ২০০ |
| পাটনা | শাহাবাদ | ১৭২৬৮৫৪ | ১৩৭ | ৮ | ৩০ | ১৯০ |
| | ত্রিহুৎ | ৪৩৮৯২৫০ | ৬৩৭ | ১৪ | ৭০ | ৪০০ |
| | সারণ | ২০৬৩৪৪৪ | ৩৬৫ | ... | ৩০ | ২০০ |
| | চাম্পারণ | ১৪৩৯৯৯২ | ১০৬ | ১২ | .. | ১৫০ |
| | মুঙ্গের | ১৮১২৯৮৬ | ৪৩৩ | ৭ | ৩৫ | ১৮০ |
| ভাগলপুর | ভাগলপুর | ১৮২৬০৯১ | ৩১২ | ১ | ৩৫ | ১৮০ |
| | পুরণিয়া | ১৭১৪৭৯৫ | ১৮৩ | ১ | ৪০ | ১৫০ |
| | সাঁওতাল পরগণা | ১০১৮০০ | ১২ | ৩২ | ৬০ | ১৩০ |
| উড়িষ্যা— | | | | | | |
| | কটক | ১৪৪৯৭৮৪ | ১৯৭৫ | ১৮ | ৪০ | ২০০ |
| উড়িষ্যা | পুরী | ৭৬৯৬৭৪ | ১২৮২ | ১৮ | ২০ | ১০০ |
| | বালেশ্বর | ৭৭০২৩২ | ১১০৭ | ২৫ | ২০ | ১০০ |
| | দক্ষিণপশ্চিম অঞ্চলের এজেন্টী | | | | | |
| | হাজারীবাগ | ৭৬৩০০০ | ৪৬ | ৩ | | ১২০ |
| ছোটনাগপুর | লোহারডগা | ১২৩২০০০ | ১৬ | ১৩ | ৫০ | ১৮০ |
| | সিংহভূম | ৪১৫০২৩ | ৪১ | ৮ | | ৫০ |
| | মানভূম | ১০৪০০০০ | ১২০ | ১১ | | ১২০ |
| | গোয়ালপাড়া | ৪৪৪৭৬১ | ২৭ | ১২ | | ৫০ |
| | কামরূপ | ৫৬১৬৮১ | ৪৫ | '৪৫ | | ৬০ |
| | দরঙ্গ | ২৩৬৫৩৪ | ২১ | ২১ | ৮০ | ৩০ |
| আসাম ও উত্তর-কটক পর্ব্বত | নওগাঁ | ২৫৬৩৯০ | ২৩ | ২৩ | | ৪০ |
| | শিবসাগর | ২৯৬৮০৭ | ২১ | ২০ | | ৫০ |
| | লক্ষীপুর | ১২০৭৪২ | ২১ | .... | | ৪০ |
| | খাসীপর্ব্বত | ১৪১৮৩৮ | ৪৮ | ..... | ... .. | ৫০ |
| | বঙ্গদেশের নিমিত্ত আনুমানিক মোট সংখ্যা ... | .. .. | ১১৯৩৭ | ২৩৮৩ | ৮২৭ | ৬৪৫৫ |

নোট।—সমস্ত জিলার স্কুলের সংখ্যাপত্র এখনও পাওয়া যায় নাই। কোন২ জিলার স্কুলের যে সংখ্যা দেওয়া গিয়াছে তাহার অধিক স্কুল আছে সন্দেহ নাই। অতএব শেষে যে সন্ধান পাওয়া গিয়াছে তাহা লিখিয়া এই বর্ণনাপত্রের ৩ ঘর পূর্ণ করিয়া দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৯ অক্টোবর।]

O আপেণ্ডিক্স।

দলে খরী নদী। ১৮৭২ সাল ৪ আগষ্ট। ১২৭২ নম্বর।

সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের নিকট

দক্ষিণ পূর্ব্ব খণ্ডের স্কুলের ইনস্পেকটর শ্রীযুত সি, বি ক্লার্ক, এম, এ, সাহেবের পত্র।

ময়মুনসিংহের স্কুল দেখিবার জন্যে এক মাস ভ্রমণ করিয়া কএক ঘণ্টার মধ্যে ঢাকায় গিয়া পঁহুছিবার অপেক্ষা হইতেছে। সেই জিলার মধ্যে সামান্য লেখাপড়া শিক্ষার যে অবস্থা আছে তাহার এই রিপোর্ট অর্পণ করিলাম।

২। পাঠশালার যদ্রূপ শিক্ষা দেওয়া গিয়া থাকে সাহায্যকৃত ও গবর্ণমেণ্টের স্কুলে প্রায়ই তদ্রূপ হয় না অর্থাৎ বালকেরা প্রথমে লিখিতে শিক্ষা না করিয়া পড়িতে শিক্ষা করে আরো অঙ্ক বিদ্যায় তাহারা মহাজনী কি জমীদারী হিসাব করিতে কি মানসিক অঙ্কপাত করিতে শিক্ষা না করিয়া ইংরেজী পুস্তকমতে সূত্র শিক্ষা করে। প্রথম সূত্রের যে শিক্ষা দেওয়া যায় তাহা অতিসরল কিন্তু দেশীয় ভাষার ছাত্রবৃত্তি পাইবার অপেক্ষায় দেওয়া গিয়া থাকে। ও প্রথমঅবধি অনেক পুস্তক ক্রয় করা প্রয়োজন হয় সুতরাং দরিদ্র লোকদের সন্তান প্রায় সেই বিষয়ে উদ্যোগ করে না। ১৮৬৫। ৬৬ সালের শিক্ষাসংক্রান্ত রিপোর্টে স্কুলসংযুক্ত পাঠশালা স্বতন্ত্র স্কুল বলিয়া লেখা গিয়াছিল, তাহাতে দেখিলে ঢাকায় ও বিক্রমপুরে প্রায় তদ্রূপই পাঠশালা আছে ইহা জানা যাইবে।

৩। আরো ময়মুনসিংহে দেশীয় গুরু মহাশয়দের অত্যল্প পাঠশালা আছে। ময়মুনসিংহের পূর্ব্বাঞ্চলের ডেপুটী ইনস্পেকটর অনেক বৎসর এই প্রদেশে আছেন, তিনি কহেন জিলার মধ্যে ছয়টী পাঠশালা আছে কি না সন্দেহ। অন্যান্য জিলায় পাঠশালা থাকিলেই আমার দেখা হয় কিন্তু এই জিলায়দেখি নাই। টোল ও মুকতব প্রায় নাই। টোলের এক জন পণ্ডিতকে দেখিলাম তিনি স্মৃত্যধিকারি ব্রাহ্মণ, তাঁহার টোলের কার্য্য চলিতেছে। আর এক জন বৃদ্ধ পণ্ডিত আমাকে কহিলেন যে, পূর্ব্বে চল্লিশ জন ছাত্র ছিল এখন এক জনও নাই গবর্ণমেণ্টের বিদ্যাশিক্ষার নিয়মদ্বারা আমার সর্ব্বনাশ হইয়াছে।

৪। তাহা হইলেও শতের মধ্যে অনেকে লিখিতে ও সামান্য হিসাব রাখিতে পারে ইহা ভালমতে জানি। তাহারা কোন পাঠশালায় পড়ে নাই। যাহা শিখিয়াছে তাহা দোকানের ও কাছারীর মুহুরিরদের স্থানে কি আপন২ ঘরে শিখিয়াছে। রামগোপালপুর নামক গণ্ডগ্রামের জমীদার ও অবৈতনিক মাজিষ্ট্রেট বাবু কাশীকিশোর রায় আমাকে কহিলেন যে প্রজাদের মধ্যে প্রায় সকলই লিখিতে পারে আরো লেখাপড়া শিক্ষা করিলে যত দুষ্টামি শিক্ষা হয় ইহারা প্রায় তত্তাবৎই শিখিয়াছে অতএব ইহারদের বিদ্যাশিক্ষা করার কোন বিধান করা অত্যাবশ্যক।

সেই রামগোপালপুরে আমি অল্প দিনের মধ্যে নূতন হেডমাষ্টর পাঠাইতে কল্পনা করিলাম। ঐ গ্রামে যত জন লেখাপড়া করিতে জানে তিনি কাশীকিশোর বাবুর সহায়তায় ইহার পত্র লিখিবেন।

৫। সম্প্রতি ময়মুনসিংহের পূর্ব্ব অঞ্চলে পাঁচ২ টাকার নূতন সাহায্য দানে কএক পাঠশালা স্থাপন হইবার অনুমতি দেওয়া গেল। তৎপ্রযুক্ত উত্তরকালে সাহায্য পাইবার আশায় ন্যূনাধিক আর পঞ্চাশটি পাঠশালা হইয়াছে। যাহার সাহায্য করা গিয়াছে ও যাহার সাহায্য পাইবার অপেক্ষা আছে এমত অনেক পাঠশালায় গিয়া দেখিলাম কেবল দুই কি তিনটা গুরুমহাশয়ের প্রকৃত পাঠশালা। অন্য সকলে হয় নর্ম্মাল স্কুলের শিক্ষিত কোন পণ্ডিত কিম্বা দেশীয় ভাষার ছাত্রবৃত্তিভোগী শিক্ষা দেন কিন্তু গুরুমহাশয় নয়। ও তন্মধ্যে পাঠশালার মত শিক্ষা না হইয়া স্কুলের মত শিক্ষা হইয়া থাকে।

৬। ইহার মধ্যে অনেক স্কুল নিয়মিত সাহায্য পাইতে না পারিয়া পাঠশালার নিমিত্ত দত্ত টাকা গ্রহণ করিতে স্বীকার করিয়াছে। সেইং স্কুলের কর্ত্তৃপক্ষেরা গবর্ণমেণ্টের ৫ টাকা লন ও চাঁদা করিয়া আর ৫ টাকা তুলেন সেই দশ টাকা ও ছাত্রেরা যত পয়সা দেয় শিক্ষকদিগকে তাহা দিবার নিয়ম করিয়া তাঁহারা নর্ম্মাল স্কুলের কোন ছাত্রকে নিযুক্ত করেন তিনি সর্ব্বদা স্কুল করেন, পাঠশালার মত শিক্ষা দেন না। এই প্রকারে নর্ম্মাল স্কুলের কএক জন ছাত্র এবং দেশীয় ভাষার ছাত্রবৃত্তিভোগি কএক ব্যক্তি আপন২ গ্রামে ও আপন২ ঘরে অনেক স্কুল করিয়াছেন। আপন গ্রামে ও ঘরে স্কুল থাকে বলিয়া তাঁহারা অল্প বেতনে কর্ম্ম করিতে স্বীকার করেন।

৭। গ্রামের সাহায্যকৃত যত স্কুলে গিয়াছি তন্মধ্যে পাঠশালা করিতেই হইবে ইহারই নিমিত্ত গবর্ণমেণ্ট ৫ টাকা করিয়া দিতেছেন পাঠশালা না হইলে ঐ টাকা পাওয়া যাইবে না এই নিয়ম করিলাম, কিন্তু পাঠশালা ভিন্ন স্কুলও রাখিতে হইবে না এমত আজ্ঞা করি নাই কারণ গ্রামের লোকেরা উপযুক্তমতে চাঁদা করিয়া উচ্চ২ শিক্ষা দিবার উপযুক্ত শিক্ষককে রাখিতে ইচ্ছুক হইলে তাহার কোন আপত্তি নাই বরং লাভ হইতে পারে কিন্তু সাধারণ লোকদের বালকগণের শিক্ষার নিমিত্ত পাঠশালা করা আবশ্যক বলিয়া আদেশ দিলাম।

১৪। গবর্ণমেণ্ট গারো জাতীয়দের নিমিত্ত স্কুল করিয়া অনেক টাকা খরচ করিয়াছেন তাহার ফলস্বরূপ ভাবি কোন সময়ে তাহারদিগকে শিক্ষা দানের আরম্ভ করণার্থে শিক্ষক পাইবার আশামাত্র আছে। ঐ২ স্কুলে নর্ম্মাল স্কুলের যে পণ্ডিতেরা আছেন তাঁহারা মাসে ২৫ অবধি ৩০ পর্য্যন্ত টাকা পাইয়া থাকেন কিন্তু তাঁহারা সন্তুষ্ট নহেন তরাইর জলবায়ুতে পীড়া হয় বলিয়া অনেক দিন থাকেন না অতএব গুরু প্রস্তুত হইলে আমি তাঁহারদের পরিবর্ত্তে অর্দ্ধেক বেতনে গুরু নিযুক্ত করিতে মনস্থ করিলাম। ঐ স্থানের পাঠশালায় যতদূর শিক্ষা পাইবার অপেক্ষা ঐ গুরুগণ তত বরং তাহার অধিকও শিক্ষা দিতে পারিবেন। এইক্ষণে যে পণ্ডিতেরা আছেন তাঁহারদিগকে অবসর করিয়া দিব না তাঁহারা অল্প দিনে স্বেচ্ছামতেই চলিয়া আসিবেন। তাঁহারদের পদ শূন্য হইলেই কেবল কিয়ৎকালীন একটিংরূপে অন্য লোককে নিযুক্ত করিবার আদেশ দিলাম।

১৫। এই রিপোর্টে যে২ নিয়ম পরিবর্ত্তন ও যে আজ্ঞা করা গেল আপনিও তাহাতে সম্মত আছেন ইহা অবগত হইলে সন্তুষ্ট হই। তাহা হইলে ময়মনসিংহে ও অন্যান্য স্থানে সামান্য লেখাপড়া শিক্ষা-বিষয়ক উপদেশপত্রস্বরূপ এই পত্রের কি তাহার কিয়দংশের প্রতিলিপি পাঠাইব।

---

রেবিনিউ ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী সাহেবের নিকট বর্দ্ধমান খণ্ডের একটিং কমিশ্যনর শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের বর্দ্ধমানে লিখিত ১৮৭২ সালের ২৪ জুলাইর ৩৮ নং পত্রহইতে গৃহীত কথা।

১৫ ধারা।—এই২ পাঠশালায় কি প্রকারের শিক্ষা দেওয়া গিয়া থাকে ও কোন্২ শ্রেণীর বালকেরা শিক্ষা করিয়া থাকে এই২ বিষয়ে মান্যবর সাহেব যাহা অবগত হইতে ইচ্ছুক আছেন তদ্বিষয়ের এই রিপোর্ট লিখিয়া দিলাম। মেদিনীপুরে প্রায়ই সামান্য লেখাপড়ার শিক্ষা হইয়া থাকে অর্থাৎ পড়া ও লেখাও শুভঙ্করী অঙ্ক ও মহাজনী ও জমীদারী হিসাব ও ভূগোলবিদ্যা।

১৬। কৃষকদের ও কর্ম্মদক্ষ মজুরদের মধ্যে যাহারদের কিছু বিষয় থাকে তাহারদের বালকেরা ও মধ্যবিত্ত ব্যক্তিরা দরিদ্রপ্রযুক্ত উচ্চ২ বিদ্যালয়ে বালকদিগকে পাঠাইতে না পারিলে কিম্বা আরও ভাল বিদ্যালয় না থাকিলে তাহারদের বালকেরা সেই২ পাঠশালায় পড়িয়া থাকে।

১৭। বর্দ্ধমানের কালেক্টর সাহেব কহেন যে ইহার মধ্যে অনেক ক্ষুদ্র২ পাঠশালা ইঙ্গলণ্ডের প্রথম শিক্ষার্থ অনেক স্কুলের প্রায় তুল্য অর্থাৎ দুই তিন জন বিশিষ্ট লোক গুরুমহাশয়কে বেতন দিয়া রাখেন, ও যাহারা চাঁদা দিতে না পারে তাহারদের বালকেরাও শিক্ষা করে। এই জিলার মধ্যে ৫৫৩ টি পাঠশালা আছে তাহাতে ৯২৮৮ পড়ুয়া। পড়ুয়াদের মধ্যে কেহ মাসে ।০ আনা কেহ ⁄১০ পয়সা দেয় গড়ে এক২ জন বালক ৵০ আনা দিয়া থাকে। প্রত্যেক পাঠশালায় গড়ে ১৬ জন পড়ুয়া আছে তাহারদের দ্বারা গুরু মোটে ২৵০ পাইয়া থাকেন।

১৮। হুগলীর কালেকটর সাহেব কহেন আমি গ্রামীয় অনেক পাঠশালায় আপনি গিয়া দেখিয়াছি। গুরু মহাশয়ের বাটীর কিম্বা গ্রামবাসি কোন পরোপকারার্থি মহাশয়ের ঘরের উঠনে পাঠশালা হইয়া থাকে। বালকদের পিতামাতার সঙ্গতি অনুসারে কেহ মাসে ⁄০ আনা কেহ ।০ আনা কেহ বা ।৵০ আনা পর্য্যন্ত দেয়। দরিদ্রের বালকেরা তালপাতায় লেখে। যাহারদের কিছু সংস্থান থাকে তাহারদের বালকেরা কলাপাতায় কি কাগজে লেখে। প্রায় সমস্ত পাঠশালায় ছাপা পুস্তকের ন্যূনাধিক ব্যবহার হয়। জিলার অন্তর্গত যে২ স্থানে বিদ্যা শিক্ষার অধিক বাসনা থাকে সেই২ স্থানে সাহায্যকৃত স্কুলে আর উত্তমরূপে শিক্ষা হয় বলিয়া অনেক পাঠশালা উঠিয়া গিয়াছে। সাহায্যকৃত স্কুলে উচ্চ২ বিদ্যা শিক্ষা করাইয়া অনেক পাঠশালা উঠিয়া গিয়াছে সন্দেহ নাই কিন্তু ঐ২ স্কুল হইয়া সাধারণ লোকদের শিক্ষা সম্পর্কে পুরাতন পাঠশালার অনাবশ্যক হইয়াছে কি না শ্রীযুত পেলিউ সাহেব এই বিষয়ের অনুসন্ধান লইয়া জানিতে পাইলেন যে, কোন শ্রেণীর বালকের বিদ্যা শিক্ষার উপায় সম্পূর্ণরূপে রহিত হয় নাই। স্থলবিশেষে দেশীয় ভাষার সাহায্যকৃত স্কুল স্থাপন দ্বারা পাঠশালা উঠিয়া গেলেও যদি দরিদ্র লোকদের পক্ষে সেই বিদ্যা অতি উচ্চ কি অধিক ব্যয়সাধ্য জ্ঞান হয় তবে পাঠশালা পুনরায় স্থাপন হইয়া সাহায্যকৃত স্কুলের প্রতিযোগিতা করিয়া কৃতার্থও হইয়া উঠে। বাঁকুড়ার কালেক্টর সাহেব এই বিষয়ের কিছু লেখেন নাই। বীরভূমে তদ্রূপ পাঠশালায় সাধারণ লোকদের কোন বিদ্যা শিক্ষা হয় না। কেবল প্রয়োজনমতে দেশীয় নিয়মানুসারে অঙ্ক কষা ও বাঙ্গলা ভাষায় অল্প লেখা পড়া শিক্ষা হইয়া থাকে।

১৯। হাবড়ার কালেক্টর সাহেব আপনি অনুসন্ধান লইয়া কহেন যে, অতি ক্ষুদ্র২ গ্রামভিন্ন প্রায় প্রত্যেক গ্রামেই পাঠশালা আছে তাহাতে ৫ বৎসর অবধি ৮ বৎসর পর্য্যন্ত বয়সের বালকেরা বাঙ্গলা লেখাপড়া শিক্ষা করে। এই২ পাঠশালার আয় হইতে খরচ পোষায়। বালকেরা মাসে ৵০ আনাঅবধি ।০ আনাপর্য্যন্ত দিয়া থাকেন।

[*Government Gâzette, 29th October* 1872.]

২০। এই খণ্ডের অন্তর্গত প্রত্যেক জিলার কত পাঠশালা আছে ও তন্মধ্যে কত জন বালক পড়িয়া থাকে তাহার নির্ঘণ্ট পত্র এই।

| জিলা | | | কত পাঠশালা আছে | কত জন বালক পড়ে। |
|---|---|---|---|---|
| মেদিনীপুর | ... | ... | ১১২৯ | ১৯১৭৪ |
| বর্দ্ধমান | ... | ... | ৫৫৩ | ৯২৮৮ |
| হুগলী | ... | ... | ৬১৫ | ১৩৮৩৮ |
| বাঁকুড়া | ... | ... | ৪২৭ | ১০৭৫৪ |
| বীরভুম | ... | ... | ৪৮০ | ৬০৮৬ |
| হাবড়া | .. | ... | ৫৭০ | ৯৬৮৬ |
| | | মোটে ... | ৪৩৭৪ | ৬৮৮২৬ |

২১। এই খণ্ডের অন্তর্গত নানা জিলার পাঠশালার গড়ে প্রতিদিন যত জন বালক উপস্থিত হইয়া থাকে তাহার নির্ঘণ্ট এই।

| | | | | |
|---|---|---|---|---|
| মেদিনীপুর | ... | ... | ... | ১১.০৯ |
| বর্দ্ধমান | ... | ... | ... | ১৬.৮ |
| হুগলী | ... | ... | ... | ২২.৫ |
| বাঁকুড়া | ... | ... | ... | ২৫.২ |
| বীরভুম | ... | ... | ... | ১২.৭ |
| হাবড়া | ... | ... | ... | ১৭.০ |

খণ্ডের মধ্যে গড়ে প্রত্যেক পাঠশালায় ১৭.০৫ জন উপস্থিত হয়।

২২। এই খণ্ডের মধ্যে সর্ব্বপ্রকারের বিদ্যালয়ের সংখ্যা ৫৩৩০ ইহার মধ্যে ৯৫৬টি গবর্ণমেন্টহইতে সাহায্য পাঁইয়া থাকে। ফলতঃ গবর্ণমেন্টের বিদ্যালয়ের ও যে২ বিদ্যালয় শিক্ষা সংক্রান্ত কর্ম্মকারকদের তত্ত্বাধীন আছে তাহার সঙ্গে পাঠশালার সংখ্যার তুলনা করিলে ১ ও ৫॥ হয়।

২৩। আরও এই খণ্ডের মধ্যে যত জন বালক শিক্ষা করিয়া থাকে তাহারদের মধ্যে গবর্ণমেন্টের সঙ্গে কোন প্রকারের সম্পর্কযুক্ত বিদ্যালয়ে শতকরা ৩৭.৩ বালক ও দেশীয় পাঠশালায় শতকরা ৬২.৬ বালক পড়ে। নানা জিলার মধ্যে ঐ২ সংখ্যার বিশেষ এই।

| জিলা | | | বালকদের মধ্যে শত করা যত জন | |
|---|---|---|---|---|
| | | | গবর্ণমেন্টের বিদ্যালয়ে পড়ে | পাঠশালায় পড়ে। |
| মেদিনীপুর | ... | ... | ৩১.৮ | ৬৮.১ |
| বর্দ্ধমান | ... | .. | ৫৫.৮ | ৪৪.১ |
| হুগলী | .. | ... | ৪২.২ | ৫৭.৬ |
| বাঁকুড়া | ... | ... | ২৬.৭ | ৭৩.২ |
| বীরভুম | ... | ... | ২৭.৬ | ৭২.৩ |
| হাবড়া | ... | ... | ২৯.১ | ৭০.৮ |

২৪। যাহারা গবর্ণমেন্টের বিদ্যালয়ে শিক্ষা করে কেবল বর্দ্ধমানে তাহারদের সংখ্যা অধিক অন্য সকল জিলায় পড়ুয়াবদের ৩ অংশের মধ্যে দুই অংশের অধিক বালক পাঠশালায় গিয়া থাকে। ঐ২ পাঠশালায় অধিক বালক যে গিয়া থাকে তাহার কারণ এই, পাঠশালায় শিক্ষার অন্য যে দোষগুণ হউক কিন্তু তন্মধ্যে যাহা শিক্ষা করে তাহা প্রতিদিনের কার্য্যে লাগে এবং যে অধিক সংখ্যক লোকদের বালকেরা তথায় পড়ে তাহারদের সংসারের প্রয়োজনমত শিক্ষা হয়। ঐ২ পাঠশালায় লেখা পড়া ও অঙ্ককশা বিশেষতঃ মানসিক অঙ্ক ও দেশীয় নিয়মানুসারে ভূমি মাপের বিদ্যা শিক্ষা হয়। ভূমি মাপ করিবার এই নিয়ম কৃষকদের ও জমীদারদের মধ্যে অত্যন্ত চলিত। তদ্ভিন্ন, নানা পত্র লিখিবার ধারা ও পাট্টা খৎ বন্দোবস্ত প্রভৃতি লিখিতে শিক্ষা হয়। শিক্ষার বিষয় অল্প বটে ও তাহা শিখিতে অনেক দিনও লাগে কিন্তু দেশীয় পাঠশালায় উক্ত সকল বিদ্যার শিক্ষা সুসিদ্ধ রূপে হইয়া থাকে সন্দেহ নাই। ঐ২ পাঠশালার পড়ুয়াদিগকে অঙ্কবিদ্যাঘটিত কোন প্রশ্ন করিলে তাহারা যে ত্বরায় উত্তর দিতে পারে ইহার উদাহরণ এতদ্দেশের সকল দোকানদার ও মহাজন। বিদ্যালয়ের ছাত্র অপেক্ষা তাহারা ত্বরায় উত্তর দিতে পারে কি না, এই বিষয়ে উত্তর-মধ্য খণ্ডের স্কুল ইনস্পেক্টর শ্রীযুত বাবু ভূদেব মুখোপাধ্যায় কিছু সন্দেহ প্রকাশ করিলেও পাঠশালার

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২৯ অক্টোবর।]

পড়ুয়াদের হাতের লেখা আরো উত্তম ইহা তাঁহার স্বীকার করিতেই হইয়াছে। আর উত্তম রূপে লিখিলে ও অঙ্ক কশিতে পারিলে এবং মনেং ক্ষুদ্র অঙ্ক কশিয়া দেওয়ার অভ্যাস হইলে প্রতি দিনের সাংসারিক কর্ম্মে যত উপকার হয় অন্য কিছুতেই তত উপকার হয় না।

২৫। দেশীয় পাঠশালায় যে শিক্ষা দেওয়া যায় বালকেরা গ্রামের কি দোকানের হিসাব উত্তমরূপে করিয়া দিতে পারে তাহার এক উদ্দেশ্য এই, আর সেই উদ্দেশ্যটি সফল হইয়া থাকে, ইহার সন্দেহ নাই। দেশীয় ভাষা শিক্ষার মডেল স্কুলে যে ছাত্রেরা শিক্ষা পায় তাহারা পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যায় যত নিপুণ হউক কিন্তু লিখিতে ও অঙ্ক কশিতে তত পটু নহে। আর পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যা শিক্ষা করিলে পৈতৃক ধর্ম্মের প্রতি অশ্রদ্ধা জন্মে বলিয়া তাহারদের পিতা মাতা সেইং বিদ্যার দোষ ধরে।

২৬। গবর্ণমেণ্টের বিদ্যালয়ে গুরুশিক্ষা হইলে সাধারণ লোকদের শিক্ষার নিমিত্তে অপেক্ষাকৃত উত্তম শিক্ষক পাওয়া যাইবে পূর্ব্বে এই অনুবোধ ছিল। ইহাতে প্রত্যেক গুরুর নিমিত্তে গবর্ণমেণ্টের মাসে ৫ টাকা ব্যয় লাগে তৎপ্রযুক্ত তদ্রূপ গুরুর কেবল নির্দ্ধারিত সংখ্যা হইতে পারে কিন্তু ইহার কোন কথা না ধরিলেও গুরুমহাশয় অপেক্ষা তদ্রূপ শিক্ষিত গুরু পাইতে লোকদের বাসনা আছে কি না ইহা জিজ্ঞাস্য।

২৭। সারসংক্ষেপ এই। এই খণ্ডের মধ্যে ন্যূনাধিক ৪৩৭৪ পাঠশালা আছে তন্মধ্যে সর্ব্বশুদ্ধ ৬৮,৮২৬ পড়ুয়া অর্থাৎ প্রত্যেক পাঠশালায় গড়ে ১৭ জন পড়ুয়া আছে। তাহারা গুরুমহাশয়কে গড়ে ✓ আনা করিয়া দেয় তাহাতে গুরুমহাশয়ের মাসিক আয় ২৲ টাকা হয়। শিক্ষা সামান্য প্রকারের অর্থাৎ লেখা পড়া ও অঙ্ক কশা বিশেষতঃ মানসিক অঙ্ক ও যৎকিঞ্চিৎ পুরাবৃত্ত ও ভূগোল বিদ্যা শিক্ষা হয় ফলতঃ গ্রামের দোকানদারদের ও কিঞ্চিৎ সংস্থান বিশিষ্ট রায়তদের ও উচ্চং শ্রেণীর যে লোকেরা গবর্ণমেণ্টের স্কুল অতি দূর প্রযুক্ত বালকেরা হাঁটিয়া যাইতে পারে না বলিয়া আপত্তি করে তাহারদের বালকেরা সেইং পাঠশালায় গিয়া আপনাদের সংসার চালাইবার প্রয়োজনীয় শিক্ষা পাইয়া থাকে।

---

জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী সাহেবের নিকট উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর শ্রীযুত টি ই রেবনশা সাহেবের কটকে লিখিত ১৮৭১ সালের ১১ আগষ্টের ৫১০ নং পত্রহইতে উদ্ধৃত কথা।

১৮ ধারা। * * * কটকের নর্ম্মাল স্কুলের কার্য্যের সাফল্য হইলেও দেশীয় ভাষা শিক্ষার নিমিত্ত গ্রামীয় স্কুল ও পাঠশালা বিস্তৃতরূপে স্থাপন করা গেলে এতদ্দেশের উন্নতি ও সাধারণ লোকদের শিক্ষা প্রাপ্ত হওয়া সম্ভাবনা। গবর্ণমেণ্ট শেষোক্ত প্রকারের পাঠশালা প্রভৃতির প্রতিপোষণ করিতে নিরস্ত হইলে পূর্ব্বোক্ত বিদ্যালয়ের সুফল খর্ব্ব হইবে। এই বিষয়ে ১৮৭০ সালের ১৭ অক্টোবরের ৭৬৩ নং পত্রে স্কুলের ইনস্পেক্টর সাহেবের নিকট যাহা লিখিয়াছিলাম তাহার অধিক লিখিবারও আবশ্যক নাই। তাহার মর্ম্ম এই।

"এই নর্ম্মাল স্কুলের উন্নতির প্রতি আমার মনোযোগ সহিত দৃষ্টি হইয়াছে। উড়িষ্যার মধ্যে তত্তুল্য সন্তোষজনক ও উৎসাহবর্দ্ধক বিদ্যালয় নাই। ইহারই দ্বারা সাধারণ লোকদের শিক্ষা প্রাপণের সদুপায় রূপ গুরুতর ও চিরস্থায়ি ফলোৎপাদন হওয়া সম্ভাবনা। কটকের নর্ম্মাল স্কুলে যে গুরুরা শিক্ষা করেন গ্রামেং স্কুল মাষ্টরের কর্ম্ম চালাইবার জন্যে তাঁহারা গবর্ণমেণ্টের সাহায্য পাইবেন অদ্যাপি এমত প্রতিজ্ঞা হয় নাই পত্রাদি দ্বারা ইহা অবগত হইয়া অত্যন্ত দুঃখিত হইলাম। বরং গুরুর কর্ম্ম করণার্থে উপযুক্ত শিক্ষা পাইলে পর তাহারদের গুরুর কর্ম্মে সাহায্য পাইবার সম্ভাবনা নাই আপনকার ১৮৭০ সালের জুন মাসের ৩০ তারিখের ১১৮১ নং পত্র দ্বারা ও তৎসহিত সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবের পত্র দ্বারা ইহা দেখিতে পাওয়া গেল। আপনি ও ডাইরেক্টর সাহেব এই বিষয় পুনরায় বিবেচনা করুণ নির্ব্বন্ধাতিশয় সহিত আমার এই নিবেদন। তাহা না করিলে বিদ্যা শিক্ষার এই মহৎ নিয়ম ব্যর্থ হইবে। সাধারণ লোকদের বিদ্যা শিক্ষা ও জ্ঞানালোক প্রাপ্ত হওয়া উড়িষ্যা দেশে যেমন আবশ্যক ভারতবর্ষের অন্যত্র তদ্রূপ নহে। তাহার বৃক্ষটি সমূলে রোপিত হইয়াছে এই ক্ষণে তাহা শুষ্ক হইয়া পড়িতে না পায় আমার এই দৃঢ় আশা। কিন্তু গুরুরা শিক্ষা করিলে পর গবর্ণমেণ্টহইতে সাহায্য পাইবেন এমত কোন প্রতিজ্ঞা না থাকিলে এই মহৎ নিয়মটি ব্যর্থ হইবে। অতএব গবর্ণমেণ্ট সাহায্যদানের যে অঙ্গীকার পূর্ব্বে করিয়াছিলেন তাহা রহিত না হয় অত্যন্ত ব্যগ্রচিত্তে আমার পুনঃ২ এই নিবেদন।

---

জেনরল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী শ্রীযুত সি বর্ণার্ড সাহেবের নিকট ছোট নাগপুরের কমিশ্যনর কর্ণেল শ্রীযুত ই, টি, ডালটন, সি, এস, আই, সাহেবের ছোট নাগপুরে লিখিত ১৮৭২ সালের ১২ আগষ্টের ২২৮৫ নং পত্রহইতে গৃহীত কথা।

২৬ ধারা।—সিংহভূমে ন্যূনাধিক ৫০টি পাঠশালা আছে। তাহার মধ্যে ৪৩ টির বিষয়ে ডেপুটী কমিশ্যনর যে সন্ধান পাইয়াছেন তাহা বিশ্বাসযোগ্য। দালভূমের পাঠশালায় বাঙ্গলা ভাষার শিক্ষা হয়। পোড়াহাটে প্রায় উড়িয়া ভাষার কিন্তু ন্যূনকল্পে এক পাঠশালায় হিন্দি ভাষার ও কোলহানের স্কুলে হিন্দি ভাষার শিক্ষা হয়। শারদাপ্রসাদ বাবু কহেন যে গ্রামের পাঠশালায় এইং বিষয়ের প্রতি বিশেষ মনোযোগ হইয়া থাকে, লিখিতে, ও হাতের লেখা কথা পড়িতে শিক্ষা করা

ও মানসিক অঙ্ককশা ও সামান্য জমীমাপ ও জমীদারী ও মহাজনী হিসাব। গ্রামের পাঠশালায় এইং বিষয়ের শিক্ষা দেওয়া অতি উচিত বোধ হয়। গবর্ণমেণ্টের দেশীয় ভাষার স্কুলেও সেই বিষয়ের প্রতি অধিক মনোযোগ হইলে উত্তম হয়।

---

ঢাকার একটিং কমিশ্যনর সাহেব ১৮৭২ সালের ১৯ আপ্রিলের ১৯ নং০ পত্রসহিত পাঠশালার বিষয়ে যে সন্ধানের সার্ব জানাইলেন তাহাহইতে উদ্ধৃত কথা এই।

ছিলট।—এই জিলার মাজিস্ট্রেট সাহেব এই রিপোর্ট করিলেন। জিলার মধ্যে চতুষ্পাটি নামে কএক সংস্কৃত বিদ্যালয় আছে তন্মধ্যে পণ্ডিতেরা ব্রাহ্মণ সন্তানদিগকে সংস্কৃত ভাষায় সাহিত্য ও ন্যায় দর্শন ও তর্ক বিদ্যা পড়ান। কোন চতুষ্পাটিতে ৪০ বা ৫০, কোনটাতে ১০ বা ১৫ জন ছাত্র আছেন। পণ্ডিতেরা ছাত্রদের স্থানে কিছুই গ্রহণ করেন না বরং আপনারাই কিম্বা গ্রামের বিশিষ্ট ব্যক্তিরা ছাত্রদের অন্নদান করেন। কোনং গ্রামেও বাঙ্গলা পাঠশালা আছে সরকারেরা গ্রামীয় লোকদের নিকট বেতন পাইয়া শিক্ষা দেন। ঐং পাঠশালায় বাঙ্গলা অক্ষর লেখা ও হিসাব ও জমী মাপ করিবার বিধি শিক্ষা হইয়া থাকে। তদ্ভিন্ন ব্যক্তিবিশেষের কএক স্কুল আছে গবর্ণমেণ্টহইতে তাহার সাহায্য হয় না। গ্রামের মণ্ডল অধ্যক্ষ আছেন ও গ্রামীয় লোকেরা চাঁদা করিয়া যে টাকা পান ও বালকেরা যে পয়সা দেয় তাহাহইতে স্কুলের খরচ চলে। ইহার মধ্য কোনং স্কুলে ২০, ২৫ জন বালক পড়ে কোন স্কুলে বা অধিক পড়ুয়া আছে। উক্ত স্কুলে প্রায় একি জন শিক্ষক থাকে তাহার বেতন মাসে ১৫৲ টাকার অধিক নয়। নিম্নতর কক্ষির যে সকল পুস্তক গবর্ণমেণ্টের সাহায্যকৃত স্কুলে পাঠ হইয়া থাকে সেইং স্কুলেও তাহা পাঠ হয়। কোনং স্কুলে বালকেরা দেশীয় ভাষার ছাত্রবৃত্তি পাইবার উপযুক্ত বহী পড়ে। সাহায্যকৃত স্কুলের যেমন উন্নতি দশা আছে এইং স্কুলের তেমন নয়। আর ব্যগ্রতা না থাকাতে কিম্বা উপযুক্তমতে কার্য্য সম্পন্ন না হওয়াতে সেইং স্কুল দীর্ঘকাল চলে না। মকৃতব নামে আর এক প্রকারের স্কুল আছে তাহাতে পারস্য ভাষার পুস্তক পড়া ও মহম্মদীয় শরা শিক্ষা হয়। তাহাতে মহম্মদীয়দের বালক পড়ে ও বিশিষ্ট মুসলমানেরা তাহার খরচাদি দিয়া থাকেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

*(RESOLUTION.)*

GENERAL DEPARTMENT.

EDUCATION.

*Dated Hazareebaugh, the 5th October* 1872.

**READ**—

Paragraphs 21—24 of Government order dated the 24th May 1872, directing Messrs. Woodrow and Bernard to submit draft rules for the award of scholarships in Bengal, in accordance with the views of the Lieutenant-Governor as expressed in the orders of that date.

**Read also**—

The report of the above-mentioned officers, dated the 14th August 1872.

The Lieutenant-Governor observes that it is most important now that this Government has, by starting primary schools, made a beginning of education in all grades, that scholarships should be systematically arranged, so as to enable clever and deserving boys to climb from the lowest to the highest stage, and the opportunity is taken of revising the scholarship rules in general accordance with the recommendations of the committee.

2. Hitherto there have been no scholarships for the lowest class of schools; the indigenous schools of this class have not been recognized or counted, and our own patshalas are few. To make a beginning, a certain number of scholarships are assigned for the encouragement of these schools, and to enable a few selected boys to prosecute their studies in schools of the next higher grade or middle class schools.

3. For middle schools, again, the present system of scholarships is adopted with some modifications. The Lieutenant-Governor accepts the recommendations made in paragraph 13* of the committee's report, that the scholarships should be distributed by the local committees to English and vernacular schools, according to the circumstances of each district. In practice it is found, in Bengal at least, that the boys who get scholarships in vernacular schools go with them to English schools. It is hoped that those who have already received an English education and take the minor scholarships may qualify for the Entrance standard in two years, while for boys coming from purely vernacular schools four years are allowed.

* 13. *Minor Scholarships* ... } *Vernacular Scholarships* . } We have stated that the examinations for both these scholarships are held together, and that the papers in several subjects are the same for both scholarships It is the opinion of Mr. Woodrow, and it is believed to be the opinion of many officers of the Educational Department, that vernacular scholarship-holders, as a rule, are better taught in arithmetic, geography, history, and miscellaneous subjects, than are the minor scholarship-holders. It seems to us that the best plan will be to merge the funds for these two sets of scholarships together, and to leave it to the District Committee of each district to decide for each year or for a series of years how many of the scholarships of this class they will allot to students from vernacular schools, and how many to students from middle class English schools. The proportion should depend upon the number of schools of each class in the district; and upon the kind of education which may happen most to want encouragement at the particular time

4. For the higher schools the junior college scholarships are given in large numbers. They are tenable for two years, and enable clever youths from the schools established in every part of the country to follow the various courses in literature, science, art, and special civil service subjects, up to the point known as the First Arts Examination, or to a corresponding standard in other subjects.

5. Finally, for the successful students up to this latter point, the senior scholarships provide the means of prosecuting higher studies for two years more, and attaining the highest acquirements and degrees.

6. There are and will be some farther scholarships for graduates prosecuting their studies for the highest branches of special professions, but these are not now dealt with.

7. It is hoped then that by these various stages—

(1) Village schools within the means of laboring men;
(2) Middle class schools, partly fed by village schools,
(3) Higher schools, partly fed by middle class schools;
(4) Second class colleges, fed by higher schools;
(5) First class colleges, fed by second class colleges and by higher schools;
(6) Scientific professions and higher branches of the civil service, fed by colleges;

the gifted son of a ryot or laborer may become a distinguished engineer, or physician, or agriculturist, or administrator of high degree, or a judge of the highest court.

8. At the same time great care will be taken that the prizes held out to remarkable boys in primary schools are quite exceptional, and that the mass of boys are not led to look beyond their own callings It is therefore very carefully provided that the subjects of examination in these primary schools shall be wholly confined to the simple subjects which are really sought by the mass of the people. The best arithmetician will probably turn out the best engineer or judge, but till he is selected for advancement he will not go a step beyond his arithmetic.

9. All scholarships are open indifferently to all the schools and colleges of these provinces which comply with certain reasonable conditions; whether they are Government, aided, or private schools, they may all compete on equal terms without favor or preference.

10. The annexed rules are published for general information. It will be seen that in part they have effect in the present year, *i.e.*, so far as regards the future course of study prescribed for the successful candidates; in part they will take effect next year as regards certain new subjects, for teaching which provision is now being made in many schools. In part they will not take effect till 1874, when the students who commence a science course at the ensuing new year, will have reached the stage corresponding to the First Arts Examination, and when supplementary rules for distributing scholarships among the different subjects will be issued.

[*Government Gazette*, 29*th October* 1872.]

11. The subject is complicated, much of it is new, and the Government reserves the right to amend the rules on any point in which experience and farther information may show amendment to be necessary.

12. As primary schools take root, and it becomes necessary to increase the grants for primary scholarships, it may possibly be necessary to take something from the very liberal grants now made for the higher scholarships; but this may remain for future consideration with reference to the state of the finances when the question arises.

By order of the Lieutenant-Governor of Bengal,

C. BERNARD,

*Offg. Secretary to the Govt. of Bengal.*

---

## নির্দ্ধারণ।

জেনরল ডিপার্টমেণ্ট।

শিক্ষা সংক্রান্ত কথা।

হাজারীবাগ।—১৮৭২ সাল ৫ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭২ সালের মে মাসের ২৪ তারিখের অনুজ্ঞাপত্রে যে অভিপ্রায় প্রকাশ করিলেন শ্রীযুত উড্রো সাহেব ও শ্রীযুত বর্ণার্ড সাহেব সেই অভিপ্রায়ানুসারে বঙ্গদেশে ছাত্রবৃত্তি নিরূপণের পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া অর্পণ করেন উক্ত তারিখের এই মর্ম্মের পত্রের ২১ অবধি ২৪ পর্য্যন্ত ধারা পাঠ করা গেল।

উক্ত কার্য্যকারক সাহেবদের ১৮৭২ সালের আগষ্ট মাসের ১৪ তারিখের পত্রও পাঠ করা গেল।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট সামান্য লেখাপড়ার পাঠশালা স্থাপন করণ দ্বারা সর্ব্বশ্রেণীর লোকদের শিক্ষা পাইবার উপক্রম করিয়াছেন, অতএব বুদ্ধিমান ও সুযোগ্য বালকেরা ক্রমশঃ নিম্নতর পদহইতে উচ্চতম পদ পর্য্যন্ত উঠিযা যাইতে পারেন এই হেতুক সুনিয়মমতে ছাত্রবৃত্তি পাইবার সুবিধান করা অত্যন্ত গুরুতর বিষয়। ও এই সুযোগে কমিটীর পরামর্শ সাধারণমতে রক্ষা করিয়া ছাত্রবৃত্তি পাইবার নিয়ম সংশোধন করা গেল।

২। নিম্নতর শ্রেণীর স্কুলের নিমিত্ত অদ্যাপি ছাত্রবৃত্তি নিরূপণ হয় নাই। ঐ প্রকারের দেশীয় পাঠশালা স্কুলের মধ্যে স্বীকার করা যায় নাই ও গণ্য হয় নাই। আমারদের পাঠশালা অত্যল্প আছে। উক্ত কার্য্যের আরম্ভ করণার্থে ঐ২ পাঠশালার বালকদের উৎসাহ জন্মাইবার জন্যে এবং কএকটি বালক মনোনীত হইয়া তদপেক্ষা উচ্চ শ্রেণীর কি মধ্য শ্রেণীর স্কুলে বিদ্যাশিক্ষা করিতে পারে ইহার জন্যে ঐ২ পাঠশালার কএকটি ছাত্রবৃত্তি নিরূপণ করা গেল।

৩। মধ্যশ্রেণীর বিদ্যালযের ছাত্রবৃত্তির যে নিয়ম আছে তাহা কিঞ্চিৎ মতান্তর করিয়া প্রবল রাখা গেল। স্থানীয় সকল কমিটী প্রত্যেক জিলার ভাবগতিক বিবেচনায় ইঙ্গরেজী ও দেশীয় ভাষার স্কুলের ছাত্রবৃত্তি বিলি করিয়া দেন কমিটির রিপোর্টের ১৩ দফার *এই প্রস্তাবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সম্মত আছেন। অন্য দেশে যদ্রূপ হউক কিন্তু বঙ্গদেশে যে ছাত্রেরা দেশীয় ভাষার স্কুলে ছাত্রবৃত্তি পান তাঁহারা প্রায়ই সেই বৃত্তি লইয়া ইঙ্গরেজী স্কুলে গিয়া পড়েন। যাঁহারা ইঙ্গরেজী ভাষা শিক্ষা করিয়া মাইনর ছাত্রবৃত্তি পান তাঁহারা দুই বৎসরের মধ্যে প্রবেশিকা পরীক্ষার কঠিনতর পুস্তক পাঠ করিতে পারিবেন এমত আশা থাকে কিন্তু যাঁহারা দেশীয় ভাষার স্কুল হইতে সেই স্কুলে প্রবেশ করেন তাঁহাদের চারি বৎসর নিরূপণ আছে।

* ১৩। মাইনর ছাত্রবৃত্তি। দেশীয় ভাষার ছাত্রবৃত্তি। } এই দুই প্রকারের ছাত্রবৃত্তির পরীক্ষা একিকালে হইয়া থাকে এবং অনেক বিষয়ে উভয়ের একি প্রকারের প্রশ্ন করা যায় ইহা পূর্ব্বে লিখিয়াছি। অঙ্ক ও ভূগোল বিদ্যায় ও পুরাবৃত্ত বিবরণে ও বিবিধ বিষয়ে মাইনর ছাত্রবৃত্তিভোগি অপেক্ষা দেশীয় ভাষার ছাত্রবৃত্তি ভোগিদিগকে প্রায় সর্ব্বদাই সুশিক্ষিত দেখা যায় উড়রো সাহেবের এই মত ও বোধ হয় শিক্ষাসংক্রান্ত কর্ম্মবিভাগের অনেক কার্য্যকারকেরও সেই মত। আমারদের বিবেচনায় ঐ দুই প্রকারের ছাত্রবৃত্তির নিমিত্ত যে টাকা নিরূপণ হয় তাহা একি কণ্ডে দেওয়া উচিত এবং প্রতিবৎসর কিম্বা ক্রমাগত কএক বৎসর পর্য্যন্ত দেশীয় ভাষার স্কুলের ছাত্রদিগকে ঐ প্রকারের কত ছাত্রবৃত্তি ও মধ্য শ্রেণীর ইঙ্গরেজী স্কুলের ছাত্রদিগকে কত বৃত্তি নিরূপণ করিয়া দেওয়া যাইবে প্রত্যেক ডিষ্ট্রিক্ট কমিটির প্রতি এই কথা নির্ণয় করিবার ভারার্পণ করা উচিত। জিলার মধ্যে ঐ দুই শ্রেণীর কত স্কুল আছে ও সময় বিশেষে যে প্রকারের বিদ্যাশিক্ষার অধিক উৎসাহ দেওয়া বিধেয় হয় ইহা বিবেচনা করিয়া ঐ২ ছাত্রবৃত্তি বিলি করিয়া দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৯ অক্টোবর ৫।]

৪। উচ্চ২ শ্রেণীর স্কুলে বাহুল্যরূপে কালেজের জুনিয়র ছাত্রবৃত্তি দেওয়া গিয়া থাকে। ঐ বৃত্তি দুই বৎসর ভোগ হয় এবং দেশের সর্ব্ব স্থানে স্থাপিত স্কুলের বুদ্ধিমান ছাত্রগণ তাহা পাইয়া ফাষ্ট আর্টের পরীক্ষা নামে খ্যাত কক্ষিপর্য্যন্ত সাহিত্য ও বিজ্ঞান ও আর্ট ও সিবিল সম্পর্কীয় বিশেষ পদ প্রাপণোপযুক্ত বিদ্যা ও তত্তুল্য কক্ষি পর্য্যন্ত অন্যান্য বিদ্যা অধ্যয়ন করিতে পারেন।

৫। উক্ত কক্ষিপর্য্যন্ত অধ্যয়ন করিয়া কৃতকার্য্য হইলে ছাত্রগণ সীনিয়র ছাত্রবৃত্তি প্রাপ্ত হইয়া আর দুই বৎসর উৎকৃষ্ট বিদ্যা অধ্যয়ন করিয়া অতি উচ্চ বিদ্যা ও উপাধি প্রাপ্ত হন।

৬। যাঁহারা বিশেষপদ প্রাপণের ইচ্ছুক হইয়া উচ্চতম বিদ্যাভ্যাস করিতে প্রবর্ত্ত হইয়া গ্রাজুএট নামে খ্যাত হন তাঁহারদের নিমিত্ত আর কএকটি ছাত্রবৃত্তি আছে কিন্তু এইক্ষণে তাহার কিছু উল্লেখ হইবে না।

৭। অপর রায়তদের কিম্বা মজুরদের বুদ্ধিশীল সন্তান ক্রমশঃ নিম্নলিখিত পদ প্রাপ্ত হইয়া, অর্থাৎ

(১) মজুরদের সন্ততির মধ্যে গ্রামের পাঠশালা।

(২) গ্রামের পাঠশালাহইতে উত্তীর্ণ কএক জন বালক লইয়া মধ্য শ্রেণীর স্কুল।

(৩) মধ্য শ্রেণীর স্কুলের উত্তীর্ণ কএক বালক লইয়া উচ্চতর স্কুল।

(৪) উচ্চতর স্কুলের উত্তীর্ণ বালক লইয়া কালেজের দ্বিতীয় কেলাস

(৫) কালেজের দ্বিতীয় কেলাসের ও উচ্চতর স্কুলের উত্তীর্ণ বালকদিগকে লইয়া কালেজের প্রথম কেলাস।

(৬) কালেজের উত্তীর্ণ ছাত্রদিগকে লইয়া বিজ্ঞান ঘটিত পদ ও সিবিল কর্ম্মের উচ্চ শাখা ক্রমশঃ প্রাপ্ত হইয়া প্রসিদ্ধ ইঞ্জিনিয়র কি চিকিৎসক কি কৃষক কিম্বা উচ্চ শ্রেণীর কর্ত্তৃত্ব কার্য্যনিরূপক কিম্বা উচ্চতম আদালতের জজের পদপর্য্যন্ত উঠিতে পারিবেন।

৮। এতদ্রূপ হইতে পারিলেও সামান্য লেখা পড়ার পাঠশালার বিজ্ঞ২ বালকদিগকে সেই প্রকারের পুরস্কার সামান্যরূপে দেওয়া যাইবে না স্থলবিশেষে দেওয়া যাইবে। অধিকাংশ বালককে স্বাভাবিক অবস্থা অপেক্ষা উচ্চ দশাপন্ন করা না যায় এই বিষয়ে মনোযোগ থাকিবে। অতএব সাধারণ লোকেরা যে২ প্রকারের বিদ্যাদি শিক্ষা করা অত্যাবশ্যক জ্ঞান করেন উক্ত পাঠশালায় কেবল সেই২ বিষয়ের পরীক্ষা হইবে। কোন বালক উত্তমরূপে অঙ্ক কশিতে পারিলে ক্রমশঃ অতি উত্তম ইঞ্জিনিয়র কি জজ হইয়া উঠিতে পারিবে বটে কিন্তু যত কাল তাহাকে উচ্চ পদ দিবার জন্যে মনোনীত করা না যায় তত কাল অঙ্ক বিদ্যার উচ্চ কোন বিদ্যা অধ্যয়ন করিতে পাইবে না।

৯। বঙ্গপ্রভৃতি দেশের স্কুলের কি কালেজের কিছু মাত্র বিশেষ না মানিয়া সকল ছাত্র যুক্তিসিদ্ধ কোন২ নিয়ম পালন করিলেই বৃত্তি পাইতে পারিবেন। গবর্ণমেণ্টের কি সাহায্য-কৃত কি ব্যক্তিবিশেষের স্কুল হইলেও পক্ষপাতিতা কি অগ্রগণ্যতাভিন্ন সকল ছাত্র সমানরূপে বৃত্তির নিমিত্ত পরীক্ষা দিতে পারিবেন।

১০। নিম্নলিখিত বিধি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে। এই সকল বিধির একাংশ এই বৎসরেই প্রবল হইবে, অর্থাৎ বৃত্তি পাইবার ইচ্ছুক কোন ছাত্র উত্তীর্ণ হইলে তাহার অধ্যয়ন করিবার যে২ বিদ্যা নির্দ্ধারিত হইল তৎসম্পর্কে ঐ বিধি এই বৎসরেই প্রচলিত হইবে। এইক্ষণে অনেক স্কুলে কএকটি নূতন বিষয় অধ্যয়ন করিবার বিধান করা যাইতেছে তৎসম্পর্কে এই বিধির একাংশ আগামি বৎসরাবধি প্রবল হইবে। আগামি নূতন বৎসরে যে ছাত্রেরা বিজ্ঞানকাণ্ড অভ্যাস করিতে আরম্ভ করেন তাঁহারা ১৮৭৪ সাল পর্য্যন্ত ফাষ্ট আর্ট পরীক্ষা দেওনোপযুক্ত জ্ঞান প্রাপ্ত হইবেন অতএব ঐ বিধির একাংশ ঐ সালের পূর্ব্বে প্রবল হইবে না। তৎকালে নানা বিষয়োপলক্ষে ছাত্রবৃত্তি দেওনের পরিশিষ্ট বিধি প্রণয়ন করা যাইবে।

১১। এই ব্যাপারটি অত্যন্ত জটিল অনেকাংশও নূতন, কার্য্যানুশীলনক্রমে এবং অধিক সন্ধান প্রাপণানন্তর কোন বিধি পরিবর্ত্তনাদি করা আবশ্যক হইলে গবর্ণমেণ্টের প্রতি তাহা সংশোধন করিবার ক্ষমতা থাকিল।

১২। সামান্য লেখা পড়ার পাঠশালা বদ্ধমূল হইলে ও সেই পাঠশালার পক্ষে ছাত্রবৃত্তির সংখ্যা বৃদ্ধি করা আবশ্যক হইলে উচ্চ২ ছাত্রবৃত্তি বলিয়া যে অধিক টাকা দেওয়া গিয়া থাকে তাহাহইতে কিঞ্চিৎ কাটিয়া লওয়ার প্রয়োজন হইতে পারিবে। কিন্তু সেই বিষয় বিবেচনা করিবার সময় উপস্থিত হইলে রাজস্বের তাৎকালিক অবস্থা দৃষ্টে সেই কথা নির্ণয় করা যাইবে।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[Government Gazette, 29th October 1872.] 16 W

| Division | District | Number | Total |
|---|---|---|---|
| Rajshahye Division ... | Moorshedabad ... | 10 | |
| | Dinagepore ... | 8 | |
| | Maldah ... ... | 4 | |
| | Rajshahye ... | 10 | |
| | Rungpore ... | 12 | |
| | Bograh ... ... | 4 | |
| | Pubna ... ... | 7 | |
| | | — | 55 |
| Cooch Behar Division ... | Julpigoree . | 4 | |
| | Darjeeling . | 2 | |
| | | — | 6 |
| Dacca Division . | Dacca .. | 13 | |
| | Furreedpore . . | 8 | |
| | Backergunge .. | 12 | |
| | Mymensingh .. | 12 | |
| | Sylhet .. .. | 10 | |
| | Cachar .. | 2 | |
| | | — | 57 |
| Chittagong Division . | Chittagong . | 7 | |
| | Tipperah .. ... | 8 | |
| | Noakhally . | 5 | |
| | | — | 20 |
| Patna Division... | Patna ... ... | 12 | |
| | Gya ... ... | 10 | |
| | Shahabad . | 10 | |
| | Tirhoot ... | 18 | |
| | Sarun .. ... | 10 | |
| | Chumparun ... | 8 | |
| | | — | 68 |
| Bhaugulpore Division ... | Monghyr .. | 10 | |
| | Bhaugulpore . . | 10 | |
| | Purneah .. .. | 8 | |
| | Sonthal Pergunnahs | 7 | |
| | | — | 35 |
| Orissa Division .. | Cuttack ... . . | 15 | |
| | Pooree ... | 8 | |
| | Balasore ... | 7 | |
| | | — | 30 |
| Chota Nagpore Division ... | Hazareebaugh . | 8 | |
| | Lohardugga ... | 10 | |
| | Singbhoom | 4 | |
| | Maunbhoom .. | 8 | |
| | | — | 30 |
| Assam and Adjacent Hills ... | Goalpara . . | 4 | |
| | Kamroop... . | 4 | |
| | Durrung . . | 3 | |
| | Nowgong | 3 | |
| | Seebsaugor . | 3 | |
| | Luckimpore ... | 3 | |
| | Khasi Hills . . | 4 | |
| | | — | 24 |
| | Grand total ... | | 410 |

| খণ্ড | জেলা | সংখ্যা | মোট |
|---|---|---|---|
| রাজশাহী খণ্ড | মুরশিদাবাদ ... | ১০ | |
| | দিনাজপুর ... | ৮ | |
| | মালদহ ... | ৪ | |
| | রাজশাহী ... | ১০ | |
| | রঙ্গপুর ... | ১২ | |
| | বগুড়া ... | ৪ | |
| | পাবনা ... | ৭ | |
| | | — | ৫৫ |
| কুচবিহার খণ্ড | জলপাইগুড়ী ... | ৪ | |
| | দারজীলিঙ্গ ... | ২ | |
| | | — | ৬ |
| ঢাকা খণ্ড ... | ঢাকা ... | ১৩ | |
| | ফরীদপুর .. | ৮ | |
| | বাকরগঞ্জ ... | ১২ | |
| | ময়মনসিংহ ... | ১২ | |
| | ছিলট .. | ১০ | |
| | কাছাড় ... | ২ | |
| | | — | ৫৭ |
| চট্টগ্রাম খণ্ড... | চট্টগ্রাম ... | ৭ | |
| | ত্রিপুরা ... | ৮ | |
| | নওয়াখালী ... | ৫ | |
| | | — | ২০ |
| পাটনা খণ্ড ... | পাটনা .. | ১২ | |
| | গয়া ... | ১০ | |
| | শাহাবাদ ... | ১০ | |
| | ত্রিহুত . . | ১৮ | |
| | সারণ . . | ১০ | |
| | চাম্পারণ ... | ৮ | |
| | | — | ৬৮ |
| ভাগলপুর খণ্ড | মুঙ্গের ... | ১০ | |
| | ভাগলপুর .. | ১০ | |
| | পুরনিয়া .. | ৮ | |
| | সাঁওতাল পরগনা ... | ৭ | |
| | | — | ৩৫ |
| উড়িষ্যা খণ্ড ... | কটক ... | ১৫ | |
| | পুরী ... | ৮ | |
| | বালেশ্বর ... | ৭ | |
| | | — | ৩০ |
| ছোট নাগপুর খণ্ড | হাজারীবাগ ... | ৮ | |
| | লোহারডগা ... | ১০ | |
| | সিংহভুম ... | ৪ | |
| | মানভুম ... | ৮ | |
| | | — | ৩০ |
| আসাম ও তন্নিকটস্থ পর্ব্বত | গোয়ালপাড়া ... | ৪ | |
| | কামরূপ ... | ৪ | |
| | দরঙ্গ ... | ৩ | |
| | নওগাঁ ... | ৩ | |
| | শিবসাগর .. | ৩ | |
| | লক্ষীপুর .. | ৩ | |
| | খাসীপর্ব্বত ... | ৪ | |
| | | — | ২৪ |
| | মোট ... | | ৪১০ |

[*Government Gazette*, 29*th October* 1872.]

### 1872.

### *Minor and Vernacular Scholarship Rules.*

A SUM of Rs. 60,000 will be available for minor and vernacular scholarships, which will be distributed to the several districts of Bengal in accordance with the schedule hereto appended. This sum is to include any special survey scholarships which may be prescribed by Government. Any scholarships not taken up by students of the district during any year will be awardable by the Circle Inspector to the boys who have done best and yet have not got scholarships in other districts of the same division. Any scholarships not taken up in the division will be awardable by the Inspector to boys in some other division of the same province. Any scholarships not taken up in the province must be reported to Government through the Director for special re-allotment.

2. The scholarship money allotted to each district by these rules may be apportioned once in every three years by the District Committee—

Either to pay for minor or survey scholarships of Rs. 5 a month, tenable for two years at any higher class English school or school for surveying prescribed by Government;

Or to pay for vernacular scholarships of Rs. 4 a month, tenable for four years at any higher class English school.

The scholarship certificate will be tenable during good conduct, and cannot be withdrawn without the sanction of the Inspector. It will be for the committee to decide what money should be devoted to minor scholarships, and what to vernacular.

They will generally consult the Circle Inspector before taking a decision on the point; and they will consider the condition and the class of existing schools in the district, as well as the kind of education which may be most wanted by the people. They will publish their decision as widely as possible to all Government, aided, and private schools in the district as soon as it is taken.

3. For minor scholarships, middle class English schools alone can compete; and it will be within the discretion of the District Committee to debar from competing any school which may be a branch of any English higher class school.

4. No boy can compete for a minor scholarship after he has passed the age of sixteen, and

### ১৮৭২ সাল।

### মাইনর ও দেশীয় ভাষার ছাত্রবৃত্তির বিধি।

মাইনর ও দেশীয় ভাষার ছাত্রবৃত্তির নিমিত্ত ৬০০০০ টাকা নিরূপণ হইল। নিম্নলিখিত তফসীল অনুসারে ঐ টাকা [illegible]দেশের নানা জিলায় বিলি করিয়া দেওয়া যাইবে। গবর্ণমেণ্ট সরবের নিমিত্ত কোন বিশেষ ছাত্রবৃত্তি নির্দ্দিষ্ট করিলে ঐ টাকার মধ্যে তাহাও ধরা যাইবে। কোন বৎসর কোন জিলার ছাত্রেরা ঐ জিলার নিমিত্ত নির্দ্দিষ্ট বৃত্তি না পাইলে খণ্ডের অন্তর্গত অন্য জিলার যে ছাত্রগণ উত্তমরূপে বিদ্যানুশীলন করিয়াও বৃত্তি পাইলেন না চক্রের ইনস্পেকটর সাহেব তাহারদিগকে সেই২ বৃত্তি দিতে পারিবেন। সেই খণ্ডের অন্তর্গত ছাত্রগণ ঐ বৃত্তিপ্রাপ্ত না হইলে ইনস্পেকটর প্রদেশান্তর্গত অন্য খণ্ডের ছাত্রদিগকে তাহা দিতে পারিবেন। প্রদেশের অন্তর্গত ছাত্রগণ যে বৃত্তি প্রাপ্ত না হন ডাইরেকটর সাহেবেরদ্বারা গবর্ণমেণ্টে তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে ও তাহা বিশেষমতে পুনশ্চ নিরূপণ করা যাইবে।

২। এই বিধিদ্বারা প্রত্যেক জিলার ছাত্রবৃত্তির নিমিত্ত যে টাকা নিরূপণ হইল, জিলার কমিটী তিন২ বৎসরান্তর তাহা বিলি করিয়া দিবেন। তাহাহইতে

হয় মাইনর কি সরবের নিমিত্ত মাসে ৫৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া যাইবে। তাহা উচ্চ শ্রেণীর ইঙ্গরেজী স্কুলে কিম্বা গবর্ণমেণ্ট সরবে শিক্ষা করণের যে বিদ্যালয় নির্দ্দিষ্ট করেন সেই বিদ্যালয়ে দুই বৎসর ভোগ হইবে।—

অথবা দেশীয় ভাষার নিমিত্ত মাসে ৪৲ টাকা করিয়া বৃত্তি দেওয়া যাইবে। তাহা উচ্চশ্রেণীর কোন ইঙ্গরেজী স্কুলে চারি বৎসর ভোগ হইবে।

ছাত্র যত কাল সদাচারে থাকেন ছাত্রবৃত্তির সর্টিফিকট তত কাল তাঁহার নিকট থাকিবে ও ইনস্পেক্টরের অনুমতিবিনা তাহার নিকটহইতে লওয়া যাইতে পারিবে না। মাইনর ছাত্রবৃত্তির নিমিত্ত কত টাকা ও দেশীয ভাষার ছাত্রবৃত্তির নিমিত্ত কত টাকা নিরূপণ হইবে এই কথা কমিটী নির্ণয় করিবেন।

এই বিষয় নির্ণয় করিবার পুর্ব্বে তাঁহারা চক্রের ইনস্পেক্টরের পরামর্শ লইবেন এবং জিলায় যে২ স্কুল আছে তাহার অবস্থা ও তাহা যে২ শ্রেণীর হয় ও যে প্রকারের বিদ্যাশিক্ষাতে সাধারণ লোকের অধিক উপকার হয় তাঁহারা এই সকল বিষয় বিবেচনা করিবেন। নির্ণয় হইলেই তাঁহারা জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের এবং সাহায্যকৃত ও সাধারণ ব্যক্তিদের সকল স্কুলে সাধ্যমতে বিস্তারিতরূপে আপনারদের সেই নির্ণয়ের কথা প্রচার করিবেন।

৩। মধ্য শ্রেণীর ইঙ্গরেজী স্কুলভিন্ন অন্য স্কুলের ছাত্রগণ মাইনর ছাত্রবৃত্তি পাইবার আশয়ে পরীক্ষা দিবেন না। এবং উচ্চ শ্রেণীর ইঙ্গরেজী স্কুলের কোন শাখাস্কুলের ছাত্রেরা সেই আশায় পরীক্ষা দিতে চাহিলে জিলার কমিটী আপনারদের বিবেচনামতে তাহা বারণ করিতে পারিবেন।

৪। কোন বালকের ষোল বৎসর বয়স উত্তীর্ণ হইলে তিনি মাইনর ছাত্রবৃত্তি পাইবার আশয়ে

no boy can compete for a vernacular scholarship after he has passed the age of fifteen years.

5. The successful candidates for each class of scholarships will be arranged in three divisions as follows:—

Those obtaining $\frac{1}{2}$ marks and upwards, in the first division.

Those obtaining $\frac{3}{8}$ marks and less than $\frac{1}{2}$ marks, in the second division.

Those obtaining $\frac{1}{4}$ marks and less than $\frac{3}{8}$ marks, in the third division.

Two-thirds of the scholarships of each district will be awarded to the highest candidates from each, provided they are in the 1st or 2nd division, and the remaining third part will be granted by the District Committee to candidates from schools situated in parts of the district where education is backward.

Not more than two scholarships shall be allotted to any school in any one year.

6. The subjects of examination are as follows:—

*Vernacular Scholarships.*

| No of papers. | | Maximum marks |
|---|---|---|
পূর্ব্বং বৎসরে যে টাকা খরচ হইয়াছে ৩১ নং রিটর্ণের ৬ নং টেবিলের ২ অবধি ১৬পর্য্যন্ত ঘরের শীর্ষকের পাঠে বৎসরং তদনুরূপ এক বজেট প্রস্তুত করিয়া কমিশ্যনর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে ও সেই বজেটের টাকা আদায় করিবার উপায় সূচক এক বর্ণনাপত্র নিম্নলিখিত পাঠে প্রস্তুত করা যাইবে।

বজেটের সঙ্গে টাকা আদায় করিবার উপায় সূচক বর্ণনাপত্র।

১। অমুক সালের আপ্রিল মাসের ১ তারিখে অনুমান এত টাকা হাতে থাকিবে।

২। বজেটঅনুসারে এত টাকা আদায় হইবার সম্ভাবনা ঐ টাকার সঙ্গে একুণ করিলে এত টাকা হয়।

৩। বজেট অনুসারে এত টাকা খরচ হইবার সম্ভাবনা, তাহা বাদ দিলে

৪। অমুক সালের আপ্রিল মাসের ১ তারিখে এত টাকা হাতে থাকিবার সম্ভাবনা।

Items entered in this Budget will belong to one of these three classes.

---

### A. Money, Esq., C.B.

---

### No. 5.

The following changes have been made, under the sanction of Government, in the selling price of abkaree opium, with effect from the 1st of January 1873:—

| | Division. | District. | Selling Price per Seer. Present Rs. | Sanctioned. Rs. |
|---|---|---|---|---|
| 1. | Orissa | Balasore | 22 | 25 |
| 2. | Burdwan | All districts | | |
| 3. | Presidency | All districts | | |
| 4. | Rajshahye | All districts | 22 | 24 |
| 5. | Chittagong | All districts | | |
| 6. | Orissa | Cuttack and Pooree | | |
| 7. | Dacca | All districts | | |
| 8. | Assam | All districts | 22 | 23 |
| 9. | Cooch Behar | Julpigoree | | |
| 10. | Bhaugulpore | Purneah | 20 | 22 |

2. The selling price in the remaining districts will remain as at present.

---

### No 6.

In a case recently reported to the Member in charge, a large number of Adhesive Court Fees Stamps are said to have been rendered quite unfit for use through careless exposure to damp; the sheets of Stamps becoming firmly fixed together by the gum on the back.

2. To prevent similar loss in future, all District Officers are enjoined to take extra precautions to preserve the Adhesive Stamps supplied to them from damp. The present stocks should be carefully examined, and dried when necessary, and the place where they are stored should be always kept properly dry. The sheets also, as far as possible, should be kept face to face, and never back to back.

---

### No. 7.

Gunga Narain Banerjee, late Income Tax clerk at Jehanabad, in the district of Hooghly, has absconded to avoid his trial under a charge of fraud, and general notice is therefore given that he may not be elsewhere re-employed in any capacity under Government.

এই বজেটে যেং দফা লেখা যায় তাহা নিম্নলিখিত তিন শ্রেণীর মধ্যে কোন এক শ্রেণীর অন্তর্গত করা যাইবে।

---

### শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

---

### ৫ নম্বর।

গবর্ণমেণ্টের অনুমতিক্রমে আবকারী আফীমের দর পরিবর্ত্তন হইয়া ১৮৭৩ সালের জানুআরি মাসের ১ তারিখ অবধি ঐ আফীম এইং মূল্যে বিক্রয় হইবে।

| | দেশখণ্ড | জিলা | সের প্রতি মূল্য বর্ত্তমান | অনুমতিমত |
|---|---|---|---|---|
| ১। | উড়িষ্যা | বালেশ্বর | ২২৲ | ২৫৲ |
| ২। | বর্দ্ধমান | সকল জিলা | | |
| ৩। | প্রেসীডেন্সী | সকল জিলা | | |
| ৪। | রাজশাহী | সকল জিলা | ২২৲ | ২৪৲ |
| ৫। | চট্টগ্রাম | সকল জিলা | | |
| ৬। | উড়িষ্যা | কটক ও পুরী | | |
| ৭। | ঢাকা | সকল জিলা | | |
| ৮। | আসাম | সকল জিলা | ২২৲ | ২৩৲ |
| ৯। | কুচবিহার | জলপাইগুড়ী | | |
| ১০। | ভাগলপুর | পুরণিয়া | ২০৲ | ২২৲ |

২। অন্যং জিলায় যে মূল্যে বিক্রয় হইতেছে তাহাই থাকিবে।

---

### ৬ নম্বর।

অমনোযোগ হেতুক আদালতের রসুমের অনেকগুলি আটাল ইষ্টাম্প রসিয়া ফর্দ্দের পৃষ্ঠভাগের গোঁদ অতি দৃঢ়মতে এমন লেপ্টাইয়া গেল যে তাহা একেবারেই অকাযের হইল, সম্প্রতি কোন স্থলে এইরূপ হইলে এই বিষয়ে যে সাহেবের কার্য্যাধ্যক্ষতা থাকে তাঁহাকে জ্ঞাত করা গিয়াছে।

২। ইহার পর সেই প্রকারের হানি আর না হয় এইকারণে জিলার সকল কর্ত্তৃপক্ষের প্রতি এই আদেশ হইল। তাঁহারদিগকে আটাল যত ইষ্টাম্প দেওয়া যায় তাহা না রসে এই জন্যে অতিরিক্ত ভাবে সতর্ক থাকিবেন। এইক্ষণে যাহা হাতে আছে তাহা মনোযোগে দেখিয়া লইতে হইবে ও আবশ্যক হইলে তাহা শুকাইয়া যে স্থানে সর্ব্বদা শুষ্ক থাকিবে এমত স্থানে রাখিতে হইবে। আরো সকল ফর্দ্দ পিঠে পিঠে না রাখিয়া সাধ্যমতে উল্‌টিয়া রাখিতে হইবে।

---

### ৭ নম্বর।

হুগলী জিলার অন্তর্গত জাহানাবাদের সাবেক ইনকম টাক্সের কেরাণী শ্রীগঙ্গানারায়ণ বন্দ্যোপাধ্যায় প্রতারণার অভিযোগে বিচার হইবার ভয়ে পলাইয়াছে অতএব অন্য কোন স্থানে গবর্ণমেণ্টের অধীন কোন পদে কর্ম্ম না পায় এইজন্যে সাধারণের নিকট এই নোটিস দেওয়া গেল।

[*Government Gazette*, 19th November 1872.]

No. 8.

Agreeably to the orders of Government, the Member in charge directs that, in all districts where the Sub-divisional system has been introduced, the Officers in charge of Sub-divisions shall in future manage the Excise within their jurisdiction in accordance with the following instructions embodied in para. 5 of Board's letter to Government, No. 39 of 27th January 1863, a copy of which was circulated with Board's Circular No. 13, dated 16th March 1863.

2. The system here prescribed is already followed in some districts, as regards other districts where it will now be introduced, the Commissioners concerned are requested to report to this office the date from which it comes into effect.

"I would make the Darogahs and their establishments subordinate to the Sub-divisional "Officer, who should be as strictly responsible "for the administration of this portion of the "duties of his Sub-division as for every other. "But I would not multiply work and burden the "Sub-divisional Establishment by making the "Sub-divisional Officer's records distinct from "the Abkarry Darogah's. The Darogah should "not send up to the Sub divisional Officer statements and reports to be recorded there, and a "copy made for transmission to the Sudder "Office. The Abkarry Darogah's office and "records should be the office and records of the "Sub-divisional Officer Applications, reports, "and orders should pass between the Sub-divisional Officer and the Abkarry Darogah just "as they do between the Sub-divisional Officer "and his Sheristadar or Nazir. Statements drawn "up by the Abkarry Darogah should be examined, "corrected, passed, and submitted to the Sudder "Office by the Sub-divisional Officer just as if "they had been drawn up by his Sheristadar, "and the record of all this should be in the "Abkarry Cutcherry only. This plan would "obviate any complaints of additional work "thrown on the Sub-divisional Establishment.

"The Deputy Collector at the Sudder Station "in charge of the Abkarry Department and Income-tax, should receive all returns and statements direct from the Sub-divisional Office; "they should be compiled and aggregated in his "office, and he should be responsible for pointing "out to the Collector any irregularity, slackness, "or objectional practice in the Sub-divisions: he "would be the Officer whom the Collector should

৮ নম্বর।

আবকারী কার্য্যের অধ্যক্ষ গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে এই আদেশ করিলেন। যে সকল জিলায় মহকুমার নিয়ম সংস্থাপিত হইয়াছে সেই২ জিলার মহকুমার কার্য্যকারকেরা এই অবধি গবর্ণমেণ্টের নিকট বোর্ডের ১৮৬৩ সালের ২৭ জানুআরি ৩৯ নং পত্রের ৫ ধারার নির্দ্দিষ্ট নিম্নলিখিত আদেশানুসারে আপন২ কর্ত্তৃত্বাধীন স্থানের আবকারীর কার্য্যের অধ্যক্ষতা করিবেন। ঐ পত্রের প্রতিলিপি বোর্ডের ১৮৬৩ সালের ১৬ মার্চের ১৩ নং সরকুলরের সঙ্গে২ প্রেরণ করা গিয়াছিল।

কোন২ জিলায় সেই নিয়মানুসারে এখন কার্য্য চলিতেছে। অন্যান্য জিলায় এই অবধি প্রচলিত হইবে ও সেই বিষয়ে যে কমিশ্যনর সাহেবদের সম্পর্ক থাকে তাঁহারদের প্রতি সেই২ জিলায় ঐ নিয়ম প্রচলিত হইবার তারিখ এই আফিসে জানাইতে আদেশ করা যাইতেছে।

"আমার বিবেচনামতে দারোগাদিগকে ও তাঁহারদের সিরিশতা মহকুমার কর্ত্তৃপক্ষের অধীন করা উচিত। ও মহকুমার সেই কর্ত্তৃপক্ষ আপন মহকুমার অন্যান্য কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ হইবার বিষয়ে যেমন দায়ী হন এই কার্য্যের বিষয়েও তেমনি দায়ী হইবেন। কিন্তু মহকুমার কর্ত্তৃপক্ষের কাগজপত্র আবকারী দারোগার কাগজপত্র হইতে পৃথক রাখিয়া আয়াস বৃদ্ধি করা ও মহকুমার আমলাগণের ঘাড়ে অধিক বোঝা ফেলা উদ্দেশ্য নয়। দারোগা মহকুমার কর্ত্তৃপক্ষের আফিসে রাখিবার জন্যে ও তথায় নকল হইয়া সদর আফিসে পাঠাইবার জন্যে আপন বর্ণনাপত্র ও রিপোর্ট যে পাঠাইবেন এমত নয়। আবকারী দারোগার আফিস ও কাগজপত্র মহকুমার কর্ত্তৃপক্ষেরই আফিস ও কাগজপত্র হইবে। মহকুমার কর্ত্তৃপক্ষ ও তাঁহার সিরিশতাদার কি নাজির পরস্পর প্রার্থনাপত্র ও রিপোর্ট ও আজ্ঞাপত্র যেমন প্রেরণ করিয়া থাকেন আবকারী দারোগা ও তিনি পরস্পর তদ্রূপই করিবেন। কর্ত্তৃপক্ষ মহকুমার সিরিশতাদারের বর্ণনাপত্রের ন্যায় আবকারী দারোগার বর্ণনাপত্রও দেখিয়া সংশোধন ও গ্রাহ্য করিয়া সদর আফিসে পাঠাইবেন ও এই সকল কার্য্যের রিকার্ড কেবল আবকারী কাছারীতে থাকিবে। এইরূপে কার্য্য হইলে মহকুমার আমলাগণের উপর অধিক কার্য্য বর্ত্তিবার কোন কথা থাকিবে না।

আবকারী কর্ম্মবিভাগের ও ইনকম টাকসের অধ্যক্ষতা কার্য্যের ভার সদর মোকামের যে ডেপুটী কালেক্টরের প্রতি থাকে মহকুমার আফিসের সকল রিটর্ণ ও বর্ণনাপত্র তাঁহারই নিকট পাঠান যাইবে। তাহা তাঁহার আফিসে সংগৃহীত ও একত্রীভূত করা যাইবে ও মহকুমার মধ্যে নিয়মবহির্ভূত কোন কার্য্য হইলে কি শৈথিল্য প্রকাশ হইলে কিম্বা যে ব্যবহারে আপত্তি ধরা যাইতে পারে এমত ব্যবহার দেখা গেলে কালেক্টর সাহেবের নিকট তাহা প্রকাশ করিবার দায় ঐ ডেপুটী

"consult in all general questions affecting the "the whole District. But the Sudder Deputy "Collector's authority to issue instructions direct "to the Sub-divisional Officers should be confined "to matters connected with the drawing up of "statements. He should also have the power of "calling for information on *any* point, as he "would be answerable for the consistent working "of details all over the District. All general "arrangements which the Sudder Station Deputy "Collector might resolve to introduce would, if "approved, be communicated to Sub-divisional "Officers through the Collector."

কালেক্টরের প্রতি বর্ত্তিবে। সাধারণ যে সকল বিষয় লইয়া তাবৎ জিলার লাভালাভ হইতে পারে সেই বিষয়ে কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরের সহিত পরামর্শ করিবেন। কিন্তু বর্ণনাপত্র প্রস্তুত করণ সম্পর্কীয় যে আদেশ করা উচিত সদর ডেপুটী কালেক্টর মহকুমার কর্ত্তৃপক্ষদিগকে কেবল সেই আদেশ করিতে পারেন, নতুবা অন্য বিষয়ে তাঁহার অব্যবহিতরূপে আদেশ করিবার ক্ষমতা থাকিবে না। আরো জিলার সকল স্থানে সবিশেষ যে কার্য্য চলে তাহা উপযুক্তমতে চলিবার বিষয়ে ডেপুটী কালেক্টর দায়ী হন অতএব তাঁহার যে কোন বিষয়ের সন্ধান জানা প্রয়োজন তাহা জিজ্ঞাসা করিয়া লইতে পারিবেন। সদর মোকামের ডেপুটী কালেক্টর যদি কোন নুতন সাধারণ নিয়ম করিতে চাহেন তবে তাহা অনুমোদিত হইলে কালেক্টর সাহেব মহকুমার কার্য্যকারকদিগকে তাহা জানাইবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ২৪ পরগনা।

এস্তেহার নামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাত সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর কিস্তীর মালগুজারির বাকি বাবত ইংরাজি সন ১৮৭২ সালের ১৮ ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৭৯ সাল ৫ পৌষ রোজ বুধবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৭২ সাল তারিখ ২ নবেম্বর মোতাবেক সন ১২৭৯ সাল তারিখ ১৮ কার্ত্তিক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

২০০৬নং পরগনে কলারোওয়া কিং কলারোওয়া হোশেনপুর মোট সদর জমা মায় পোলীস কোম্পানি ৬০৪৯৷৵৬ টাকা তন্মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ॥৵১৬৷৵ আনা রকম হিস্যার সদরজমা মায় পোলীস কোম্পানি ৩৭১৬৴১ টাকা পৃথকরূপে স্বতন্ত্র হিসাব স্থাপিত হইয়া তাহার বাকী আদায় হইয়াছে অবশিষ্ট ।৵৩।৶ আনা হিস্যার মালিক রঘুনাথ রায় ওগয়রহ তাহার সদর জমা মায় পোলীস কোম্পানি ২৩৩৩॥৫ টাকা।

যে পৃথকরূপে আদায় হইতেছে তাহারি বাকী ২১৩৶১০৶ টাকা আদায় জন্য নীলাম হইবেক।

A. B. FALCON,
*Offg. Collector*

## জেলা পুরী।

### সরবরাকারি ও ভূমি বিক্রয়ের ইস্তাহার।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৭১ সালের ২ আইনের বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা পুরীর অন্তর্গত নিম্নলিখিত সরবরাকারি ও গের মাহাল উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে বাকি রাজস্বের নিমিত্ত নিম্নলিখিত নিরূপিত তারিখে প্রকাশ্য নীলাম দ্বারায় বিক্রয় হইবেক, তাং ২১ সেপ্টেম্বর ১৮৭২ সাল।

| শ্রেণীর নম্বর | মাহালের শ্রেণী | খাস মাহাল তৌজির নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মিয়াদি বন্দোবস্ত | ১০৯ | প্রঃ বাহাজ মৌঃ সুকুল কিঃ পধানি | বিচিত্রানন্দ দাস | ১১৪০॥২৸ | ৭৫৪॥২৸ | ৭ ইীঃ নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল রোজ বৃহস্পতিবার ২৪ শা কার্ত্তিক | উক্ত বাকির জন্য এ মাহাল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষতক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযাই বাহাল রহিয়াছে। |
| ২ | ঐ | ১৬৪ | প্রঃ ঐ গড় রা-জরো মৌরসি সরবরাকারি | ১ রাঘব শ্রীচন্দন মন-বেহেরা<br>২ বৈরাগিচরণ মহাপাত্র কোট করণ<br>৩ গোবিন্দদাস ভুয়ীমুল<br>৪ গোপিনাথ রাউতরা<br>৫ বালকৃষ্ণ সাঁতরা<br>৬ হরি মঙ্গরাজ<br>৭ কীর্ত্তিবাস শ্রীচন্দন দ-মাযান | ৯৯৮৻১১।০ | ৮৩০৸১১।০ | ৮ ইীঃ নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ২৫শা কার্ত্তিক রোজ শুক্রবার | ঐ |
| ৩ | ঐ | ৪২ | প্রঃ সিরাই মৌঃ হরসপাড়া কিঃ পধানি | ১ জগন্ত বিসুযান<br>২ বারানিধিবিসুয়ান<br>৩ কৃপাবিসুয়ান<br>৪ চৈতন বিসুয়ান | ৭৪০।৴৯।০ | ৭৪০।৴৯।০ | ২৩শা নবম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ১০ ইীঃ অগ্রহায়ণ রোজ শনিবার | ঐ |

৫২

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | ঐ | ৪৫ | প্রঃ ঐ<br>মৌঃ অমিলগোদা<br>কিঃ পধানি | ১ আদিকন্দবরান<br>২ মাগুনি জেনা<br>৩ মাধব বরাল<br>৪ মুলি পধান<br>৫ নারায়ণ পধান<br>৬ জিখি জেনা<br>৭ গোবিন্দ রাউত্তরা | ১,০০০।৵৭।।০ | ১,০০০।৵৭।।০ | ঐ | ঐ |
| ৫ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ অনিবাড়<br>কিঃ পধানি | ১ ভূজ পরিড়া<br>২ চবণ পরিড়া<br>৩ হুসি পলাই<br>৪ ভগবান পলাই<br>৫ বাসুকি রবাড়<br>৬ বিশ্বম্ভর পধান<br>৭ জিখিসাহু | ৮৪০৸৵৪৸ | ৮৪০৸৵৪৸ | ঐ | ঐ |
| ৬ | ঐ | ৪৪ | প্রঃ চব্বিস কুদ<br>মৌঃ বিজপুর<br>কিঃ পধানি | ১ জগবন্ধু পটিযোসি<br>২ জগন্নাথ প্রসাদ দাস | ৭৬৬৲৮৸ | ৩৭৪৲৮৸ | ২১শা নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ ই: অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার। | ঐ |
| ৭ | ঐ | ৪৬ | প্রঃ ঐ<br>মৌঃ গোনরা<br>কিঃ পধানি | ১ কীর্ত্তিবাস পধান<br>২ মধুসুদন রাউত্তরা<br>৩ রাম সুঞ্জী<br>৪ জোগি সুঞ্জী<br>৫ বৃন্দাবনচন্দ্র দাস<br>৬ কার্ত্তিক সাহু<br>৭ গিরিধারি পধান | ৫০৭।।৵৮। | ৩৬৭।।৵৮। | ঐ | ঐ |
| ৮ | ঐ | ৫০ | প্রঃ ঐ<br>মৌঃ জগদল | ১ বাসু সাহু<br>২ ধনি পলাই<br>৩ বিদ্যাধর পলাই নাবালগের মাহাফিজ ধনি পলাই<br>৪ আরত্ত দাস | ১১১৭৸৶৬। | ১১১৭৸৶৬। | ঐ | ঐ |

| শ্রেণীর নম্বর | মহালের শ্রেণী | খাস মাহাল তৌজীর নম্বর | মাহালের নাম | মালিকের নাম | সদর জমা | সন ১২৭৯ সালের বাকি | নীলামের নিরূপিত তারিখ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | মিয়াদিবন্দবস্ত | ৫১ | প্রঃ চব্বিশ কুদ মৌঃ তনমাল | ১ মাগুলী সাহু<br>২ হরি সাহু<br>৩ জগবন্ধু মল্লিক<br>৪ ভাগরথি সাহু<br>৫ পরমানন্দ সাহু<br>৬ রাঘব পধান<br>৭ আদিকন্দপধান<br>৮ বিদ্যাধর দাস | ১১৪৮৸৶৪॥ | ১১৪৮৸৶৪॥ | ২১শা নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ৮ হীঃ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার | উক্ত বাকির জন্য ঐ মহোল নিলাম হইবেক এবং উক্ত মাহালের বন্দোবস্ত শর্ত্ত সন ১৩০৪ সালের শেষতক সাবেক বন্দোবস্তের শর্ত্ত অনুযাই বাহাল রহিয়াছে। |
| ১০ | ঐ | ৫৫ | প্রঃ ঐ মৌঃ বড বন্ধকেবা ১ কিসমত | ১ রঘু পলাই | ৫৩৭৶৭॥ | ৫৩৭৶৭॥ | ১৯শা নবেম্বর সন ১৮৭২ সাল মুঃ সন ১২৮০ সাল ৬ হীঃ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার | ঐ |

J. C. Geddes,
*Officiating Collector.*

## জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৭২ সালের ন'ং কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকি আদায় কারণ সন ১৮৭২ সালের ৩০ নবেম্বর মোতাবক সন ১২৭৯ সালের ১৬ অগ্রহায়ণ শনিবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৭২। ৩ অক্টোবর মোতাবক সন ১২৭৯। ১৮.আশ্বিন।

| শ্রেণীর নম্বর | মাহালের প্রকরণ | তৌজীর নম্বর | নাম মাহাল | নাম তালুকদার | সদর জমা | তারদাদ রকম যাহা নীলাম হইবেক। |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রথমশ্রেণীর মাহাল | ২২৭ | কিঃ মোঃ প'-কুড়িহায পঃ বারবক সিংহ | রাধাবল্লভ জগন্নাথ ও রামতনু সিংহ | ৭৩৯৻১১ | সমুদয় মাহাল |
| ২ | ঐ | ২৬৮ | কিঃ তঃ বংশিবদনপুর পঃ লস্করপুর | কৃষ্ণসুন্দরী দেব্যা ... | ৭৯৫ ⁄৫ | ঐ |
| ৩ | ঐ | ২৭১ | কিঃ তঃ ঐ পঃ ঐ | গিরিশনারায়ণ ঈশান নারায়ণ ঈশ্বরনারায়ণ ও বৈকুণ্ঠনাথ রায | ২২৪৬।/৮ | ঐ |
| ৪ | ঐ | ৪৩৬ | কিঃ পঃ সাজাহাপুর পঃ সাজাহাপুর | বিনদরাম সেন গোপালচাঁদ সেটীযা বুধ সিংহ দুধড়িযা পাতু বিবি জওজে লেহালচান্দ সেটিযা বাবু ধনপত সিংহ দুগড় বেচারিলাল শীল দোলগোবিন্দমণী দেব্যা গণেশচন্দ্র সেন ওয়ারিষ পুত্র মৃত ব্রজমোহন সেন গঙ্গানারায়ণ সেন কুলদাপ্রসাদ নলিত মাধব গোপেশ্বর সেন নিত্যানন্দ ভগবানচন্দ্র সেন খোদ ও ওাল জানিবে দীনবন্ধু সেন নাবালগ বনওয়ারিলাল বৈদ্যনাথ সেন খোদ ও ওলিজানিবে মুকুন্দলাল সেন নাবালগ লচমন দাস গুরুদাস সেন বিপীনবেহারি সেন ওলি জানিবে নবীন বেহারি সেন ও মর্ম্মসখি দাস্যা | ৩৩৬৫॥৭<br>বাদ যাহা পৃথক হিসাব হইযাছে<br>মর্ম্ম সখি দাস্যা সদর জমা ৮৯৫৸/৬<br>দোল গোবিন্দমণী দেব্যার সদর জমা ২২৬৲<br>১১২০৸/৬<br>২২৪৫।৶১ | মর্ম্মসখি দাস্যা ও দোলগোবিন্দমণী দেব্যার অংশ বাদে অন্যান্য সরিকের অংশ নীলাম হইবেক। |

W WAVELL,
*Offg. Collector.*

## জিলা হুগলী।

### জমীদারী বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেকটরী জেলা হুগলী।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা হুগলীর অন্তর্গত নিম্নলিখিত মহাল সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত সন ১৮৭২ সালের ১৯ ডিসেম্বর মোতাবক বাঙ্গলা সন ১২৭৯ সালের ৬ পৌষ বৃহস্পতিবার দিবসে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবে ইতি সন ১৮৭২ সাল তারিখ ২৯ অকটোবর।

| মহালের নম্বর। | মহাল ও পরগনার নাম | বাকিদার মালিকের নাম | সদর জমা | বাকির পরিমাণ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণীর ইস্তমুরারী বন্দবস্তী মহাল। | | | | |
| ২৬ নং.. | মালিকাপুর পং বালিগড়ি। | বামানন্দ বন্দ্যোপাধ্যায় সাং আলা পরগণে হাবেলি<br>শরৎচন্দ্র রায় নাবালগের অলি পিতা কালিদাস রায়<br>নাবালগ জ্ঞানেন্দ্রনাথ রায় ও উপেন্দ্রনাথ রায় ও সুধাংশুশিখর রায় ও কিশোরীমোহন রায়ের অলি মাতা তিলোত্তমা দেবী সাং শুড়ে চকদিঘী পং হাবেলি জেলা বৰ্দ্ধমান পূর্ব্বাংশ<br>পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় সয়ং ও অলি অছি জানবে নাবালগ ভ্রাতষ্পুত্র প্রমথনাথ ও হরিনাথ বন্দ্যোপাধ্যায় সাং আলা পং হাবেলি<br>শ্রীশ্রী৺ মধুসূদন শ্রীধর বিষ্ণু ও শ্রীশ্রী৺ মহেশ্বর ও মৃত্যুঞ্জয় শিবঠাকুরের তরফ সেবায়েত নবকৃমুঞ্জরি দেবী সাং শুড়ে চকদিঘী পং হাবেলী জেলা বৰ্দ্ধমান পূর্ব্বাংশ | ১০৫৯৫৶৮ | ৪১৮৵১১ | |
| ঐ মহালের সামিল | | | | | |
| ২১৫১ নং | চাকরান মালিকাপুর পং বালিগড়ী | মালিক ঐ ঐ ... | ১১৫৩ | ৩০।৵১ | |
| | | | ১০৭০৯৶০১ | ৭২।৴ | এই বাকীর জন্য নীলাম হইবেক।<br>এই বাকী ১৮৭২।৭৩ সালের দ্বিতীয় কোওয়ার্টারের বাকী। |
| | প্রথম শ্রেণীর ইস্তমুরারী বন্দবস্তী মহাল | | | | |
| ৩৯৫৪ নং | কুলগাছি ও মালিমপুর পং খালড় | রাণী মহামায়া ও প্রাণকৃষ্ণ মিত্র অছিজানবে নাবালগ কুমারবিজয়কেশব রায় বাহাদুর সাং আন্দুল পং মোজফ্ফরপুর শ্যামাসুন্দরী দেবী সাং শ্রীরামপুর পং বোর বৃন্দাবনচন্দ্র রায় সাং শ্রীরামপুর পং বোর ... | ৩২৩৮।/৩ | | |
| | | বাদ বৃন্দাবনচন্দ্র রায়ের অংশ বকম ।/০ আনা যাহা ১৮৫৯। ১১ আইনমতে পৃথক হিসাব হইয়াছে সদর জমা ... | ১০১১।/৯ | | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৯ নবেম্বর।]

| মহালের নম্বর। | মহাল ও পরগনার নাম | বাকীদার মালিকের নাম | সদর জমা | বাকীর পরিমাণ | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|
| ৩৯৪৪ নং | প্রথম শ্রেণীর ইস্তমুরারি বন্দোবস্তী মহাল কুলগাছি ও মালিমপুর পং খালর | বাকী রাশি মহামায়া ও প্রাণকৃষ্ণ মিত্র অছি জানবে মহারাজ কুমার বিজয়কেশব রায় বাহাদুর ও শ্যামাসুন্দরী দেবীর অংশের সদর জমা .. ... | ২২৪৬৸৶৬ | ৭৯.৯ | এই বাকীর জন্য নীলাম হইবেক। এই বাকী ১৮৭২।৭৩ সালের দ্বিতীয় কোওয়াটারের বাকী। |

F. H. PELLEW,
*Off. Collector.*

---

NOTICE OF SALES FOR ARREARS OF REVENUE.

NOTICE is hereby given, under Section VI, Act 6 of 1859, that the undermentioned Estate in the district of East Burdwan will be put up to public and unreserved sale at the Collector's Office of that district, on the 17th day of December 1872, for arrears of revenue and other demands, which by the Regulations and Acts in force, are directed to be realized in the same manner as arrears of revenue, due on the 28th day of September 1872 —

| Number in the Rent Roll. | Class. | Name of Mehal and Pergunnah. | Proprietors. | Government Revenues. | | | REMARKS. |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Rs. | A. | P. | |
| 158 ... | 1st Class Permanently settled. | Shoomuddiogon, Pergunnah Shatsoika | Rohimunnissa Bibi, Kylas Chunder Dey Chowdhury, Gobin Chand Nundy, and Nilkamal Dey Chowdhury. | 2,710 | 8 | 11 | The entire estate to be sold for arrears of Government revenue only, which became due on the 28th September 1872. |

E. H. RUDDOCK,
*For Collector.*

জিলা বৰ্দ্ধমান।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বৰ্দ্ধমানের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৭ ডিসেম্বর মঙ্গলবার তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে। ইতি সন ১৮৭২। ৫ নবেম্বর——

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য করা মহাল।

১৫৮ নং তৌজী সমুদ্রগড়ী পরগনে সাতসৈকা মালিক রহিমনেছা বিবি ও কৈলাশচন্দ্র দেচৌধরি ও গোবিনচাঁদ নন্দী নীলকমল দেচৌধুরি সদর জমা ২৭১০।।১১

এই মহাল কেবল সরকারি বাকী রাজস্বের জন্য নিলাম হইবেক ইতি।

E. H. RUDDOCK,
*For Collector.*

[*Government Gazette*, 19*th November* 1872.]

## NOTICE.

**Calcutta Municipality.**

*A SPECIAL Meeting of the Justices of the Peace for the Town of Calcutta will be held at the Town Hall on Wednesday, the 27th November 1872, after the business of the adjourned Special Meeting appointed to be held on that day at 11 o'clock A.M*

**Business to be brought forward.**

The Chairman to move "that Licenses under the Jute Act be granted in the case of the following Jute Ware-houses on the conditions recommended by the Special Committee, and the further condition of the requirements of their notice of 4th May 1872 being observed, the fee recommended in each case being approved."

| Number and Street | Name of Owner or Occupier. | Fee recommended. |
|---|---|---|
| | | Rupees. |
| 4, Old China Bazaar Lane .. | Shamachurn Mookerjee ... .. | 250 |
| 17, Sookea's Lane ... | Norrendrokomar Dutt ... ... | 250 |
| 62, Chunam Gully ... | Premnauth Mullick .. .. | 250 |
| 6, Hurrochunder Mullick's Lane .. | Joggeshur Haldar .. ... ... | 250 |
| 27, Ditto ditto ... | Radhanauth Lolljee Mohun Shaw ... | 250 |
| 172, Aheeretollah Street ... | Shristydhur Dey .. .. ... | 250 |
| 93, Sobha Bazaar Street ... | Sombhoonauth Chowdhry and Gobindonauth Chowdhry .. .. .. | 250 |
| 94, Ditto ditto ... | Ditto ditto .. .. | 250 |
| 71-1, Ditto ditto ... | Denonauth Shaw .. .. ... | 250 |

*The 13th November 1872.*

G. W. BARTLETT,
*Offg. Secy. to the Justices.*

(166—1)

## বিজ্ঞাপন।

কলিকাতা মুনিসিপলিটী।

টৌনহাল ১৮৭২ সালের নবেম্বর মাসের ২৭ তারিখ বুধবার বেলা ১১ ঘন্টার সময়ে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের স্থগিত যে বিশেষ সভা হইবে সেই সভার কার্য্য হইলে পর তাঁহারদের বিশেষ সভার অধিবেশন হইবে।

তৎকালে এই২ কার্য্য উপস্থিত করা যাইবে।

"বিশেষ কমিটী যে নিয়ম প্রস্তাব করিলেন এবং তাঁহারদের ১৮৭২ সালের মে মাসের ৪ তারিখের নোটিসে অন্য যে নিয়ম অবধারিত হইল সেই নিয়ম পালন হইলে ও প্রত্যেক স্থলে যত টাকা ফী লইবার প্রস্তাব হয় তাহা অনুমোদিত হইলে পাটের আইনমতে নিম্নলিখিত পাটের গুদামের লাইসেন্স দেওয়া যায়" সভাপতি সাহেব এই প্রস্তাব করিবেন।

| রাস্তা ও নম্বর। | স্বামির কি দখীলকারের নাম। | যত টাকা ফী লইবার প্রস্তাব হয়। |
|---|---|---|
| | | টাকা। |
| পুরাণ চিনাবাজারের লেনের ৪ নং... | শ্যামাচরণ মুখোপাধ্যায ... | ২৫০৲ |
| স্থকিয়া লেনের ১৭ নং | নরেন্দ্রকুমার দত্ত ... | ২৫০৲ |
| চূনাগলির ৬২ নং .. | প্রেমনাথ মল্লিক ... | ২৫০৲ |
| হরচন্দ্র মল্লিকের লেনের ৬ নং . | যজ্ঞেশ্বর হালদার ... | ২৫০৲ |
| ঐ ঐ ২৭ নং .. | রাধানাথ লালজী মোহন শা . | ২৫০৲ |
| আহীরীটোলার রাস্তার ১৭২ নং .. | সৃষ্টিধর দে ... | ২৫০৲ |
| শোভাবাজারের রাস্তার ৯৩ নং ... | শম্ভুনাথ চৌধুরী ও গোবিন্দনাথ চৌধুরী ... | ২৫০৲ |
| ঐ ঐ ৯৪ নং ... | ঐ ঐ ... | ২৫০৲ |
| ঐ ঐ ৭১-১ নং ... | দীননাথ শা . | ২৫০৲ |

জি ডবলিউ বার্টলেট,
জষ্টিসদের একটিং সেক্রেটারী।

১৮৭২ সাল ১৩ নবেম্বর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৯ নবেম্বর।]

## NOTICE.

*Bengalee Edition of the Acts of Government.*

THE Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette,* be printed in pamphlet form for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper. The first of the series will be the Criminal Procedure Act, now *ready,* the price of which is Rs. 1-4 per copy.—Postage 5 annas.

## বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে, তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইয়াছে। মূল্য ১।০ মাত্র।—ডাকে পাঠাইতে হইলে ডাকমাশুল ।/০ আনা লাগিবে।

---

# INSOLVENT COURT.

# যোত্রহীনের আদালত।

---

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

---

IN the matter of WALTER CHARLES CHILD, an Insolvent.

Notice is hereby given that Saturday, the 7th day of December next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee, from the 18th day of January 1872 until the 30th day of September last, has been filed, and may be inspected in the office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

A. B. MILLER,
*Official Assignee.*

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
*Calcutta, 16th November* 1872. (165—1)

কলিকাতার যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

---

যোত্রহীন ওয়ালটর চার্লস চাইলডের বিষয়ে।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া গেল যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্ত আগামি ডিসেম্বর মাসের ৭ তারিখ শনিবারে এই বিষয়ের পুনশ্চ শ্রবণ হইবে। এ বিষয়ে ১৮৭২ সালের জানুআরি মাসের ১৮ তারিখঅবধি গত সেপ্টম্বর মাসের শেষ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব অর্পণ করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের আফিসে দেখা যাইতে পারিবে। কোন মহাজন কিম্বা এই বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহিলে, শ্রবণের দিনের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের আফিসে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

সরকারী আসৈনি সাহেবের আফিস।
কলিকাতা, ১৮৭২ সাল ১৬ নবেম্বর।



---

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

**TUESDAY, NOVEMBER 19, 1872.**

**মঙ্গলবার ১৮৭২ সাল ১৯ নবেম্বর।**

জিলা বর্দ্ধমান।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজী ১৮৭২ সালের ডিসেম্বর মাসের ৯ তারিখ মোতাবেক সন ১২৭৯ বাঙ্গলার অগ্রহায়ণ মাসের ২৫ তারিখ সোমবার জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৭২। ৫ অক্টোবর।

২। এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারিঅংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্ন কালে অবশিষ্ট যদি দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

| ষ্টেটমেণ্টের নম্বর। | জলার বহীতে নম্বর। | মাহাল ও পরগনার নাম। | ন্যূনাধিক যত একর পরিমাণ। | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| | | | এঃ রোঃ পঃ | | |
| ১৭ নং | ২৮৯১ | খড়সী পং খণ্ডঘোষ ... | ০। ০। ১৩ | ৩৭ | এই মহাল নিষ্করে বিক্রয় হইবেক। |

C. T. METCALFE,
*Collector.*

জিলা বৰ্দ্ধমান।

এস্তেহারনামা কাছারী কালেক্টরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরাজী ১৮৭২ সালের ডিসেম্বর মাসের ৯ তারিখ মোতাবেক সন ১২৭৯ বাঙ্গলার অগ্রহায়ণ মাসের ২৫ তারিখ সোমবার জেলা বৰ্দ্ধমানের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৭২। ৫ অক্টোবর।

২। এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।—

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্ন কালে অবশিষ্ট যদি দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

| ষ্টেটমেণ্টের নম্বর। | জেলার বহিতে নম্বর। | মাহাল ও পরগনার নাম। | ন্যূনাধিক যত একর পরিমাণ। | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| ৬১ | ৪৯৭৫ | রাইপুর<br>পং আর্শা ... | এঃ রোঃ পঃ<br>১। ১। ৩৬ | ৫৲ | |

C. T. Metcalfe,
*Collector.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 26, 1872. REGISTERED No. 51.

মঙ্গলবার ১৮৭২ সাল ২৬ নবেম্বর।

## Legislative Department.

NOTIFICATION.

*Calcutta, the 13th November 1872.*

*No.* 11.—The following Statute applies to British India, and is hereby published for general information:—

35 & 36 VICTORIA, CAP. 73.

*An Act to amend the Merchant Shipping Acts and the Passenger Acts.*

[10th August 1872.]

WHEREAS it is expedient to amend the Merchant Shipping Acts and the Passengers Acts;

Be it enacted by the Queen's Most Excellent Majesty, by and with the advice and consent of the Lords Spiritual and Temporal, and Commons, in this present Parliament assembled, and by the authority of the same, as follows:

*Preliminary.*

Short title. 1. This Act may be cited as the Merchant Shipping Act, 1872.

## লেজিস্লেটিব ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

কলিকাতা। ১৮৭২ সাল ১৩ নবেম্বর।

১১ নম্বর।—নিম্নলিখিত রাজব্যবস্থা ব্রিটনীয় ভারতবর্ষের প্রতি বর্ত্তে অতএব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মহারাণী বিক্টবিয়ার ৩৫ ও ৩৬ বৎসরের ৭৩ অধ্যায়।

সওদাগরী জাহাজ ও চড়নদার বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।

[১৮৭২ সাল ১০ আগষ্ট।]

সওদাগরী জাহাজ ও চড়নদার বিষয়ক আইন সংশোধন করা বিহিত এই হেতুক,

বর্ত্তমান রাজসভায় অধিষ্ঠিত ঐহিক ও পারত্রিক লার্ড সাহেবদের ও কামন্স সাহেবদের পরামর্শ ও সম্মতিক্রমে ও রাজসভার দত্ত ক্ষমতাক্রমে মহামহিমা শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক এই বিধান করা যাউক।

আনুষ্ঠানিক কথা।

১ ধারা। সংক্ষেপ নামের কথা। সওদাগরী জাহাজবিষয়ক ১৮৭২ সালের আইন নামে এই আইনের উল্লেখ হইতে পারিবে ইতি।

**2.** This Act shall come into operation on the first day of January one thousand eight hundred and seventy-three.

Commencement of Act.

*Measurement of Ships.*

**3.** The twenty-third, twenty-seventh, twenty-eighth, and twenty-ninth sections of the Merchant Shipping Act, 1854, the fourteenth section of the Merchant Shipping Act Amendment Act, 1855, and the fourth section of the Merchant Shipping Act, 1871, shall be read and construed as if the Board of Trade were therein named instead of the Commissioners of Customs.

Transfer to Board of Trade of duties of Commissioners of Customs with respect to measurement of ships.

*Registry.*

**4.** The forty-sixth, fifty-fourth, ninety-second, and ninety-fourth sections of the Merchant Shipping Act, 1854, shall be read and construed as if the Registrar-General of Seamen were therein named instead of the Commissioners of Customs, and the returns required to be transmitted by the said ninety-fourth section of the Merchant Shipping Act, 1854, shall be transmitted to the Registrar-General of Seamen, and not to the Custom House in London, and the Registrar-General of Seamen shall be called the Registrar-General of Shipping and Seamen.

Transfer to Registrar-General of Seamen of duties of Commissioners of Customs with respect to registry of ships.

*Passenger Ships.*

**5.** The sixth and seventh sections of the Passengers Act, 1855, except so much of the latter section as provides for the immunity of emigration officers, shall be repealed, and all powers and duties vested in, or imposed on, the Emigration Commissioners by the Passengers Act, 1855, and the Passengers Act Amendment Act, 1863, shall be transferred to, and imposed on, the Board of Trade.

Transfer to Board of Trade of powers and duties of Emigration Commissioners

In the construction and for the purposes of the said Acts, the name of the Board of Trade shall be deemed to be substituted for the name of the Emigration Commissioners, and anything which might, if this Act had not passed, have been done

২ ধারা। এই আইন ১৮৭৩ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

যে অবধি প্রবল হইবে তাহার কথা।

জাহাজের মাপ করণ বিষয়ক কথা।

৩ ধারা। সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২৩ ও ২৭ ও ২৮ ও ২৯ ধারায় ও সওদাগরী জাহাজবিষয়ক আইন সংশোধনার্থ ১৮৫৫ সালের আইনের ১৪ ধারায় ও সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭১ সালের আইনের ৪ ধারায় কষ্টমের কমিশ্যনর বলিয়া যে নামের উল্লেখ হইযাছে তৎপরিবর্ত্তে বোর্ড ট্রেড (অর্থাৎ বাণিজ্যব্যবসায়ের সমাজ) এই নাম লিখিত হওযার ন্যায ঐ২ ধারা পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

জাহাজের মাপ করণ সম্পর্কে কষ্টমের কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম বোর্ড ট্রেডের প্রতি অর্পণ হইবার কথা।

রেজিষ্টরী করিবার কথা।

৪ ধারা। সওদাগরী জাহাজ বিষযক ১৮৫৪ সালের আইনের ৪৬ ও ৫৪ ও ৯২ ও ৯৪ ধারায কষ্টমের কমিশ্যনর বলিয়া যে নামের উল্লেখ হইয়াছে তৎপরিবর্ত্তে নাবিকদের রেজিষ্ট্রার জেনরল এই নাম লিখিত হওয়ার ন্যায ঐ২ ধারা পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে। এবং সওদাগরী জাহাজ বিষযক ১৮৫৪ সালের আইনের উক্ত ৯৪ ধারামতে যে২ রিটর্ণ পাঠাইবার আজ্ঞা হইল, তাহা লণ্ডন নগরের কষ্টম হৌসে না পাঠাইযা নাবিকদের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠান যাইবে ও নাবিকদের রেজিষ্ট্রার জেনরল সাহেব জাহাজের ও নাবিকদের রেজিষ্ট্রার জেনরল নামে খ্যাত হইবেন ইতি।

জাহাজ রেজিষ্টরী করণ বিষয়ে কষ্টমের কমিশ্যনরদের কর্ত্তব্যকর্ম নাবিকদের রেজিষ্ট্রার জেনরল সাহেবের প্রতি অর্পণ করিবার কথা।

চড়নদারদের জাহাজের কথা।

৫ ধারা। চড়নদার বিষয়ক ১৮৫৫ সালের আইনের ৭ ধারায় যে কথাক্রমে ভিন্নদেশ গমন সংক্রান্ত কার্য্যকারকদের ক্ষতিহইতে নিষ্কৃতি পাইবার বিধান হইয়াছে সেই কথাভিন্ন ঐ আইনের ৬ ও ৭ ধারা রহিত করা যাইবে এবং চড়নদার বিষয়ক ১৮৫৫ সালের আইন ও চড়নদার বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনদ্বারা এমিগ্রেশন অর্থাৎ ভিন্নদেশ গমন সংক্রান্ত কমিশ্যনরদের প্রতি যে সকল ক্ষমতা প্রদান করা যায় ও যে সকল কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হয় তাহা বোর্ড ট্রেডের প্রতি প্রদত্ত ও অর্পিত হইবে।

ভিন্নদেশ গমন সংক্রান্ত কমিশ্যনরদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম বোর্ড ট্রেডে অর্পণ হইবার কথা।

উক্ত দুই আইনের অর্থকরণে ও তৎসম্পর্কীয় কার্য্যপক্ষে এমিগ্রেশন কমিশ্যনর এই নামের পরিবর্ত্তে বোর্ড ট্রেড এই নাম দেওয়া গিয়াছে জ্ঞান করিতে হইবে। এবং এই আইন প্রচলিত না হইলে এমিগ্রেশন কমিশ্যনরেরা স্বাধীনভাবে কিম্বা শ্রীশ্রীমতী

by the Emigration Commissioners, whether acting independently or under the sanction or authority of one of Her Majesty's Principal Secretaries of State, may be done by the Board of Trade independently of such sanction or authority.

Extension of penalties for offences connected with applications for assistance in emigration.

**6.** The provisions contained in the eighty-third section of the Passengers Act, 1855, shall extend to any forms of application or other papers issued by, or under the authority of, one of Her Majesty's Principal Secretaries of State, for the use of persons desirous of emigrating by his assistance, and to any certificate, document, or statement adduced in support of any application to such Secretary for such assistance.

Transfer to Board of Trade of certain powers of Secretary of State under Passengers Act.

**7.** The powers conferred by the thirteenth section of the Passengers Act Amendment Act, 1863, on one of Her Majesty's Principal Secretaries of State, shall be transferred to the Board of Trade.

*Annual Survey of Passenger Steamers.*

Passenger steamers to be surveyed once in every year, according to 17 & 18 Vict., c. 104

**8.** The three hundred and fourth section of the Merchant Shipping Act, 1854, shall be repealed, and every passenger steamer shall be surveyed once at the least in every year in the manner mentioned in the fourth part of that Act. The fees to be charged for certificates issued in respect of such survey shall not exceed for a yearly certificate twice the sum named in the table marked T in the schedule to the said Act as chargeable for a six months certificate.

*Pilotage.*

Trinity House may modify rule as to pilotage rates

**9.** Notwithstanding anything in the three hundred and fifty-eighth section of the Merchant Shipping Act, 1854, the Trinity House may, by bye-law made with the sanction of Her Majesty in Council, repeal or relax the provisions of that section within the whole or any part of their district so far as to allow any pilot or class of pilots under their jurisdiction to demand or receive, and any

মহারাণীর অন্যতর প্রধান ষ্টেট সেক্রেটরীর অনুমতি কি প্রদত্ত ক্ষমতাক্রমে যে কার্য্য করিতে পারিতেন, বোর্ড ট্রেড সেই অনুমতি কি ক্ষমতার অপেক্ষা না করিয়া সেই কার্য্য করিতে পারিবেন ইতি।

ভিন্নদেশে যাইবার নিমিত্ত সাহায্যের প্রার্থনা সহিত যে অপরাধের সম্পর্ক থাকে তাহার দণ্ড বিস্তার করিবার কথা।

৬ ধারা। কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর অন্যতর প্রধান ষ্টেট সেক্রেটরী সাহেবের সাহায্যে ভিন্নদেশে যাইতে ইচ্ছা করিলে, উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা কি তাঁহার অনুমতিক্রমে প্রার্থনা করিবার যে পাঠ ও অন্য যে কাগজপত্র দেওয়া যায়, তাহার প্রতি এবং উক্ত সেক্রেটরী সাহেবের স্থানে সাহায্য পাইবার প্রার্থনাপত্রের প্রতিপোষণার্থে যে কোন সর্টিফিকট কি দলীল কি বর্ণনাপত্র দেওয়া যায় তাহার প্রতি, চড়নদার বিষয়ক ১৮৫৫ সালের আইনের ৮৩ ধারার বিধান খাটিবে ইতি।

চড়নদার বিষয়ক আইনমতে ষ্টেট সেক্রেটরী সাহেবের যেং ক্ষমতা আছে তন্মধ্যে কতক ক্ষমতা বোর্ড ট্রেডের প্রতি অর্পণ হইবার কথা।

৭ ধারা। চড়নদার বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬৩ সালের আইনের ১৩ ধারাক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর অন্যতর প্রধান ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রতি যেং ক্ষমতা প্রদান করা যায়, তাহা বোর্ড ট্রেডের প্রতি অর্পিত হইল ইতি।

বৎসরং চড়নদারদের যাইবার ষ্টীমরের অবস্থানুসন্ধান হইবার কথা।

বিক্টরিয়ার ১৭ ও ১৮ বৎসরের ১০৪ অধ্যায়মতে প্রতি বৎসর চড়নদারদের যাইবার ষ্টীমরের অবস্থানুসন্ধান হইবার কথা।

৮ ধারা। সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ৩০৪ ধারা রহিত হইবে। এবং ঐ আইনের চতুর্থ খণ্ডের লিখিতমতে প্রতিবৎসর ন্যূনকল্পে একবার চড়নদারদের যাইবার প্রত্যেক ষ্টীমরের অবস্থানুসন্ধান করা যাইবে। উক্ত আইনের T চিহ্নিত তফসীলের ফর্দ্দমতে ছয়ং মাসের সর্টিফিকটের জন্যে যত টাকা ফী লওয়া যাইতে পারে, উক্ত অবস্থানুসন্ধান সম্পর্কীয় সর্টিফিকট দেওয়া গেলে বাৎসরিক সেই সর্টিফিকটের জন্যে ঐ ফীর দ্বিগুণের অধিক লওয়া যাইবে না ইতি।

আড়কাটীর ফীর কথা।

আড়কাটীরা যে হারে পারিশ্রমিক পাইবেন ত্রিনিটি হৌসে তাহার বিধি মতান্তর হইবার কথা।

৯ ধারা। সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের ৩৫৮ ধারার প্রকারান্তরের বিধান থাকিলেও আইনমতে আড়কাটীদের পারিশ্রমিক বলিয়া যৎকালে যত টাকা লওয়া যাইতে পারিবে ত্রিনিটি হৌস মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর অনুমতি গ্রহণপূর্ব্বক উপবিধি করিয়া আপনারদের অধীন সমস্ত কি কোনং স্থানে ঐ ধারার বিধান রহিত করিতে কিম্বা এমত আলগা করিতে

gate sum equal to the product of thirteen pounds four shillings multiplied by the number of pilots licensed as above who are then surviving and unsuperannuated, and that when such aggregate sum is made up no further contributions shall be required from the said pilots until after the thirty-first day of December in the same year; and if the said contributions during any one year fall short of the said aggregate sum, the said pilots then surviving and unsuperannuated shall, at such time and in such manner as the Trinity House may direct, make good such deficiency by payment of an additional contribution per man, to be calculated *pro rata* upon the number of turns which each may have carried during the said year, and any such pilot failing to pay such additional contribution shall, in default of such payment, become liable to immediate removal from active service and superannuation upon such proportion of the full pension payable to such pilot as the Trinity House may see fit.

টাকা আদায় হইলেই ঐ বৎসরের ডিসেম্বর মাসের ৩১ তারিখ গত না হইলে ঐ আড়কাটীদের স্থানে আর টাকা লওয়া যাইবে না। আরো কোন বৎসর তাঁহারা উক্ত প্রকারে টাকা দিলেও যদি উক্ত হিসাবমত মোট টাকা না হয়, তবে উক্ত ত্রিনিটি হৌস যে সময়ে যদ্রূপে আজ্ঞা করেন, যত জন আড়কাটী তৎকালে জীবিত থাকিয়া বার্দ্ধক্য কালীন পেনশ্যান প্রাপ্ত না হন তাঁহারা প্রত্যেক জন উক্ত বৎসরে যত বার পালা পাইয়া থাকেন তাহার হিসাব ধরিয়া সেই সময়ে ও তদ্রূপে কিছু২ করিয়া দিয়া ঐ ন্যূন টাকা পূর্ণ করিয়া দিবেন। আর উক্ত কোন আড়কাটী তাহা না দিলে, না দেওয়া প্রযুক্ত তাঁহাকে তৎকালেই কর্ম্ম-হইতে অবসর করা যাইবে। ও ত্রিনিটি হৌস তাঁহার বার্দ্ধক্যকালীন পেনশ্যানের যে অংশ দেওয়া বিহিত বোধ করেন তিনি সেই অংশমাত্র পাইতে পারিবেন ইতি।

**11.** Any pilotage authority may, if authorized in that behalf by order in Council, grant special licenses qualifying the persons to whom they are granted to act as pilots for any part of the sea or channels beyond the limits of any pilotage authority, so however, that no pilot so licensed be entitled to supersede an unlicensed pilot outside the limits of the authority by which he is licensed.

Pilotage authority may grant special sea licenses

১১ ধারা। আড়কাটীদের কোন কর্ত্তৃপক্ষ মন্ত্রিসভার আজ্ঞাক্রমে অনুমতি পাইলে বিশেষ লাইসেন্স দিতে পারিবেন। তদ্রূপ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় তিনি আড়কাটীদের কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বের সীমার বহির্ভূত সমুদ্রের কি জাহাজের গমনীয় পথের কোন অংশে আড়কাটীর কর্ম্ম করিতে পারিবেন। কিন্তু যে কর্ত্তৃপক্ষহইতে লাইসেন্স পান তাঁহার কর্ত্তৃত্বের সীমার বাহিরে যে আড়কাটী লাইসেন্সভিন্ন কর্ম্ম করেন, ঐ লাইসেন্স প্রাপ্ত আড়কাটী তাঁহাকে অপসর করিতে পারিবেন না ইতি।

আড়কাটীদের কর্ত্তৃপক্ষের সমুদ্রে যাইবার লাইসেন্স দেওনের ক্ষমতার কথা।

*Chain Cables.*

**12.** In the event of a license for the testing of chain cables and anchors being granted to the Trinity House under the Chain Cable and Anchor Act, 1871, all fees and other sums received by the Trinity House in respect of such testing shall be carried to the mercantile marine fund, and all expenses incurred by the Trinity House in respect of such testing shall be chargeable on the mercantile marine fund.

Fees and expenses in relation to testing of chain cables and anchors by Trinity House to be paid to, and charged on, mercantile marine fund

শিকলের হাসারের কথা।

১২ ধারা। শিকলের হাসার ও লঙ্গর বিষয়ক ১৮৭১ সালের আইনদ্বারা ত্রিণিটি হৌসে শিকলের হাসার ও লঙ্গর পরীক্ষা করিয়া দেখিবার লাইসেন্স দেওয়া গেলে, ঐ পরীক্ষা করণ কার্য্যপক্ষে ত্রিণিটি হৌসে যে ফী কি অন্য টাকা পাওয়া যায় তাহা মরকানটাইল মারীন ফণ্ডে অর্থাৎ সমুদ্রপথে সওদাগরী করণ সংক্রান্ত ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ও সেই পরীক্ষা করণকার্য্য সম্পর্কে ত্রিণিটী হৌস যত টাকা খরচ করেন তাহা ঐ ফণ্ডহইতে লওয়া যাইবে ইতি।

ত্রিণিটি হৌসদ্বারা শিকলের হাসার ও লঙ্গর পরীক্ষা করিয়া দেখিবার জন্যে যে ফী পাওয়া যায় ও যে খরচ হয় তাহা মরকান্টাইল মারীন ফণ্ডের হিসাবে লিখিবার কথা।

*General.*

**13.** All duties in relation to the survey and measurement of ships under this Act or the Acts amended hereby shall be performed by the surveyors appointed under the fourth part of the Merchant Shipping Act, 1854, in accordance with such regulations as may be from time to time made by the Board of Trade.

Duties of surveyors

সাধারণ বিষয়ের কথা।

১৩ ধারা। এই আইনমতে কিম্বা অন্য যে আইন এই আইন দ্বারা সংশোধন করা গেল সেই আইনমতে জাহাজের অবস্থানুসন্ধান ও মাপকরণসম্পর্কে যে সকল কার্য্য কর্ত্তব্য হয়, বোর্ড ত্রেড সময়ে২ যে বিধান করেন সওদাগ[illegible]-বিষয়ক ১৮৫৪ সালের আইনের চতুর্থ খণ্ডমতে নিযুক্ত সরবেয়রেরা তদনুসারে ঐ সকল কার্য্য সম্পাদন করিবেন ইতি।

সরবেয়রদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

**14.** All fees payable in respect of the survey or measurement of ships under this Act or the Acts amended hereby, or in respect of any services performed by any person employed under the authority of the Passengers Act, 1855, shall be paid to the Superintendent of a mercantile marine office at such times and in such manner as the Board of Trade may from time to time direct, and shall be carried to the mercantile marine fund, and the salaries of surveyors, and other expenses connected with the survey and measurement of ships under this Act or the Acts amended hereby, and also so much of the salaries and expenses of persons employed under the authority of the Passengers Act, 1855, as has heretofore been paid by fees, shall be paid out of the mercantile marine fund.

Fees and salaries of surveyors and emigration officers.

**15.** If any surveyor, or any person employed under the authority of the Passengers Act, 1855, demands or receives directly or indirectly, otherwise than by the direction of the Board of Trade, any fee, remuneration, or gratuity whatever in respect of any of the duties performed by him under this Act or the Acts amended hereby, he shall for every such offence incur a penalty not exceeding fifty pounds.

Penalty on surveyor, &c., receiving gratuity, &c., for duties performed under this Act.

**16.** The owner of home trade ships or his agent may enter into time agreements, in forms to be sanctioned by the Board of Trade, with individual seamen to serve in any one or more ships belonging to him, which agreements need not expire on either the thirtieth day of June or the thirty-first day of December, any thing in the Merchant Shipping Act to the contrary notwithstanding: Provided always that a duplicate of each agreement entered into under the provisions of the section be forwarded to the Registrar-General of Shipping whithin forty-eight hours after it has been entered into.

Owner or agent of home trade ships may enter into time agreements which need not expire half-yearly

**17.** It shall be lawful for Her Majesty to accept from time to time the offers of any person whom the Lord High Admiral or the Commissioners for executing his office may recommend to serve as officers of reserve in the Royal Navy upon such terms and conditions as to Her Majesty may from time to time seem fit, and the "Officers of the Royal Naval Reserve Act, 1863,"

Her Majesty may accept offers of persons recommended by the Admiralty to serve as officers of the Royal Naval Reserve

১৪ ধারা। এই আইনমতে কি অন্য যে আইন এই আইনদ্বারা সংশোধন করা গেল তদনুসারে জাহাজের অবস্থানুসন্ধান কি মাপকরণ সম্পর্কে ও চড়নদারবিষয়ক ১৮৫৫ সালের আইনের বলে কোন ব্যক্তির কোন কার্য্য করণ সম্পর্কে যে সকল ফী পাওয়া যায় বোর্ড ট্রেড সময়ে২ যেং সময় ও যদ্রূপে আদেশ করেন ঐ ফী সেই২ সময়ে ও তদ্রূপে কোন মরকাণ্টাইল মারিন আফিসে দিয়া সেই টাকা মরকাণ্টাইল মারীন ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে। এবং এই আইনমতে কিম্বা অন্য যে আইন এই আইনদ্বারা সংশোধন করা গেল তদনুসারে সরবেয়রদের যে বেতন ও জাহাজের অবস্থানুসন্ধান ও মাপ করণসম্পর্কীয় অন্য যে খরচ ও চড়নদারবিষয়ক ১৮৫৫ সালের আইনের বলে নিযুক্ত ব্যক্তিদের বেতনের ও খরচের যে অংশ এত দিন ফীরদ্বারা দেওয়া যাইত তাহা মরকাণ্টাইল মারিন্ ফণ্ডহইতে দেওয়া যাইবে ইতি।

সরবেয়রদের ও ভিন্নদেশ গমনসংক্রান্ত কার্য্যকারকদের ফীর ও বেতনের কথা।

১৫ ধারা। বোর্ড ট্রেড যে ফী প্রভৃতি লইবার আদেশ করেন কোন সরবেয়র কিম্বা চড়নদার বিষয়ক ১৮৫৫ সালের আইনের বলে নিযুক্ত কোন ব্যক্তি এই আইনমতে কিম্বা এই আইনদ্বারা সংশোধিত কোন আইনমতে কোন কার্য্য করিয়া স্পষ্টরূপে কি চক্রান্তে সেই ফী প্রভৃতি ভিন্ন কোন ফী কি পারিশ্রমিক কি পারিতোষিক দাওয়া কি গ্রহণ করিলে, তাঁহার সেই প্রত্যেক অপরাধহেতুক পঞ্চাশ পৌণ্ডের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

সরবেয়র প্রভৃতি এই আইনমতে কার্য্য করিয়া পারিতোষিকাদি গ্রহণ করিলে তাঁহার দণ্ডের কথা।

১৬ ধারা। বোর্ড ট্রেড নিরূপিত সময়ের বন্দোবস্ত লিখিবার যে পাঠের ব্যবহার হইবার অনুমতি দেন, দেশীয় বাণিজ্য ব্যাপারে নিযুক্ত জাহাজের স্বামী কি এজেণ্ট বিশেষ কোন নাবিকের সঙ্গে সেই পাঠানুসারে আপনার কোন এক কি কএক জাহাজে কর্ম্ম করিবার বন্দোবস্ত করিতে পারিবেন। সওদাগরী জাহাজের আইনে অন্য প্রকারের বিধান থাকিলেও জুন মাসের ৩০ কি ডিসেম্বর মাসের ৩১ তারিখে সেই বন্দোবস্তের মিয়াদ ফুরাইবার আবশ্যক নাই। কিন্তু এই ধারামতে যেং বন্দোবস্ত করা যায় তাহা করিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে সেই বন্দোবস্তের প্রতিলিপি জাহাজের রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকট পাঠাইতে হইবে ইতি।

দেশীয় বাণিজ্য জাহাজের স্বামির কি এজেণ্টের সময় নিরূপণ করিয়া বন্দোবস্ত করিবার ও ছয়২ মাসে তাহা গত না হইবার কথা।

১৭ ধারা। কোন ব্যক্তি রাজকীয় যুদ্ধজাহাজে কর্ম্ম করিবার প্রস্তাব করিলে লার্ড হাই আডমিরল সাহেব কিম্বা তাঁহার কর্ম্ম নিষ্পাদনার্থ কমিশ্যনরগণ যদি তাঁহাকে সেই কর্ম্ম দিতে অনুরোধ করেন তবে শ্রীশ্রীমতী মহারাণী সময়েং যে বিধি ও নিয়ম বিহিত জ্ঞান করেন তদনুসারে তাঁহাকে প্রয়ো-

রাজকীয় যুদ্ধ জাহাজে অধ্যক্ষতা করণার্থে আডমিরালটী যে ব্যক্তিদের বিষয় অনুরোধ করেন তাঁহাদিগকে শ্রীশ্রীমতী মহারাণীর গ্রাহ্য করিবার কথা।

shall be read and construed as if this clause formed part of the said Act.

WHITLEY STOKES,
*Secy. to the Govt. of India.*

## Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2556R.

APPOINTMENTS.

*The 8th November* 1872.—Mr. Edmond Elliot Lowis to officiate as Magistrate and Collector of Bancoorah.

*The 15th November* 1872.—The Lieutenant-Governor is pleased to appoint the following Members of the Road Cess Committees in the districts mentioned under Section 49, Act X (B.C.) of 1871, for the purpose of carrying out the provisions of the Act, in addition to the Members whose appointments were notified in the *Calcutta Gazette* of the 4th September last —

*Rajshahye.*

Rajah Promothonath Roy, Bahadoor.
Moulvi Mahomed Russid Khan Chowdry.

*Moorshedabad.*

Gobindo Soonder Tribedi.
Raham Biswas
Shoriut Sircar.
Wazir Mundul.

The Lieutenant-Governor is pleased to appoint the following Members of the District Road Committee in the Dinagepore district, in addition to the Members whose appointments were notified in the *Calcutta Gazette* of the 4th September last —

Mr. Guybon Henry Damant, C.S.
Chemroo Mundol.
Golam Mahomed Shah.
Maugun Sirkar Mundul.
Sherazdee Mundul.
Babu Tarinee Persad Roy.

The Lieutenant-Governor is pleased to appoint the following Members of the District Road Committee in the Maldah district, viz.—

| | |
|---|---|
| The Magistrate and Collector of Maldah. | *Ex-officio.* |
| „ Senior Covenanted Assistant, or Deputy Magistrate under the Magistrate and Collector. | |

অনয়তে কর্ম্মকরণার্থে যুদ্ধ জাহাজে নিযুক্ত করিতে পারিবেন। এবং রাজকীয় যুদ্ধ জাহাজের রিসর্ব আফিসর বিষয়ক ১৮৬৩ সালের আইন এই আইনের একাংশ বলিয়া পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

উইটলি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২৫৫৬R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ৮ নবেম্বর।—শ্রীযুত এডমণ্ড এলিয়ট লোইস সাহেব বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ১৫ নবেম্বর।—পশ্চাৎ লিখিত জিলায় ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধান সফল করিবার জন্যে ঐ আইনের ৪৯ ধারামতে নিযুক্ত যেং মেম্বরের নাম গত সেপ্টেম্বর মাসের ১০ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় তদতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত ব্যক্তিদিগকে পথকর কমিটীতে নিযুক্ত করিয়াছেন।

রাজশাহী।

রাজা প্রমথনাথ রায় বাহাদুর।
মৌলবী মহম্মদ রসীদ খাঁ চৌধুরী।

মুর্শিদাবাদ।

শ্রীযুত গোবিন্দসুন্দর ত্রিবেদি।
„ রহম বিশ্বাস।
„ শরিয়ৎ সরকার।
„ উজীর মণ্ডল।

দিনাজপুর জিলার প্রদেশীয় পথ কমিটীতে নিযুক্ত হইলেন বলিয়া গত সেপ্টেম্বর মাসের ১০ তারিখের বাঙ্গলা গেজেটে যেং ব্যক্তিদের নাম প্রকাশ করা গিয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তদতিরিক্ত নিম্নলিখিত ব্যক্তিদিগকে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত গয়বন হেনরি ডেমেণ্ট সাহেব, সি, এস।
„ চেমরু মণ্ডল।
„ গোলাম মহম্মদ শাহ।
„ মাগন সরকার মণ্ডল।
„ শেরাজদী মণ্ডল।
„ বাবু তারিণীপ্রসাদ রায়।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মালদহ জিলাতে প্রদেশীয় পথকর কমিটীতে নিম্নলিখিত ব্যক্তিদিগকে নিযুক্ত করিয়াছেন।

| | |
|---|---|
